
শ্রীমন্তগবদগীতা



শ্রীচৈতন্য-সারস্বত মঠ নবদ্বীপ

শ্রীমন্তগবদ্গীতা



শ্রীচৈতন্য-সারস্বত মঠ

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমন্তগবদগীতা

সম্পাদক

বৈষ্ণব-সিদ্ধান্তাচার্য্যসমাট্ জগদগুরু
প্রভূপাদ শ্রীশ্রীমন্তকিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী
মহারাজের প্রিয়তম পার্ষদ তথা
নবদ্বীপ শ্রীচৈতগু-সারস্বত মঠের
প্রতিষ্ঠাতা-সভাপতি-আচার্য্য অনন্তশ্রীবিভূষিত
ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলমুকুটমণি জগদগুরু
শ্রীশ্রীমন্তক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ

বর্ত্তমান মুদ্রণের সম্পাদক ও প্রকাশক

৩দীয় প্রিয়তম পার্যদ তৎকর্ত্তৃক মনোনীত ও স্থলাভিষিক্ত সেবায়েত-সভাপতি-আচার্য্য ওঁ বিষ্ণুপাদ অস্টোত্তরশতশ্রী শ্রীমন্তক্তিস্থন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ নুদ্রণ-অধ্যক্ষ — ত্রিদণ্ডিভিক্ষু স্বামী শ্রীভক্তি আনন্দ সাগর

নবদ্বীপ শ্রীচৈতন্য-সারস্বত মঠ

হইতে প্রকাশিত

প্রথম সংস্করণ — শ্রীজন্মাষ্ট্রমী বঙ্গাব্দ ১৩৬৮ সাল। দ্বিতীয় মদ্রণ — শ্রীজন্মাষ্টমী বঙ্গাব্দ ১৩৯৪ সাল। তৃতীয় মুদ্রণ ৫০০০—শ্রীগোরাবির্ভাব বঙ্গাব্দ ১৪০৩ সাল। সেবায়েত-সভাপতি-আচার্য্য কর্ত্তক সর্ব্বস্বত্ব সংরক্ষিত

প্রাপ্তিস্থানঃ —

শ্রীচৈতন্য-সারস্বত মঠ

শ্রীচৈতন্য-সারস্বত মঠ রোড, কোলেরগঞ্জ, নবদ্বীপ, নদীয়া, পিন নং — ৭৪১৩০২ ফোন—(০৩৪৭২) ৪০০৮৬

শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণামুশীলন সংঘ

৪৮৭ দমদম পার্ক. কলিকাতা — ৭০০ ০৫৫ ফোন-৫৫১ ৯১৭৫

শ্রীচৈতগ্য-সারস্বত মঠ

বিধবা আশ্রম রোড়, গৌরবাটসাহি, পুরী, উড়িষ্কা পিন নং-- ৭৫২০০১ ফোন—(০৬৭৫২) ২৩৪১৩

শ্রীচৈতন্য-সারস্বত আশ্রম

গ্রাম ও পোঃ—হাপানিয়া, জেলা — বৰ্দ্ধমান, পশ্চিমবঙ্গ

শ্রীচৈতন্য-সারস্বত কৃষ্ণামুশীলন সংঘ কৈখালি চিডিয়ামোড.

উত্তর চব্বিশ প্রগনা পিন নং — ৭৪৩৫১৮

শ্রীল শ্রীধরস্বামী সেবাশ্রম দশবিসা, পোঃ গোবর্ধন, মথুরা,

উত্তর প্রদেশ ২৮১৫০২

ফোন—(০৫৬৫) ৮১২১৯৫

শ্রীচৈতগু-সারস্বত মঠ

৯৬ সেবাকুঞ্জ, বৃন্দাবন, মথরা, উত্তর প্রদেশ ২৮১১২১ ফোন-(০৫৬৫) ৪৪৪০২৪

শ্রীচৈতগ্য-সারস্বত মঠ

৪৬৬ গ্রীন স্ত্রীট, লণ্ডন E13 9DB, U.K. ফোন—(০১৮১) ৫৫২ ৩৫৫১

শ্রীচৈতগ্য-সারস্থত সেবাশ্রম

২৯০০ নর্থ রোডিও গন্চ রোড্, সোকেল, (ক্যালিফোর্নিয়া) CA 95073, U.S.A. ফোন-(৪০৮) ৪৬২ ৪৭১২

শ্রীচৈতন্ম-সারস্বত শ্রীধর মিশন "শ্রীগোবিন্দধাম"

লট্ ২, বেলটানা ড্ৰাইভ, টেরানোরা, N.S.W. 2486. Australia. ফোন—(৬১-৭৫) ৯০৪৩৭১

শ্রীল ভক্তিস্থন্দর গোবিন্দ আশ্রম

রুসো রোজ রোড়, লোংগ মাউন্টেন, মরিসাস ফোন—(২৩০) ২৪৫ ৩১১৮

Printed by SNP Printing Pte. Ltd., Singapore

মঙ্গলাচরণম্

ওঁ পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ং ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যে মহাভারতে। অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী-মম্ব! ত্বামনুসন্দধামি ভগবদগীতে ভবদ্বেষিণীম্ ॥১॥ নমোহস্ত তে ব্যাস বিশালবুদ্ধে ফুল্লরবিন্দায়তপত্রনেত্র। যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ প্রজ্বালিতো জ্ঞানময়ঃ প্রদীপঃ ॥২॥ প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে। জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতত্বহে নমঃ॥৩॥ সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ। পার্থো বৎসঃ স্থধীর্ভোক্তা তুগ্ধং গীতামৃতং মহৎ ॥৪॥ বস্থদেবস্থতং দেবং কংসচাণূর-মর্দ্দনম্। দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্ ॥৫॥ ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধারনীলোৎপলা শল্যগ্রাহবতী কুপেণ বহনী কর্ণেন বেলাকুলা। অশ্বত্থামবিকর্ণ-ঘোরমকরা চুর্য্যোধনাবর্ত্তিনী সোত্তীর্ণা খলু পাগুবৈ রণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ ॥৬॥ পারাশর্য্যবচঃ সরোজমমলং গীতার্থগন্ধোৎকটং নানাখ্যানককেশরং হরিকথাসম্বোধনাবোধিতম্। শোকে সজ্জনষট্পদৈরহরহঃ পেপীয়মানং মুদা ত্বুয়াদ্ভারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসি নঃ শ্রেয়সে ॥৭॥ **াং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতস্তুম্বস্তি দিব্যৈঃ স্ত**বৈ-র্বেদঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ। ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশ্যস্তি যং যোগিনো **। খ্যান্তং ন বিহুঃ স্থরাস্থরগণা দেবায় তামে নমঃ ॥ ৮ ॥** নারায়ণং নমস্কৃত্য নরক্ষৈব নরোত্তমম্। দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥৯॥

অথ শ্রীমন্তগবদগীতাপাঠক্রমঃ

ওঁ অস্থ শ্রীমন্তগবদগীতা-মালামস্ত্রস্থ শ্রীভগবান্ বেদব্যাসঋষি-রমুষ্ট্রপ্ছন্দঃ শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা "অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্। "সর্ব্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি শক্তিঃ। "অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িস্থামি মা শুচঃ" ইতি কীলকম্। শ্রীকৃষ্ণপ্রীত্যর্থপাঠে বিনিয়োগঃ।

"নৈনং ছিন্দপ্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকং" ইতি হৃদয়ায়
নমঃ। "ন চৈনং ক্লেদয়স্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি শিরসে
স্বাহা। "অচ্ছেত্যোহয়মদাস্থোহয়মক্রেত্যোহশোয়্য এব চ" ইতি
শিখায়ৈ বষট্। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোহয়ং সনাতনঃ" ইতি
কবচায় হুং। "পশ্য মে পার্থ রূপাণি শতশোহথ সহস্রশঃ" ইতি
নেত্রত্রয়ায় বৌষট্। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ"
ইতি করতলপৃষ্ঠাভ্যাং মন্ত্রায় ফট্। ইতি অঙ্গন্যাসঃ।

"নৈনং ছিন্দম্ভি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইত্যঙ্গুষ্ঠাভ্যাং
নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি
তর্জ্জনীভ্যাং স্বাহা। "অচ্ছেত্যোহয়মদাহোহয়মক্লেত্যোহশোয় এব
চ" ইতি মধ্যমাভ্যাং বষট়। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোহয়ং
সনাতনঃ" ইত্যনামিকাভ্যাং হুং। "পশ্য মে পার্থ রূপাণি শতশোহথ সহস্রশঃ" ইতি কনিষ্ঠাভ্যাং বৌষট্। "নানাবিধানি
দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" ইতি করতলপৃষ্ঠাভ্যাং ফট্ ইতি
করন্থাসঃ।

তৃতীয়-মুদ্রণের বিজ্ঞপ্তি

পরমারাধ্য শ্রীল গুরুমহারাজের কৃপায় তাঁহারই সম্পাদনায় প্রকাশিত শ্রীমন্তব্যবদ্গীতার তৃতীয়-মুদ্রণ খুবই স্থন্দর মূর্ত্তিতে প্রকাশিত হইলেন। পূর্ব্ব মুদ্রণের ভুল-ক্রটী যথাসাধ্য ইহাতে সংশোধিত হইয়াছে মাত্র। বর্ত্তমান কম্পিউটর্ যুগে ছাপা-কার্য্যের প্রচুর উন্নতি হইয়াছে সন্দেহ নাই তবুও একেবারে নির্ভুল ছাপার দাবী এখনও করিতে পারি না। অতএব অদোষ-দরশী সাধুগণের ও সহাদয় পাঠকগণের নিকট তজ্জ্য

বস্তুতপক্ষে বর্ত্তমান মুদ্রণের সম্পূর্ণ কৃতিত্বের দাবী আমাদের সর্ব্বকালের পরম বান্ধব তথা শ্রীল গুরুমহারাজের প্রিয়দান ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তি আনন্দ সাগর মহারাজের।
শীচৈতন্ত্য-সারস্বত মঠের লণ্ডন শাখার ভক্তগণের সাহায্য
শইয়া তাঁহার দিবারাত্র অক্লান্ত পরিশ্রমের ফলেই আজ এই
খন্থরত্বটি সাধু-পাঠকগণের হন্তে তুলিয়া দিবার সোভাগ্য
খামাদের হইল। প্রুফ্রিডিং কার্য্যে শ্রীমতী এণা চক্রবর্ত্তী এবং
শীধারকেশ দাস বন্ধাচারীর সহায়তা উল্লেখযোগ্য। আমি
এখলে তাঁহাদের সকলকেই আমাদের মঠের পক্ষ হইতে
খান্তবিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। অলমতি বিস্তরেণ।

ীগোরাবির্ভাব-পূর্ণিমা বিনীত— ১৮শে মার্চ্চ ১৯৯৭ ইং প্রকাশক

প্রথম সংস্করণের প্রকাশকের নিবেদন

শ্রীমন্তগবদগীতা-গ্রন্থের প্রকাশ-প্রাচুর্য্য ও প্রসারতা অনশ্য-সাধারণ। বহু প্রাচীনমহাজন ও আধুনিক মনীষিবৃন্দের নিজ নিজ ব্যাখ্যাসহ এই জনপ্রিয় গ্রন্থের ব্যাপক প্রকাশ দেশে ও বিদেশে বিভিন্ন ভাষায় পরিদৃষ্ট হয় । প্রাচীন পণ্ডিতগণের মধ্যে প্রধানতঃ জ্ঞানিগুরু শ্রীমৎ শঙ্করাচার্য্য এবং শ্রীমধুস্থদন সরস্বতী, বৈষ্ণবাচার্য্য শ্রীমৎ রামানুজ, শ্রীমন্মধ্বমুনি ও শ্রীশ্রীধর স্বামিপাদ প্রভৃতি মহাজনগণের গীতাভাষ্য বিশেষ উল্লেখযোগ্য। কর্মযোগ পক্ষপাতী শ্রীযুত বাল-গঙ্গাধর তিলক ও শ্রীঅরবিন্দের কৃত গীতা ব্যাখ্যাও আধুনিক মনীষার পরিচিত নিদর্শন। ইহা ব্যতীত বহু প্রাচ্য ও পাশ্চাত্য মনীষিগণ শ্রীগীতার শিক্ষা আদর্শে অনুপ্রাণিত ও উচ্চ প্রশংসায় সহস্র-মুখ। কিন্তু শ্রীচৈত্যানুগ গৌড়ীয়াচার্য্য শ্রীল বিশ্বনাথ ও শ্রীল বলদেব বিত্যাভূষণ মহোদয়-প্রকাশিত অচিস্ত্য-ভেদাভেদ-সিদ্ধান্ত ঐকান্তিকী ভক্তির বিশেষ অনুকূল বলিয়া স্থমেধগণ অনুভব করেন এবং শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কৃত গীতার বাংলা ব্যাখ্যা, পঞ্চমপুরুষার্থ শ্রীকৃষ্ণপ্রেম সম্পদের পরম সামঞ্জস্তপূর্ণ আকর পীঠস্বরূপে স্থধীজন হৃদয়ঙ্গম করিয়া থাকেন।

বর্ত্তমান সংস্করণের 'গ্রন্থ পরিচয়ে' মদীয় পরমারাধ্যতম শ্রীগুরুপাদপদ্ম ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীমন্তুক্তিরক্ষক শ্রীধর দেব-গোস্বামী মহারাজ তাঁহার সম্পাদন পরিচয়ে নিজ শ্রদ্ধান্তুভূতির বিষয় স্কুম্পষ্টভাবেই পাঠকবর্গকে অবগত করাইয়াছেন। অধুনা শ্রীগীতার বহুল প্রচারিত সংস্করণ সমূহের মধ্যেও প্রকৃত শ্রোতসিদ্ধান্ত-ধারাগত শুদ্ধভক্তি-সহায়ক ব্যাখ্যা স্বতুষ্প্রাপ্য বিধায় আমাদের এই সেবোদ্বম। স্থধী পাঠকবর্গ আমাদের এই হার্দ্দীচেষ্টার কল্যাণময় মর্মা হৃদয়ঙ্গম করিলে আমরা ধন্য বোধ করিব।

ইতি—

প্রকাশক

শ্রীভক্তিস্থন্দর গোবিন্দ

গ্রন্থ-পরিচয়

বন্দে শ্রীশুরুগৌরাঙ্গৌ রাধাগোবিন্দ-স্থন্দরৌ। সগণৌ গীয়তে চাথ গীতা-গূঢ়ার্থ-গৌরবম্॥

শ্রীমন্তগবদগীতা-গ্রন্থ স্থধী-সমাজে স্থপরিচিত। অতএব এখানে গ্রন্থ সম্পাদকের অর্থ-পদ্ধতির পরিচিতিই প্রদত্ত হইতেছে। সম্পাদক শ্রীচৈতগ্যাদ্বায়-বিচারধারার অনুগত। স্থতরাং পাঠকবর্গ বিবেচনা করিবেন যে, বর্ত্তমান সংস্করণ শ্রীগৌড়ীয় আচার্য্য মহাজন শ্রীবিশ্বনাথ ও শ্রীবলদেব এবং শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর কৃত শ্রীগীতা-ভাষ্য আলোচনা অবলম্বনে প্রকাশিত। শ্রীগুরুপাদপদ্ম ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের অনুকম্পা-স্ফূর্ত্ত ও পূর্ব্বোক্ত মহাজনগণের সক্ষেত-লব্ধ কিছু কিছু নূতন অর্থের আলোকসম্পাত দ্বারা স্থানে স্থানে ইহার গূঢ়ার্থ উদ্যাটিত হইয়াছে। বিশেষতঃ শ্রীবিশ্বনাথপাদ কথিত শ্রীগীতার দশম অধ্যায়ের চতুঃশ্লোকীর অর্থ সম্বন্ধে ভক্ত পাঠক একটু লক্ষ্য করিলে এই বৈশিষ্ট্য অনুভব করিবেন।

সাধারণ পরিচয়ে শ্রীগীতা একখানি অপূর্ব্ব ধর্ম্মবিজ্ঞান-গ্রন্থ । শ্রীগীতার ভাষা — সরল ও স্থন্দর; ভাব — গম্ভীর, ব্যাপক ও মৌলিক; বিচার—সংক্ষিপ্ত, সুস্পষ্ট ও নিরপেক্ষ; যুক্তি—দৃঢ়∙ও স্বাভাবিক। শ্রীগীতার—প্রারম্ভ, উপসংহার, আলোচনা, সমালোচনা, বিশ্লেষণ, সংশ্লেষণ, ও পরিবেশন কৌশল অতি অপূর্ব্ব ও হৃদয়গ্রাহী। শ্রীগীতা অলসের উন্তম, ভীরুর সাহস, নিরাশের আশা ও মৃতের সঞ্জীবনী। শ্রীগীতা কি বৈপ্লবিক, কি তান্ত্ৰিক, কি উন্থমী, কি উদাসীন, কি নির্ব্বাণবাদী, কি লীলাবাদী—সকলেরই সংগ্রাহক ও পালক। অত্যন্ত স্থূলদর্শী নান্তিক হইতে আরম্ভ করিয়া পরম সদ্ধর্ম-পরায়ণ পর্য্যন্ত — সর্ব্বশ্রেণীর দার্শনিকগণের বিচারের সারাংশ অতি বলিষ্ঠ ও স্থম্পষ্ট যুক্তির সহিত ইহাতে উল্লিখিত হইয়াছে। কর্মী, জ্ঞানী, যোগী ও ভগবদ্ভক্ত সম্প্রদায় সকলেই নিজ নিজ বিচার সমূহের নির্য্যাস—পূর্ণ ও উজ্জ্বল ভাবে ইহাতে দেখিতে পান ও তজ্জ্য সকলেই এই গ্রন্থরাজকে আদর করিয়া থাকেন। আর্য্য বেদোপনিষদ্গণের উপদেশ সমূহের সারমর্ম সাক্ষাৎভাবে ও একটু লক্ষ্য করিলে অগ্যাগ্য অনার্য্য ধর্মবাচ্য মত সমূহেরও সারকথা এই গ্রন্থে পরিদৃষ্ট হয়। নিষ্কাম শাস্ত্রীয়-কর্ম্মের বিহিত অনুষ্ঠানে জ্ঞানোদয়ে চিত্তশুদ্ধি ও তৎফলে আত্মজ্ঞান বা বস্তুস্বরূপজ্ঞান বা চিচুপলব্ধি এবং এই বিশুদ্ধ জ্ঞানের পরম পরিপাকে আনন্দময় ভূমিকায় চেতনে প্রেমসেবার সন্ধান গীতা-তাৎপর্য্যে পাওয়া যায়। **সম্বন্ধজ্ঞান-বিচারে শ্রীগীতা আকর-সত্যে চেতনব্যক্তিত্ব দর্শনের** উপদেশ করিয়াছেন, প্রয়োজন বিচারে পরতত্ত্বানুশীলনময় **৬**াবসমূহকেই শ্রেষ্ঠ প্রাপ্তিরূপে উল্লেখ করিয়াছেন এবং অভিধেয় বিচারে প্রথম সোপানে ভগবতুদ্দেশ্যে কর্ম ও

তৎপরে ভগবদমুভূতি-সাপেক্ষ্য আত্মানুশীলনরূপ জ্ঞান এবং সর্ব্বশেষ সমস্ত চেষ্টা বিসর্জনে শরণাগতি বা শুদ্ধ শ্রদ্ধার আশ্রয়ে সিদ্ধ-স্বরূপে শ্রীভগবানের প্রেমসেবা অর্থাৎ সাধ্যেই সাধনের পর্য্যবসান—ইহাই শিক্ষা দিয়াছেন।

শ্রীগীতা দেবতান্তর-উপাসনা বা কর্ম-জ্ঞানাদি উপায় সমূহ বা কাম-মোক্ষাদি উপেয় সমূহের পরস্পর পার্থক্য ও বৈশিষ্ট্য প্রদর্শন স্পষ্ট ভাবেই করিয়াছেন। স্থতরাং যাঁহারা সর্ব্বপ্রকার সাধ্য-সাধনাদি একই বলিয়া বিভ্রান্তি স্বষ্টি করেন, শ্রীগীতা —'যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ' বিচারে তারতম্য অবধারণে উহা নিরস্ত করিয়াছেন — ইহা স্থধীজন লক্ষ্য করিতে পারেন। এতৎপ্রসঙ্গে 'তপস্বিভ্যোহধিকো যোগী জ্ঞানিভ্যোহপি মতোহধিকঃ, কর্মিভ্যশ্চাধিকো যোগী...যোগিনামপি সর্বেষাং মদ্গতেনান্তরাত্মনা, শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ' শ্লোকও বিশেষ প্রণিধান যোগ্য। ত্যাগের নিন্দা ও নিরর্থকতা ঘোষণায় শ্রীগীতার দান স্থুদূঢ় ও স্থুমৌলিক। কর্মত্যাগের পরিবর্ত্তে কর্মযোগ বা নিষ্কাম ভগবদর্পিত কর্ম ও চরমে শরণাগতিমূলক ভগবৎ-প্রেরণায় কর্ম্ম বা ভক্তিই গীতার সর্বাশেষ ও শ্রেষ্ঠ উপদেশ। মোট কথা বিশেষ স্কুশ্মানুধ্যানে শ্রীগীতা পরম ভক্তিদায়ক গ্রন্থরাজ । এই ভক্তি, পূর্ণতম প্রকাশে প্রেমভক্তি স্বরূপে আনন্দস্থনর মূর্ত্তি শ্রীকৃষ্ণতত্ত্বেই একমাত্র প্রযোজ্য। "সর্ব্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্ৰজ" এই মহাবাণী নিনাদ প্ৰসঙ্গে উহাতে সঙ্কীৰ্ত্তন ও ভাব-সেবাস্বরূপের গুহু, গুহুতর ও সর্ব্বগুহুতম উপদেশ শরণা-গতি সহকারে সর্ব্বতোভাবে শ্রীভগবদমুশীলনময় জীবনের সর্ব্বোত্তমতার বিষয়—শ্রীগীতা কীর্ত্তন করিয়াছেন। কলিথুগপাবনাবতারী শ্রীচৈতশ্যচন্দ্রের চরণচারণানুগ-গণের ইহাই
প্রবিচিন্তিত ও সংপরম্পরা প্রাপ্ত সমীচীন অভিমত।
ইতি শ্রীকৃষ্ণায় সমর্পিতমস্ত্র।—


শ্রীচৈতন্তু সারস্বত মঠ, নবদ্বীপ শ্রীজন্মাষ্টমী বঙ্গাব্দ ১৩৬৮ সাল গ্রন্থ-সম্পাদক— ত্রিদণ্ডিভিক্ষু **শ্রীভক্তিরক্ষক শ্রীধর**




ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিস্থন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ



ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ




ভগবান্ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ



ওঁ বিষ্ণুপাদ খ্রীশ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজ



ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল সচ্চিদানন্দ ভক্তিবিনোদ ঠাকুর



বৈষ্ণবসার্ব্বভৌম খ্রীশ্রীল জগন্নাথদাস বাবাজী মহারাজ



খ্রীখ্রীগুরু-গোরাঙ্গ-গান্ধর্মা-গোবিন্দমুন্দরজীউ



শ্রীচৈতন্ত্য-সারস্বত মঠ, নবদ্বীপ

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমন্তগবদ্গীতা

প্রথমোহধ্যায়ঃ

সৈগ্য-দর্শন

ধৃতরাষ্ট্র উবাচ— ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ। মামকাঃ পাগুবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়॥১॥

সঞ্জয় উবাচ— দৃষ্টা তু পাগুবানীকং ব্যুঢ়ং ছুর্য্যোধনস্তদা। আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥২॥

ধৃতরাষ্ট্রঃ উবাচ—(ধৃতরাষ্ট্র বলিলেন) [হে] সঞ্জয় (হে সঞ্জয়!)
ধর্মান্দেত্রে কুরুন্দেত্রে (ধর্মাভূমি কুরুন্দেত্রে) যুযুৎসবঃ (যুদ্ধ করিতে
ইচ্ছুক) সমবেতাঃ (সমবেত) মামকাঃ (তুর্য্যোধনাদি) পাণ্ডবাশ্চ (এবং
যুধিষ্ঠিরাদি) এব (অনস্তর) কিম্ (কি) অকুর্ব্বাত (করিয়াছিলেন?) ॥১॥

সঞ্জয়ঃ উবাচ—(সঞ্জয় কহিলেন) তদা তু (তখন) রাজা তুর্য্যোধনঃ (তুর্য্যোধন) পাগুবানীকং (পাগুবসৈশ্যকে) ব্যূঢ়ং (ব্যূহাকারে অবস্থিত) দৃষ্ট্বা (দেখিয়া) আচার্য্যং (দ্রোণাচার্য্যের) উপসঙ্গম্য (নিকটে গমন করিয়া) বচনং (নিম্নোক্ত বাক্য) অব্রবীৎ (বলিয়াছিলেন) ॥২॥

অনুবাদ—ধৃতরাষ্ট্র কহিলেন, হে সঞ্জয়! ধর্ম্মভূমি কুরু-ক্ষেত্রে যুদ্ধার্থ সমবেত হইয়া মৎপুত্র ও পাণ্ডুপুত্রগণ কি করিয়াছিলেন? ॥১॥

সঞ্জয় বলিলেন, রাজা তুর্য্যোধন, পাণ্ডব-সৈশ্য সামস্তগণকে ব্যূহরচনায় অবস্থিত দেখিয়া, দ্রোণাচার্য্যের নিকট গমনপূর্ব্বক বলিলেন ॥২॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্।
ব্যূঢ়াং ক্রপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥৩॥
অত্র শূরা মহেধাসা ভীমার্চ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ ক্রপদশ্চ মহারথঃ ॥৪॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ॥৫॥
যুধামন্ত্যশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ॥৬॥

[হে] আচার্য্য (হে আচার্য্যদেব!) তব (আপনার) ধীমতা শিশ্তেণ ক্রুপদপুল্রেণ (বুদ্ধিমান্ শিশ্ব ক্রুপদপুল্র ধৃষ্টত্নান্ন কর্ত্ত্বক) ব্যূঢ়াং (ব্যূহাকারে স্থাপিত) পাণ্ডুপুল্রাণাং (পাণ্ডবগণের) এতাং মহতীং (এই বিশাল) চমূং (সপ্তাক্ষোহিণী পরিমিত সেনাকে) পশ্ব (দেখুন) ॥৩॥

অত্র (এই ব্যুহে) মহেম্বাসাঃ (মহাধনুদ্ধারী) যুধি (যুধে) ভীমার্জ্জুনসমাঃ (ভীমার্জ্জুনের সমান) শূরাঃ (বীরগণ)[সন্তি](রহিয়াছেন)[যথা]
যুযুধানঃ (সাত্যকি) বিরাটশ্চ (বিরাট রাজা) মহারথঃ দ্রুপদশ্চ
(মহারথদ্রুপদ) ধৃষ্টকেতুঃ (ধৃষ্টকেতু) চেকিতানঃ (চেকিতান রাজা)
বীর্য্যবান্ কাশীরাজশ্চ (বলশালী কাশীরাজ) পুরুজিৎ (পুরুজিৎ)
কুস্তিভোজশ্চ (কুস্তিভোজ) নরপুঙ্গবঃ (নরশ্রেষ্ঠ) শৈব্যশ্চ (শৈব্যরাজ)

হে আচার্য্য! আপনার শিশু, ধীমান্ ধৃষ্টগ্রান্ন কর্তৃক ব্যূহ রচনায় অবস্থিত পাণ্ডবগণের মহান্ সৈন্যসমাবেশ নিরীক্ষণ করুন॥৩॥

এই পাণ্ডবসৈন্ত মধ্যে মহাধনুর্দ্ধর ভীমার্জ্জুন ও তৎসমকক্ষ যোদ্ধাগণ আছেন। যথা সাত্যকি, বিরাটরাজ, মহারথদ্রুপদ, ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবান্ কাশীরাজ, পুরুজিৎ, কুস্তিভোজ, অস্মাকন্ত বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোন্তম।
নায়কা মম সৈক্তস্থ সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭॥
ভবান্ ভীম্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বখামা বিকর্ণশ্চ সৌমদন্তির্জয়দ্রথঃ॥৮॥
অত্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বেষ যুদ্ধবিশারদাঃ॥১॥

বিক্রান্তঃ (বিক্রমশালী) যুধামন্ত্যশ্চ (যুধামন্ত্য) বীর্য্যবান্ উত্তমৌজাশ্চ (বীর উত্তমৌজা) সৌভদ্রঃ (অভিমন্ত্য) দ্রৌপদেয়াশ্চ (ও দ্রৌপদীর প্রতি-বিন্ধ্য প্রভৃতি পঞ্চ পুত্র) সর্ক্ষে এব মহারথাঃ (সকলেই মহারথ) ॥৪-৬॥

[হ] দ্বিজোত্তম (হে দ্বিজশ্রেষ্ঠ দ্রোণ!) অস্মাকং (আমাদের) [মধ্যে] তু যে বিশিষ্টাঃ (যাঁহারা প্রধান) মম সৈম্মম্ম (আমার সৈম্মগণের) নায়কাঃ (নায়ক) তান্ (তাঁহাদিগকে) নিবোধ (জান্তুন) তে সংজ্ঞার্থং (আপনার সম্যক্ অবগতির জন্ম) তান্ (তাঁহাদিগের নাম) ব্রবীমি (বলিতেছি) ॥৭॥

ভবান (আপনি) ভীষ্মশ্চ (ভীষ্ম) কর্ণশ্চ (কর্ণ) সমিতিঞ্জয়ঃ কৃপশ্চ (যুদ্ধজয়ী কৃপ) অশ্বত্থামা (অশ্বত্থামা) বিকর্ণশ্চ (বিকর্ণ) সৌমদন্তিঃ (ভূরিশ্রবা) জয়দ্রথঃ (জয়দ্রথ) নানাশস্ত্রপ্রহরণাঃ (বিবিধ শস্ত্রধারী) অন্তে

নরশ্রেষ্ঠ শৈব্য, বিক্রমশালী যুধামন্ত্য, বীর্য্যবান্ উত্তমৌজা, অভিমন্ত্য, ও দ্রৌপদীর পুত্রগণ—ইঁহারা সকলেই মহারথ ॥৪-৬॥ হে দ্বিজোত্তম! আমাদেরও যে সকল বিশিষ্ট বীর এবং সেনানায়ক আছেন, সে সকলও জাত্নন। আপনার সম্যক্

জ্ঞানার্থ নিবেদন করিতেছি॥৭॥

রণবিজয়ী আপনি, ভীষ্ম, কর্ণ, কুপাচার্য্য, অশ্বত্থামা, বিকর্ণ, সৌমদত্তি (ভূরিশ্রবা) ও জয়দ্রথ এবং ইহা ছাড়াও অনেক অপর্য্যাপ্তং তদন্মাকং বলং ভীম্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেবাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥১০॥
অয়নেরু চ সর্কেরু যথাভাগমবস্থিতাঃ।
ভীম্মমেবাভিরক্ষন্ত ভবস্তঃ সর্ক্ম এব হি ॥১১॥
তস্ত সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনত্যোক্তঃ শন্ধাং দংগ্রী প্রতাপবান ॥১২॥

চ বহবঃ শূরাঃ (অক্যান্স বহুবীর) [সস্তি] (আছেন), সর্কের (তাঁহারা সকলে) যুদ্ধবিশারদাঃ (যুদ্ধপারদর্শী) মদর্থে (আমার জন্ম) ত্যক্ত-জীবিতাঃ (প্রাণ-ত্যাগেও কৃতসঙ্কল্প) ॥৮-৯॥

ভীম্মাভিরক্ষিতম্ (ভীম্মের দ্বারা পরিরক্ষিত) অম্মাকম্ তৎ বলং (আমাদের তাদৃশ সৈন্তগণ) অপর্য্যাপ্তং (অপর্য্যাপ্ত) তু (কিন্তু) ভীমাভিরক্ষিতম্ (ভীম কর্তৃক পরিরক্ষিত) এতেষাং (ইহাদের) ইদং বলং (এই সৈন্তদল) পর্য্যাপ্তং (পর্য্যাপ্ত) [ভাতি] (মনে হয়) ॥১০॥

ভবস্তঃ (আপনারা) সর্ব্বে এব হি (সকলেই) সর্ব্বেষু অয়নেষু চ (সকল ব্যূহ-প্রবেশ পথে) যথাভাগম্ (বিভাগানুসারে) অবস্থিতাঃ [সস্তঃ](অবস্থিত হইয়া) ভীশ্বমেব (ভীশ্বকেই) অভিরক্ষন্ত (সর্ব্বতোভাবে রক্ষা করুন) ॥১১॥

আছেন, যাঁহারা যুদ্ধবিশারদ, নানাশস্ত্রপ্রহরণধারী, বীরপুরুষ, এবং আমার জন্ম প্রাণত্যাগে কৃতসংকল্প ॥৮-৯॥

ভীম্মের দ্বারা অভিরক্ষিত আমাদের সৈন্তবল অপর্য্যাপ্ত, কিন্তু ভীমের দ্বারা রক্ষিত পাণ্ডবসৈন্ত সমূহ পর্য্যাপ্ত ॥১০॥

অতএব আপনারা ব্যূহদ্বারে স্ব-স্ব বিভাগানুযায়ী অবস্থান পূর্ব্বক সকলে পিতামহ ভীম্মকেই রক্ষা করুন ॥১১॥ ততঃ শদ্ধাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্তম্ভ স শব্দস্তমুলোহভবৎ ॥১৩॥
ততঃ শ্বেতৈর্হয়ের্যুক্তে মহতি স্থাদনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যো শদ্ধৌ প্রদম্মতুঃ ॥১৪॥
পাঞ্চজন্তং ক্ষবীকেশো দেবদন্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ডং দম্মৌ মহাশদ্ধং ভীমকর্মা বৃকোদরঃ ॥১৫॥

প্রতাপবান (প্রতাপশালী) কুরুবৃদ্ধঃ পিতামহঃ (ভীষ্ম) তস্ম (তাঁহার অর্থাৎ তুর্য্যোধনের) হর্ষং সংজনয়ন (হর্ষ উৎপাদনার্থ) উচ্চৈঃ (উচ্চৈঃ-স্বরে) সিংহনাদং বিনন্ম (সিংহের স্থায় গর্জ্জন করিয়া) শঙ্খং দয়্মো (শঙ্খ বাজাইলেন) ॥১২॥

ততঃ (তদনন্তর) শঙ্খাশ্চ, ভের্য্যশ্চ, পণবানক-গোমুখাঃ (শঙ্খ, ভেরী, মাদল, ঢক্কা ও রণশিঙ্গা প্রভৃতি বাদ্য সকল) সহসা এব অভ্যহন্তম্ভ (তৎক্ষণাৎ বাজিয়া উঠিল) স শব্দঃ (সেই শব্দ) তুমুলঃ অভবৎ (প্রবল হইল) ॥১৩॥

ততঃ (তৎপরে) শ্বেতৈঃ হয়ৈঃ যুক্তে (শ্বেতবর্ণ অশ্ব-যুক্ত) মহতি স্থাননে (মহান্রথে) স্থিতো (অবস্থিত) মাধবঃ পাণ্ডবশ্চ এব (শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন উভয়েই) দিব্যো শঙ্খো (অলোকিক শঙ্খদ্বয়) প্রদা্মতুঃ (বাজাইলেন) ॥১৪॥

অনন্তর প্রবলপ্রতাপ কুরুবৃদ্ধ পিতামহ ভীম্ম ছুর্য্যোধনের হর্ষোৎপত্তির নিমিত্ত সিংহনাদপূর্বক উচ্চৈঃস্বরে শঙ্খধ্বনি করিলেন ॥১২॥

তারপরেই শঙ্খ, ভেরী, মাদল, পটহ, রণশিঙ্গা প্রভৃতি সহসা বাদিত হইলে তুমুল শব্দ উদ্ভৃত হইল ॥১৩॥

এদিকে ভগবান্ শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুন শ্বেতবর্ণ অশ্বযুক্ত মহান্রথে অবস্থান পূর্ব্বক দিব্য-শঙ্খ-ধ্বনি করিলেন ॥১৪॥ অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেব*চ স্থযোষ-মণিপুষ্পকৌ ॥১৬॥
কাশ্য*চ পরমেষাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টগ্রুদ্রো বিরাট*চ সাত্যকি*চাপরাজিতঃ ॥১৭॥
ক্রপদো দ্রৌপদেয়া*চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্র*চ মহাবাহুঃ শদ্ধান্ দশ্মঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥

হ্ববীকেশঃ (শ্রীকৃষ্ণ) পাঞ্চজন্যং (পাঞ্চজন্য) ধনঞ্জয়ঃ (অর্জ্জুন) দেবদত্তং (দেবদত্ত) ভীমকর্মা বকোদরঃ (ঘোরকর্মা ভীমসেন) পৌণ্ড্রং (পৌণ্ড্র নামক) মহাশঙ্খং (মহাশঙ্খ) দম্মৌ (বাজাইলেন) ॥১৫॥

কুন্তীপুত্রঃ রাজা যুধিষ্ঠিরঃ (কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির) অনস্তবিজয়ং (অনস্তবিজয়) নকুলঃ সহদেবশ্চ (নকুল ও সহদেব) স্থঘোষ-মণিপুষ্পকো (স্থঘোষ ও মণিপুষ্পক নামক শঙ্খদ্বয়) [দশ্মৌ] (বাজাইলেন) ॥১৬॥

[হে] পৃথিবীপতে (হে পৃথিবীনাথ ধৃতরাষ্ট্র!) পরমেষাসঃ (মহা-ধন্তুদ্ধারী) কাশান্চ (কাশীরাজ) মহারথঃ শিখণ্ডী চ (মহারথ শিখণ্ডী) ধৃষ্টন্তান্ধঃ বিরাটন্চ (ধৃষ্টন্তান্ধ ও বিরাট রাজা) অপরাজিতঃ (রণবিজয়ী) সাত্যকিন্চ (সাত্যকি) ক্রপদঃ (ক্রপদ রাজা) দ্রৌপদেয়ান্চ (দ্রৌপদীর তনয়গণ) মহাবাহুঃ সৌভদ্রন্চ (এবং মহাবাহু অভিমন্ত্রা) সর্ব্বশঃ (সকলেই) পৃথক্ পৃথক্ শঙ্খান্ (পৃথক্ পৃথক্ শঙ্খ সকল) দশ্মঃ (বাজাইলেন) ॥১৭-১৮॥

হৃষীকেশ স্বীয় 'পাঞ্চজন্য', ধনঞ্জয় 'দেবদত্ত', এবং ভীমকর্মা ভীমসেন, 'পৌণ্ড্র' নামক শঙ্খ বাজাইলেন ॥১৫॥

কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির 'অনস্তবিজয়' নকুল 'স্কুঘোষ' এবং সহদেব 'মণিপুষ্পক' নামক শঙ্খ বাজাইলেন ॥১৬॥

হে পৃথিবীপতে! উৎকৃষ্ট ধনুর্দ্ধারী কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টত্যুন্ন, বিরাট রাজা এবং অপরাজিত সাত্যকি, দ্রুপদ রাজা, স ঘোষো থার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভক্চ পৃথিবীক্ষৈব তুমুলোহভাতুনাদয়ন্॥১৯॥
অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা থার্ত্তরাষ্ট্রান্ কপিঞ্চজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুত্তম্য পাগুবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে॥২০॥

নভশ্চ পৃথিবীং চ এব (আকাশ ও পৃথিবীকে) অভ্যন্থনাদয়ন্ (প্রতিধ্বনিত করিয়া) সঃ তুর্মুলঃ ঘোষঃ (সেই তুমুল শব্দ) ধার্ত্তরাষ্ট্রীনাং (ধৃতরাষ্ট্রতনয়গণের) হৃদয়ানি (হৃদয় সকল) ব্যদারয়ৎ (বিদীর্ণ করিল) ॥১৯॥

[হ] মহীপতে (হে মহারাজ!) অথ (অনস্তর) শন্ত্র-সম্পাতে (অস্ত্রাদি নিক্ষেপ) প্রবৃত্তে [সতি] (আরম্ভ কালে) কপিধ্বজঃ পাগুবঃ (বানরধ্বজ অর্জ্জুন) ধার্ত্তরাষ্ট্রান (ধৃতরাষ্ট্রপুত্রগণকে) ব্যবস্থিতান দৃষ্ট্রা (যুদ্ধোদ্যোগে অবস্থিত দেখিয়া) ধরুঃ উন্তম্য (ধরু উত্তোলন পূর্ব্বক) তদা (তৎকালে) হৃষীকেশং (গ্রীকৃষ্ণকে) ইদং বাক্যম্ (এই বাক্য) আহ (বলিয়া-ছিলেন) ॥২০॥

দ্রোপদীর পুত্রগণ, এবং মহাবাহু স্থভদ্রা-তনয় অভিমন্ত্য, হঁহারা সকলেই পৃথক্ পৃথক্ শঙ্খধ্বনি করিলেন ॥১৭-১৮॥

সেই সকল তুমুল শঙ্খনাদ ধরাতল এবং গগনমণ্ডল প্রতিধ্বনিত করিতে করিতে যেন ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয় বিদীর্ণ করিতে লাগিল ॥১৯॥

হে মহীপতে! তৎকালে শস্ত্র-নিক্ষেপে সমুগত কপিধ্বজ-রথারা ধনজ্ঞয়, তুর্য্যোধনাদিকে যুদ্ধোদ্যোগে অবস্থিত দেখিয়া ধনু উত্তোলন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন ॥২০॥

অৰ্জ্বন উবাচ—

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥২১॥
যাবদেতান্নিরীক্ষেহহং যোজুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোজব্যমিশ্বন্ রণসমুগুমে ॥২২॥
যোৎস্থমানানবেক্ষেহহং য এতেহত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্থ দুর্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্যবঃ॥২৩॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) [হে] অচ্যুত (হে অচ্যুত!) উভয়োঃ সেনয়োঃ মধ্যে (উভয় সেনার মধ্যস্থলে) মে রথঃ (আমার রথ) স্থাপয় (স্থাপন কর) ॥২১॥

যাবং (যে পর্য্যস্ত) অহং (আমি) যোদ্ধকামান্ অবস্থিতান্ এতান্ (যুদ্ধাভিলাষী এই সকল বীরগণকে) নিরীক্ষে (নিরীক্ষণ করি) অস্মিন্ রণসমুত্যমে (এই যুদ্ধে) কৈঃ সহ (কাহাদিগের সহিত) ময়া যোদ্ধব্যং (আমাকে যুদ্ধ করিতে হইবে) অত্র যুদ্ধে (এই সংগ্রামে) তুর্ব্যুদ্ধেঃ (তুর্মতি) ধার্ত্তরাষ্ট্রস্থ (তুর্য্যোধনের) প্রিয়চিকীর্ষবঃ (হিতৈষী) এতে যে সমাগতাঃ (যে সকল ব্যক্তি আসিয়াছেন) [তান্] (সেই সকল) যোৎস্থমানান্ (যোদ্ধগণকে) অহং (আমি) অবেক্ষে (অবলোকন করি) ॥২২-২৩॥

অর্জ্জুন কহিলেন — হে কৃষ্ণ! উভয় সেনার মধ্যস্থলে আমার রথ স্থাপন কর ॥২১॥

যতক্ষণ এই যুদ্ধক্ষেত্রে কাহার কাহার সহিত আমাকে যুদ্ধ করিতে হইবে, এবং এই যুদ্ধে তুর্ব্বৃদ্ধি তুর্য্যোধনের প্রিয় সাধনেচ্ছায় যুদ্ধার্থ যাঁহারা আসিয়াছেন, সেই সকল অবস্থিত যোদ্ধার্গণকে আমি নিরীক্ষণ করি॥২২-২৩॥

সঞ্জয় উবাচ—

এবমুক্তো স্থানিকেশো শুড়াকেশেন ভারত।
সেনয়োক্রভয়োর্মথ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥২৪॥
ভীন্মদ্রোণপ্রমুখতঃ সর্কেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরানিতি ॥২৫॥
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৃনথ পিতামহান্।
আচার্য্যান্মাতুলান্ ভ্রাতৃন্ পুত্রান্ পৌত্রান্ স্থীংস্তথা।
শ্বশুরান্ স্কুদুদৈচব সেনয়োক্রভয়োরপি ॥২৬॥

সঞ্জয়ঃ উয়াচ (সঞ্জয় কহিলেন) [হে] ভারত (হে ধৃতরাষ্ট্র!) গুড়া-কেশেন (জিতনিদ্র অর্জ্জুন কর্তৃক) এবং উক্তঃ [সন্] (এইরপে উক্ত হইয়া) হুষীকেশঃ (প্রীকৃষ্ণ) উভয়োঃ সেনয়োঃ মধ্যে (উভয় সেনার মধ্যে) ভীয়-দ্রোণ-প্রমুখতঃ (ভীয়-দ্রোণ প্রভৃতি) সর্ব্বেষাং চ মহীক্ষিতাম (এবং সমুদয় রাজগণের) [পুরতঃ] (সমুখে) রথোত্তমম (উত্তম রথ) স্থাপয়িছা (স্থাপন পূর্ব্বক) [হে] পার্থ (হে অর্জ্জুন!) সমবেতান (সমবেত) এতান কুরন (এই সকল কুরুপক্ষীয়গণকে) পশ্য (দেখ) ইতি উবাচ (ইহা বলিয়াছিলেন) ॥২৪-২৫॥

অথ (অনম্ভর) পার্থঃ অপি (অর্জ্জুনও) তত্র (তথায়) উভয়োঃ সেনয়োঃ [মধ্যে] (উভয় সেনার মধ্যে) স্থিতান্ (অবস্থিত) পিতৃন্ (পিতৃব্য) পিতামহান্ (পিতামহ) আচার্য্যান্ (আচার্য্য) মাতুলান্

সঞ্জয় কহিলেন—হে ভারত! গুড়াকেশ অর্জ্জুন এইকথা বলিলে, (সর্ব্বেন্দ্রিয় নিয়স্তা) শ্রীকৃষ্ণ, উভয় সেনার মধ্যস্থলে ভীম্ম, দ্রোণ ও সমুদয় রাজন্যবর্গের সম্মুখে সেই উত্তম রথ স্থাপন পূর্ব্বক কহিলেন, হে পার্থ! যুদ্ধার্থ সমবেত এই কৌরব-গণকে নিরীক্ষণ কর ॥২৪-২৫॥

তান্ সমীক্ষ্য স কোন্তেয়ঃ সর্বান্ বন্ধূনবস্থিতান্। কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥২৭॥ অর্জ্জুন উবাচ—

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎস্থন্ সমবস্থিতান্। সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুম্বতি ॥২৮॥

(মাতুল) ভ্রাতৃন্ (ভ্রাতা) পুভ্রান্ (পুভ্র) পৌভ্রান্ (পৌভ্র) সখীন্ (সখা) তথা শ্বশুরান্ (শ্বশুর) স্থহাদশ্চ এব (এবং স্থহাদ্গণকেই) অপশ্রৎ (দেখিতে পাইলেন)॥২৬॥

সঃ কান্তেয়ঃ (সেই কুন্তীপুত্র) [তত্র] (রণস্থলে) অবস্থিতান্ (অব-স্থিত) তান্ সর্বান্ বন্ধুন্ (সেই সকল বন্ধুগণকে) সমীক্ষ্য (দেখিয়া) পরয়া কৃপয়া আবিষ্টঃ (অতিশয় কৃপাপরবশ) বিষীদন্ [সন্] (ও বিষণ্ণ হইয়া) ইদম অববীৎ (ইহা বলিয়াছিলেন ॥২৭॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) [হে] কৃষ্ণ (হে কৃষ্ণ!) যুযুৎস্থন্ (যুদ্ধার্থী) ইমান্ স্বজনান্ (এই সকল স্বজনগণকে) সমবস্থিতান্ (সমবেত) দৃষ্ট্বা (দেখিয়া) মম গাত্রাণি (আমার শরীর) সীদন্তি (অবসন্ন হইতেছে) মুখং চ পরিশুয়ুতি (এবং মুখ শুষ্ক হইতেছে) ॥২৮॥

অনন্তর পার্থ, উভয়সেনার মধ্যে অবস্থিত পিতৃস্থানীয়-গণকে, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্র, পৌত্র, সখা, শ্বশুর ও অগ্যান্য বন্ধুগণকে দেখিতে পাইলেন ॥২৬॥

সেই কৌন্তেয় রণস্থলে অবস্থিত সেই সমস্ত বন্ধুগণকে দেখিয়া অত্যন্ত কৃপা-পরবশ ও বিষণ্ণ হইয়া এইকথা বলিলেন ॥২৭॥

অর্জ্জুন বলিলেন, হে কৃষ্ণ! এই স্বজনগণকে যুদ্ধাভিলাষে
সম্যক্ অবস্থিত দেখিয়া আমার অঙ্গসকল অবসন্ন ও মুখ
পরিশুষ্ক হইতেছে ॥২৮॥

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহৃতে ॥২৯॥
ন চ শক্রোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিন্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥৩০॥
ন চ শ্রেয়োহনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাজ্যে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং স্রখানি চ ॥৩১॥

মে শরীরে (আমার শরীরে) বেপথুঃ (কম্প) চ (এবং) রোমহর্ষঃ চ (রোমাঞ্চও) জায়তে (ইইতেছে)। হস্তাৎ (হাত হইতে) গাণ্ডীবং (গাণ্ডীব ধরু) স্রংসতে (খসিয়া পড়িতেছে) ত্বক্ চ পরিদহুতে এব (এবং চর্ম্মও দক্ষ হইতেছে)॥২৯॥

[হে] কেশব (হে শ্রীকৃষ্ণ!) [অহং] (আমি) অবস্থাতুং চ (আর অবস্থান করিতেও) ন শক্রোমি (পারিতেছি না)। মে মনঃ (আমার মন) ভ্রমতি ইব (যেন চঞ্চল হইতেছে) বিপরীতানি নিমিন্তানি চ (এবং কুলক্ষণযুক্ত নিমিন্ত সকলও) পশ্যামি (দেখিতেছি) ॥৩০॥

[হ] কৃষ্ণ (হে কৃষ্ণ!) আহবে (যুদ্ধে) স্বজনং হত্বা (বন্ধুজনকে বিনাশ করিয়া) শ্রেয়ঃ চ (মঙ্গলও) ন অনুপশ্যামি (দেখিতেছি না) [অহং] (আমি) বিজয়ং ন কাজ্জে (বিজয় আকাজ্জা করি না) রাজ্যং স্থখানি চ ন (রাজ্য এবং স্থখও চাহি না) ॥৩১॥

আমার শরীর রোমাঞ্চিত ও কম্পিত হইতেছে। হস্ত হইতে গাণ্ডীব ধনু খসিয়া পড়িতেছে এবং গাত্রদাহ হইতেছে॥২৯॥

আমি আর অবস্থান করিতে পারিতেছি না। আমার চিত্ত উদ্রাস্ত হইতেছে। হে কেশব! আমি কেবল বিপরীত ভাব-বিশিষ্ট তুর্ল্লক্ষণ সমূহ দেখিতেছি॥৩০॥ কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা। যেষামর্থে কাজ্জিতং নো রাজ্যং ভোগাঃ স্থখানি চ॥৩২॥ ত ইমেহবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ষা ধনানি চ। আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ॥৩৩॥ মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা। এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্লতোহপি মধুস্থদন॥৩৪॥

[হ] গোবিন্দ (হে শ্রীকৃষ্ণ!) যেষাম্ অর্থে (যাঁহাদের জন্ম) নঃ (আমাদিগের) রাজ্যং ভোগাঃ স্থখানি চ (রাজ্য, ভোগ ও স্থখসকল) কাজ্জিতং (আকাজ্জিত) তে ইমে (সেই এই সব) আচার্য্যাঃ (আচার্য্য) পিতরঃ (পিতৃব্য) পূলাঃ (পূল) তথা এব চ পিতামহাঃ (এবং তদ্রূপ পিতামহ) মাতুলাঃ (মাতুল) শৃশুরাঃ (শৃশুর) পৌলাঃ (পৌল) শালাঃ (শালক) তথা সম্বন্ধিনঃ (এবং কুটুম্বগণ) ধনানি প্রাণান্ চ (ধন ও প্রাণ) তাজা (ত্যাগ স্বীকার করিয়া) যুদ্ধে অবস্থিতাঃ (যুদ্ধে উপস্থিত হইয়াছেন) [অতএব] নঃ রাজ্যেন কিম্ (আমাদের রাজ্যেই বা কি প্রয়োজন?) ভোগৈঃ জীবিতেন বা কিম্ (ভোগ এবং জীবনেই বা কি প্রয়োজন?) [হে] মধুস্থদন (হে মধুস্থদন!) ঘ্লতঃ অপি (তাহাদিগের দ্বারা হত হইলেও) এতান্ হস্তুং [আমি] (ইহাদিগকে বধ করিতে) ন ইচ্ছামি (ইচ্ছা করি না) ॥৩২-৩৪॥

এই যুদ্ধে স্বজনবধে কিছুমাত্র মঙ্গল দেখি না। হে কৃষ্ণ! আমি বিজয় আকাজ্ফা করি না, রাজ্যও চাই না, স্থখও চাই না॥৩১॥

হে গোবিন্দ! আমাদের রাজ্যে কি প্রয়োজন? ভোগ স্থথেরই বা কি প্রয়োজন? যাঁহাদের জন্ম আমরা রাজ্য, ভোগ ও স্থথের আকাজ্ফা করি (আজ) সেই আচার্য্য, পিতৃব্য, পুত্র, পিতামহ, মাতুল, শ্বশুর, পৌত্র, শালক ও অন্থ সম্বন্ধিগণ অপি ত্রৈলোক্যরাজ্যস্থ হেতোঃ কিন্নু মহীকৃতে।
নিহত্য থার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্থাচ্ছনার্দ্দন ॥৩৫॥
পাপমেবাশ্রয়েদম্মান্ হত্বৈতানাততায়িনঃ।
তম্মান্নার্হা বয়ং হস্তুং থার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা স্থাখিনঃ স্থাম মাধব ॥৩৬॥

[হ] জনার্দ্দন (হে শ্রীকৃষ্ণ!) মহীকৃতে কিং নু (পৃথিবীর রাজত্বের নিমিত্ত কি কথা?) ত্রৈলোক্যরাজ্যস্ম হেতোঃ অপি (ত্রিভুবনের রাজত্বের জন্মও) ধার্ত্তরাষ্ট্রান্ (তুর্য্যোধনাদিকে) নিহত্য (বধ করিয়া) নঃ (আমা-দিগের) কা প্রীতিঃ স্থাৎ (কি স্থখ লাভ হইবে?) ॥৩৫॥

[হ] মাধব (হে মাধব!) এতান্ আততায়িনঃ (এই সকল আততায়ীকে) হত্বা (বধ করিয়া) অস্মান্ (আমাদিগকে) পাপম্ এব (পাপই) আশ্রয়েং (আশ্রয় করিবে)। তস্মাং (অতএব) বয়ং (আমরা) স্ববান্ধবান্ (নিজ আত্মীয়) ধার্ত্তরাষ্ট্রান্ (ছর্য্যোধনাদিকে) হন্তং (বধ করিতে) ন অহাঃ (পারি না)। হি (যেহেতু) স্বজনং হত্বা (স্বজনগণকে বধ করিয়া) [বয়ং] (আমরা) কথং (কি প্রকারে) স্থিনঃ (স্থখী) স্থাম (হইব?) ॥৩৬॥

ঐ আচার্য্যাদি আততায়ী হইলেও ইঁহাদিগকে হত্যা করিলে আমাদিগকে পাপই আশ্রয় করিবে। অতএব আমাদের বান্ধব

[—] সকলেই, ধন ও প্রাণ পর্য্যস্ত ত্যাগ স্বীকার করিয়া এই যুদ্ধে উপস্থিত হইয়াছেন । অতএব হে মধুস্থদন! যদি ইহারা আমাকে হত্যাও করে তথাপি আমি ইহাদিগকে হনন করিতে ইচ্ছা করি না ॥৩২-৩৪॥

হে জনার্দ্দন! পৃথিবী কেন? ত্রৈলোক্যের আধিপত্য লাভ করিলেও এই চুর্য্যোধনাদিকে নিধন করিয়া আমাদের কি প্রীতিলাভ হইবে? ॥৩৫॥

যগ্যপ্যেতে ন পশুস্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোবং মিত্রদ্রোহে চ পাতকম্॥৩৭॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোবং প্রপশুস্তির্জনার্দ্দন॥৩৮॥
কুলক্ষয়ে প্রণশুস্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্মোহভিভবত্যুত॥৩৯॥

[হ] জনার্দ্দন (হে জনার্দ্দন!) যন্তপি এতে (যদিও ইহারা) লোভোপহতচেতসঃ [সন্তঃ] (লোভাক্রাস্তচিত্ত হইয়া) কুলক্ষয়কৃতং দোষং (কুলক্ষয়জনতি দোষ) মিত্রদ্রোহে চ (এবং স্বজনবিরোধে) পাতকং ন পশান্তি পোতক দেখিতেছে না), [তথাপি] কুলক্ষয়কৃতং দোষং (কুলক্ষয়জনিত দোষ) প্রপশান্তিঃ অম্মাভিঃ (সম্যক্ দর্শনকারী আমরা) অম্মাৎ পাপাৎ (এই পাপ হইতে) নিবর্ত্তিত্বং কথং ন জ্ঞেয়ম্ (নিবৃত্ত কেন না হইব?) ॥৩৭-৩৮॥

কুলক্ষয়ে (কুলক্ষয় হইলে) সনাতনাঃ (কুলপরম্পরা প্রাপ্ত) কুলধর্মাঃ প্রণশান্তি (কুলধর্ম বিনষ্ট হইবে) ধর্মে নষ্টে [সতি] (ধর্ম বিনষ্ট হইলে) অধর্মঃ (অধর্মা) কৃৎস্নম্ উত কুলম্ (সমস্ত বংশকেই) অভিভবতি (অভিভূত করে)॥৩৯॥

ধার্ত্তরাষ্ট্রগণকে সংহার করিতে পারি না। হে মাধব! স্বজন হত্যা করিয়া কিরূপে আমরা স্থুখী হইব ॥৩৬॥

যদিও লোভহতচিত্ত ইহারা কুলক্ষয় কৃতদোষ এবং বন্ধু বিচ্ছেদ জনিত পাপ দেখিতে পাইতেছে না, তথাপি হে জনার্দ্দন! আমরা কুলক্ষয় জনিত দোষ সম্যক্ দেখিয়াও কেন এই পাপ হইতে নিবৃত্ত হইব না? ॥৩৭-৩৮॥

কুলক্ষয়ে সনাতন কুলধর্ম বিনষ্ট হয় । ধর্ম নষ্ট হইলে অবশিষ্ট সমস্ত কুলই অধর্মে অভিভূত হইয়া থাকে ॥৩৯॥ অধর্মাভিভবাৎ কৃষ্ণ প্রত্নয়ন্তি কুলব্রিয়ঃ।
স্ত্রীযু তুষ্টান্ত বার্ফেয় জায়তে বর্ণসঙ্করঃ ॥৪০॥
সঙ্করো নরকায়ৈব কুলদ্মানাং কুলস্থ চ।
পতন্তি পিতরো হেযোং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥৪১॥
দোষৈরেতঃ কুলদ্মানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসান্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্মান্চ শাশ্বতাঃ ॥৪২॥

[হে] কৃষ্ণ (হে কৃষ্ণ!) অধর্মাভিভবাৎ (কুল অধর্মে অভিভূত হইলে) কুলব্রিয়ঃ (কুলব্রীগণ) প্রচুম্বৃত্তি (ব্যভিচারিণী হয়)। [হে] বার্ফেয় (হে র্ষ্ণিবংশধর!) স্ত্রীযু তুষ্টাযু (কুলব্রীগণ ব্যভিচারিণী হইলে) বর্ণসঙ্করঃ (বর্ণসঙ্কর) জায়তে (জন্মে) ॥৪০॥

সঙ্করঃ (বর্ণসঙ্কর) কুলস্ম কুলদ্মানাং চ (কুল ও কুলনাশকগণের) নরকায় এব [ভবতি] (নরকের নিমিত্তই হইয়া থাকে)। এষাং (ইহাদিগের) লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ পিতরঃ (পিতৃগণ পিশু ও তর্পণাদি কার্য্য লোপ হেতু) পতন্তি হি (নিশ্চয়ই পতিত হন)॥৪১॥

কুলঘ্নানাং (কুলনাশকগণের) এতৈঃ (এই সকল) বর্ণসঙ্করকারকৈঃ (বর্ণসঙ্করকারক) দোষৈঃ (দোষে) শাশ্বতাঃ (সনাতন) জাতি-ধর্মাঃ কুলধর্মান্চ (বর্ণধর্ম ও কুলধর্ম) উৎসান্তত্তে (উৎসন্ন হইয়া যায়) ॥৪২॥

হে বৃষ্ণি বংশধর কৃষ্ণ! অধর্মে অভিভূত কুলস্ত্রী সকল ব্যভিচারিণী হয়, স্ত্রীগণ ব্যভিচারিণী হইলে বর্ণসঙ্কর জন্মে॥৪০॥

বর্ণসঙ্কর কুলের ও কুলনাশকগণের নরকপ্রাপ্তির কারণ হয়, এবং ইহাদের পিতৃগণ পিণ্ড এবং তর্পণাদির লোপ হেতু নিশ্চিতই নরকে পতিত হন ॥৪১॥

এইসব বর্ণসঙ্করকারী কুলত্মগণের দোষে সনাতন কুলধর্ম এবং জাতিধর্ম উৎসন্ন হইয়া যায় ॥৪২॥ উৎসন্নকুলধর্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥৪৩॥
অহো বত মহৎ পাপং কর্ছ্বং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্যস্থপলোভেন হন্ত্বং স্বজনমুগুতাঃ ॥৪৪॥
যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রী রণে হন্সান্তমে ক্ষেমতরং ভবেৎ ॥৪৫॥

[হে] জনার্দ্দন (হে জনার্দ্দন!) উৎসন্ধকুলধর্মাণাং (যাহাদের কুলধর্ম বিনষ্ট হয়)[তেষাং] মনুষ্যাণাং (সেই সকল মনুষ্মের) নিয়তং (চিরকাল) নরকে বাসঃ (নরকে বাস) ভবতি (হয়), ইতি (এরূপ)[বয়ং] অনুশুশ্রুম (আমরা শুনিয়াছি)॥৪৩॥

অহো বত (হায়! কি তুঃখের বিষয়) বয়ং (আমরা) মহৎ পাপং (মহা-পাপ) কতুং (করিতে) ব্যবসিতাঃ (কৃতনিশ্চয় হইয়াছি) যৎ (যেহেতু) রাজ্যস্থখলোভেন (রাজ্যস্থখ লোভে) স্বজনং হন্তং (আত্মীয়-বধে) উদ্যতাঃ (উদ্যত হইয়াছি) ॥৪৪॥

যদি (যদি) শস্ত্রপাণয়ঃ (অস্ত্রধারী) ধার্ত্তরাষ্ট্রাঃ (ধৃতরাষ্ট্রপুত্রগণ) অপ্রতীকারং (প্রতীকার রহিত) অশস্ত্রং (ও শস্ত্রহীন) মাং (আমাকে) রণে (যুদ্ধে) হুম্যুঃ (বধ করে) তৎ (তবে তাহাই) মে (আমার পক্ষে) ক্ষেমতরং (অধিকতর হিতকর) ভবেৎ (হইবে) ॥৪৫॥

হে জনার্দ্দন! শুনিয়াছি যে সকল মনুষ্মের কুলধর্ম্ম, জাতি-ধর্মা ও আশ্রমধর্মা উৎসন্ন হইয়া যায়, তাহাদিগকে নিয়ত নরকে বাস করিতে হয় ॥৪৩॥

হায়! আমরা কি মহৎ পাপ করিতে কৃতসঙ্কল্প হইয়াছি, যেহেতু তুচ্ছ রাজ্যস্থ্রখের লোভে স্বজন বধে উন্থত হইয়াছি ॥৪৪॥

সঞ্জয় উবাচ— ৰ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।

এবমুক্বাৰ্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ। বিস্তত্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমন্তুগবদ্গীতান্তুপনিষৎস্থ ব্রহ্মবিদ্যায়াং যোগশান্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে সৈন্তদর্শনং নাম প্রথমোহধ্যায়ঃ ॥১॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় কহিলেন) অর্জ্জুনঃ (অর্জ্জুন) এবং উদ্ধা (এইরূপ বলিয়া) সংখ্যে (যুদ্ধক্ষেত্রে) সশরং চাপং (শরের সহিত ধন্মঃ) বিস্ফজ্য (পরিত্যাগপূর্ব্বক) শোকসংবিগ্নমানসঃ (শোকাকুল চিত্ত হইয়া) রথো-পস্থে (রথোপরি) উপাবিশৎ (উপবিষ্ট হইলেন) ॥৪৬॥

ইতি প্রথম অধ্যায়ের অন্বয় সমাপ্ত॥

যদি অস্ত্রধারী ধৃতরাষ্ট্র-পুত্রগণ প্রতীকার-বিমুখ ও অস্ত্রহীন অবস্থায় আমাকে এই রণস্থলে হত্যা করে, তাহাই আমার পক্ষে মঙ্গলজনক হইবে ॥৪৫॥

সঞ্জয় কহিলেন—অর্জ্জুন এই বলিয়া সেই সংগ্রাম স্থলে ধনুর্ব্বাণ পরিত্যাগ পূর্ব্বক শোকাকুলিত চিত্তে রথোপরি উপবেশন করিলেন ॥৪৬॥

ইতি প্রথম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত॥

CARLA MARIE

দ্বিতীয়োহধ্যায়ঃ

সাংখ্যযোগ

সঞ্জয় উবাচ—
তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্। বিষীদম্ভমিদং বাক্যমুবাচ মধুস্থদনঃ॥১॥

শ্রীভগবামুবাচ— কুতস্তা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্। অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন॥২॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় বলিলেন) তথা (তথাবিধ) কৃপয়া আবিষ্টম্ (কুপাপরবশ) অশ্রুপূর্ণাকুলেক্ষণম্ (অশ্রুপূর্ণাকুলনয়ন) বিষীদন্তং তং (বিষণ্ণ বদন অর্জ্জুনকে) মধুস্থদনঃ (শ্রীকৃষ্ণ) ইদং বাক্যম্ (এই বাক্য) উবাচ (বলিলেন) ॥১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) [হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) কুতঃ (কি হেতু) বিষমে (এই সংগ্রাম-সংকটে) অনার্য্যজুষ্টম্ (আর্য্যগণের অযোগ্য) অস্বর্গ্যম্ (স্বর্গ-প্রতিবন্ধক) অকীর্ত্তিকরম্ (এবং অযশস্কর) ইদং কশ্মলম্ (এই মোহ) ত্বা (তোমার) সমুপস্থিতম্ (উপস্থিত হইল?) ॥২॥

সঞ্জয় কহিলেন—মধুস্থদন তখন সেই অশ্রুপূর্ণ আকুল নয়ন কুপাবিষ্ট বিষগ্নানন অৰ্জ্জুনকে এই কথা বলিলেন॥১॥

শ্রীভগবান্ বলিলেন—হে অর্জ্জুন! এই বিষম যুদ্ধ সময়ে কি জন্ম তোমার অনার্য্যোচিত, অস্বর্গকর ও কীর্ত্তি নাশক এই মোহ উপস্থিত হইল? ॥২॥ ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ নৈতৎ ত্বয়ুপপছতে। ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্বোত্তিষ্ঠ পরস্তপ॥৩॥

অৰ্জ্জুন উবাচ—

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুস্থদন। ইষুভিঃ প্রতিযোৎস্থামি পূজাহাবরিস্থদন॥৪॥

গুরুনহত্বা হি মহানুভাবান্

শ্রেয়ো ভোকুং ভিক্ষ্যমপীহ লোকে।

হত্বার্থকামাংস্ত গুরুনিহৈব

ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিশ্ধান্ ॥৫॥

[হে] পার্থ (হে কুন্তীপুত্র!) ক্লৈব্যং মাস্ম গমঃ (কাতরতাপ্রাপ্ত হইও না) এতং (এই কাতরতা) স্বয়ি (তোমাতে) ন উপপদ্যতে (শোভা পায় না)। [হে] পরন্তপ (হে শত্রুতাপন!) ক্ষুদ্রং হোদয়-দৌর্বল্যম্ (ক্ষুদ্র মানসিক দুর্বল্লতা) ত্যক্বা (পরিত্যাগ করিয়া) উত্তিষ্ঠ (যুদ্ধার্থ উত্থিত হও)॥৩॥

অর্জ্বনঃ উবাচ (অর্জ্বন কহিলেন) [হে] অরিস্থদন মধুস্থদন (হে শক্রনাশক মধুস্থদন!) অহং (আমি) পূজার্হো (পূজনীয়) ভীষ্মং দ্রোণঞ্চ (ভীষ্ম ও দ্রোণকে) [লক্ষীকৃত্য] (লক্ষ্য করিয়া) কথং (কি প্রকারে) সংখ্যে (যুদ্ধে) ইযুভিঃ (বাণ দ্বারা) প্রতিযোৎস্যামি (প্রতিযুদ্ধ করিব) ॥৪॥

হে পার্থ! কাতরতা ত্যাগ কর, কাতরতা তোমার উপযুক্ত নহে। হে পরস্তপ! ক্ষুদ্র হৃদয়দৌর্ব্বল্য পরিত্যাগ করিয়া যুদ্ধার্থ উত্থিত হও ॥৩॥

অর্জ্জুন কহিলেন—হে অরিনিস্থদন মধুস্থদন! যুদ্ধে আমি কি প্রকারে পূজনীয় পিতামহ ভীষ্ম ও আচার্য্য দ্রোণের সহিত বাণের দ্বারা প্রতিযুদ্ধ করিব ॥৪॥ ন চৈতদ্বিদ্মঃ কতরদ্যো গরীয়ো যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ

যানেব হত্বা ন জিজীবিষাম-

স্তেহবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ॥৬॥

কার্পণ্য-দোষোপহতস্বভাবঃ

পৃচ্ছামি ত্বাং ধর্মসংমূঢ়চেতাঃ।

যচ্ছেয়ঃ স্থান্নিশ্চিতং ক্রহি তন্মে

শিশুত্তেহহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ॥৭॥

মহান্তুভাবান্ গুরুন্ (মহানুভাব গুরুদিগকে) অহত্বা হি (বধ না করিয়া) ইহ লোকে (এই জগতে) ভৈক্ষ্যম্ অপি ভোক্তুং (ভিক্ষালন্ধ অন্ন ভোজন করাও) শ্রেয়ঃ (ভাল)। তু (কিন্তু) গুরুন্ হত্বা (গুরুবর্গকে বধ করিয়া) ইহ এব (ইহলোকেই) রুধিরপ্রদিশ্ধান্ (শোণিতলিপ্ত) অর্থকামান্ ভোগান্ (অর্থ ও কামাদি ভোগ্য বস্তুসকল) ভুঞ্জীয় (আমাকে ভোগ করিতে হইবে)॥৫॥

যদ্বা (যদিই) [বয়ং] (আমরা) জয়েম (জয় করি) যদি বা (কিম্বা) [এতে] (ইহারা) নঃ জয়েয়ুঃ (আমাদিগকে জয় করুক) নঃ (আমাদের সম্বদ্ধে) এতৎ কতরৎ (ইহার মধ্যে কোন্টি) গরীয়ঃ (অধিক শ্রেয়স্কর) ন চ বিদ্মঃ (তাহা বুঝিতেছি না) যান্ হত্বা (যাহাদিগকে বধ করিয়া) ন জিজীবিষামঃ এব (বাঁচিতেই ইচ্ছা করি না) তে ধার্ত্তরাষ্ট্রীঃ (সেই ধৃতরাষ্ট্রী-পুত্রগণ) প্রমুখে (যুদ্ধার্থ সম্মুখে) অবস্থিতাঃ (উপস্থিত রহিয়াছে) ॥৬॥

মহানুভাব গুরুজনদিগকে হত্যা না করিয়া ইহলোকে ভিক্ষান্ন ভক্ষণ করাও মঙ্গলজনক, কিন্তু গুরুজনদিগকে হত্যা করিলে এই জগতেই তাহাদের রুধিরাক্ত অর্থ ও কামাদি ভোগ্যসমূহ আমাকে ভোগ করিতে হইবে ॥৫॥

কোন্টি আমাদের অধিক শ্রেয় তাহা বুঝিতেছি না। কেন না, জয় পরাজয় যাহাই হউক, যাহাদিগকে বধ করিয়া আমরা

ন হি প্রপশ্যামি মমাপত্মতাদ্-যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্। অবাপ্য ভূমাবসপত্মমৃদ্ধং রাজ্যং স্করাণামপি চাধিপত্যম্॥৮॥

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ (চিত্তের দীনতা ও কুলক্ষয়জনিত দোষদ্বারা অভিভূত স্বভাব) [তথা] (এবং) ধর্ম্মগংমূঢ়চেতাঃ (ধর্মাধর্মনিশ্চরবিষয়ে সন্দিগ্ধচিত্ত) [অহং] (আমি) ত্বাং (আপনাকে) পৃচ্ছামি (জিজ্ঞাসা করি-তেছি) মে (আমার পক্ষে) যৎ (যাহা) নিশ্চিতং শ্রেয়ঃ (যথার্থ মঙ্গলজনক) স্থাৎ (হইবে) তৎ (তাহা) [ত্বম্] ক্রহি (আপনি বলুন)। অহং (আমি) তে (আপনার) শিষ্কঃ (শাসনার্হ) [অতঃ] (অতএব) ত্বাং প্রপন্নম্ (আপনার শরণাগত) মাং (আমাকে) শাধি (শিক্ষা দান করুন)॥৭॥

ভূমৌ (পৃথিবীতে) অসপত্মম্ (নিষ্কণ্টক) ঋদ্ধং (সমৃদ্ধ) রাজ্যং (রাজ্য) স্থরাণামপি (এবং দেবতাগণেরও) আধিপত্যং চ অবাপ্য (আধিপত্য প্রাপ্ত হইয়া) যং (যে কর্ম্ম) ইন্দ্রিয়াণাম্ (ইন্দ্রিয়গণের) উচ্ছোষণম্ (অতি শোষণকর) মম (আমার) শোকম্ (শোক) অপনুভাৎ (দূর করিবে) তং (তাহা) [অহং] (আমি) ন হি প্রপশ্যামি (দেখিতে পাইতেছি না) ॥৮॥

বাঁচিতেও ইচ্ছা করি না, সেই ধৃতরাষ্ট্র পুত্রগণ যুদ্ধার্থ পুরো-ভাগে অবস্থিত রহিয়াছে ॥৬॥

এক্ষণে কার্পণ্যদোষে আমার স্বভাব অভিভূত হওয়ায় ধর্মবিষয়ে বিমূঢ়চিত্ত আমি আপনাকে জিজ্ঞাসা করিতেছি যে, আমার পক্ষে যাহা শ্রেয়স্কর তাহা আপনি নিশ্চয় করিয়া বলুন। আমি আপনার শিষ্ম, অতএব আপনার শরণাপন্ন আমাকে শিক্ষা প্রদান করুন॥৭॥

সঞ্জয় উবাচ—

এবমুক্বা হ্ববীকেশং শুড়াকেশঃ পরস্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দমুক্বা তৃষ্ণীং বভূব হ ॥৯॥
তমুবাচ হ্ববীকেশঃ প্রহসন্নিব ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে বিষীদস্তমিদং বচঃ ॥১০॥

শ্রীভগবামুবাচ—

অশোচ্যানম্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে। গতাস্থনগতাস্থংশ্চ নামুশোচস্তি পণ্ডিতাঃ ॥১১॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় বলিলেন) পরস্তপঃ (শত্রুমর্দ্দনকারী) গুড়াকেশঃ (জিতনিদ্র অর্জ্জুন) হৃষীকেশম্ (শ্রীকৃষ্ণকে) এবম্ উক্বা (এরূপ বলিবার পর) [অহং] (আমি) ন যোৎস্তে (যুদ্ধ করিব না) ইতি (ইহা) গোবিন্দম্ (গোবিন্দকে) উক্বা (বলিয়া) তৃষ্ণীং (মৌনী) বস্তৃব হ (হইয়া রহিলেন) ॥৯॥

[হে] ভারত (হে ধৃতরাষ্ট্র!) হৃষীকেশঃ (হৃষীকেশ) প্রহসন্ ইব (প্রসন্ন বদন হইয়া) উভয়োঃ সেনয়োঃ মধ্যে (তুই পক্ষের সৈন্সমধ্যে) বিষীদপ্তম্ (বিষাদগ্রস্ত) তম্ (অর্জ্জুনকে) ইদং বচঃ (এই কথা) উবাচ (বলিলেন) ॥১০॥

পৃথিবীর কণ্টকশূন্য সমৃদ্ধিশালী রাজ্য ও স্বর্গের আধিপত্য প্রাপ্ত হইলেও, আমি এমন কোন উপায় দেখিতেছি না যাহা আমার ইন্দ্রিয়শোষণকারী এই শোক অপনোদন করিতে পারে ॥৮॥

সঞ্জয় কহিলেন—ইন্দ্রিয়াধিপতি শ্রীকৃষ্ণকে এই কথা বলি-বার পর, জিতনিদ্র শত্রুতাপন অর্জ্জুন গোবিন্দকে 'আমি যুদ্ধ করিব না' এই বলিয়া মৌনী হইয়া রহিলেন ॥৯॥

হে ভারত! অনম্ভর ভগবান হৃষীকেশ উভয় সেনার মধ্য-স্থলে বিষাদগ্রস্ত পার্থকে হাস্তযুক্ত প্রসন্ন বদনে এইকথা বলিলেন ॥১০॥ ন ছেবাহং জাতু নাসং ন ছং নেমে জনাধিপাঃ। ন চৈব ন ভবিশ্বামঃ সর্ব্বে বয়মতঃ পরম্ ॥১২॥ দেহিনোহস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা। তথা দেহাম্ভরপ্রাপ্তির্ধীরম্ভত্র ন মুহুতি॥১৩॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) ত্বম্ (তুমি) অশোচ্যান্ (যাহাদের জন্ম শোক করা অনুচিত তাহাদের জন্ম) অম্বশোচঃ (শোক করিতেছ) প্রজ্ঞাবাদান্ চ ভাষসে (পণ্ডিতের ন্যায় কথাও বলিতেছ) [কিন্তু] পণ্ডিতাঃ (পণ্ডিতগণ) গতাস্থন্ (মৃত) অগতাস্থন্ চ (ও জীবিত বন্ধুদিগের জন্ম) ন'অমুশোচন্তি (অমুশোচনা করেন না) ॥১১॥

অহং (আমি) জাতু (কদাচিৎ অর্থাৎ ইতঃপূর্ব্বে) ন আসম্ (ছিলাম না) ইতি তু ন এব (ইহা কিন্তু নহে) ত্বং ন (তুমি যে ছিলে না) [ইতি] (ইহাও) ন (নহে), ইমে জনাধিপাঃ (এই সকল নৃপতিগণ) ন (ছিলেন না) [ইতি] (ইহাও) ন (নহে) অতঃপরম্ চ (এবং অতঃপর) সর্বেব বয়ং (আমরা সকলে) ন ভবিশ্বামঃ (থাকিব না) [ইতি] (ইহাও) ন এব (নহে) ॥১২॥

যথা (যেমন) দেহিনঃ (দেহাভিমানী জীবের) অস্মিন্ দেহে (এই স্থূলদেহে) কোমারং (কোমার) যৌবনং (যৌবন) জরা (ও জরা) [ভবতি]

শ্রীভগবান্ বলিলেন—হে অর্জ্জুন! তুমি যে বিষয়ে শোক করা অনুচিত সেই বিষয়ে শোক করিতেছ আর পাণ্ডিত্যপূর্ণ বাক্য বলিতেছ। কিন্তু পণ্ডিতগণ কি জীবিত, কি মৃত কাহারও নিমিত্ত শোক করেন না ॥১১॥

পূর্ব্বে যে আমি কখনও ছিলাম না তাহা নহে। তুমিও যে ছিলে না এমনও নহে। এই রাজন্মবর্গও যে ছিল না তাহাও নহে। অর্থাৎ আমরা যেমন এখন আছি সেইরূপ পূর্ব্বেও ছিলাম এবং পরেও থাকিব ॥১২॥

মাত্রাম্পর্শাস্ত কোন্তেয় শীতোঞ্চমুখদুঃখদাঃ। আগমাপায়িনোহনিত্যাস্তাংস্তিতিক্ষম্ব ভারত ॥১৪॥ যং হি ন ব্যথয়স্তোতে পুরুষং পুরুষর্বভ। সমগুঃখমুখং ধীরং সোহমৃতত্বায় কল্পতে ॥১৫॥

(ঘটে) তথা (তেমন) দেহান্তর-প্রাপ্তিঃ (অন্ম দেহ লাভও) [ভবতি] (ঘটে) ধীরঃ (ধীর ব্যক্তি) তত্র (তাহাতে) ন মুহুতি (মোহপ্রাপ্ত হন না)॥১৩॥

[হে] কোন্তেয় (হে কুন্তীপুদ্র অর্জ্জুন!) মাত্রাম্পর্শাঃ তু (বিষয়ের সহিত মিলিত ইন্দ্রিয়বৃত্তি সকল) শীতোষ্ণস্থখচুঃখদাঃ (শীত, উষ্ণ, স্থখ ও চুঃখাদি প্রদানকারী) [তে] (তাহারা) আগমাপায়িনঃ (উৎপত্তি-বিনাশ-শীল) অনিত্যাঃ (ও অনিত্য) [অতএব] [হে] ভারত (হে অর্জ্জুন!) তান্ (তাহাদিগকে) তিতিক্ষম্ব (সহ্ব কর) ॥১৪॥

[হে] পুরুষর্যন্ত (হে পুরুষশ্রেষ্ঠ!) এতে (এই সকল) [মাত্রাম্পর্শাঃ] (বিষয়ের সহিত মিলিত ইন্দ্রিয় বৃত্তি) সমত্বঃখম্বুখং (তুঃখ-মুখে সমভাবাপন্ন) যং ধীরং পুরুষং (যে বিবেকী ব্যক্তিকে) ন ব্যথয়ন্তি (বিচলিত করিতে পারে না) সঃ হি (তিনিই) অমৃতত্বায় (মোক্ষলাভে) কল্পতে (যোগ্য হন) ॥১৫॥

যেমন দেহধারী জীবের বর্ত্তমান দেহে ক্রমান্বয়ে কৌমার, যৌবন ও জরা প্রাপ্তি ঘটে সেইরূপ অপর দেহ প্রাপ্তিও ঘটিয়া থাকে। কিন্তু তাহাতে পণ্ডিতগণ কখনও মোহ প্রাপ্ত হন না॥১৩॥ হে কৌন্তেয়! ইন্দ্রিয়বৃত্তির সহিত বিষয়ের সংযোগই শীতগ্রীষ্ম, স্থখতুঃখ দান করিয়া থাকে। কিন্তু উহারা গমনা-গমনশীল, অনিত্য। অতএব হে ভারত! তাহা সহ্থ কর ॥১৪॥ হে পুরুষশ্রেষ্ঠ! স্থখে তুঃখে সমভাবাপন্ন যে ধীর ব্যক্তিকে এই সকল মাত্রাম্পর্শ (অর্থাৎ ইন্দ্রিয় বৃত্তির দ্বারা বিষয়ানুভব) ব্যথিত করিতে পারে না, তিনি মোক্ষ লাভের যোগ্য হন॥১৫॥ নাসতো বিশ্বতে ভাবো নাভাবো বিশ্বতে সতঃ।
উভয়োরপি দৃষ্টোহস্তত্ত্বনয়োক্তত্বদর্শিভিঃ ॥১৬॥
অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।
বিনাশমব্যয়স্থাস্থ ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥১৭॥
অন্তবন্ত ইমে দেহা নিত্যস্থোক্তাঃ শরীরিণঃ।
অনাশিনোহপ্রমেয়স্থ তম্মাদ্যুধ্যস্ব ভারত ॥১৮॥

অসতঃ (অনিত্য বস্তুর) ভাবঃ (বিশ্বমানতা) ন বিশ্বতে (নাই) সতঃ (নিত্য বস্তুর) অভাবঃ (নাশ) ন বিশ্বতে (নাই)। তত্ত্বদর্শিভিঃ (তত্ত্বদর্শিগণ কর্ত্ত্বক) অনয়োঃ উভয়োঃ অপি (এই তুইয়েরই) তু (কিন্তু) অন্তঃ (শেষ) দৃষ্টঃ (পর্য্যালোচিত ইইয়াছে)॥১৬॥

যেন (যাঁহার দ্বারা) ইদং সর্ব্বম্ (এই সকল শরীর) ততম্ (ব্যাপ্ত) তৎ (সেই জীবাত্মাকে) তু (কিন্তু) অবিনাশি (বিনাশ রহিত) বিদ্ধি (জানিবে)। কশ্চিৎ (কেহই) অব্যয়স্ত অস্ত্য (নাশরহিত এই জীবাত্মার) বিনাশং কর্ত্তুম্ (বিনাশ করিতে) ন অর্হতি (সমর্থ হন না) ॥১৭॥

নিত্যস্ত (সদা একরূপ) অনাশিনঃ (নাশ রহিত) অপ্রমেয়স্ত (অতি স্কল্ম হেতু পরিমাণের অতীত) শরীরিণঃ (জীবাত্মার) ইমে দেহাঃ (এই সকল দেহ) অন্তবন্তঃ (নাশশীল) উক্তাঃ (বলিয়া কথিত হয়)। [হে] ভারত (হে অর্জ্জুন!) তম্মাৎ (সেই হেতু) যুধ্যস্ব (যুদ্ধ কর) ॥১৮॥

অসৎ অর্থাৎ পরিণামশীল দেহাদি নশ্বর বস্তুর নিত্য স্থায়িত্ব নাই; এবং সৎ অর্থাৎ নিত্যবস্তু আত্মার কখনও পরিণতি বা বিনাশ নাই। তত্ত্বদর্শীগণের দ্বারা এইরূপে (পৃথক্ করিয়া) সৎ ও অসতের তত্ত্ব বিচারিত হইয়াছে ॥১৬॥

যিনি এই সর্ব্বশরীর ব্যাপিয়া আছেন সেই আত্মাকে অবিনাশী বলিয়া জানিও। তিনি অব্যয় অর্থাৎ নিত্য, সেই আত্মাকে কেহ বিনাশ করিতে পারে না ॥১৭॥ য এনং বেন্তি হস্তারং যশ্চৈনং মন্মতে হতম্। উভৌ তৌ ন বিজানীতো নায়ং হস্তি ন হন্মতে ॥১৯॥ ন জায়তে খ্রিয়তে বা কদাচি-

ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ। অজো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো ন হস্ততে হস্তমানে শরীরে ॥২০॥

যঃ (যে ব্যক্তি) এনং (এই জীবাষ্মাকে) হস্তারং (বিনাশ কর্তা) বেত্তি (মনে করে) যশ্চ এনং (এবং যে ব্যক্তি ইহাকে) হতং (বিনষ্ট) মন্ততে (মনে করে), তৌ উভৌ (তাহারা উভয়েই) ন বিজানীতঃ (অজ্ঞ) [যশ্মাৎ] (যেহেতু) অয়ং (এই জীবাষ্মা) ন হস্তি (কাহাকেও বধ করে না) ন হন্ততে (এবং কাহার দ্বারা নিহতও হয় না) ॥১৯॥

অয়ং (এই জীবাত্মা) কদাচিৎ (কখনও) ন জায়তে (জন্মে না) বা ন মিয়তে (কিম্বা মরে না) ভূত্বা বা (অথবা উৎপন্ন হইয়া) ভূয়ঃ (পুনর্কার) ন ভবিতা (উৎপন্ন হইবে না)। অয়ং অজঃ (এই জীবাত্মা জন্মবিহীন) নিত্যঃ (সর্ব্বদা সমভাবে স্থিত) শাশ্বতঃ (অপক্ষয়শূন্ম) পুরাণঃ (ষড়্বিকার

নিত্য, নাশরহিত, অপ্রমেয় যে জীবাত্মা তাহার এই দেহ-গুলিই নাশশীল। অতএব হে ভারত! তুমি স্বধর্ম পরিত্যাগ না করিয়া যুদ্ধ কর ॥১৮॥

যে ব্যক্তি এই আত্মাকে হননকর্ত্ত। মনে করে এবং যে ব্যক্তি ইহাকে হত মনে করে, তাহারা উভয়েই আত্মার স্বরূপ সম্বন্ধে কিছুই জানে না। যেহেতু আত্মা কাহাকেও হনন করে না বা কাহার দ্বারা হত হয় না ॥১৯॥

এই আত্মা কখনও জন্মে না বা কখনও মরে না। অথবা পুনঃ পুনঃ তাহার উৎপত্তি বৃদ্ধি হয় না। কারণ আত্মা জন্মরহিত, বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্ ॥২১॥
বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্লাতি নরোহপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণাঅন্তানি সংযাতি নবানি দেহী ॥২২॥

রহিত) [অপি চ] (অথচ) শরীরে হক্তমানে (দেহ বিনষ্ট হইলেও) অয়ং (জীবাত্মা) ন হক্ততে (বিনষ্ট হয় না) ॥২০॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) যঃ (যে ব্যক্তি) এনং (এই জীবাত্মাকে) নিত্যং (বৃদ্ধিশূন্ম) অজম (জন্মাদি রহিত) অব্যয়ম (ক্ষয়শূন্ম) অবিনাশিনং (এবং ধ্বংসশূন্ম) বেদ (জানেন), সঃ পুরুষঃ (সেই ব্যক্তি) কথং (কি প্রকারে) কং (কাহাকে) ঘাতয়তি (বধ করান) [বা] কং (অথবা কাহাকে) হস্তি (বধ করেন?) ॥২১॥

নরঃ (মনুষ্য) যথা (যেমন) জীর্ণানি বাসাংসি (ছিন্ন বন্ধ সকল) বিহায় (পরিত্যাগ করিয়া) অপরাণি নবানি (অন্থ নৃতন বন্ধ সমূহ) গৃহ্লাতি (ধারণ করে) তথা (তদ্রূপ) দেহী (আত্মা) জীর্ণানি (জরাগ্রস্ত) শরীরাণি (শরীর সকল) বিহায় (পরিত্যাগ করিয়া) অন্থানি নবানি (অন্থ নৃতন শরীর সমূহ) সংযাতি (পরিগ্রহ করে) ॥২২॥

নিত্য, অপক্ষয়রহিত অর্থাৎ নিত্য নবীন অথচ পুরাতন; জন্ম-মরণশীল শরীর বিনষ্ট হইলেও আত্মার বিনাশ নাই ॥২০॥

হে পার্থ! যে ব্যক্তি জীবাত্মাকে অবিনাশী, নিত্য, অজ ও ক্ষয়রহিত অব্যয় বলিয়া জানেন, সে পুরুষ কি রূপে কাহাকে হত্যা করায় বা হত্যা করে ॥২১॥

মানুষ যেমন জীর্ণ বস্ত্র পরিত্যাগ করিয়া অপর নববস্ত্র গ্রহণ করে, সেইরূপ দেহী (জীবাত্মা)ও জীর্ণ দেহ পরিত্যাগ করিয়া নৈনং ছিন্দম্ভি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥২৩॥
অচ্ছেগ্যোহয়মদাহোহয়মক্লেগ্যোহশোয় এব চ।
নিত্যঃ সর্বাগতঃ স্থাণুরচলোহয়ং সনাতনঃ ॥২৪॥
অব্যক্তোহয়মচিন্ত্যোহয়মবিকার্য্যোহয়মুচ্যতে।
তন্মাদেবং বিদিক্তৈনং নামুশোচিতুমর্হসি ॥২৫॥

শস্ত্রাণি (অস্ত্র সকল) এনম্ (এই আত্মাকে) ন ছিন্দস্তি (ছেদন করিতে পারে না) পাবকঃ (অগ্নি) এনং (এই আত্মাকে) ন দহতি (দগ্ধ করিতে পারে না) আপঃ (জল) এনং (এই আত্মাকে) ন ক্লেদয়স্তি (আর্দ্র করিতে পারে না) চ (এবং) মারুতঃ (বায়ু) ন শোষয়তি (শুষ্ক করিতে পারে না) ॥২৩॥

অয়ম্ (এই আত্মা) অচ্ছেন্তঃ (ছেদনের অযোগ্য) অয়ম্ (এই আত্মা)
অদাহঃ (দাহনের অযোগ্য) [অয়ম্] (এই আত্মা) অক্লেন্তঃ (সিক্ত

হইবার অযোগ্য) অশোগ্য এব চ (এবং অশোষনীয়)। অয়ম্ (এই আত্মা)
নিত্যঃ (চিরকাল বর্ত্তমান) সর্ব্বগতঃ (স্বকর্মবশে দেবাদি সর্ব্ব দেহে গমন
যোগ্য) স্থাণুঃ (স্থিরস্বভাব) অচলঃ (অচল) সনাতনঃ (অনাদি)। অয়ম্
(এই আত্মা) অব্যক্তঃ (অতি সক্ষেত্বহেতু চক্ষুরাদি ইন্দ্রিয়ের অগ্রাহ্য)
অয়ম্ (এই আত্মা) অচিস্তাঃ (অতর্ক্য) অয়ম্ (এই আত্মা) অবিকার্য্যঃ
(জন্মাদি ষড়ভাব বিকারশূন্ম) উচ্যতে (বিলিয়া কথিত হন), তন্মাৎ

পুনরায় ন্তুতন একটি শরীর ধারণ করিয়া থাকে ॥২২॥

এই আত্মাকে শস্ত্রাদি ছেদন করিতে পারে না; অগ্নি দগ্ধ করিতে পারে না; জল সিক্ত করিতে পারে না; এবং বায়ু ইহাকে শুষ্ক করিতে পারে না॥২৩॥

এই জীবাত্মা অচ্ছেন্ত, অদাহ্য, অক্লেন্ত, এবং অশোস্তা। ইনি নিত্য, সর্ব্বত্রগামী, স্থির ও অবিচলিত এবং সনাতন অর্থাৎ সদা- অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥২৬॥
জাতস্থ হি ধ্রুবো মৃত্যুর্ধ্রবং জন্ম মৃতস্থ চ।
তন্মাদপরিহার্য্যেহর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥২৭॥
অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্তেব তত্র কা পরিদেবনা ॥২৮॥

(অতএব) এনম্ (এই আত্মাকে) এবং (এইরূপ) বিদিত্বা (জানিয়া) অনু-শোচিতুম্ ন অর্হসি (তদ্ধেতু শোক প্রকাশ করা উচিত নহে) ॥২৪-২৫॥

[হে] মহাবাহো (হে বীরশ্রেষ্ঠ অর্জ্জুন!) অথ চ (আর যদিও) এনং (এই আত্মাকে) নিত্যজাতং (সতত উৎপন্ন) বা (অথবা) নিত্যং মৃতম্ (সতত বিনাশশীল) মশ্যসে (মনে কর) তথাপি (তাহা হইলেও) ত্বং (তুমি) এনং (ইহার জন্ম) শোচিতুং ন অর্হসি (শোক করিও না)॥২৬॥

হি (যেহেতু) জাতস্থ (জাত ব্যক্তির) মৃত্যুঃ (মৃত্যু) ধ্রুবঃ (নিশ্চিত) মৃতস্থ চ (মৃত ব্যক্তিরও) জন্ম (কর্মফলভোগের জন্ম জন্ম) ধ্রুবং (নিশ্চিত) তন্মাৎ (অতএব) অপরিহার্য্যে অর্থে (অবশাস্তাবী বিষয়ে) ত্বং (তুমি) শোচিতুং (শোক করিতে) ন অর্হসি (পার না) ॥২৭॥

বিশ্বমান। এই আত্মা অব্যক্ত, অচিস্ত্য এবং জন্মাদি ষড়্বিকার* রহিত বলিয়া কথিত হন। অতএব এই জীবাত্মাকে এইপ্রকার অবগত হইয়া তুমি আর শোক করিতে পার না॥২৪-২৫॥

হে মহাবাহো! যদি জীবাত্মাকে নিত্যজাত ও নিত্যমৃত বলিয়া মনে কর, তথাপিও তুমি ইহার জন্ম শোক করিতে পার না॥২৬॥ যেহেতু জাত ব্যক্তির মরণ স্থনিশ্চিত এবং মৃত্যু হইলে কর্মফল ভোগের জন্ম পুনরায় জন্মও স্থনিশ্চিত। স্থতরাং এই অপরিহার্য্য বিষয়ে তোমার শোক করা অনুচিত॥২৭॥

^{*}ষড়বিকার যথা—জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, পরিণতি, অপক্ষয় ও বিনাশ ॥২৪-২৫॥

আশ্চর্য্যবং পশ্যতি কশ্চিদেন-মাশ্চর্য্যবদ্বদতি তথৈব চাল্তঃ। আশ্চর্য্যবচ্চৈনমন্তঃ শৃণোতি শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥২৯॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) স্থৃতানি (প্রাণিগণের) অব্যক্তাদীনি (জন্মের পূর্ব্বাবস্থা অজ্ঞাত) ব্যক্তমধ্যানি (জন্মাবধি মৃত্যু পর্য্যস্ত মধ্যকাল জ্ঞাত) অব্যক্তনিধনানি এব (এবং মৃত্যুর পরবর্ত্তী কালও অজ্ঞাত) তত্র (তদ্বিষয়ে) কা পরিদেবনা (শোকের কারণ কি আছে?) ॥২৮॥

কশ্চিৎ (কেহ কেহ) এনম্ (এই আত্মাকে) আশ্চর্য্যবৎ (বিশ্বিতভাবে) পশ্যতি (দর্শন করেন) তথা এব (তদ্রূপ) অশ্যঃ চ (অপরেও) এনম্ (এই আত্মাকে) আশ্চর্য্যবৎ (বিশ্বয়জনকভাবে) বদতি (বর্ণনা করেন) অশুঃ চ (ও অপর ব্যক্তি) এনম্ (ইহাকে) আশ্চর্য্যবৎ (বিশ্বিত হইয়া) শৃণোতি (শ্রবণ করেন) কশ্চিৎ চ (কেহও) শ্রুত্বা অপি (শুনিয়াও) এনং (এই আত্মাকে) ন বেদ (জানিতে পারেন না) ॥২৯॥

হে ভারত! যখন ভূতসকল উৎপত্তির পূর্ব্বে অপ্রকাশিত ও জন্ম হইতে মরণ পর্য্যস্ত প্রকাশিত, এবং নিধন প্রাপ্ত হইলেই আবার অপ্রকাশিত বা অব্যক্ত হইয়া থাকে, তখন তাহার জন্ম পরিবেদনা কি আছে? (যদিও উক্ত মতটি সাধু সন্মত নহে তথাপি বিচার স্থলে স্বীকার করিলেও তোমার পক্ষে স্বধর্ম রক্ষার জন্ম যুদ্ধ করাই কর্ত্বব্য) ॥২৮॥

কেহ কেহ জীবাত্মাকে আশ্চর্য্যবৎ দর্শন করেন, কেহ কেহ আশ্চর্য্য ভাবে বর্ণনা করেন, এবং কেহ কেহ আশ্চর্য্যজ্ঞানে শ্রবণ করেন; আর কেহ কেহ শুনিয়াও তাঁহাকে বুঝিতে পারেন না ॥২৯॥ দেহী নিত্যমবধ্যোহয়ং দেহে সর্ব্বস্থ ভারত।
তন্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥৩০॥
স্বধর্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্মান্ধি যুদ্ধাচ্ছেয়োহন্তৎ ক্ষঞ্জিয়স্থ ন বিহাতে ॥৩১॥
যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃত্তম্।
স্থাবনঃ ক্ষঞ্জিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্॥৩২॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) অয়ং দেহী (এই আত্মা) সর্ব্বস্থ (সকল প্রাণীর) দেহে (শ্রীরে) নিত্যম্ (সর্ব্বদা) অবধ্যঃ (অবধ্যরূপে বিরাজিত)। তম্মাৎ (অতএব) ত্বং (তুমি) সর্ব্বাণি ভূতানি (সকল ভূতের নিমিত্ত) শোচিতুং ন অর্হসি (শোক করিতে পার না)॥৩০॥

অপি (এমন কি) স্বধর্মং (ক্ষাভ্রধর্ম) অবেক্ষ্য চ (পর্য্যালোচনা করিয়াও) বিকম্পিতুম্ (ভয় করিতে) ন অর্হসি (পার না)। হি (যেহেতু) ক্ষত্রিয়স্ত (ক্ষত্রিয়ের পক্ষে) ধর্ম্ম্যাৎ যুদ্ধাৎ (স্থায়সঙ্গত যুদ্ধ অপেক্ষা) অস্তৎ শ্রেয়ঃ (অপর শ্রেয়স্কর কর্মা) ন বিস্তুতে (নাই)॥৩১॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) স্থখীনঃ (সোভাগ্যবান্) ক্ষত্রিয়াঃ (ক্ষত্রিয়-গণ) যদৃচ্ছয়া (অপ্রার্থিতভাবে) উপপন্নম্ (উপস্থিত) অপার্তম্ স্বর্গদ্বারম্ চ (এবং উদ্ঘাটিত স্বর্গদ্বাররূপ) ঈদৃশম্ (এরূপ) যুদ্ধম্ (যুদ্ধ) লভম্ভে লোভ করে) ॥৩২॥

হে ভারত! বস্তুতঃ সর্ব্বপ্রাণীর দেহস্থিত দেহধারী এই জীবাত্মা সর্ব্বদা অবধ্য। অতএব তুমি কোন প্রাণীর জন্মই শোক করিতে পার না ॥৩০॥

আর স্বধর্মের* প্রতি লক্ষ্য করিলেও তোমার বিকম্পিত হইবার কিছুই নাই। কেননা ক্ষত্রিয়ের ধর্মযুদ্ধাপেক্ষা শ্রেয়স্কর ধর্ম আর নাই॥৩১॥

*মন্তব্য: স্বধর্ম — জীবের মুক্ত ও বদ্ধ দশা ভেদে দ্বিবিধ। মুক্তাবস্থায়, স্বধর্ম — উপাধি রহিত; বদ্ধাবস্থায়, স্বধর্ম উপাধিযুক্ত। মুক্ত জীব সর্বতো-

অথ চেৎ ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিয়সি।
ততঃ স্বধর্মং কীর্দ্তিঞ্চ হিত্বা পাপমবাস্প্যসি॥৩৩॥
অকীর্দ্তিঞ্চাপি ভূতানি কথয়িয়ন্তি তেহব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্দ্তির্মরণাদতিরিচ্যতে॥৩৪॥

অথ (পক্ষান্তরে) চেৎ (যদি) ত্বম্ (তুমি) ইমং ধর্ম্ম্যং সংগ্রামং (এই ধর্ম্ম সঙ্গত যুদ্ধ) ন করিশ্বসি (না কর) ততঃ (তাহা হইলে) স্বধর্ম্মং কীর্ত্তিং চ (ক্ষত্রিয় ধর্ম্ম ও কীর্ত্তি) হিত্বা (ত্যাগ করিয়া) পাপম্ (পাপ) অবাপ্স্যসি লোভ করিবে) ॥৩৩॥

ভূতানি চ (সকল লোকও) তে (তোমার) অব্যয়াম্ (চিরস্থায়িনী) অকীর্ত্তিম্ অপি (অকীর্ত্তিও) কথয়িষ্বান্তি (বলিবে)। সম্ভাবিতস্থ চ (সম্মানিত ব্যক্তির কিন্তু) অকীর্ত্তিঃ (অখ্যাতি) মরণাৎ (মৃত্যু অপেক্ষা) অতিরিচ্যতে (অধিক হয়)॥৩৪॥

হে পার্থ! যদৃচ্ছাক্রমে উপস্থিত উন্মুক্ত স্বর্গদ্বার স্বরূপ এইরূপ যুদ্ধ, সোভাগ্যবান্ ক্ষত্রিয়গণেরই লভ্য হইয়া থাকে ॥৩২॥

্প্রকৃত পক্ষে তুমি যদি এই ধর্ম্মযুদ্ধ না কর তবে স্বধর্ম ও কীর্ত্তি ভ্রষ্ট হইয়া পাপগ্রস্ত হইবে॥৩৩॥

আর লোকে চিরদিন তোমার অকীর্ত্তি ঘোষণা করিবে। স্থপ্রতিষ্ঠিত ব্যক্তির অপযশ মৃত্যু অপেক্ষাও অধিক॥৩৪॥

ভাবে ভগবং-সেবন-চেষ্টারূপ ধর্মনিরত এবং তাহাই শুদ্ধ-স্বধর্ম। আর বদ্ধ-জীব যখন কর্মফলে চুরাশী লক্ষ যোনি ভ্রমণ করিতে করিতে পুণ্য-বলে মনুষ্মদেহ প্রাপ্ত হয়, তখন মুক্তাবস্থার শুদ্ধ স্বধর্ম সাধনানুকূলে দৈব বর্ণাশ্রম ধর্ম্মে থাকিয়া যে নিজ নিজ স্বভাব ও চেষ্টা প্রকাশ করে, তাহাকে স্থলভাবে স্বধর্ম্ম বলা হইয়া থাকে। অর্থাৎ ধূমার্ত বহ্নিকে যে প্রকার বহ্নি বলা হয়, তদ্রপ নিরুপাধিক আত্মার স্বধর্ম— যে স্বল্প উপাধিযুক্ত অবস্থায় অনুভূত হইতে পারে তাহাকেই বর্ণাশ্রম বিচারে স্বধর্ম্ম সংজ্ঞায় সংজ্ঞিত করা হয়॥৩১॥

ভয়াদ্রণাত্নপরতং মংস্থান্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্থাসি লাঘবম্ ॥৩৫॥
অবাচ্যবাদাংশ্চ বহুন্ বিদিয়ন্তি তবাহিতাঃ।
নিন্দন্তত্তব সামর্থ্যং ততো ছঃখতরং মু কিম্॥৩৬॥
হতো বা প্রাপ্স্যাসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তন্মাত্নন্তিষ্ঠ কোন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ॥৩৭॥

মহারথাঃ (তুর্য্যোধনাদি মহারথগণ) ত্বাং (তোমাকে) ভয়াৎ (ভয়-হেতু) রণাৎ (যুদ্ধ হইতে) উপরতং (বিরত) মংস্থান্তে (মনে করিবে)। চ (এবং) ত্বং (তুমি) যেষাং (যাহাদিগের) বহুমতঃ ভূত্বা (বহু সম্মানের পাত্র হইয়াছ) [তেষাং] (তাহাদিগের নিকট) লাঘবম্ যাস্থাসি (অশ্রদ্ধার পাত্র হইবে)॥৩৫॥

তব অহিতাঃ (তোমার শত্রুগণ) তব সামর্থাং (তোমার সামর্থ্যের) নিন্দতঃ (নিন্দা করতঃ) বহূন্ অবাচ্য বাদান্ চ (বহুবিধ অকথ্য বাক্য সমূহও) বিদিয়ুস্তি (কহিবে)। তু (ওহে অর্জ্জুন!) ততঃ (তাহা অপেক্ষা) দ্বঃখতরং (অধিক দুঃখকর) কিম্ (কি হইতে পারে?) ॥৩৬॥

হতঃ বা (যদি যুদ্ধে হত হও) স্বর্গং প্রাপ্স্যাসি (স্বর্গ লাভ করিবে) জিত্বা বা (কিম্বা জয়লাভ করিয়া) মহীং (পৃথিবী) ভোক্ষ্যসে (ভোগ করিবে)। [হে] কৌন্তেয় (হে অর্জ্জুন!) তম্মাৎ (অতএব) যুদ্ধায় (যুদ্ধার্থে) কৃতনিশ্চয়ঃ [সন্] (কৃতনিশ্চয় হইয়া) উত্তিষ্ঠ (উত্থিত হও)॥৩৭॥

যাহারা তোমাকে বহুমানন করিয়া থাকেন সেই মহারথগণ 'তুমি ভয়ে যুদ্ধ করিতেছ না' এই মনে করিয়া তোমাকে অত্যস্ত লঘু জ্ঞান করিবেন ॥৩৫॥

তোমার শত্রুপক্ষ তোমার সামর্থ্যের নিন্দা করিয়া বহু-প্রকার কটুক্তি করিবে, তাহা হইতে অধিক ছঃখতর আর কি আছে? ॥৩৬॥ স্থখত্বঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাক্ষ্যসি॥৩৮॥
এষা তেহভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্থসি॥৩৯॥

স্থেছ্যথে (স্থেখ ও ছুঃখ) লাভালাভৌ (লাভ ও অলাভ) জয়াজয়ৌ
[চ] (এবং জয় ও পরাজয়) সমে (সমান) কৃত্বা (করিয়া অর্থাৎ তুল্য
দৃষ্টিতে দেখিয়া) ততঃ (তৎপরে) যুদ্ধায় (যুদ্ধার্থ) যুজ্যস্ব (প্রবৃত্ত হও)
এবং (এই প্রকারে) পাপং (পাপ) ন অবাপ্স্যাসি (প্রাপ্ত হইবে না) ॥৩৮॥
[হে] পার্থ (হে কুন্তীপুত্র!) সাংখ্যে (আত্মতত্ব বিষয়ে) এষা বুদ্ধিঃ
(এই জ্ঞান) তে অভিহিতা (তোমাকে কহিলাম)। যোগে তু (ভক্তি
যোগেও) ইমাং (এই বুদ্ধি) শৃণু (শ্রবণ কর)। যয়া বুদ্ধ্যা যুক্তঃ [সন্] (যে
ভক্তি-যোগবিষয়িণী বুদ্ধি দ্বারা যুক্ত হইলে) কর্মবন্ধং (কর্ম্ম বন্ধনরূপ
সংসারকে) প্রহাম্বসি (প্রকৃষ্টরূপে ত্যাগ করিতে পারিবে)॥৩৯॥

হে কৌন্তেয়! যদি তুমি হত হও, স্বর্গ লাভ করিবে, আর বিজয়ী হও, পৃথিবী ভোগ করিবে। অতএব কৃতনিশ্চয় হইয়া যুদ্ধার্থে উখিত হও॥৩৭॥

স্থুখ ও ছুঃখ, লাভ ও অলাভ, জয় ও পরাজয়কে সমান জ্ঞান করিয়া যুদ্ধ কর। তাহা হইলে পাপভাগী হইবে না ॥৩৮॥

ইহা বস্তুতত্ত্ব জ্ঞান-সম্বন্ধিনী বুদ্ধির কথা তোমাকে বলি-লাম। হে পার্থ! এখন ভক্তিযোগ-সম্বন্ধিনী বুদ্ধির কথা শ্রবণ কর যে বুদ্ধিযুক্ত হইলে তুমি কর্ম্মবন্ধন সম্পূর্ণ ছেদন করিতে পারিবে ॥৩৯॥*

^{*}মস্তব্য — "পরে প্রদর্শিত হইবে যে, বুদ্ধি-যোগ একটি মাত্র; যখন সেই বুদ্ধি-যোগ কর্ম্মের অবধিকে সীমা করিয়া লক্ষিত হয় তখন তাহাকে 'কর্ম্ম-যোগ' বলে; যখন কর্মসীমাকে অতিক্রম করিয়া জ্ঞান সীমার

নেহাভিক্রমনাশোহস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে। স্বল্পমপ্যস্থ ধর্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥৪০॥ ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন। বহুশাখা হুনস্তাশ্চ বুদ্ধয়োহব্যবসায়িনাম ॥৪১॥

ইহ (এই ভক্তি-যোগে) অভিক্রমনাশঃ (আরম্ভের নাশ) ন অস্তি নোই) প্রত্যবায়ঃ [চ] (প্রত্যবায়ও) ন বিদ্যুতে (নাই) অস্ম ধর্মস্ম (এই ভক্তি-যোগের) স্বল্পমপি (কিঞ্চিৎমাত্র অনুষ্ঠানও) মহতঃ ভয়াৎ (মহা-ভয়জনক সংসার হইতে) ত্রায়তে (পরিত্রাণ করে) ॥৪০॥

[হে] কুরুনন্দন (হে কুরুবংশধর অর্জ্জুন!) ইহ (এই ভক্তি-যোগ বিষয়ে) ব্যবসায়াত্মিকা (নিশ্চয়াত্মিকা) বুদ্ধিঃ (বুদ্ধি) একা [এব] (একটী মাত্র), [কিন্তু] অব্যবসায়িনাং (কামী ব্যক্তিদের) বুদ্ধয়ঃ (বুদ্ধি সকল) অনন্তাঃ (অসংখ্য) বহুশাখাঃ চ (এবং বহু শাখাযুক্ত) হি (ম্বনিশ্চিত) ॥৪১॥

এই ভক্তিযোগের আরম্ভমাত্র করিলেও বিফল হয় না। ইহাতে প্রত্যবায়ও নাই। এই ভক্তিযোগের কিঞ্চিৎমাত্র অনুষ্ঠানও সংসারাদি মহাভয় হইতে পরিত্রাণ করে ॥৪০॥

হে কুরুনন্দন! অনন্য ভক্তিযোগ সম্বন্ধিনী বুদ্ধি নিশ্চয়াত্মিকা। আমিই তাহার একমাত্র লক্ষ্য, অতএব তাহা একনিষ্ঠ । কিন্তু মদেকনিষ্ঠতা-রহিত অব্যবসায়িগণের বুদ্ধি কাম্যকর্ম্ম বিষয়িণী হওয়ায় তাহা অনেক বিষয়-নিষ্ঠত্বহেতু বহু শাখাময়ী ও অনন্ত-কামনা-লক্ষিণী ॥৪১॥

অবধি পর্য্যন্ত ব্যাপ্তি লাভ করে, তখন তাহাকে 'জ্ঞান-যোগ' বা 'সাংখ্য-যোগ' বলে; যখন তত্তুভয় সীমা অতিক্রম করতঃ ভক্তিকে স্পর্শ করে, তখন তাহাকে 'ভক্তি-যোগ' বা 'বিশুদ্ধ ও সম্পূর্ণ বুদ্ধি-যোগ' বলে।"

—শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ॥৩৯॥

যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্তদন্তীতি বাদিনঃ ॥৪২॥
কামাদ্মানঃ স্বর্গপরাঃ জন্মকর্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥৪৩॥
ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াদ্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥৪৪॥

[হ] পার্থ (হে অর্জ্কুন!) অবিপশ্চিতঃ (মূর্থ সকল) বেদ-বাদরতাঃ (বেদের অর্থবাদে আসক্ত) অন্তং (পশু অন্ন পুত্র স্বর্গাদি ব্যতীত অন্ত ঈশ্বর তত্ত্ব) ন অস্তি (নাই) ইতি বাদিনঃ (এইরূপ উক্তিকারী) কামাত্মানঃ (কামাকুলিত চিত্ত) স্বর্গপরাঃ (স্বর্গকেই প্রধান পুরুষার্থ জ্ঞানকারী) জন্ম-কর্মফল-প্রদাম (জন্ম-কর্মফল প্রদানকারী) ভোগৈশ্বর্য্যগতিং প্রতি (ভোগ ও ঐশ্বর্য্য সাধক) ক্রিয়াবিশেষবহুলাং (নানাবিধ ক্রিয়া বিশেষ বৃদ্ধিকারী) যাম্ ইমাং (যে সকল) পুষ্পিতাং (আপাতকর্ণ স্থখকর) বাচং (বাক্য) প্রবদম্ভি (এই বেদ বাক্যগুলিই সর্ব্যপ্রকারে শ্রেষ্ঠ এরূপ বলে) তয়া (সেই পুষ্পিত বাক্যের দ্বারা) অপহৃতচেতসাং (বিমোহিত চিত্ত) ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং (ভোগ ও ঐশ্বর্য্যে আসক্ত ব্যক্তিদিগের) ব্যবসায়াত্মিকা (নিশ্চয়াত্মিকা) বৃদ্ধিঃ (বৃদ্ধি) সমাধৌ (পরমেশ্বরে) ন বিধীয়তে (এক-নিষ্ঠতা লাভ করে না) ॥৪২-৪৪॥

হে পার্থ! সেই অব্যবসায়ী অনভিজ্ঞগণ সর্ব্বদা বেদের মুখ্য তাৎপর্য্য যে পরমার্থ, তাহা না জানিয়া কেবল গৌণ অর্থবাদে রত থাকিয়া 'ইহা ছাড়া জ্ঞাতব্য আর নাই' এইরূপ বলিয়া থাকে। যাহারা কাম্যকর্ম্মের ফলাকাজ্জী, স্বর্গপ্রার্থী, যে মূঢ়গণ ভোগ ও ঐশ্বর্য্য সাধক জন্ম-কর্মফল প্রদানকারী কর্মকান্ডীয় যজ্ঞাদি ক্রিয়া-বাহুল্যবিশিষ্ট বেদের আপাত রমণীয় (পরিণাম বিষময়) বাক্যে অনুরক্ত, তাদৃশ ভোগ ও ঐশ্বর্য্য প্রসক্ত

ত্রৈগুণ্যবিধয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্চ্ছুন। নির্দ্ধন্থো নিত্যসম্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥৪৫॥ যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে। তাবান্ সর্ব্বেষু বান্ধাণস্থা বিজানতঃ ॥৪৬॥

[হ] অর্জ্জুন (হে অর্জ্জুন!) বেদাঃ (বেদ সকল) ত্রৈগুণ্যবিষয়াঃ (ত্রিগুণাত্মক) [ত্বং] (তুমি) নির্দ্দন্ধঃ (গুণময় মানাপমানাদি রহিত) নিত্য-সম্বস্থঃ (নিত্যপ্রাণিদিণের অর্থাৎ মন্তক্তের সহিত অবস্থিত) নির্যোগক্ষমঃ (অলন্ধ বস্তুর লাভ 'যোগ' তাহার রক্ষা 'ক্ষেম' তদ্রহিত) আত্মবান্ [চ] (এবং মদ্দত্ত বুদ্ধিযোগে যুক্ত) [সন্] (হইয়া) নিক্ত্রেগুণ্যঃ (জ্ঞান কর্ম্ম হইতে বিরত হইয়া বেদোক্ত ভক্তি বিধিমাত্রের অনুষ্ঠাতা) ভব (হও) ॥৪৫॥

উদপানে (ক্ষুদ্র জলাশয়ে বা কূপে) যাবান্ অর্থঃ (যে যে প্রয়োজন) সর্ব্বতঃ (সকল কূপ হইতে) [সিধ্যতি] (সিদ্ধি হয়), সংপ্লুতোদকে (মহাজলাশয়ে বা সরোবরে) তাবান্ [এব অর্থঃ] (সেই সমস্ত কার্য্যই) [ততোহপি বৈশিষ্ট্যেন] (তাহা হইতে বিশেষ ভাবে) [সিধ্যতি] (সিদ্ধ হইয়া থাকে) [এবং] সর্ব্বেষ্ বেদেষু (এই প্রকার সকল বেদোক্ত তত্তৎ দেবতারাধনে) [যাবান্ অর্থঃ সিধ্যতি] (যে সকল প্রয়োজন সিদ্ধ হয়) রাহ্মণস্থ বিজানতঃ (বেদ তাৎপর্য্য ভক্তিকেই বিশেষ ভাবে যিনি অবগত হইয়াছেন তাদৃশ রাহ্মণের) [তাবান্ অর্থঃ ভগবদারাধনে এব] (সেই সকল প্রয়োজন একমাত্র ভগবদারাধনেই) [সিধ্যতি] (সিদ্ধ হয়) ॥৪৬॥

পুষ্পিত বাক্যে হাতচিত্ত সেই অবিবেকিগণের বুদ্ধি সমাধিতে অর্থাৎ ভগবানে একনিষ্ঠতা লাভ করে না ॥৪২-৪৪॥

হে অর্জ্জুন! কর্মজ্ঞানাদির প্রতিপাদক বেদ ত্রিগুণাত্মক। কর্ম-জ্ঞানাবৃত-বৃদ্ধি অজ্ঞগণ তাহাতেই নিষ্ঠাযুক্ত হওয়ায় বেদের যে মুখ্য উদ্দিষ্ট নির্গুণ তত্ত্ব তাহা জানে না। কিন্তু তুমি দক্ষশূভ্য এবং নিত্যসত্ত্বস্থ হইয়া যোগক্ষেমানুসন্ধান পরিত্যাগ পূর্ব্বক,

কর্মণ্যেবাধিকারন্তে মা ফলেষু কদাচন। মা কর্মফলহেতুর্ভূমা তে সঙ্গোহস্ত্বকর্মণি ॥৪৭॥ যোগস্থঃ কুরু কর্মাণি সঙ্গং ত্যক্বা ধনঞ্জয়। সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥৪৮॥

তে (তোমার) কর্মণি এব (কর্মেই) অধিকারঃ (অধিকার) কদাচন (কখনও যেন) ফলেমু (ফলে) [আকাজ্জা] মা [ভূঃ] (হয় না)। [ত্বং] (তুমি) কর্মফলহেতুঃ (কর্মফলের কামনাযুক্ত) মা ভূঃ (হইও না) অকর্মণি (স্বধর্মের অনুস্ঠানে) তে (তোমার) সঙ্গঃ (আসক্তি) মা অস্তু (না হউক) ॥৪৭॥

[হে] ধনঞ্জয় (হে অর্জ্জুন!) যোগস্থং (চিত্ত সমাধান পূর্ব্বক) সঙ্গং (কর্ত্ত্ত্ব্বাভিনিবেশ) ত্যক্বা (ত্যাগ করিয়া) সিদ্ধ্যসিদ্ধ্যোঃ (জয়-পরাজয়ে) সমঃ ভূত্বা (তুল্য বুদ্ধি হইয়া) কর্মাণি (কর্ম্ম সকল) কুরু (কর)। [যতঃ]

বুদ্ধিযোগ সহকারে সেই নির্গুণ তত্ত্বরূপ উদ্দিষ্টতত্ত্ব লাভ করিয়া নিস্ত্রৈগুণ্য হও, অর্থাৎ জ্ঞান কর্ম হইতে বিরত হইয়া বেদোক্ত ভক্তিবিধি মাত্র অনুষ্ঠান কর ॥৪৫॥

যেমন উদপান অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়ে বা কুপে যে সকল প্রয়োজন সিদ্ধি হয়, একটি স্থবৃহৎ জলাশয়ে সেই সমস্ত প্রয়োজনই কুপোদক হইতেও বিশেষভাবে সিদ্ধি হইয়া থাকে; তেমনি বেদশাস্ত্রের একদেশে লিখিত এক একটি দেবতার উপাসনার দ্বারা যে ফল লাভ হয়, বেদের একমাত্র উদ্দিষ্ট আমার ভজনা দ্বারা সেই সমস্ত ফলই তাহা হইতেও বিশেষভাবে লাভ হইয়া থাকে। এইরূপ বেদতাৎপর্য্যবিৎ ব্রহ্মাঞ্জ ব্যক্তির সমস্ত প্রয়োজন একমাত্র ভগবদারাধনেই সিদ্ধি হইয়া থাকে॥৪৬॥ দূরেণ হৃবরং কর্ম বুদ্ধিযোগাদ্ ধনঞ্জয়। বুদ্ধৌ শরণমশ্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥৪৯॥ বুদ্ধিযুক্তো জহাতীহ উভে স্ককৃত-ত্বষ্কৃতে। তস্মাদ্যোগায় যুজ্যস্ব যোগঃ কর্মস্থ কৌশলম্॥৫০॥

(যেহেতু) সমত্বং (জয় পরাজয়ে সম বুদ্ধিই) যোগঃ (যোগ বলিয়া) উচ্যতে (কথিত হয়) ॥৪৮॥

[হে] ধনঞ্জয় (হে ধনঞ্জয়!) হি (যেহেতু) বুদ্ধিযোগাৎ (সমত্বরূপ নিষ্কাম কর্মযোগ হইতে) কর্ম (কাম্য কর্ম) দূরেণ অবরম্ (অতি নিকৃষ্ট)। [অতঃ] (অতএব) বুদ্ধৌ (নিষ্কাম-কর্মযোগের) শরণম্ (আশ্রয়) অম্বিচ্ছ (প্রার্থনা কর)। ফলহেতবঃ (ফলকামী) কুপণাঃ (দীন) ॥৪৯॥

বুদ্ধিযুক্তঃ (নিষ্কাম কর্মী) স্থকৃত-তুষ্কতে (পুণ্য বা পাপ) উভে (উভয় কর্মকে) ইহ (এই জন্মেই) জহাতি (পরিত্যাগ করে)। তম্মাৎ (অতএব) যাগায় (নিষ্কাম কর্মযোগের জন্ম) যুজ্যস্ব (যত্ন কর)। কর্মস্থ (সকাম-নিষ্কাম কর্মের মধ্যে) যোগঃ (নিষ্কামভাবে কর্ম করাই) কৌশলম্ (নৈপুণ্য)॥৫০॥

এক্ষণে নিষ্কাম কর্মযোগ বলিতেছেন—স্বধর্ম বিহিত কর্ম্মেই তোমার অধিকার, কিন্তু কোন কর্মফলে তোমার অধি-কার নাই। তুমি কর্মফলাকাজ্জী হইয়া কর্ম্ম করিও না। তাই বলিয়া যেন স্বধর্ম অকরণেও তোমার আসক্তি না হয়॥৪৭॥

হে ধনঞ্জয়! ফলকামনা পরিত্যাগপূর্ব্বক ভক্তিযোগস্থ হইয়া সিদ্ধি ও অসিদ্ধিতে তুল্য ভাবাপন্ন হইয়া স্বধর্মবিহিত কর্মা-চরণ কর। কর্ম্মের ফলসিদ্ধি ও ফলের অসিদ্ধি বিষয়ে যে সমবুদ্ধি তাহাকেই যোগ বলে॥৪৮॥

হে ধনঞ্জয়! কাম্যকর্ম্ম, বুদ্ধিযোগ হইতে অত্যস্ত নিরুষ্ট। যাহারা ফলকামী তাহারা কুপণ অর্থাৎ দীন (অভাব গ্রস্ত)। অতএব তুমি নিষ্কাম-কর্ম্মলক্ষণা-বুদ্ধির আশ্রিত হও॥৪৯॥ কর্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যকা মনীষিণঃ। জন্মবন্ধবিনির্মুক্তাঃ পদং গচ্ছস্তানাময়ম্ ॥৫১॥ যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিয়্মতি। তদা গম্ভাসি নির্ব্বেদং শ্রোতব্যস্থ শ্রুতস্থ চ ॥৫২॥ শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্থতি নিশ্চলা। সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাস্প্যসি ॥৫৩॥

হি (যেহেতু) বুদ্ধিযুক্তাঃ (সমত্ব বুদ্ধিবিশিষ্ট) মনীষিণঃ (মনীষিগণ) কর্মাজং (কর্মাজাত) ফলং (ফল) ত্যক্বা (ত্যাগ করিয়া) জন্মবন্ধ-বিনির্মুক্তাঃ [সস্তঃ] (জন্ম বন্ধন হইতে বিনির্মুক্ত হইয়া) অনাময়ন্ (সর্ব্বোপদ্রব-রহিত) পদং (পরমপদ) গচ্ছস্তি (লাভ করেন) ॥৫১॥

যদা (যখন) তে (তোমার) বুদ্ধিঃ (অন্তঃকরণ) মোহকলিলং (দেহাত্ম-বোধরূপ তুর্গম মোহকে) ব্যতিতরিশ্বতি (অতিক্রম করিবে) তদা (তখন) [ত্বং] (তুমি) শ্রোতব্যস্থ (পরে শ্রবণযোগ্য) শ্রুতস্থ চ (এবং পূর্ব্বে শ্রুত বিষয়ে) নির্ব্বেদং (বৈরাগ্য) গস্তাসি (প্রাপ্ত হইবে) ॥৫২॥

যদা (যে সময়ে) তে (তোমার) অচলা (অবিচলিত) বুদ্ধিঃ (বুদ্ধি) শ্রুতিবিপ্রতিপন্না [সতী] (বেদের নানারূপ অর্থবাদ দ্বারা বিরক্ত ইইয়া)

নিষ্কাম-বুদ্ধিযুক্ত ব্যক্তি সংসার অবস্থাতেই পাপ-পুণ্য উভয়ই পরিত্যাগ করেন। স্থতরাং তুমি নিষ্কাম কর্ম্মযোগে যুক্ত হও। যেহেতু বুদ্ধিযোগই কর্ম্মের কৌশল॥৫০॥

বুদ্ধিযুক্ত মনীষিগণ কর্মজাত ফল ত্যাগ দ্বারা জন্মবন্ধ-বিনির্মুক্ত হইয়া ভক্তদিগের লভ্য অবস্থা অর্থাৎ পরাশান্তি লাভ করেন ॥৫১॥ এইরূপে যখন তোমার বুদ্ধি মোহরূপ গহনকে সম্পূর্ণ অতিক্রম করিবে, তখন তুমি শ্রোতব্য ও শ্রুত বিষয়ের তুচ্ছ ফলে নির্বেদ লাভ করিবে॥৫২॥

অৰ্জ্জুন উবাচ—

স্থিতপ্ৰজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব। স্থিতধীঃ কিং প্ৰভাষেত কিমাসীত ব্ৰজ্ঞেত কিম্॥৫৪॥

শ্রীভগবানুবাচ—

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্। আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥৫৫॥

সমাধৌ (পরমেশ্বরে) নিশ্চলা (অচঞ্চলা) স্থাস্থতি (থাকিবে), তদা (তখনই) যোগম্ (তত্ত্বজ্ঞান বা ভক্তিযোগ) অবাপ্স্যাসি (লাভ করিবে) ॥৫৩॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] কেশব (হে কেশব!) স্থিতপ্রজ্ঞস্য (অচলা বুদ্ধি বিশিষ্ট) সমাধিস্থস্য (সমাধিস্থ ব্যক্তির) কা ভাষা (কি লক্ষণ?) স্থিতধীঃ (স্থির বুদ্ধি ব্যক্তি) কিং প্রভাষেত (স্থেখ তুঃখাদি সমুপস্থিত হইলে স্পষ্ট বা স্বগত কি বলেন) কিমাসীত ব্রজেত কিম্ (ইন্দ্রিয় সকলের বাহুবিষয়ে গমন-ভাব কিরূপ?) ॥৫৪॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীকৃষ্ণ বলিলেন) [হে] পার্থ (হে কুন্তীনন্দন!) [জীবঃ] (জীব) যদা (যখন) সর্ব্বান্ (সমস্ত) মনোগতান্ (মনোগত) কামান্ (কাম সকল) প্রজহাতি (পরিত্যাগ করেন), আত্মনি (ও প্রত্যা-হত মনে) আত্মনা এব (প্রাপ্ত যে আনন্দ তদ্বারাই) তুষ্টঃ (তুষ্ট অর্থাৎ

অতঃপর যখন তোমার বুদ্ধি শ্রুতির বিভিন্নার্থে আর বিচলিত হইবে না, তখন সহজ সমাধিতে উহা অচলা হইয়া বিশুদ্ধ-ভক্তিযোগ লাভ করিবে ॥৫৩॥

অর্জ্জুন কহিলেন—হে কেশব! স্থিতপ্রজ্ঞ, সমাধিস্থ বা স্থিতধীগণের লক্ষণ কি? তাঁহারা কিরূপ বলেন; বাহ্য বিষয় ভোগ-সম্বন্ধে কি প্রকারই বা আচরণ করেন, তাহাদের গমন-ভাব অর্থাৎ চেষ্টাই বা কিরূপ তাহা জানিতে ইচ্ছা করি ॥৫৪॥ তুঃখেষত্মবিশ্বমনাঃ স্থখেষু বিগতস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচাতে ॥৫৬॥ যঃ সর্ব্বত্রানভিম্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্। নাভিনন্দতি ন দেষ্টি তম্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥৫৭॥

আত্মারাম) [ভবতি] (হন), তদা (তখন) [সঃ] (সেই জীব) স্থিতপ্রজ্ঞঃ ('স্থিতপ্রজ্ঞ' বলিয়া) উচ্যতে (কথিত হন) ॥৫৫॥

তুঃখেষু (শারীরিক, মানসিক ও সামাজিক ক্লেশ উপস্থিত হইলেও) অনুদ্বিগ্নমনাঃ (যাঁহার মন উদ্বিগ্ন হয় না), স্থখেষু (তত্তৎ বিষয়ে স্থখ উপস্থিত হইলেও) বিগতস্পৃহঃ (যাঁহার তাহাতে স্পৃহা হয় না) [চ] (এবং) বীতরাগভয়ক্রোধঃ (যিনি অনুরাগ, ভয় ও ক্রোধ হইতে বিমুক্ত) মুনিঃ (আত্ম-মননশীল) [সঃ এব] (তিনিই) স্থিতধীঃ (স্থিতপ্রজ্ঞ বলিয়া) উচাতে (কথিত হন) ॥৫৬॥

যঃ (যিনি) সর্ব্বত্র (সমস্ত জড় বিষয়ে) অনভিম্নেহঃ (ঔপাধিক ম্নেহশূন্য) তত্তৎ (সেই সেই) শুভাশুভম্ (সম্মান-ভোজনাদি বা অনাদর-প্রহরাদি) প্রাপ্য (লাভ করিয়া) ন অভিনন্দতি (প্রশংসা করেন না) ন দ্বেষ্টি (অভিসম্পাতও করেন না) তশ্ম (তাঁহারই) প্রজ্ঞা (বৃদ্ধি) প্রতিষ্ঠিতা (সমাধিতে অবস্থিত অর্থাৎ তিনিই স্থিতপ্রজ্ঞ) ॥৫৭॥

শ্রীভগবান্ বলিলেন—হে পার্থ! যখন জীব মনোগত কাম
সমূহ পরিত্যাগ করিয়া প্রত্যাহৃত মনে আনন্দস্বরূপ আত্ম-দর্শনে
পরিতৃপ্ত হন, তখন তাঁহাকে স্থিতপ্রজ্ঞ বলা হইয়া থাকে ॥৫৫॥
যিনি আধ্যাত্মিকাদি সমুদ্ভূত তুঃখাদিতে অনুদ্বিগ্নচিত্ত,
স্থখাদিতেও স্পৃহাহীন, যিনি অনুরাগ, ভয় ও ক্রোধ হইতে
বিমুক্ত তিনিই স্থিতধী বা স্থিতপ্রজ্ঞ ॥৫৬॥

যিনি সর্ব্বত্র মায়িক স্নেহশূন্য; জড়ীয় শুভাশুভ প্রাপ্তিতে অনুরাগ বা বিদ্বেষহীন, তাঁহারই প্রজ্ঞা সমাধিতে প্রতিষ্ঠিত ॥৫৭॥

যদা সংহরতে চায়ং কূর্মোহঙ্গানীব সর্ব্বশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্থ প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৫৮॥ বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্থ দেহিনঃ। রসবর্জ্জং রসোহপাস্থ পরং দৃষ্ট্রা নিবর্ত্ততে ॥৫৯॥

যদা চ (যখন) অয়ং (এই যোগী) কুর্মঃ অঙ্গানি ইব (যেমন কচ্ছপ অঙ্গসমূহ প্রত্যাহত করে), [তদ্রূপ] ইন্দ্রিয়ার্থেভ্যঃ (ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয় শব্দাদি হইতে) ইন্দ্রিয়াণি (কর্ণাদিকে) সর্ব্বশঃ (সর্ব্বতোভাবে) সংহরতে (প্রত্যাহার করেন) [তদা] (তখন) তম্ম (তাঁহারই) প্রজ্ঞা প্রতিষ্ঠিতা (অর্থাৎ তিনিই স্থিতপ্রজ্ঞ) ॥৫৮॥

নিরাহারস্থ (ইন্দ্রিয়ের দ্বারা বিষয়-অগ্রহণকারী) দেহিনঃ (দেহা-ভিমানী অজ্ঞ ব্যক্তির) বিষয়াঃ (বিষয় সকল) বিনিবর্ত্তন্তে (উপবাসাদি হেতু নির্ত্ত হয় বটে) [কিন্তু] রসবর্জ্জং (তাহা কেবল বাহা ত্যাগ মাত্র, বিষয়-তৃষ্ণা নির্ত্ত হয় না)। রসঃ অপি (বিষয় পিপাসাও) অস্থা (এই স্থিতপ্রক্তের) [তু] (কিন্তু) পরং (পরমাত্মাকে) দৃষ্ট্বা (দেখিয়া) নিবর্ত্ততে (নির্ত্ত হয়)॥৫৯॥

কচ্ছপ যেমন স্বীয় অঙ্গ সমূহ স্বেচ্ছানুসারে দেহাভ্যন্তরে গ্রহণ করে, সেইরূপ ইনি যখন ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয় হইতে ইন্দ্রিয়গণকে ইচ্ছামত নিয়ন্ত্রণ করেন তখন তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত ॥৫৮॥

বাহতঃ বিষয়বর্জ্জনকারী দেহিগণের ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয়গুলি দূরে থাকিলেও অন্তরের বিষয় পিপাসার নিবৃত্তি হয় না। কিন্তু স্থিতপ্রজ্ঞ ব্যক্তি পরমতত্ত্বের সৌন্দর্য্য দর্শন পূর্ব্বক তাহাতে আকৃষ্ট হওয়ায়, তাঁহার আভ্যন্তরীণ বিষয়াসক্তি স্বতঃই নিবৃত্ত হইয়া থাকে ॥৫৯॥

যততো হৃপি কৌন্তেয় পুরুষশ্য বিপশ্চিতঃ। ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ॥৬০॥ তানি সর্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ। বশে হি যম্মেন্দ্রিয়াণি তম্ম প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥৬১॥

[হে] ক্রোন্তেয় (হে অর্জ্জুন!) হি (য়েহেতু) যততঃ (মোক্ষার্থে যত্ন-বান্) বিপশ্চিতঃ পুরুষস্থা অপি (বিবেকী ব্যক্তিরও) প্রমাথীনি (মনের ক্ষোভকারী) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সকল) প্রসভং (বল পূর্ব্বক) মনঃ (মনকে) হরন্তি (হরণ করে) ॥৬০॥

তানি সর্ব্বাণি (সেই সকল ইন্দ্রিয়কে) সংযম্য (সংযত করিয়া) মৎ-পরঃ (ভগবিন্নষ্ঠ) [সন্] (হইয়া) যুক্তঃ আসীত (একাগ্রচিতে থাকা উচিত)। হি (যেহেতু) যস্থ (যাঁহার) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সকল) বশে (বশী-ভূত) তস্থ (তাঁহার) প্রজ্ঞা প্রতিষ্ঠিতা (অর্থাৎ তিনিই স্থিতপ্রজ্ঞ) ॥৬১॥

বিষয়ান্ (ইন্দ্রিয়গ্রাপ্থ বিষয় সকল) ধ্যায়তঃ (চিন্তা করিতে করিতে) পুংসঃ (পুরুষের) তেষু (ঐ সকল বিষয়ে) সঙ্গঃ (আসক্তি) উপজায়তে (জন্মে), সঙ্গাৎ (আসক্তি হইতে) কামঃ (অভিলাষ) সংজায়তে (সমুৎপন্ন হয়), কামাৎ (কাম হইতে) ক্রোধঃ (ক্রোধ) অভিজায়তে (উপস্থিত হয়) ॥৬২॥

হে কোন্তেয়! মনঃক্ষোভকর ইন্দ্রিয় সকল মোক্ষার্থ যত্নশীল বিবেকী পুরুষেরও মন বলপূর্ব্বক হরণ করে (কিন্তু আমাতে আরুষ্ট চিত্তের সে সম্ভাবনা নাই) ॥৬০॥

ভক্তিযোগী আমার প্রতি উত্তমা ভক্তি আচরণ করতঃ ইন্দ্রিয় সকলকে যথাস্থানে নিয়ন্ত্রিত করেন। ইন্দ্রিয়গণ যাহার বশী-ভূত তিনিই স্থিতপ্রজ্ঞ ॥৬১॥

পক্ষান্তরে ভক্তিশূল্য বৈরাগ্য মার্গের বৈরাগ্য চেষ্টায় যে সময় পুরুষের বিষয়ধ্যান উপস্থিত হয়, তখন ক্রমশঃ বিষয়ে সঙ্গ ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোহভিজায়তে ॥৬২॥
ক্রোধান্তবিত সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥৬৩॥
রাগবেষবিমুক্তৈস্ত বিষয়ানিন্দ্রিয়েশ্চরন্।
আত্মবশ্যৈবিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥৬৪॥
প্রসাদে সর্ব্বত্রংখানাং হানিরস্থোপজায়তে।
প্রসাচেতসো হাণ্ড বুদ্ধিঃ পর্য্যবিভিষ্ঠতে ॥৬৫॥

ক্রোধাৎ (ক্রোধ হইতে) সম্মোহঃ (কার্য্যাকার্য্য-বিবেকাভাব) ভবতি (উপস্থিত হয়), সম্মোহাৎ (সম্মোহ হইতে) স্মৃতিবিভ্রমঃ (শাস্ত্রোপদিষ্ট নিজ স্বার্থের বিস্মৃতি) [ভবতি] (হয়)। স্মৃতিভ্রংশাৎ (স্মৃতিভ্রষ্ট হইতে) বুদ্ধিনাশঃ (সদ্ব্যবসায়ের নাশ) বুদ্ধিনাশাৎ (বুদ্ধি নাশ হইতে) [পুমান্] (মনুষ্য) প্রণশ্যতি (সংসার কূপে পতিত হয়)॥৬৩॥

রাগদ্বেষবিমুক্তৈঃ (আসক্তি ও বিদ্বেষ শৃশ্য) আত্মবশ্যৈঃ (আত্ম-বশীভূত) ইন্দ্রিয়েঃ (ইন্দ্রিয়গণের দ্বারা) বিষয়ান্ (বিষয় সকল) চরন্ (গ্রহণ করিয়াও), বিধেয়াত্মা (বচনাত্মরূপ কার্য্যকারী) তু (কিন্তু) প্রসাদম্ (চিত্ত-প্রসন্নতা) অধিগচ্ছতি (লাভ করেন) ॥৬৪॥

অর্থাৎ স্পৃহা জন্মে। সঙ্গ হইতে কামনা সঞ্জাত হয়, এবং কামনা প্রতিহত হইলেই ক্রোধ আসিয়া উপস্থিত হয়॥৬২॥

ক্রোধ হইতে মোহ, মোহ প্রবল হইলে স্মৃতি-বিভ্রম, স্মৃতি-বিভ্রম হইতে বুদ্ধিনাশ, এবং বুদ্ধিনাশ হইতে সর্ব্বনাশ হয়॥৬৩॥

কিন্তু যুক্তবৈরাগ্য অবলম্বনকারী রাগদেষ ত্যাগ পূর্ব্বক আত্মবশীভূত ইন্দ্রিয়গণের দ্বারা জড়বিষয় গ্রহণ করিয়াও চিত্তপ্রসাদ লাভ করেন ॥৬৪॥

নাস্তি বৃদ্ধিরযুক্তস্থ ন চাযুক্তস্থ ভাবনা। ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্থ কুতঃ স্থখম্ ॥৬৬॥ ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোহন্থবিধীয়তে। তদস্থ হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবান্তসি ॥৬৭॥

প্রসাদে [সতি] (চিত্ত প্রসাদ লাভ হইলে) অস্থ্য (ইহার অর্থাৎ নিগৃহীত-চিত্ত ব্যক্তির) সর্ব্বচুঃখানাং (আধ্যাত্মিকাদি সকল চুঃখের) হানিঃ (অবসান) উপজায়তে (হয়), হি (যেহেতু) প্রসন্ধচেতসঃ (প্রসন্ধ-চিত্ত পুরুষের) বুদ্ধিঃ (বুদ্ধি) আশু (শীঘ্রই) পর্য্যবতিষ্ঠতে (স্বাভীষ্টের প্রতি সর্ব্বতোভাবে স্থির হইয়া থাকে) ॥৬৫॥

অযুক্তস্থ্য (অবশীকৃত-চিত্তের) বুদ্ধিঃ (আত্মবিষয়িণী প্রজ্ঞা) ন অস্তি (নাই), অযুক্তস্থ্য (তাদৃশ প্রজ্ঞা রহিতের) ভাবনা চ (পরমেশ্বর ধ্যানও) ন [অস্তি] (নাই), অভাবয়তঃ (অকৃতধ্যান ব্যক্তির) শাস্তিঃ চ (শাস্তিও) ন [অস্তি] (নাই), অশাস্তস্থ্য (শাস্তি রহিত ব্যক্তির) স্থখম্ (স্থখ) কুতঃ (কোথায়? অর্থাৎ স্থখও নাই) ॥৬৬॥

হি (যেহেতু) বায়ুঃ (প্রতিকূল বায়ু) অম্বসি (সমুদ্রে) নাবম্ ইব (যেমন নৌকাকে) [হরতি] (বিচালিত করে), [তদ্বৎ] (সেইরূপ) চরতাং (স্ব স্ব বিষয়ে বিচরণকারী) ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়গণের মধ্যে) যৎ (যে একটী ইন্দ্রিয়) মনঃ (মনকে) অনুবিধীয়তে (অনুগমন করে) তৎ (সেই

চিত্ত প্রসাদ লাভ হইলে সর্ব্বপ্রকার তুঃখ নাশ হয়। প্রসন্ধ-চেতার বুদ্ধি শীঘ্রই স্বীয় অভীষ্টের প্রতি সর্ব্বতোভাবে স্থিরা হয়। অতএব ভক্তিদ্বারাই চিত্ত প্রসাদ সম্ভব ॥৬৫॥

অজিতেন্দ্রিয়ের বিচার শক্তি নাই, ভাবধারাও অর্থশূন্ম; শুদ্ধভাবধারাশূন্ম ব্যক্তির শান্তি লাভ হয় না। অশান্ত ব্যক্তির পরম স্থুখ লাভের আশা কোথায়? ॥৬৬॥

তশ্মাদ্ যস্ত মহাবাহে। নিগৃহীতানি সর্ব্বশঃ। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্ত প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥৬৮॥ যা নিশা সর্ব্বভূতানাং তস্তাং জাগর্ত্তি সংযমী। যস্তাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥৬৯॥

একটী ইন্দ্রিয়ই) অস্থ্য (এই মনের বা অজিতেন্দ্রিয় পুরুষের) প্রজ্ঞাং (বুদ্ধিকে) হরতি (হরণ করে অর্থাৎ বিষয়ে আকৃষ্ট করে) ॥৬৭॥

[হ] মহাবাহো (হে শত্রু নিগ্রহকারী!) তম্মাৎ (সেই হেতু) যস্ত্য (যাঁহার) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়গণ) ইন্দ্রিয়ার্থেভ্যঃ (ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় হইতে) সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারে) নিগৃহীতানি (নিগৃহীত হইয়াছে), তম্ত্য (তাঁহারই) প্রজ্ঞা (বৃদ্ধি) প্রতিষ্ঠিতা (প্রতিষ্ঠিত বলিয়া জানিবে) ॥৬৮॥

সর্ব্বভূতানাং যা নিশা (বুদ্ধি ছুই প্রকার—আত্ম-প্রবণা ও বিষয়-প্রবণা—যে আত্ম-প্রবণা বুদ্ধি সর্ব্বভূতের নিশা স্বরূপ, জড়মুগ্ধ জীব-সকল ঐ রাত্রিতে নিদ্রিত থাকায় তাহাতে প্রাপ্য বস্তুর জ্ঞান লাভ করিতে পারে না)। তম্যাং (সকল প্রাণীর আত্ম-প্রবণ বুদ্ধিরূপ রাত্রিতে) সংযমী (স্থিতপ্রজ্ঞ ব্যক্তি) জাগর্ত্তি (জাগ্রত থাকেন অর্থাৎ আত্মবুদ্ধিনিষ্ঠ আনন্দকে

যেহেতু সমুদ্রস্থিত নৌকাকে প্রতিকূল বায়ু যেরূপ ইতস্ততঃ সঞ্চালিত করে, সেইরূপ বিষয়ে বিচরণশীল ইন্দ্রিয়ের পশ্চাৎ-ধাবনকারী মনও অযুক্ত পুরুষের প্রজ্ঞাকে হরণ করে॥৬৭॥

অতএব, হে মহাবাহো। যাহার ইন্দ্রিয় সকল যুক্তবৈরাগ্য দ্বারা বিষয় হইতে সর্ব্বতোভাবে নিগৃহীত হইয়াছে তাহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিত জানিবে ॥৬৮॥

জড়মুগ্ধ জীবের আত্মনিষ্ঠ-বুদ্ধিরূপ নিশাতে স্থিতপ্রজ্ঞ ব্যক্তি জাগ্রত থাকেন অর্থাৎ আত্মবুদ্ধিনিষ্ঠ আনন্দ সাক্ষাৎ অন্তভব করেন; পক্ষান্তরে যে বিষয়-প্রবণ বুদ্ধিতে জড়মুগ্ধ জীবগণ জাগ্রত

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ প্রবিশস্তি যদ্বং। তদ্বং কামা যং প্রবিশস্তি সর্কো স শান্তিমাপ্নোতি ন কামকামী॥৭০॥

সাক্ষাৎ অনুভব করেন)। যস্তাং (যে বিষয়-প্রবণা বুদ্ধিতে) ভূতানি (সর্ব্বপ্রাণী) জাগ্রতি (জাগ্রত থাকে অর্থাৎ বিষয়নিষ্ঠ স্থখ-তুঃখ, শোক-মোহাদি অনুভব করে), সা (সেই বিষয়-প্রবণা বুদ্ধিই) পশ্যতঃ (সংসারী-লোকের বিষয়নিষ্ঠতার পরিণামদর্শী) মুনেঃ (স্থিতপ্রজ্ঞের) নিশা (রাত্রি অর্থাৎ বিষয়নিষ্ঠ স্থখ-তুঃখাদিতে তিনি উদাসীন থাকেন) ॥৬৯॥

আপূর্য্যমাণম্ (নানা নদ-নদী দ্বারা নিয়ত পরিপূর্ণ হইলেও) অচলপ্রতিষ্ঠং (অচলভাবে অবস্থিত) সমুদ্রম্ (সমুদ্র মধ্যে) যদ্বং (যেমন) আপঃ (অন্ত বর্ষার জলরাশি) প্রবিশম্ভি (প্রবেশ করে, কিন্তু তাহার বেলাভূমি অতিক্রম করিতে পারে না)। তদ্বং (তদ্রপ) সর্বের্ম কামাঃ (সমস্ত ভোগ্য বিষয়) যং প্রবিশম্ভি (ভোগার্থ যে মুনির নিকট আসে, কিন্তু তাঁহার চিত্তের ক্ষোভ জন্মাইতে পারে না); সঃ (তিনিই) শান্তিম্ (শান্তি) আপ্রোতি (লাভ করেন)। [তু] (কিন্তু) কাম-কামী (ভোগকামনাশীল ব্যক্তি) ন [আপ্রোতি] (সেই শান্তি প্রাপ্ত হয় না)॥৭০॥

থাকে, স্থিতপ্রজ্ঞের তাহা রাত্রিস্বরূপ অর্থাৎ তাহাতে তিনি সম্পূর্ণ উদাসীন । স্থিতপ্রজ্ঞ জড়ে উদাসীন কিন্তু চিদ্বিলাসী, আর সাধারণ জীব জড়বিলাসী কিন্তু চিদানন্দহীন। (ইহাই ভাবার্থ) ॥৬৯॥ যেমন বহু নদনদী স্বয়ং পরিপূর্ণ ও গন্তীর সমুদ্রে প্রবিষ্ট হয় কিন্তু ক্ষোভিত করিতে পারে না, তদ্রুপ কাম্য বিষয়সমূহ স্থিতপ্রজ্ঞ পুরুষে প্রবিষ্ট হয় কিন্তু ক্ষোভ জন্মাইতে পারে না। অতএব তিনিই শান্তি লাভ করেন। কিন্তু কামকামী কখনই শান্তি পায় না॥৭০॥ বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ। নির্ম্মমো নিরহক্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥৭১॥ এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহুতি। স্থিত্বাস্থামন্তকালেহপি ব্রহ্মনির্ব্বাণমূচ্ছতি ॥৭২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমন্তুগবদগীতাম্পনিষৎস্থ ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে সাংখ্যযোগে নাম দ্বিতীয়োহধ্যায়ঃ ॥২॥

যঃ পুমান্ (যে ব্যক্তি) সর্ব্বান্ কামান্ (সমস্ত কামনা) বিহায় (পরি-ত্যাগ করিয়া) নিস্পৃহঃ (স্পৃহাশৃশ্য) নিরহন্ধারঃ নির্দ্মমঃ (স্বদেহ এবং দেহ সম্বন্ধীয় স্ত্রী-পুল্রাদিতে অহংতা ও মমতাশৃশ্য হইয়া) চরতি (বিচরণ করেন) সঃ (তিনিই) শান্তিম্ (শান্তি) অধিগচ্ছতি (লাভ করেন) ॥৭১॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) এষা রান্ধী স্থিতিঃ (এই প্রকার স্থিতিকেই রান্ধীস্থিতি অর্থাৎ রন্ধ-প্রাপিকা জ্ঞাননিষ্ঠা বলে) এনাং প্রাপ্য (ইহাকে প্রাপ্ত হইলে) [নরঃ] (মানব) ন বিমুস্থতি (পুনরায় সংসার-মোহ প্রাপ্ত হয় না), অন্তকালে অপি (মৃত্যু সময়েও) অস্থাং (এই রান্ধী নিষ্ঠাতে) স্থিত্ব। (অবস্থিত হইয়া) রন্ধ-নির্ব্বাণম্ (রন্ধনির্ব্বাণ অর্থাৎ জড় মুক্তি) ঋচ্ছতি (লাভ করেন) ॥৭২॥

ইতি দ্বিতীয় অধ্যায়ের অন্বয় সমাপ্ত॥

যিনি ভোগবাসনাসমূহ পরিত্যাগ পূর্ব্বক সকল বিষয়ে অনাসক্ত, অহঙ্কারশূগু ও মমতাহীনভাবে অর্থাৎ পরতত্ত্ব সম্বন্ধ-যুক্ত হইয়া বিচরণ করেন তিনিই শাস্তি লাভ করেন ॥৭১॥

হে পার্থ! ইহাকে ব্রাক্ষীস্থিতি কহে। ইহা লাভ করিলে আর সংসার মোহ প্রাপ্ত হইতে হয় না। মৃত্যুকালেও এই অবস্থা ক্ষণকাল লাভ করিলে চিন্ময়ধাম লব্ধ হয় ॥৭২॥

ইতি দ্বিতীয় অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত॥

তৃতীয়ো২ধ্যায়ঃ

কর্মযোগ

অৰ্চ্ছ্ৰন উবাচ— জ্যায়সী চেৎ কৰ্ম্মণস্তে মতা বুদ্ধিৰ্জনাৰ্দ্দন। তৎ কিং কৰ্ম্মণি ঘোরে মাং নিযোজয়সি কেশব॥১॥ ব্যামিশ্ৰেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।

অৰ্জ্জুনঃ উবাচ (অৰ্জ্জুন বলিলেন) [হে] জনাৰ্দ্দন (হে জনাৰ্দ্দন!)
[হে] কেশব (হে কেশব!) কৰ্ম্মণঃ (রাজসিক ও সাত্মিক কৰ্ম অপেক্ষা)
বুদ্ধিঃ (সাত্মিক জ্ঞান) জ্যায়সী চেৎ (যদি শ্ৰেষ্ঠ বলিয়া) তে (তোমার)
মতা (অভিমত হয়) তৎ কিং (তবে কেন) ঘোরে কৰ্মণি (যুদ্ধরূপ

তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োহহমাপ্নুয়াম্॥২॥

ব্যামিশ্রেণ ইব (কোন স্থলে কর্ম্মের, কোন স্থলে জ্ঞানের প্রশংসারূপ নানাবিধ অর্থমিশ্রিত) বাক্যেন (বাক্যের দ্বারা) মে (আমার) বুদ্ধিং (বুদ্ধিকে) মোহয়সি ইব (বিমোহিতপ্রায় করিতেছ) তৎ (স্কৃতরাং) একং (উভয়ের মধ্যে একটীকে) নিশ্চিত্য (নিশ্চয় করিয়া) বদ (বল) যেন (যাহার দ্বারা) অহম (আমি) শ্রেয়ঃ (মঙ্গল) আপুয়াম্ (লাভ করিতে পারি) ॥২॥

ভয়ানক কর্মে) মাং (আমাকে) নিযোজয়সি (নিযুক্ত করিতেছ?) ॥১॥

অর্জ্জুন কহিলেন—হে জনার্দ্দন! হে কেশব! সাত্ত্বিক ও রাজসিক কর্ম অপেক্ষা ব্যবসায়াত্মিকা বুদ্ধিই যদি শ্রেষ্ঠ বলিয়া তোমার মনে হয়, তবে কিজন্ম আমাকে যুদ্ধরূপ হিংসাত্মক কর্মে নিযুক্ত করিতেছ? ॥১॥

কোন স্থলে কর্ম্মের, কোন স্থলে জ্ঞানের প্রশংসারূপ নানা-বিধ অর্থমিশ্রিত বাক্যের দ্বারা আমার বুদ্ধিকে সন্দেহযুক্ত করিতেছ। অতএব এই উভয়ের মধ্যে একটীকে নিশ্চয়

শ্রীভগবানুবাচ—

লোকেহন্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্মযোগেন যোগিনাম্॥৩॥ ন কর্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোহশ্মতে। ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি॥৪॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) [হে] অনঘ (হে নিষ্পাপ অর্জ্জুন!) অন্মিন্ লোকে (এই জগতে) দ্বিবিধা (তুই প্রকার) নিষ্ঠা (নিষ্ঠার কথা) ময়া (মৎ কর্ত্ক্ক) পুরা (পূর্ব্ব অধ্যায়ে) প্রোক্তা (উক্ত হইয়াছে)। সাংখ্যানাং (চিদমুভবযুক্ত জ্ঞানিগণের) জ্ঞানযোগেন (জ্ঞানযোগের দ্বারা) যোগিনাম্ (জড়ামুভবপ্রধান সাধকদিগের) কর্ম্মযোগেন (ঈশ্বরে অর্পিত নিষ্কাম কর্ম্মযোগ দ্বারা) [নিষ্ঠা স্থাপিতা] (মর্য্যাদা স্থাপিত হইয়াছে)॥৩॥

পুরুষঃ (পুরুষ) কর্ম্মণাম (শাস্ত্রীয় কর্মের) অনারন্তাৎ (অনুষ্ঠান না করিয়া) নৈম্বর্ম্ম্যং (কর্মাতীত চৈতন্তাবস্থা) ন অশ্বুতে (লাভ করিতে পারে না)। সন্ম্যনাৎ এব চ (কেবল্ শাস্ত্রীয় কর্ম্ম পরিত্যাগ করিলেই) সিদ্ধিং (সিদ্ধি) ন সমধিগচ্ছতি (লাভ করিতে পারে না)॥৪॥

করিয়া উপদেশ কর, যাহার আশ্রয়ে আমি মঙ্গল লাভ করিতে পারি ॥২॥

শ্রীভগবান্ কহিলেন—হে অনঘ! ইহলোকে যে তুইপ্রকার নিষ্ঠার বিষয় পূর্ব্ব অধ্যায়ে আমি বর্ণন করিয়াছি। উহাতে চিদন্মভবযুক্ত জ্ঞানিদিগের জ্ঞানযোগের দ্বারা এবং জড়ান্মভব প্রধান সাধকগণের ভগবদর্পিত নিষ্কাম কর্ম্মযোগদ্বারা মাত্র ভক্তিযোগ সাধনের (নিম্ন) সীমা নির্দ্ধারণ করিয়াছি। বস্তুতঃ ভক্তিভূমি লাভ করিবার সোপান একই। আরোহিদিগের অবস্থাক্রমে নিষ্ঠাই কেবল তুই প্রকার হয়॥৩॥ ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্মকৃৎ। কার্য্যতে হবশঃ কর্ম সর্বাঃ প্রকৃতিজৈগুণৈঃ॥৫॥ কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আন্তে মনসা স্মরন্। ইন্দ্রিয়ার্থান্ বিমৃঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে॥৬॥

জাতু (কদাচিৎ) ক্ষণমপি (ক্ষণকালও) কশ্চিৎ (কেহ) অকর্ম্মকৃৎ (কর্ম না করিয়া) ন হি তিষ্ঠতি (থাকিতেই পারে না)। সর্বাঃ হি (সমস্ত জীবই) প্রকৃতিজৈঃ গুণৈঃ (প্রকৃতিজাত গুণ সমূহ দ্বারা) অবশঃ [সন্] (অস্বতম্ব হইয়া) কর্ম কার্য্যতে (কর্মো প্রবৃত্ত হয়)॥৫॥

যঃ (যে ব্যক্তি) কর্মেন্দ্রিয়াণি (হস্তপদাদি কর্মেন্দ্রিয়গুলিকে) সংযম্য (সংযত করিয়া) মনসা (মনে মনে) ইন্দ্রিয়ার্থান্ (ইন্দ্রিয় গ্রাহ্থ বিষয়-গুলিকে) স্মরন্ আন্তে (স্মরণ পূর্ব্বক অবস্থান করে) সঃ (সেই ব্যক্তি) বিমূঢ়াত্মা (মূঢ়চিত্ত) মিথ্যাচারঃ (কপটাচার বা দান্তিক বলিয়া) উচ্যতে (কথিত হয়) ॥৬॥

পুরুষ শাস্ত্রীয় কর্ম্মের অনুষ্ঠান না করিলে নৈষ্কর্ম্ম্যরূপ জ্ঞান লাভ করিতে পারে না। অশুদ্ধচিত্ত ব্যক্তি শাস্ত্রীয় কর্ম্ম পরি-ত্যাগ করিয়া কিরূপে সিদ্ধিলাভ করিবে? ॥৪॥

কেহ কখনও কোন কর্ম না করিয়া ক্ষণকালও অবস্থান করিতে পারে না, প্রকৃতিসিদ্ধ গুণের দ্বারা উত্তেজিত হইয়া অস্বতন্ত্ররূপে বাধ্য হইয়া সকলেই কর্ম করিয়া থাকে। স্থতরাং অশুদ্ধচিত্ত পুরুষের পক্ষে শাস্ত্রনির্দিষ্ট চিত্তশোধক কর্ম পরিত্যাগ করা কর্ত্তব্য নহে ॥৫॥

যে ব্যক্তি হস্তপদাদি কর্মেন্দ্রিয় সকলকে বাহিরে সংযত করিয়া ও মনে মনে সেই সকল ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয় সম্বন্ধে আলোচনা করে—সেই বিমূঢ়চিত্ত ব্যক্তিকে মিথ্যাচারী বলিয়া জানিবে ॥৬॥

যিস্থিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেহর্জ্জুন। কর্মেন্দ্রিয়েঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্মতে ॥৭॥ নিয়তং কুরু কর্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হুকর্মণঃ। শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্মণঃ॥৮॥

[হে] অর্জ্জুন (হে ধনঞ্জয়!) যঃ তু (কিন্তু যে ব্যক্তি) মনসা (মনের দ্বারা) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সমূহকে) নিয়ম্য (সংযত করিয়া) কর্মেন্দ্রিয়েঃ (কর্মেন্দ্রিয়গণ দ্বারা) কর্ম্মযোগম্ (শাস্ত্রীয় কর্মযোগ) আরভতে (আরম্ভ করেন), অসক্তঃ (অফলাকাঙ্ক্রী) সঃ (সেই ব্যক্তি) বিশিশ্বতে (মিথ্যা-চারী অপেক্ষা উৎকৃষ্ট) ॥৭॥

তং (তুমি) নিয়তং কর্ম (সন্ধ্যোপাসনাদি নিত্য-কর্ম) কুরু (কর) হি (যেহেতু) অকর্মণঃ (কর্মত্যাগ অপেক্ষা) কর্ম (কর্মানুষ্ঠান) জ্যায়ঃ (শ্রেষ্ঠ)। অকর্মণঃ চ (কর্ম ত্যাগ করিলে) তে (তোমার) শরীরযাত্রাপি (দেহ যাত্রাও) ন প্রসিধ্যেৎ (নির্ব্বাহ হইবে না)॥৮॥

হে অর্জ্জুন! যিনি মনের দ্বারা ইন্দ্রিয়সকলকে নিয়মিত করিয়া কর্মেন্দ্রিয়গণের দ্বারা গৃহস্থধর্মে অনাসক্তরূপে কর্ম্মযোগ আরম্ভ করিয়াছেন, তিনি পূর্ব্বোক্ত "মিথ্যাচারী" অপেক্ষা উৎকৃষ্ট ॥৭॥

তুমি সন্ধ্যোপাসনাদি নিত্যকর্ম করিতে থাক, যেহেতু কর্মত্যাগ দ্বারা যখন শরীর যাত্রাও নির্বাহ হয় না, তখন অনধিকারী ব্যক্তির কর্মত্যাগ অপেক্ষা কর্ম করাই শ্রেষ্ঠ। কাম্যকর্ম পরিত্যাগ পূর্বাক সন্ধ্যা উপাসনাদি নিত্যকর্ম করিতে করিতে চিত্তশুদ্ধ হইলে জ্ঞানভূমি অতিক্রম করতঃ নির্গুণ-ভক্তি লাভ করিবে ॥৮॥ যজ্ঞার্থাৎ কর্মণোহন্তত্র লোকোহয়ং কর্মবন্ধনঃ। তদর্থং কর্ম কোন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ॥৯॥ সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্ব। পুরোবাচ প্রজাপতিঃ। অনেন প্রসবিশ্বধ্বমেষ বোহস্ত্বিষ্টকামধুক্ ॥১০॥

[হে] কৌন্তেয় (হে অর্জ্জুন!) যজ্ঞার্থাৎ (বিষ্ণুতে অর্পিত নিষ্কাম ধর্মের জন্ম) কর্ম্মণঃ অন্মত্র (কর্ম ব্যতীত) অয়ং লোকঃ (এই জীবলোক) কর্ম্মবন্ধনঃ [ভবতি] (অন্ম সমস্ত কর্ম দ্বারা বন্ধন প্রাপ্ত হয়)। [অতঃ] (অতএব) তদর্থং (সেই যজ্ঞের উদ্দেশ্যে) মুক্তসঙ্গঃ [সন্] (আসক্তিরহিত হইয়া) কর্ম সমাচর (কর্মের সম্যুক অনুষ্ঠান কর) ॥৯॥

পুরা (স্পষ্টির প্রারম্ভে) প্রজাপতিঃ (ব্রহ্মা) সহযজ্ঞাঃ প্রজাঃ (বিষ্ণুতে অর্পিত নিষ্কাম-ধর্মানুষ্ঠানকারিণী প্রজা সকল) স্বষ্ট্বা (স্বষ্টি করিয়া) উবাচ (বলিয়াছিলেন) অনেন (এই ধর্ম্মের দ্বারা) প্রসবিষ্যধ্বম্ (বৃদ্ধিপ্রাপ্ত হও), এষঃ (এই যজ্ঞ) বঃ (তোমাদিগের) ইষ্টকামধুক্ (অভীষ্ট ভোগপ্রদ) অস্তু (হউক) ॥১০॥

ভগবদর্পিত নিষ্কাম-ধর্মকে যজ্ঞ বলে। হে অর্জ্জুন! সেই যজের উদ্দেশ্য ব্যতীত অশ্য যে সকল কর্ম করা যায়, সে সমুদায়কেই 'কর্মবন্ধন' অর্থাৎ সংসার বন্ধনের কারণ বলিয়া জানিবে। অতএব তুমি কর্মফলাকাজ্ঞা রহিত হইয়া সেই যজের উদ্দেশ্যে সমুদ্য কর্ম আচরণ কর। এবন্ধিধ কর্মই ভক্তিযোগের সাধকস্বরূপ হইয়া ভগবত্তত্ত্বজ্ঞান উৎপন্ন করতঃ নির্গুণ ভক্তি লাভ করাইবে॥৯॥

বন্ধা স্প্তির প্রারম্ভে যজ্ঞের সহিত প্রজাগণকে স্থৃষ্টি করিয়া এইরূপ আদেশ করিয়াছিলেন যে, তোমরা এই যজ্ঞরূপ ধর্মকে আশ্রয় করিয়া উত্তরোত্তর সমৃদ্ধ হও, এই যজ্ঞই তোমাদের সমস্ত কাম প্রদান করুন ॥১০॥ দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়স্ত বঃ। পরস্পরং ভাবয়স্তঃ শ্রেয়ঃ পরমবাষ্প্যথ ॥১১॥ ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্তম্ভে যজ্ঞভাবিতাঃ। তৈর্দন্তানপ্রদায়েভ্যো যো ভুঙ্ক্তে স্তেন এব সঃ॥১২॥

অনেন (এই যজ্ঞদ্বারা) দেবান্ (দেবতাগণকে) [যূয়ং] (তোমরা) ভাবয়ত (প্রীতিযুক্ত কর) তে দেবাঃ অপি (সেই দেবতাগণও প্রীতিযুক্ত হইয়া) বঃ (তোমাদিগকে) ভাবয়ন্ত (অভীষ্ট ফলপ্রদান পূর্ব্বক প্রীতিযুক্ত করুন)[এবং](এইরূপে) পরস্পরং (পরস্পর পরস্পরকে) ভাবয়ন্তঃ (প্রীত করিলে) পরম্ শ্রেয়ঃ (পরম কল্যাণ) অবাপ্স্যথ (লাভ করিবে) ॥১১॥

দেবাঃ (বিরাট্ পুরুষ মদঙ্গভূত-দেবগণ) যজ্ঞভাবিতাঃ [সন্তঃ] (যজ্ঞের দারা প্রীত হইয়া) বঃ (তোমাদিগকে) ইষ্টান্ ভোগান্ (অভীষ্ট ভোগাবস্ত) দাশুস্তে (প্রদান করিবেন)। হি (অতএব) [বৃষ্ট্যাদিদ্বারেণ] (বৃষ্টি প্রভৃতি দারা) তৈঃ দন্তান্ (তাঁহাদের প্রদন্ত অন্নাদি বস্তুসকল) এভাঃ (সেই সকল মদাশ্রিত-দেবগণকে) [পঞ্চ যজ্ঞাদিভিঃ] (পঞ্চ যজ্ঞাদি দ্বারা) অপ্রদায় (প্রদান না করিয়া) যঃ (যিনি) ভুঙ্ক্তে (ভোজন করেন) সঃ (সেই ব্যক্তি) স্তেনঃ এব (চোরই) ॥১২॥

এই যজ্ঞদ্বারা তোমরা দেবতাগণকে প্রীত কর, সেই সকল দেবতাগণও প্রীতিযুক্ত হইয়া তোমাদিগকে অভীষ্ট ফলপ্রদানে প্রীত করুন। পরস্পর এইরূপ প্রীতি সম্পাদন করিলে পরম-মঙ্গল লাভ করিবে ॥১১॥

আমার বহিরঙ্গভূত দেবতাগণ যজ্ঞের দ্বারা প্রীত হইয়াই তোমাদের অভীষ্ট ভোগ্যবস্তু সকল প্রদান করিয়া থাকেন। বৃষ্ট্যাদি দ্বারা তাঁহাদের প্রদন্ত সেই অন্নাদি বস্তু সকল পঞ্চ মহাযজ্ঞাদি দ্বারা মদাশ্রিত-দেবতাগণকে প্রদান না করিয়া যে

যজ্ঞশিষ্টাশিনঃ সম্ভো মুচ্যম্ভে সর্ব্বকিম্বিহৈঃ। ভূঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥১৩॥ অন্নান্তবন্তি ভূতানি পর্জ্জগুলমসম্ভবঃ। যজ্ঞান্তবতি পর্জ্জগুলা যজ্ঞঃ কর্মসমুদ্ভবঃ ॥১৪॥

যজ্ঞশিষ্টাশিনঃ (বৈশ্বদেবাদি যজ্ঞাবশিষ্ট অন্ন ভোজনকারী) সন্তঃ (সাধুগণ) সর্ব্বকিম্বিইঃ (পঞ্চস্থনাজনিত সমস্ত পাপ হইতে) মুচ্যন্তে (মুক্ত হন)। যে তু (কিন্তু যাহারা) আত্মকারণাৎ (কেবল নিজের ভোজনের নিমিত্ত) পচন্তি (পাক করে) তে (সেই) পাপাঃ (পাপিষ্ঠগণ) অঘং [এব] (পাপই) ভুঞ্জতে (ভোজন করে) ॥১৩॥

অন্নাৎ (শুক্র শোণিতরূপে পরিণত অন্ন হইতে) ভূতানি (প্রাণী [দেহ] সকল) ভবন্তি (উৎপন্ন হয়), পর্জ্জন্তাৎ (বৃষ্টি হইতে) অন্ন-সম্ভবঃ (অন্নের উৎপত্তি হয়) যজ্ঞাৎ (যজ্ঞ হইতে) পর্জ্জন্তঃ (বৃষ্টি) ভবতি (হয়) যজ্ঞঃ (এবং যজ্ঞ) কর্ম্মসমুদ্ভবঃ (কর্ম্ম হইতে উৎপন্ন হয়) ॥১৪॥

ব্যক্তি স্বয়ং ভোজন করে সে চোরই অর্থাৎ চোরস্বরূপ দোষভাক হইয়া থাকে ॥১২॥

বৈশ্বদেবাদি পঞ্চ মহাযজ্ঞের অবশিষ্ট অন্নাদি ভোজনকারী সাধুগণ পঞ্চস্থনা (পঞ্চবিধ জীবহিংসা) জাত সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া থাকেন। কিন্তু যাহারা শুধু নিজের ভোজন নিমিত্ত পাক করে, সেই তুরাচারগণ পাপই ভোজন করে॥১৩॥

অন্ন হইতে প্রাণিগণের উৎপত্তি হয়, বৃষ্টি হইতে অন্ন উৎপন্ন হয়, যজ্ঞ হইতে বৃষ্টি হইয়া থাকে এবং যজ্ঞ কর্ম্ম হইতে সমুদ্ভূত হয় ॥১৪॥ কর্ম ব্রন্ধোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তত্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥১৫॥
এবং প্রবর্ত্তিতং চক্রং নামুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি ॥১৬॥
যন্ত্রাত্মরতিরেব স্থাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্থেব চ সম্ভষ্টস্তস্থ কার্য্যং ন বিহ্যতে ॥১৭॥

কর্ম (কর্ম) ব্রক্ষোদ্ভবং (বেদ হইতে উৎপন্ন) বিদ্ধি (জানিবে), ব্রহ্ম (বেদ) অক্ষর সমুদ্ভবম্ (অক্ষর অর্থাৎ পরব্রহ্ম হইতে সমুদ্ভূত), তম্মাৎ (অতএব) সর্ব্বগতং (সর্ব্বব্যাপক) ব্রহ্ম (পরব্রহ্ম) যজ্ঞে (যজ্ঞে) নিত্যং (সর্ব্বদা) প্রতিষ্ঠিতম্ (প্রতিষ্ঠিত আছেন) ॥১৫॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) যঃ (যে কর্মাধিকারী বা জ্ঞানাধিকারী মানব) এবং (এইরূপে) [পরমপুরুষেণ] (পরম পুরুষ ভগবান কর্ত্ত্বক) প্রবর্ত্তিতং (কার্য্যকারণভাবে প্রবর্ত্তিত) চক্রং (চক্রকে) ইহ (এই জীবনে) ন অনুবর্ত্তয়তি (অনুবর্ত্তন করে না) সঃ (সেই) অঘায়ুঃ (পাপপূর্ণ জীবন) ইন্দ্রিয়ারামঃ (ইন্দ্রিয়াসক্ত পুরুষ) মোঘং (বৃথা) জীবতি (জীবন ধারণ করে) ॥১৬॥

তু (কিন্তু) যঃ মানবঃ (যে মানব) আত্মরতিঃ (আত্মাতেই প্রীতি বিশিষ্ট) আত্মতৃপ্তঃ এব চ (ও আত্মাতেই তৃপ্ত) আত্মনি এব চ (এবং

ব্রহ্ম (বেদ) হইতে কর্ম উদ্ভূত এবং ঐ বেদ অক্ষর অর্থাৎ অচ্যুত হইতে উৎপন্ন, স্থতরাং সর্বব্যাপক ভগবান্ অচ্যুত যজ্ঞে নিত্যকালই প্রতিষ্ঠিত ॥১৫॥

হে অর্জ্জুন! যে কর্মাধিকারী বা জ্ঞানাধিকারী মন্তুষ্য এই-রূপে পরমপুরুষ স্বয়ং ভগবান্ কর্ত্তৃক কার্য্যকারণ ভাবে প্রবর্ত্তিত এই চক্রের (নিয়মের) প্রবর্ত্তন করে না, সেই পাপ-পূর্ণ-জীবন, ইন্দ্রিয়াসক্ত মানব বৃথাই জীবন ধারণ করে ॥১৬॥ নৈব তম্ম কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাম্ম সর্ব্বভূতেরু কশ্চিদর্থ-ব্যপাশ্রয়ঃ ॥১৮॥
তম্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হাচরন্ কর্ম পরমাপ্নোতি পূরুষঃ ॥১৯॥

আত্মাতেই) সম্ভষ্টঃ (সম্যক্ তুষ্ট) স্থাৎ (থাকেন), তস্থ্য (তাঁহার) কার্য্যং (করণীয়) ন বিশ্বতে (কিছুই নাই) ॥১৭॥

ইহ (এ জগতে) তম্ম (সেই আত্মারাম পুরুষের) কৃতেন (কৃতকর্ম দ্বারা) অর্থঃ ন এব (পুণ্য হয় না) অকৃতেন (কর্মের অকরণ হেডু) কশ্চন [অনর্থঃ] ন (কোনও পাপ হয় না), অম্ম সর্ব্বাভূতেষু চ (এবং এই ব্যক্তির নিখিল প্রাণীগণের মধ্যে) কশ্চিৎ (কেহই) অর্থ-ব্যপাশ্রয়ঃ (স্ব-প্রয়োজনে আশ্রয়নীয়) ন [ভবতি] (হয় না) ॥১৮॥

তম্মাৎ (অতএব) অসক্তঃ [সন্] (ফলাসক্তি রহিত হইয়া) সততং (সর্বাদা) কার্য্যং কর্ম্ম (বিহিত কর্মা) সমাচর (সম্যক্ আচরণ কর), হি (যেহেতু) অসক্তঃ [সন্] (অনাসক্ত হইয়া) কর্ম আচরন্ (কর্ম করিলে)

কিন্তু যে মানব আত্মাতেই প্রীতিবিশিষ্ট ও আত্মাতেই তৃপ্ত এবং আত্মাতেই সম্যক্ তুষ্ট থাকেন, তাঁহার করণীয়রূপে কোন কার্য্য নাই, কেবল মাত্র শরীর যাত্রা নির্কাহের জন্ম তিনি কর্ম্ম করিয়া থাকেন ॥১৭॥

ইহলোকে সেই আত্মারাম পুরুষের অনুষ্ঠিত কর্মের জন্ম কোনও পুণ্য সঞ্চয় হয় না, এবং কর্ত্তব্য কর্মের অননুষ্ঠান জন্ম কোন পাপও উৎপন্ন হয় না । আব্রহ্ম-স্থাবর পর্যান্ত ভূত সকলের মধ্যে এই ব্যক্তির স্বপ্রয়োজনে কেহই আশ্রয়নীয় হন না ॥১৮॥

অতএব ফলাসক্তি পরিত্যাগ পূর্ব্বক সর্ব্বদা অবশ্য কর্ত্তব্যরূপে বিহিত কর্ম্মের অনুষ্ঠান কর। যেহেতু অনাসক্ত-

কর্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ। লোকসংগ্রহমেবাপি সম্পশ্যন্ কর্ত্তুমর্হসি ॥২০॥ যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তত্তদেবেতরো জনঃ। স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদন্ত্বর্ত্ততে ॥২১॥

পূরুষঃ (পুরুষ) পরম্ (অর্থাৎ পরমভক্তি) আপ্লোতি (লাভ করেন) ॥১৯॥

জনকাদয়ঃ (জনকাদি জ্ঞানিগণ) কর্ম্মণা এব (কর্ম্মের দ্বারাই) হি (নিশ্চিত) সংসিদ্ধিম (ভক্তিরূপ সম্যক্ সিদ্ধি) আস্থিতাঃ (লাভ করিয়াছিলেন)। লোকসংগ্রহম্ অপি সংপশ্যন্ এব (লোকে শিক্ষা গ্রহণ করিবে এইরূপ বিবেচনায়ও) [কর্ম্ম] (কর্ম্ম) কর্ত্মুম্ (করিতে) অর্হসি (যোগ্য হও)॥২০॥

শ্রেষ্ঠঃ (শ্রেষ্ঠ ব্যক্তি) যৎ যৎ (যাহা যাহা) আচরতি (আচরণ করেন) ইতরঃ জনঃ (সাধারণ ব্যক্তি) তৎ তৎ এব (সেই সেই কর্মাই) [আচরতি] (আচরণ করে), সঃ (সেই শ্রেষ্ঠ ব্যক্তি) যৎ (যাহাকে) প্রমাণং (প্রমাণ বলিয়া) কুরুতে (স্বীকার করেন) লোকঃ (সাধারণ লোকও) তৎ (তাহাই) অনুবর্ত্ততে (অনুসরণ করে) ॥২১॥

ভাবে কর্ম্ম করিতে করিতে জীবের মোক্ষ লাভ হয়। নিষ্কাম কর্ম্ম সকলের চরম পরিপাক্কাবস্থায় যে পরমাভক্তি জন্মে তাহাই মোক্ষ ॥১৯॥

জনক প্রভৃতি জ্ঞানাধিকারী ব্যক্তিগণও কর্ম্মের দ্বারাই ভক্তিরূপ সংসিদ্ধি প্রাপ্ত হইয়াছিলেন। অতএব লোকশিক্ষার্থ তোমার কর্ম্ম করা উচিত ॥২০॥

শ্রেষ্ঠ লোক যেরূপ আচরণ করিয়া থাকেন, সাধারণ লোক-সকল তাহারই অনুকরণ করেন। তিনি যাহাকে প্রমাণ বলিয়া স্বীকার করেন, সাধারণ লোকও তাহাতেই অনুবর্তী হয় ॥২১॥ ন মে পার্থান্তি কর্দ্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন। নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্মণি ॥২২॥ যদি হুহং ন বর্ত্তেরং জাতু কর্মণ্যতন্দ্রিতঃ। মমবর্ত্মান্ত্রবর্ত্তন্তে মন্ত্রন্তাঃ পার্থ সর্ব্বশঃ॥২৩॥ উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্। সক্করস্থ চ কর্ত্তা স্থামুপহস্থামিমাঃ প্রজাঃ॥২৪॥

হে পার্থ (হে অর্জ্জুন!) ত্রিষু লোকেষু (ত্রিজগতে) মে (আমার)
কিঞ্চন (কোন) কর্ত্তব্যং নাস্তি (করণীয় নাই) [যতঃ] (যেহেতু) [মম]
(আমার) অনবাপ্তম্ (অপ্রাপ্ত) অবাপ্তব্যং (বা প্রাপ্য) [কিঞ্চন নাস্তি]
(কিছুই নাই) [তথাপি] কর্ম্মণি (কর্মো) বর্ত্তে এব চ (প্রবর্ত্তমান রহিয়াছি)॥২২॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) যদি জাতু (যদি কখনও) অতন্ত্রিতঃ [সন্] (অবহিত হইয়া) অহম (আমি) কর্মণি (কর্মো) ন বর্ত্ত রং (প্রবৃত্ত না হই), [তর্হি] (তবে) হি (নিশ্চয়ই) মনুষ্যাঃ (মানবগণ) সর্ব্বশঃ (সর্ব্বথা) মম (আমার) বর্ম্ম (পথ) অনুবর্ত্তন্তে (অনুসরণ করিবে) ॥২৩॥

চেং (যদি) অহম্ (আমি) কর্ম্ম (কর্ম্ম) ন কুর্য্যাম্ (না করি) [তর্হি] (তবে) ইমে লোকাঃ (এই সমস্ত লোকই) [কর্ম্ম ত্যক্ষা] (কর্ম্মত্যাগ পূর্ব্বক) উৎসীদেয়ুঃ (বিনষ্ট হইবে), চ (এবং) [অহং] (আমি) সঙ্করস্থ

হে অর্জ্জুন! আমি পরমেশ্বর এই ত্রিলোক মধ্যে আমার কিছুই কর্ত্তব্য নাই, যেহেতু আমার অপ্রাপ্ত বা পাইবার যোগ্য কিছুমাত্র বস্তু নাই; তথাপি আমি নিজে কর্মাচরণ করিতেছি ॥২২॥

হে অর্জ্জুন! কখনও যদি আমি অবহিত হইয়া কর্মান্তুষ্ঠান না করি, তবে আমার অনুবর্তী হইয়া সকল মনুষ্টই কর্ম পরিত্যাগ করিবে ॥২৩॥

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বস্তি ভারত। কুর্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্মুর্লোকসগ্রহম্ ॥২৫॥ ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্। যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥২৬॥

(বর্ণসঙ্করের) কর্ত্তা (কর্ত্তা) স্থাম্ (হইব), [এবং অহমেব] (এইরূপে আমিই) ইমাঃ প্রজাঃ (এই সমস্ত প্রজাকে) উপহস্তাম্ (বিনাশ করিব)॥২৪॥

[হ] ভারত (হে অর্জ্জুন!) কর্মাণি সক্তাঃ (কর্ম্মে আসক্ত) অবিদ্বাংসঃ (অজ্ঞগণ) যথা (যেরূপ) [কর্মাণি] কুর্বস্তি (কর্ম করিয়া থাকে) বিদ্বান্ (জ্ঞানী ব্যক্তি) অসক্তঃ (আসক্তি রহিত) [সন্] (হইয়া) লোকসংগ্রহম্ (লোক সংগ্রহ) চিকীর্যুঃ (করিতে ইচ্ছুক হইয়া) তথা (সেইরূপ কর্ম) কুর্য্যাৎ (করিবেন) ॥২৫॥

বিদ্বান্ (জ্ঞানযোগের উপদেশক) কর্মসঙ্গিনাম্ (কর্ম্মে আসক্ত চিত্ত) অজ্ঞানাম্ (অজ্ঞ ব্যক্তিগণের) বুদ্ধিভেদং ('কর্ম্ম ত্যাগ পূর্ব্ধক জ্ঞানাভ্যাস কর' এইরূপ বুদ্ধিভেদ) ন জনয়েং (জন্মাইবে না)। [অপি তু] (অথচ) যুক্তঃ [সন্] (অনাসক্ত হইয়া) সর্ব্ধকর্মাণি (সমস্ত কর্ম্ম) সমাচরন্

যদি আমি কর্মা না করি তবে আমার দৃষ্টান্তে এই সমস্ত লোকই কর্মা পরিত্যাগ করিয়া উৎসন্ন হইবে এবং আমি বর্ণ-সঙ্করের প্রবর্ত্তক হইব, এইরূপে আমিই এই সমস্ত প্রজাকে বিনম্ভ করিব॥২৪॥

হে অর্জ্জুন! কর্ম্মে আসক্ত অজ্ঞগণ যেরূপ কর্ম্ম করিয়া থাকে, সেইরূপ জ্ঞানিগণও কর্ম্মে অনাসক্ত হইয়া কর্মাধি-কারিদিগের স্বধর্ম রক্ষার নিমিত্ত কর্মাচরণ করিবেন, অর্থাৎ উভয়ের কর্ম্মের প্রকার পৃথক্ নয়, আসক্তি ও অনাসক্তিরূপ নিষ্ঠাই পৃথক্ জানিবে ॥২৫॥ প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্মাণি সর্ব্বশঃ। অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্ততে ॥২৭॥ তত্ত্ববিৎ তু মহাবাহো গুণকর্মবিভাগয়োঃ। গুণা গুণেষু বর্ত্তম্ভ ইতি মত্বা ন সক্ষতে ॥২৮॥

(সম্যক্ আচরণ পূর্ব্বক) [অজ্ঞান্] (অজ্ঞগণকে) যোজয়েৎ (কর্ম্মে নিযুক্ত রাখিবেন) ॥২৬॥

প্রকৃতেঃ (প্রকৃতির) গুণৈঃ (কার্য্য ইন্দ্রিয়ের দ্বারা) সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারে) কর্মাণি (কর্ম সকল) ক্রিয়মাণানি (সম্পাদিত হয়), [কিন্তু] অহঙ্কারবিমূঢ়াত্মা (দেহাদিতে অহং বুদ্ধি দ্বারা বিমূঢ় চিত্ত ব্যক্তি) অহং কর্ত্তা (আমিই কর্ত্তা) ইতি (এইরূপ) মন্মতে (মনে করে) ॥২৭॥

[হে] মহাবাহো (হে বীরশ্রেষ্ঠ অর্জ্জুন!) গুণকর্মবিভাগয়োঃ (গুণ বিভাগ ও তদীয় কার্য্যের যে বিভাগ অর্থাৎ সম্ব রজঃ তমঃ এইসকল গুণ ভেদ এবং তাহাদের কার্য্য দেবতা, ইন্দ্রিয় ও বিষয়রূপ কার্য্যভেদের) তদ্ববিৎ (স্বরূপ যিনি জানেন), [সঃ] (তিনি) তু (কিন্তু) গুণাঃ (দেবতা

জ্ঞানযোগের উপদেষ্টা কর্মাসক্ত অজ্ঞগণের 'কর্মত্যাগ পূর্ব্বক জ্ঞানাভ্যাস কর' এইরূপ বুদ্ধিভেদ জন্মাইবেন না। উপরস্তু নিজে সমাহিত চিত্তে নিষ্কাম কর্ম সমূহের অনুষ্ঠান পূর্ব্বক অজ্ঞ লোকদিগকেও (সেই ভাবে) কর্ম্মেই নিযুক্ত রাখিবেন॥২৬॥

কার্য্য সমূহ সর্ব্বতোভাবে প্রকৃতির গুণের (কার্য্যের অর্থাৎ ইন্দ্রিয়ের) দ্বারা সম্পাদিত হয়। কিন্তু দেহাদিতে অহং বুদ্ধি দ্বারা বিমুগ্ধচিত্ত মানব 'আমিই উহা সম্পন্ন করিতেছি' মনে করে॥২৭॥

হে মহাবীর অর্জ্জুন! গুণের বিভাগ ও তদীয় কার্য্যের বিভাগ অর্থাৎ সম্ব রজঃ ও তমঃ এই গুণত্রয়, এবং দেবতা, ইন্দ্রিয় ও বিষয়রূপ কার্য্য সমূহের তত্ত্ব যিনি অবগত আছেন,

প্রকৃত্রের্গুণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্মস্থ। তানকৃৎশ্ববিদো মন্দান্ কৃৎশ্ববিন্ন বিচালয়েৎ ॥২৯॥ ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংস্তস্তাধ্যাত্মচেতসা। নিরাশীর্নির্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ॥৩০॥

কর্ত্বক প্রেরিত চক্ষুরাদি ইন্দ্রিয়) গুণেষু (রূপাদি স্ব স্ব বিষয়ে) বর্ত্তস্তে (প্রবৃত্ত হয়) ইতি (ইহা) মত্বা (মনে করিয়া) ন সজ্জতে (তাহাতে আসক্ত হন না)॥২৮॥

প্রকৃতেঃ (প্রকৃতির) গুণসংমূঢ়াঃ (গুণ সমূহ দ্বারা ভূতাবিষ্টের স্থায় আবিষ্ট জীবগণ) গুণকর্মাস্থ (গুণ কার্য্য বিষয় সমূহে) সজ্জন্তে (আসক্ত হয়); তান্ (সেই সকল) অকুৎস্নবিদঃ (অসর্ব্বজ্ঞ) মন্দান্ (মন্দবুদ্ধিগণকে) কুৎস্নবিৎ (সর্ব্বজ্ঞ বিদ্বান্ ব্যক্তি) ন বিচালয়েৎ (আত্ম-অনাত্ম বিচার গ্রহণ করাইতে চেষ্টা করিবেন না) [কিন্তু গুণাবেশ-নিবর্ত্তকং নিষ্কাম কর্মেব কারয়েৎ] (কিন্তু গুণাবেশ নিবর্ত্তক নিষ্কাম কর্মাই করাইবেন) ॥২৯॥

অধ্যাত্মচেতসা (আত্মস্বরূপনিষ্ঠ চিত্তে) ময়ি (আমাতে) সর্ব্বাণি কর্মাণি (সমস্ত কর্মা) সংস্থাস্থ্য (সমর্পণ করিয়া) নিরাশীঃ (নিষ্কাম), নির্মাঃ (সর্ব্বত্ত মমতাশূষ্ম) বিগতজ্বরঃ [চ] (ও খেদ রহিত) ভূত্বা (হইয়া) যুধ্যস্ব (যুদ্ধ কর)॥৩০॥

তিনি কিন্তু ইন্দ্রিয়াধিষ্ঠাতৃ-দেবতাকর্ত্বক প্রেরিত চক্ষুকর্ণাদি ইন্দ্রিয়গণই রূপাদি স্ব স্ব গ্রাহ্যবিষয়সমূহে প্রবৃত্ত হইয়া থাকে — এইরূপ মনে করিয়া নিজের কর্ত্তৃত্বাভিমান করেন না ॥২৮॥ প্রকৃতির গুণসমূহ দ্বারা ভূতাবিষ্ট মানুষের মত সম্যক্রপে মুগ্ধ ব্যক্তিগণ ইন্দ্রিয় ও তদ্বিষয়ক কর্মসমূহে আসক্ত হয়। সর্ব্বজ্ঞ বিদ্বান্ ব্যক্তি সেইসকল অজ্ঞ মন্দমতিগণকে (অনধিকারি-গণকে) তত্ত্ববিচার প্রদর্শন পূর্ব্বক বিচলিত করিবেন না। গুণা-বেশ নিবর্ত্তক নিষ্কাম কর্ম্বেরই উপদেশ দান করিবেন ॥২৯॥ যে মে মতমিদং নিত্যমন্ত্রতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোহনস্থয়ন্তো মুচ্যন্তে তেহপি কর্মভিঃ॥৩১॥
যে ত্বেতদভাস্থয়ন্তো নামুতিষ্ঠন্তি মে মতম্।
সর্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ॥৩২॥
সদৃশং চেষ্টতে স্বস্থাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি॥৩৩॥

যে (যে সকল) মানবাঃ (মনুষ্য) শ্রদ্ধাবস্তঃ (শ্রদ্ধাবান্) অনস্থয়স্তঃ (ও অস্থ্যা রহিত হইয়া) মে (আমার) ইদং (এই) মতম্ (অভিমত নিষ্কাম কর্ম্মযোগের) নিত্যম্ (সর্ব্বদা) অনুতিষ্ঠস্তি (অনুষ্ঠান করেন) তে অপি (তাঁহারাও) কর্ম্মভিঃ (কর্মা বন্ধন হইতে) মুচান্তে (মুক্ত হন) ॥৩১॥

যে তু (পরস্ক যাহারা) মে এতৎ মতম্ (আমার এই উপদেশ)
অভ্যন্দয়ন্তঃ অমুয়াবশতঃ) ন অমুতিষ্ঠিন্তি (পালন করে না) তান্ (তাহাদিগকে) সর্ব্বজ্ঞানবিমূঢ়ান্ (সমস্ত জ্ঞানে বঞ্চিত), নষ্টান্ (পুরুষার্থ
বিভ্রষ্ট) অচেতসঃ (ও নির্ব্বোধ বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥৩২॥

সমস্ত কর্ম আমাতে সমর্পণ পূর্ব্বক 'অন্তর্যামীর অধীনে আমি কর্ম করিতেছি' এইরূপ বুদ্ধিতে নিষ্কাম, মমতাশূগ্য ও শোকরহিত হইয়া (স্বধর্মরূপ) যুদ্ধ অবলম্বন কর ॥৩০॥

যে সকল মানব শ্রদ্ধালু ও দোষদৃষ্টি-রহিত হইয়া আমার অভিমত এই নিষ্কাম কর্ম্মযোগের সতত অন্তবর্ত্তন করেন— কর্ম্ম করিয়াও তাঁহারা সেই কর্ম্মবন্ধন হইতে মুক্তিলাভ করিয়া থাকেন ॥৩১॥

আর যাহারা অস্থ্যা পরবশ হইয়া আমার এই মতের অনুবর্ত্তন করে না, সেই বিবেক শূন্ম জনগণকে সর্ব্ববিধজ্ঞানে বিমূঢ় ও বিনাশপ্রাপ্ত বলিয়া জানিবে ॥৩২॥

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্থার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। তয়োর্ন বশমাগচ্ছেন্তৌ হুস্থ পরিপস্থিনৌ ॥৩৪॥ শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বন্সুষ্ঠিতাৎ। স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ॥৩৫॥

জ্ঞানবান্ অপি (জ্ঞানী ব্যক্তিও) স্বস্থাঃ প্রকৃতেঃ (স্বীয় প্রকৃতির) সদৃশং (অনুরূপ) চেষ্টতে (কার্য্য করে), ভূতানি (প্রাণিগণ) প্রকৃতিং যান্তি (তাদৃশ চেষ্টার ফলে তাদৃশ স্বভাবের অধীন হয়) নিগ্রহঃ (শাস্ত্রকৃত বা রাজকৃত দণ্ড) [তেষাং] (তাহাদের) কিং করিষ্মতি (কি করিবে) ॥৩৩॥

ইন্দ্রিয়স্থ ইন্দ্রিয়স্থ (সমস্ত ইন্দ্রিয়ের) অর্থে (স্ব স্ব বিষয়ে) রাগদ্বেষো (আসক্তি ও দ্বেষ) ব্যবস্থিতো (বিশেষভাবে অবস্থিত)। [তথাপি] তয়োঃ (সেই রাগদ্বেষের) বশং ন আগচ্ছেৎ (বশীভূত হইবে না)। হি (যেহেতু) তো (সেই রাগ ও দ্বেষ) অস্থ্য (সাধকের) পরিপস্থিনো (বিরোধী)॥৩৪॥

স্বন্ধ ছিতাৎ (নির্দ্দোষভাবে অনুষ্ঠিত) পরধর্মাৎ (পরধর্ম অপেক্ষা) বিগুণঃ (কিঞ্চিৎ দোষযুক্ত) স্বধর্মঃ (স্বকীয় ধর্মা) শ্রেয়ান্ (শ্রেষ্ঠ)। স্বধর্মো (স্ব স্ব বর্ণ ও আশ্রমোচিত ধর্মো) নিধনং (মরণও) শ্রেয়ঃ (ভাল) পরধর্মঃ (পরধর্মা) ভয়াবহঃ (তদপেক্ষা ভয়ানক)॥৩৫॥

জ্ঞানবান্ ব্যক্তিও স্বীয় প্রকৃতির অর্থাৎ চুঃস্বভাবের অনুরূপ চেষ্টা করে। স্থতরাং জীবগণ তাদৃশ চেষ্টার ফলে নিজে তাদৃশ স্বভাবের অধীন হইয়া পড়ে। শাস্ত্রকৃত বা রাজকৃত দণ্ডের ভয় তখন তাহাদিগকে রোধ করিতে পারে না ॥৩৩॥

সমস্ত ইন্দ্রিয়গণেরই নিজ নিজ গ্রহণীয় বস্তুতে অনুরাগ ও বিরাগ বিশেষভাবে বর্ত্তমান রহিয়াছে; তাহা হইলেও এই রাগ বা দ্বেষের কখনও বশবর্ত্তী হইবে না, যেহেতু এই বিষয়ানুরাগ বা বিষয় বিরাগ সাধক ব্যক্তির পরম শত্রু বলিয়া জানিবে। (ইহাতে ভক্তি বিষয়ক রাগ বা বিরাগ লক্ষ্মীভূত নহে)॥৩৪॥

অৰ্জ্জ্বন উবাচ—

অথ কেন প্রযুক্তোহয়ং পাপঞ্চরতি পূরুষঃ। অনিচ্ছন্নপি বার্ফেয় বলাদিব নিয়োজিতঃ॥৩৬॥

শ্রীভগবানুবাচ—

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ। মহাশনো মহাপাপ্মা বিদ্যোনমিহ বৈরিণম্॥৩৭॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] বার্ষ্ণেয় (হে বৃষ্ণি-বংশাবতংস!) অনিচ্ছন্ অপি (ইচ্ছা না করিলেও) অথ কেন প্রযুক্তঃ [সন্] (কাহা কর্ত্তৃক প্রেরিত হইয়া) অয়ং পূরুষঃ (এই জীব) বলাৎ (বলপূর্ব্বক) নিয়োজিতঃ ইব (যেন নিয়োজিত হইয়াই) পাপং (পাপ) চরতি (আচরণ করে)॥৩৬॥

নির্দেগ্যভাবে আচরিত অন্তের ধর্ম্ম অপেক্ষা কিঞ্চিৎ অঙ্গ-হীন স্বীয় ধর্মাচরণ ভাল। স্ব স্ব বর্ণ ও আশ্রমোচিত ধর্মে বর্ত্ত-মান থাকিয়া নিধনপ্রাপ্ত হওয়া মঙ্গলপ্রদ হইয়া থাকে; যেহেতু পরধর্ম্ম আচরণ ভয়াবহ জানিবে। (অধোক্ষজে ভক্তি সর্ব্ব-জীবের নিত্য স্বাভাবিক পরমধর্ম্ম হওয়ায়, ইহা বাহ্যিক স্থুত্বরাচারযুক্ত হইলেও মায়িক সত্ত্বাদি গুণাশ্রিত সদাচার সংস্কারযুক্ত অনাত্ম-ধর্ম হইতে সর্ব্বদা শ্রেষ্ঠ। সাধুসঙ্গে এই শুদ্ধভক্তি যাজন করিতে করিতে দেহপাত হইলেও শ্রেয়ঃস্কর; যেহেতু অবিচ্যাশ্রিত সংস্কারের অনিশ্চয়তাপূর্ণ ঔপাধিক সদচার দ্বিতীয়াভিনিবেশ থাকায় ভয়াবহ।)॥৩৫॥

অর্জ্জুন বলিলেন—হে বার্ষ্ণেয়! ইচ্ছা না করিলেও কাহার প্রেরণায় এই জীব বলপূর্ব্বক নিয়োজিতের মত বাধ্য হইয়া পাপকার্য্য আচরণ করিয়া থাকে? ॥৩৬॥

ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ। যথোক্ষেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥৩৮॥ আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা। কামরূপেণ কৌন্তেয় ফুপ্টুরেণানলেন চ॥৩৯॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) এবং কামঃ (এই বিষয়াভিলাষরূপ কামই) এবং ক্রোধঃ (ক্রোধরূপে পরিণত হয়) রজোগুণসমুদ্ভবঃ (কাম রজোগুণ হইতে উৎপন্ন, এবং এই কাম হইতেই তামস ক্রোধ জন্মে), মহাশনঃ (তুষ্পূর্ণীয়) মহাপাপা। (ও অতি উগ্র) ইহ (এই জগতে) এনং (এই কামকেই) বৈরিণম্ (জীবের প্রধান শত্রু বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥৩৭॥

যথা (যেমন) বহিঃ (অগ্নি) ধূমেন (ধূম দ্বারা) আবিয়তে (আবৃত থাকে), যথা (যেমন) আদর্শঃ (দর্পণ) মলেন (ময়লার দ্বারা) [আবিয়তে] (আবৃত থাকে), যথা চ (এবং যেমন) উল্পেন (জরায়ু দ্বারা) গর্ভঃ (গর্ভ) আবৃতঃ (আবৃত থাকে), তথা (সেইরূপ) তেন (সেই কাম দ্বারা) ইদম্ (এই জ্ঞান) আবৃতম্ (আবৃত থাকে) ॥৩৮॥

শ্রীভগবান্ কহিলেন—রজোগুণসমুদ্ভূত কামই পুরুষকে পাপে প্রবৃত্তি দেয় । 'কাম' বিষয়াভিলাষ স্বরূপ, ঐ কামই অবস্থাভেদে রূপান্তর প্রাপ্ত হইয়া ক্রোধ হয় । এই কামের কিছুতেই পূর্ত্তি হয় না এবং সে অতিশয় উগ্র । এই জগতে উক্ত কামকেই জীবের প্রধান শক্র বলিয়া জানিবে ॥৩৭॥

যেমন ধূমের দ্বারা অগ্নি কিঞ্চিৎ আবৃত থাকে, যেমন দর্পণ ময়লা দ্বারা গাঢ় আবৃত থাকে, এবং যেমন জরায়ু দ্বারা গর্ভস্থ জীব অতি গাঢ়ভাবে আবৃত থাকে—সেইরূপ এই কামের দ্বারা উক্ত ত্রিবিধ রূপে (সত্ত্ব, রজঃ ও তমোগুণাশ্রয়ে) জীবচৈতগ্য আচ্ছন্ন রহিয়াছে ॥৩৮॥ ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিরস্থাধিষ্ঠানমুচ্যতে। এতৈর্বিমোহয়ত্যের জ্ঞানমাবৃত্য দেহিনম্ ॥৪০॥ তক্ষাৎ ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্বভ। পাপ্যানং প্রজহি হেনং জ্ঞানবিজ্ঞাননাশনম ॥৪১॥

[হে] কোন্তেয় (হে কুন্তীপুত্র অর্জ্জুন!) জ্ঞানিনঃ (জ্ঞানিগণেরও)
নিতাবৈরিণা (চিরশক্র) এতেন (এই) তুপ্পূরেণ (তুপ্পূরণীয়) অনলেন চ
(অনল সদৃশ) কামরূপেণ (কাম ও তমূল অজ্ঞান কর্ত্ত্বক) জ্ঞানম্
(বিবেক জ্ঞান) আর্তম্ (আর্ত হয়) ॥৩৯॥

অশ্য (এই কামরূপ শত্রুর) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়গণ) মনঃ বুদ্ধিঃ (মন ও বুদ্ধি) অধিষ্ঠানম্ (আশ্রয়স্থল বলিয়া) উচ্যতে (কথিত হয়), এষঃ (এই কাম) এতঃ (এই সকল ইন্দ্রিয়াদি দ্বারা) জ্ঞানম্ (বিবেক জ্ঞানকে) আবৃত্য (আবৃত করিয়া) দেহিনম্ (জীবকেঁ) বিমোহয়তি (বিমোহিত করে) ॥৪০॥

[হে] ভরতর্ষভ (হে ভরত শ্রেষ্ঠ অর্জ্জুন!) তম্মাৎ (অতএব) ত্বম্ (তুমি) আদৌ (প্রথমতঃ) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সকলকে) নিয়ম্য (বশীভূত

হে অৰ্জ্জুন! জ্ঞানীর চিরশক্র—(ঘৃতাহুতি দ্বারা) তুষ্পূর্ণীয় অনল সদৃশ এই 'কাম' ও তন্মূল অজ্ঞান কর্তৃক—বিবেক-জ্ঞান আরুত হয়॥৩৯॥

ইন্দ্রিয়গণ, মন ও বুদ্ধিকে এই কামরূপ শত্রুর আশ্রয়-স্থল বলা হইয়াছে। ঐ কাম এই সকল ইন্দ্রিয়াদি দ্বারা বিবেক-জ্ঞানকে আচ্ছাদন করিয়া জীবকে বিমোহিত করে অর্থাৎ জড়বিষয়ে নিক্ষেপ করে ॥৪০॥

হে ভরতবংশাবতংস! অতএব তুমি প্রথমে ইন্দ্রিয়গণকে স্বীয় বশীভূত করিয়া শাস্ত্রীয় আত্মানাত্ম-বিবেকরূপ 'জ্ঞান' ও তৎসম্বন্ধীয় চিন্ময় অনুভব হইতে লব্ধ 'বিজ্ঞান' এই ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ। মনসস্তু পরা বুদ্ধির্বুদ্ধের্যঃ পরতস্তু সঃ॥৪২॥ এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা সংস্তভ্যাদ্মানমাত্মনা। জহি শত্রুং মহাবাহো কামরূপং তুরাসদম্॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমন্তুগবদগীতাম্পনিষৎস্থ ব্রহ্মবিত্যায়াং যোগশান্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে কর্মযোগো নাম তৃতীয়োহধ্যায়ঃ ॥৩॥

করিয়া) জ্ঞানবিজ্ঞাননাশনম্ (জ্ঞান ও বিজ্ঞানের বিনাশক) পাপ্মানং (পাপরূপ) এনং (এই কামকে) হি (স্পষ্টতঃ) প্রজহি (বিনাশ কর) ॥৪১॥

[বিষয়েভ্যঃ] (জড় বিষয় হইতে) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়গণকে) পরাণি (শ্রেষ্ঠ) [পণ্ডিতাঃ] (পণ্ডিতগণ) আহুঃ (বলিয়া থাকেন), ইন্দ্রিয়েভ্যঃ (ইন্দ্রিয় সকল হইতে) মনঃ (মনকে) পরং (শ্রেষ্ঠ), মনসঃ তু (মন অপেক্ষাও) বুদ্ধিঃ (নিশ্চয়াত্মিকা বৃত্তি) পরা (শ্রেষ্ঠ)। যঃ তু (আর যিনি) বুদ্ধেঃ (বুদ্ধি অপেক্ষাও) পরতঃ (পরতর) সঃ (তিনিই জীবাত্মা) ॥৪২॥

[হে] মহাবাহো (হে মহাবীর অর্জ্জুন!) এবং (এইরূপে) বুদ্ধেঃ পরং (বুদ্ধি হইতে পৃথক্ জীবাত্মাকে) বুদ্ধা (জানিয়া) আত্মানম্ (মনকে)

উভয়ের ধ্বংসকারী পাপস্বরূপ এই কামকে প্রকাশ্যভাবে বিনাশ কর ॥৪১॥

পণ্ডিতগণ বলেন জড় বিষয় হইতে ইন্দ্রিয়গণ শ্রেষ্ঠ, ইন্দ্রিয়সকল হইতে মন শ্রেষ্ঠ, মন অপেক্ষাও নিশ্চয়াত্মিকা বৃত্তিরূপ বুদ্ধি শ্রেষ্ঠ। আবার যিনি বুদ্ধি অপেক্ষাও শ্রেষ্ঠ, তিনিই সেই (জীবাত্মা) ॥৪২॥ আত্মনা (ঈদৃশ নিশ্চয়াত্মিকা বুদ্ধি দ্বারা) সংস্তভ্য (স্থির করিয়া) চুরাসদম্ (চুর্জ্জয়) কামরূপং (কামরূপ) শত্রুং (শত্রুকে) জহি (বিনাশ কর) ॥৪৩॥

ইতি তৃতীয় অধ্যায়ের অম্বয় সমাপ্ত॥

হে মহাবীর অর্জ্জুন! এইরূপে বুদ্ধি হইতে সম্পূর্ণভাবে পৃথক্ জীবাত্মাকে অবগত হইয়া ঈদৃশ নিশ্চয়াত্মিকা বুদ্ধিদ্বারা মনকে নিশ্চল করিয়া কামরূপ তুর্জ্জয় শত্রুকে বিনষ্ট কর ॥৪৩॥

ইতি তৃতীয় অধ্যায়ের বঙ্গান্তুবাদ সমাপ্ত॥



চতুর্থোহখ্যায়ঃ

জ্ঞানযোগ

শ্রীভগবান্থবাচ— ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্। বিবস্বান্ মনবে প্রাহ্ মনুরিক্ষ্বাকবেহত্রবীৎ ॥১॥ এবং পরম্পরা-প্রাপ্তমিমং রাজর্ষয়ো বিচুঃ। স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তুপ ॥২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) অহম্ (আমি) অব্যয়ম্ (অব্যয়) ইমম্ (এই) যোগম্ (নিষ্কাম কর্মসাধ্য জ্ঞানযোগের কথা) বিবস্বতে (স্থর্য্যকে) প্রোক্তবান্ (পুরাকালে বলিয়াছিলাম), বিবস্বান্ (স্থ্য্য) মনবে (স্বীয় পুত্র বৈবস্বত মন্ত্রকে) প্রাহ (বলেন) মন্তঃ (মন্ত্র) ইক্ষ্ণাক্বে (স্বপুত্র ইক্ষ্ণাকুকে) অব্রবীৎ (বলিয়াছিলেন) ॥১॥

এবং (এইরূপে) পরম্পরা-প্রাপ্তম্ (পরম্পরাক্রমে প্রাপ্ত) ইমং (এই যোগ) রাজর্ষয়ঃ (রাজর্ষিগণ) বিদুঃ (অবগত হন), [হে] পরস্তপ (হে শক্র দমন অর্জ্জুন!) সঃ যোগঃ (সেই জ্ঞান যোগ) মহতা কালেন (বহুকাল গত হওয়ায়) ইহ (বর্তুমানে) নষ্টঃ (নষ্টপ্রায় হইয়াছে) ॥২॥

শ্রীভগবান্ কহিলেন—আমি পূর্ব্বে স্থ্যাকে এই অব্যয় নিষ্কাম-কর্মসাধ্য জ্ঞানযোগের কথা বলিয়াছিলাম। স্থ্যা তাহাই নিজ পুল্র বৈবস্বত মন্থকে বলেন, এবং মন্থুও তাহাই স্বীয় পুল্র ইক্ষ্বাকুকে বলিয়াছিলেন ॥১॥

হে পরস্তপ! এইরূপে পরম্পরাপ্রাপ্ত এই জ্ঞানযোগ নিমি, জনক প্রভৃতি রাজর্ষিগণ অবগত হইয়াছিলেন। সেই যোগ অনেক কাল গত হওয়ায় আপাততঃ নম্বপ্রায় হইয়াছে॥২॥

স এবায়ং ময়া তেহন্ত যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ। ভক্তোহসি মে সখা চেতি রহস্তং হেতত্ত্তমম্ ॥৩॥

অর্জ্জুন উবাচ— অপরং ভবতো জম্ম পরং জম্ম বিবস্বতঃ। কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি॥৪॥

[ত্বম্] (তুমি) মে (আমার) ভক্তঃ সখা চ অসি (ভক্ত ও সখা) ইতি
[হেতোঃ] (এইজন্ম) অয়ং সঃ এব (এই সেই) পুরাতনঃ (পুরাতন) যোগঃ
(যোগ) অন্থ (আজ) ময়া (আমা কর্তৃক) তে (তোমার নিকট) প্রোক্তঃ
(কথিত হইল), হি (যেহেতু) এতং (ইহা) উত্তমম্ রহস্থম্ (অতি
গোপনীয়)॥৩॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) ভবতঃ (আপনার) জন্ম (জন্ম) অপরং (ইদানীস্তন) বিবস্বতঃ (সূর্য্যের) জন্ম (জন্ম) পরম্ (পূর্ব্বে হইয়াছে) [তন্মাৎ] (অতএব) ত্বম্ (তুমি) আদৌ (পুরাকালে) [ইমং যোগং] (এই যোগ) প্রোক্তবান্ (বলিয়াছিলে) ইতি (এই যে কথা) এতৎ (ইহা) [অহং] (আমি) কথম্ (কিরূপে) বিজ্ঞানীয়াং (বুঝিতে পারি?) ॥৪॥

সেই সনাতন যোগ অন্ত আমি তোমাকে বলিলাম, যেহেতু তুমি আমার ভক্ত ও সখা, অতএব এই উত্তম যোগ অত্যস্ত গোপনীয় হইলেও তোমাকে আমি উপদেশ করিলাম ॥৩॥

অর্জ্জুন বলিলেন—বিবস্বান্ (স্থ্য্য) পূর্ব্বকালে জন্মিয়া-ছিলেন এবং তুমি ইদানীস্তন জন্মগ্রহণ করিয়াছ। স্থতরাং তুমিই যে পূর্ব্বে স্থ্যুকে এই যোগ উপদেশ করিয়াছিলে এ কথা কি প্রকারে বিশ্বাস করা যায়?॥৪॥

শ্রীভগবানুবাচ— বহুনি মে ব্যতীতানি জন্মানি তব চার্চ্ছুন। তান্তহং বেদ সর্কাণি ন ত্বং বেখ পরস্তপ ॥৫॥ অজোহপি সন্ধব্যয়াত্মা ভূতানামীশ্বরোহপি সন্। প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া ॥৬॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] পরস্তপ অর্জ্জুন (হে শত্রুতাপন অর্জ্জুন!) মে তব চ (আমার ও তোমার) বহুনি (বহু) জন্মানি (জন্ম) ব্যতীতানি (বিগত হইয়াছে); অহং (আমি) তানি (সেই) সর্বাণি (সমস্তই) বেদ (অবগত আছি), স্বং (তুমি কিন্তু) [তানি] (সে সকল) ন বেখ (জান না) ॥৫॥

[অহম্] (আমি) অজঃ (জন্মরহিত) সন্ অপি (হইয়াও) অব্যয়াত্মা (অনশ্বর শরীর) [সন্ অপি] (হইয়াও) ভূতানাম্ (প্রাণিগণের) ঈশ্বরঃ (ঈশ্বর) সন্ অপি (হইয়াও) স্বাম্ প্রকৃতিম্ (স্বকীয় সচ্চিদানন্দ স্বরূপকে) অধিষ্ঠায় (অধিষ্ঠান করিয়া) আত্মমায়য়া (যোগমায়া বিস্তারে) সম্ভবামি (দেব-মন্মুয়্য-তির্যাক্ প্রভৃতি লোকে আবির্ভূত হই) ॥৬॥

শ্রীভগবান্ কহিলেন—হে শক্রতাপন অর্জ্বন! আমার এবং তোমার অনেক জন্ম বিগত হইয়াছে। পরমেশ্বরত্ব হেতু আমি সে সমস্ত স্মরণ করিতে পারি। তুমি অণুচৈতন্ত জীব, সে সব স্মরণ করিতে পার না ॥৫॥

আমি জন্ম-মৃত্যু-রহিত নিত্য-বিগ্রহ এবং সমস্ত জীবের নিয়ামক হইয়াও নিজ স্বরূপে অধিষ্ঠিত থাকিয়া স্বেচ্ছায় যোগ-মায়া বিস্তার-পূর্ব্বক জগতে আবির্ভূত হই ॥৬॥ যদা যদা হি ধর্মশ্র প্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্মশ্র তদাদ্মানং স্কাম্যহম্ ॥৭॥
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥৮॥
জন্ম কর্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্বা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোহর্জুন ॥৯॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) যদা যদা হি (যে যে সময়েই) ধর্শ্মস্ত (ধর্ম্মের) গ্লানিঃ (গ্লানি) অধর্শ্মস্ত [চ] (এবং অধর্মের) অভ্যুত্থানম্ (প্রাত্নভাব) ভবতি (হয়), তদা (তখনই) আত্মানং (নিজের স্বরূপকে) অহম (আমি) স্জামি (স্ষ্টু দেহের মত প্রদর্শন করাই)॥৭॥

সাধূনাং (সাধুগণের) পরিত্রাণায় (পরিত্রাণের জন্ম) [তথা] (এবং) ছুক্কতাম্ (ছুক্কতগণের) বিনাশায় (বিনাশের হেতু) ধর্মসংস্থাপনার্থায় চ (এবং মদীয় ধ্যান-যজন-পরিচর্য্যা-সঙ্কীর্ত্তনরূপ ধর্ম সম্যক্রপে স্থাপন করিবার নিমিন্ত) [অহং] (আমি) যুগে যুগে (প্রতি যুগে) সম্ভবামি (আবির্ভূত হই) ॥৮॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) যঃ (যিনি) মে (আমার) এবং (এইরূপ)
দিব্যম্(স্বেচ্ছাকৃত ও অপ্রাকৃত) জন্ম কর্ম্ম চ (জন্ম ও কর্মা) তত্ত্বতঃ (পূর্ব্বোক্ত-মত তত্ত্ব বিচারক্রমে) বেন্তি (অবগত হন), সঃ (তিনি) দেহং (বর্ত্তমান

হে ভারত! যখন যখন ধর্ম্মের গ্লানি ও অধর্মের অভ্যুত্থান হয়, তখনই আমি স্বষ্ট দেহবৎ আত্মপ্রকাশ করি, অর্থাৎ আবির্ভূত হই ॥৭॥

সাধুগণের পরিত্রাণ, তুষ্কৃতকারিগণের বিনাশ ও ধর্মকে সম্যক্ প্রতিষ্ঠিত করিবার জন্ম আমি যুগে যুগে আবির্ভূত হই ॥৮॥

হে অর্জ্জুন! যিনি আমার এইরূপ স্বেচ্ছাকৃত অপ্রাকৃত জন্ম ও কর্ম্ম যথার্থভাবে অবগত হন, তিনি নিজের এই বর্ত্তমান বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ। বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতাঃ ॥১০॥ যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্। মম বর্ত্মান্তবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্ধশঃ ॥১১॥

দেহ) ত্যক্বা (ত্যাগ করিয়া) পুনঃ (পুনর্ব্বার) জন্ম (জন্ম) ন এতি (গ্রহণ করেন না), [কিন্তু] মাম্ এতি (আমাকে প্রাপ্ত হন) ॥৯॥

বীতরাগভয়ক্রোধাঃ (জড় বিষয়ে প্রীতি, ভয় ও ক্রোধশূ্র্য হইয়া)
মন্ময়াঃ (আমার বিষয় শ্রবণ, কীর্ত্তন ও স্মরণে নিবিষ্ট চিত্ত) মাম্
উপাশ্রিতাঃ (আমার আশ্রিত) বহবঃ (বহু ব্যক্তি) জ্ঞানতপসা (মদীয়
জ্ঞানের ও মৎসম্বন্ধীয় তপস্তা দ্বারা) পূতাঃ [সন্তঃ] (নির্মাল হইয়া)
মদভাবম (আমাতে ভাব-ভক্তি) আগতাঃ (লাভ করিয়াছেন) ॥১০॥

যে (যাহারা) যথা (যে প্রকারে) মাং (আমাকে) প্রপন্থান্ত (ভজনা করে), অহম্ (আমি) তান্ (তাহাদিগকে) তথা এব (সেই প্রকারেই) ভজামি (ভজন ফল দান করি)। [হে] পার্থ (হে অর্জ্জন!) সর্কাশঃ দেহটী পরিত্যাগ করিয়া পুনরায় আর জন্মগ্রহণ করেন না কিন্তু আমাকেই প্রাপ্ত হন, অর্থাৎ আমার চিচ্ছক্তি প্রকাশ-রূপ হ্লাদিনী-শক্তির বশীভূত হইয়া আমার নিত্যসেবা প্রাপ্ত হন॥৯॥

জড়বিষয়ে প্রীতি, ভয় ও ক্রোধশূর্য্য, আমার বিষয়ে প্রবণ, কীর্ত্তন ও স্মরণে নিবিষ্টচিত্ত ও আমারই আপ্রিত বহু ব্যক্তি মৎসম্বন্ধীয় জ্ঞান ও তপস্থায় বিশুদ্ধ হইয়া আমার পবিত্র প্রেমলাভ করিয়াছেন ॥১০॥

যে ব্যক্তি আমার প্রতি যেভাবে প্রপত্তি স্বীকার করেন, আমি তাহাকে সেইভাবেই ভজন করি। সকল মতেরই চরম কাজ্জন্তঃ কর্মাণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ। ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্মাজা ॥১২॥ চাতুর্বর্ণ্যং ময়া স্পষ্টং গুণকর্ম্মবিভাগশঃ। তম্ম কর্ত্তারমপি মাং বিদ্ধাকর্ত্তারমব্যয়ম্ ॥১৩॥

মনুষ্যাঃ (জ্ঞানি-কর্ম্মি-যোগি-দেবতান্তর-ভজনকারী সকল মনুষ্যই) মম বর্ম্ম (আমার পথের) অনুবর্ত্তম্ভে (অনুসরণ করে) ॥১১॥

ইহ (এই মনুষ্য লোকে) কর্মণাং (কর্ম সমূহের) সিদ্ধিং (সাফল্য) কাজ্জন্তঃ (কামনাকারী ব্যক্তিগণ) দেবতাঃ (ইন্দ্রাদি দেবতাগণের) যজন্তে (ভজনা করিয়া থাকে), হি (যেহেতু) মানুষে লোকে (মনুষ্য লোকে) কর্মজা (কর্ম জন্ম) সিদ্ধিঃ (স্বর্গাদি ফল) ক্ষিপ্রং (শীঘ্রই) ভবতি (ইইয়া থাকে) ॥১২॥

ময়া (আমা কর্তৃক) গুণকর্মবিভাগশঃ (সত্ত্বাদি গুণ ও শম দমাদি কর্ম্মের বিভাগ অনুসারে) চাতুর্বর্ণ্যং (ব্রাহ্মণাদি চারিটী বর্ণ) স্বষ্টং (স্বষ্ট হইয়াছে)। তক্ষ (সেই বর্ণ ধর্ম্মের ও বর্ণ সকলের) কর্ত্তারম্ অপি (প্রষ্টা হইলেও) মাং (আমাকে) অকর্ত্তারম্ (বস্তুতঃ গুণাতীত স্বরূপ বলিয়া অস্রষ্টা) অব্যয়ম্ (ও নির্বিকার বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥১৩॥

উদ্দেশ্য স্বরূপ আমি সকলেরই প্রাপ্য। সমস্ত মনুষ্যই আমার বিবিধ বর্ণ্মের অনুসরণ করে ॥১১॥

এই মনুষ্যলোকে কর্ম্মসমূহের সহজে সাফল্য কামনাশীল ব্যক্তিগণ ইন্দ্রাদি দেবতাগণকে ভজনা করেন । তদ্ধারা মনুষ্যলোকে কর্মজ ফল স্বর্গাদি লাভ অতি শীঘ্রই সংঘটিত হইয়া থাকে ॥১২॥

সত্ত্বাদিগুণ ও শমদমাদি কর্ম্মের বিভাগ অনুসারে ব্রাহ্মণাদি বর্ণচতুষ্টয় আমিই স্ফলন করিয়াছি। জগতে আমি বই আর কেহ কর্ত্তা নাই। কিন্তু সেই বর্ণধর্ম্মের কর্ত্তা হইলেও আমাকে ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্ম্মফলে স্পৃহা। ইতি মাং যোহভিজানাতি কর্মভির্ন স বধ্যতে ॥১৪॥ এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বেরপি মুমুক্ষুভিঃ। কুরু কর্ম্মৈব তম্মাৎ ত্বং পূর্ব্বেঃ পূর্ব্বতরং কৃতম্ ॥১৫॥

কর্মাণি (কর্ম সকল) [জীবমিব] (জীবের স্থায়) মাং (আমাকে) ন লিম্পম্ভি (লিপ্ত করিতে পারে না), মে (আমার) কর্মফলে (কর্মফল স্বর্গাদিতেও) স্পৃহা (স্পৃহা) ন [অস্তি] (নাই), ইতি (এইরূপ) যঃ (যিনি) মাং (আমাকে) অভিজানাতি (সম্যক্ জানিতে পারেন) সঃ (তিনি) কর্মাভিঃ (কর্মের দ্বারা) ন বধ্যতে (বদ্ধ হন না) ॥১৪॥

এবং (এইরূপ) জ্ঞাত্বা (জানিয়া) পূর্ব্বেঃ (পূর্ব্ব পূর্ব্ব) মুমুক্ষুভিঃ অপি (মুক্তিকামিগণও) কর্ম (মদর্পিত কর্ম) কৃতং (করিয়াছেন)। তম্মাৎ (অতএব) ত্বং (তুমি) পূর্ব্বেঃ (প্রাচীন জনকাদি মহাজন কর্ত্ত্বক) পূর্ব্বতরং কৃতম্ (পূর্ব্বে অন্তুষ্ঠিত) কর্ম এব (নিষ্কাম কর্মযোগই) কুরু (অবলম্বন কর)॥১৫॥

বস্তুতঃ গুণাতীত স্বরূপ বলিয়া অকর্ত্তা ও অব্যয় বলিয়া জানিতে হইবে ॥১৩॥

জীবের অদৃষ্ট বশতঃ যে কর্মতত্ত্ব আমি স্বষ্টি করিয়াছি, তাহা আমাকে লিপ্ত করিতে পারে না। কর্ম্মফলেও আমার স্পৃহা নাই (যেহেতু অতি তুচ্ছ কর্মফল আমি যে ষড়ৈশ্বর্য্যপূর্ণ ভগবান আমার পক্ষে নিতান্ত অকিঞ্চিৎকর)। জীবের কর্মমার্গ ও আমার স্বতন্ত্রতা বিচার পূর্বক যিনি আমার অব্যয়তত্ত্ব অবগত হইতে পারেন, তিনি কখনই কর্ম্ম দ্বারা বদ্ধ হন না। শুদ্ধভক্তি আচরণ করতঃ আমাকেই লাভ করেন॥১৪॥

পূর্ব্ব পূর্ব্ব মুমুক্ষুগণ এই তত্ত্ব অবগত হইয়া সকাম কর্ম পরিত্যাগ পূর্ব্বক নিষ্কাম মদর্পিত কর্মান্তুষ্ঠান করিয়াছেন। কিং কর্ম কিমকর্মেতি কবয়োহপাত্র মোহিতাঃ।
তত্তে কর্ম প্রবক্ষ্যামি যজ্জাত্বা মোক্ষ্যসেহগুভাৎ ॥১৬॥
কর্মণো হৃপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্মণঃ।
অকর্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্মণো গতিঃ॥১৭॥

কিং কর্ম (কর্ম কি?) কিম্ অকর্ম (অকর্মই বা কি?) ইতি অত্র (এই তত্ত্ব নিরূপণে) কবয়ঃ অপি (জ্ঞানিগণও) মোহিতাঃ [ভবস্তি] (মোহ প্রাপ্ত হন), [অতঃ] (অতএব) যৎ জ্ঞাত্বা (যাহা জানিয়া) অশুভাৎ (অমঙ্গলপূর্ণ সংসার হইতে) মোক্ষ্যসে (মুক্তি লাভ করিতে পারিবে) তৎ কর্ম (সেই কর্ম ও অকর্ম) তে (তোমাকে) প্রবক্ষ্যামি (বলিব) ॥১৬॥

কর্মণঃ অপি (বেদবিহিত কর্ম্মেরও) বোদ্ধব্যং (জানিবার বিষয়) বিকর্মণঃ চ (শাস্ত্র নিষিদ্ধ কর্ম্মের সম্বন্ধেও) বোদ্ধব্যং (জানিবার বিষয়) অকর্মণঃ চ (এবং কর্ম্মের অকরণ অর্থাৎ সন্ন্যাস সম্বন্ধেও) বোদ্ধব্যং (জানিবার বিষয়) [অস্তি] (আছে)। হি (যেহেতু) কর্ম্মণঃ (কর্ম্ম, বিকর্ম্ম ও অকর্মের) গতিঃ (যথার্থ তত্ত্ব) গহনা (অতিশয় তুর্গম) ॥১৭॥

অতএব তুমিও পূর্ব্ব পূর্ব্ব মহাজন অনুষ্ঠিত নিষ্কাম কর্মযোগ অবলম্বন কর ॥১৫॥

কাহাকে কর্ম ও কাহাকে অকর্ম বলে তাহা স্থিরীকরণ সম্বন্ধে জ্ঞানিগণও মোহপ্রাপ্ত হইয়া থাকেন। অতএব যাহা অব-গত হইয়া তুমি অমঙ্গলপূর্ণ সংসার হইতে মুক্তিলাভ করিবে সেই কর্ম্ম ও অকর্মা সম্বন্ধে তোমাকে উপদেশ করিতেছি ॥১৬॥

বেদবিহিত কর্ম্মেরও জানিবার বিষয় আছে, শাস্ত্র নিষিদ্ধ কর্ম্মের সম্বন্ধেও জানিবার বিষয় আছে, এবং কর্ম্মের সন্ন্যাস সম্বন্ধেও জানিবার বিষয় আছে। কর্ত্তব্যাচরণই 'কর্ম্ম', নিষিদ্ধাচরণই 'বিকর্মা', এবং কর্ম্মের অকরণ বা সন্ন্যাসই 'অকর্ম্ম', ইহাদের নিগূঢ় তত্ত্ব নিরূপণ স্থকঠিন ॥১৭॥ কর্মণ্যকর্ম যঃ পশ্যেদকর্মণি চ কর্ম যঃ।
স বুদ্ধিমান্ মনুয়েরু স যুক্তঃ কৃৎস্নকর্মকৃৎ ॥১৮॥
যস্ত সর্ব্বে সমারম্ভাঃ কামসঙ্কল্পবর্জ্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্মাণং তমাহুঃ পশুতং বুধাঃ॥১৯॥
ত্যক্বা কর্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্মণ্যভিপ্রবৃত্তােহপি নৈব কিঞ্চিৎ করােতি সঃ॥২০॥

যঃ (যিনি) কর্মণি (শুদ্ধান্তঃকরণ জ্ঞানিকর্তৃক অনুষ্ঠীয়মান নিষ্কাম কর্ম যোগে) অকর্ম (বন্ধকত্ব নাই বলিয়া উহা কর্ম নয় এইরূপ) অকর্মণি চ (এবং অশুদ্ধান্তঃকরণ সন্ন্যাসী কর্তৃক কর্মের অকরণে) কর্ম (তুর্গতি প্রাপক কর্মবন্ধন) পশ্যেৎ (দর্শন করেন) সঃ (তিনিই) মনুয়েষু (মনুষ্যদিগের মধ্যে) বুদ্ধিমান্ (বিবেকী), সঃ (তিনিই) যুক্তঃ (যোগী) কুৎম্নকর্মকৃৎ (এবং সম্পূর্ণ কর্মের অনুষ্ঠাতা) ॥১৮॥

যশু (যাঁহার) সর্কে (সমস্ত) সমারদ্বাঃ (কর্ম) কামসঙ্কল্পবর্জিতাঃ (ফল কামনা রহিত) জ্ঞানাগ্নিদগ্ধকর্মাণং (তিনি জ্ঞানরূপ অগ্নিতে বিহিত ও নিষিদ্ধ কর্মসমূহ দগ্ধ করিয়াছেন) তম্ (তাঁহাকে) বুধাঃ (স্বধীগণ) পণ্ডিতং (পণ্ডিত) আহুঃ (বলেন) ॥১৯॥

[যঃ] (যিনি) কর্মফলাসঙ্গং (কর্ম ফলের আসক্তি) ত্যক্তা (ত্যাগ

যিনি শুদ্ধান্তঃকরণ জ্ঞানীর নিষ্কাম কর্মানুষ্ঠানে বন্ধকত্ব নাই স্থতরাং উহা কর্ম নয় এইরূপ জানেন, এবং অশুদ্ধান্তঃকরণ সন্ন্যাসীর কর্মত্যাগে তুর্গতি প্রাপক কর্মবন্ধন উপলব্ধি করেন, তিনিই মনুষ্যদিগের মধ্যে বুদ্ধিমান্ যোগী এবং সম্পূর্ণ কর্মানুষ্ঠাতা ॥১৮॥

যাঁহার সমুদয় কর্ম্মাচরণ ফলকামনা শূন্ম, জ্ঞানাগ্নিতে বিহিত ও নিষিদ্ধ কর্ম্মসমূহ দগ্ধকারী তাঁহাকে বিবেকিগণ 'পণ্ডিত' বলেন ॥১৯॥

নিরাশীর্যতিচিত্তাত্মা ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ। শারীরং কেবলং কর্ম কুর্ব্বন্নাপ্নোতি কিম্বিষম্ ॥২১॥ যদৃচ্ছালাভসম্ভষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ। সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কুত্বাপি ন নিবধ্যতে ॥২২॥

করিয়া) নিত্যতৃপ্তঃ (নিত্য নিজানন্দে তৃপ্ত) নিরাশ্রয়ঃ (এবং যোগক্ষেম নিমিত্ত আশ্রয় নিরপেক্ষ) সঃ (তিনি) কর্মণি (সমস্ত কর্ম্মে) অভিপ্রবৃত্তঃ অপি (সম্যক্ প্রবৃত্ত হইলেও) কিঞ্চিৎ এব (কিছুই) ন করোতি (করেন না) ॥২০॥

[সঃ] (তিনি) নিরাশীঃ (নিষ্কাম) যতচিত্তাত্মা (সংযত চিত্ত ও শরীর) ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ (এবং সর্ব্ব প্রকার পরিগ্রহ ত্যাগী) [সন্] (ইইয়া) কেবলং (কেবল) শারীরং (শরীর রক্ষার্থ অসৎপ্রতিগ্রহাদি) কর্ম্ম (কর্মা) কুর্ব্বন্ [অপি] (করিয়াও) কিছিষম্ (পাপ) ন আপ্নোতি (গ্রস্ত হন না) ॥২১॥

যদৃচ্ছালাভসন্তুষ্টঃ (অনায়াসে প্রাপ্ত বস্তুতে সন্তুষ্ট), দ্বন্ধাতীতঃ (শীতোঞ্চ স্থখতুঃখাদি সহনশীল), বিমৎসরঃ (অন্তের প্রতি দ্বেষ শূত্র),

যিনি কর্শ্মফলের আসক্তি পরিত্যাগ পূর্ব্বক নিত্য নিজানন্দে পরিতৃপ্ত এবং যোগ ও ক্ষেমের নিমিত্ত আশ্রয় নিরপেক্ষ, তিনি সমস্ত কর্ম্মে প্রবৃত্ত হইয়াও কিছুই করেন না অর্থাৎ সেই সমস্ত কর্মফলে আবদ্ধ হন না ॥২০॥

তিনি ফলাশা ও সমস্ত পরিগ্রহ অর্থাৎ সংগ্রহচেষ্টাতিশয্য ত্যাগ করতঃ স্বীয় শরীর ও চিত্তকে বুদ্ধির অধীন রাখিয়া যদি কেবলমাত্র শরীর যাত্রা-নির্কাহের জন্ম অসৎ প্রতিগ্রহাদি কর্ম করিয়াও থাকেন, তাহাতে তাঁহার সেই কর্ম-জনিত পাপ বা পুণ্য কিছুই হয় না ॥২১॥ গতসঙ্গস্থ মুক্তস্থ জ্ঞানাবস্থিতচেতসঃ। যজ্ঞায়াচরতঃ কর্ম সমগ্রং প্রবিলীয়তে ॥২৩॥ ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্বন্ধার্মো ব্রহ্মণা হুতম্। ব্রহ্মেব তেন গম্ভব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥২৪॥

সিদ্ধৌ অসিদ্ধৌ চ (এবং কার্য্যের সিদ্ধি ও অসিদ্ধি বিষয়ে) সমঃ (হর্ষ ও বিষাদরহিত) [জনঃ] (ব্যক্তি) [কর্ম্ম] কৃত্বা অপি (কর্ম্ম করিয়াও) ন নিবধ্যতে (বদ্ধ হন না) ॥২২॥

গতসঙ্গস্থ (আসক্তি রহিত), মুক্তস্থ (মুক্ত), জ্ঞানাবস্থিতচেতসঃ (জ্ঞানে অবস্থিত চিত্ত), যজ্ঞায় (এবং যজ্ঞের অর্থাৎ পরমেশ্বরের প্রীত্যর্থে) কর্ম আচরতঃ (কর্ম আচরণকারী পুরুষের) সমগ্রং (সমুদয়) [কর্ম্ম] (কর্ম্ম) প্রবিলীয়তে (প্রকৃষ্টরূপে লয়প্রাপ্ত হয় অর্থাৎ ফলজনক হয় না) ॥২৩॥

অর্পণং (স্রুক্স্রুবাদি) ব্রহ্ম (ব্রহ্ম স্বরূপ) [অর্প্যমাণম্] (অর্প্যমাণ) হবিঃ (ঘৃতাদিও) ব্রহ্ম (ব্রহ্মস্বরূপ) ব্রহ্মণা [হবন কর্তা] (ব্রহ্মস্বরূপ

তিনি অনায়াসে যাহা প্রাপ্ত হন, তাহাতেই সম্ভুষ্ট থাকেন, স্থখ-তুঃখ, রাগ-দ্বেষ ইত্যাদি দ্বন্দের বশীভূত হন না, মাৎসর্য্যকে দূর করেন; কার্য্যের সিদ্ধি ও অসিদ্ধিতে হর্ষ বা বিষাদযুক্ত হন না অর্থাৎ তুল্য জ্ঞান করেন। অতএব যে কর্মাই করুন তাহাতে নিজে বদ্ধ হন না ॥২২॥

আসক্তি রহিত, মুক্ত ও জ্ঞানে অবস্থিত চিত্ত পুরুষের যজ্ঞের জন্ম যে কর্ম আচরিত হয়, তাঁহার আচরিত সেই সমস্ত কর্ম প্রকৃষ্টরূপে লয় পাইয়া যায়। কর্মমীমাংসকগণ যাহাকে 'অপূর্ব্ব' বলেন, নিষ্কাম-কর্ম্মযোগীর কর্মসকল সেই অপূর্ব্বতা লাভ করে না ॥২৩॥

দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যুপাসতে। ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজুহুরতি ॥২৫॥ শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্তে সংযমাগ্নিষু জুহুরতি। শব্দাদীন্ বিষয়ানত্ত ইন্দ্রিয়াগ্নিষু জুহুরতি॥২৬॥

হোতৃপুরুষ কর্তৃক) ব্রহ্মাগ্নো (ব্রহ্মস্বরূপ অগ্নিতে) হুতম্ (হোমও) [ব্রহ্ম] (ব্রহ্মস্বরূপ) [ভবতি] (হয়); [এবং বিবেকবতা] (এইরূপ বিচারযুক্ত) তেন (সেই পুরুষের) ব্রহ্মকর্মসমাধিনা (ব্রহ্মাত্মক কর্ম্মে চিত্তের একাগ্রতা নিবন্ধন) ব্রহ্ম এব (ব্রহ্মই) গস্তব্যম্ (লভ্য হয়) ॥২৪॥

অপরে (অপর) যোগিনঃ (কর্মযোগিগণ) দৈবম্ যজ্ঞং এব (ইন্দ্রাদি-দেবোদ্দেশ্যক যজ্ঞেরই) পর্য্যুপাসতে (উপাসনা করেন), অপরে (জ্ঞানযোগিগণ) ব্রহ্মাগ্নৌ (তৎপদার্থ পরমাত্মরূপ অগ্নিতে) যজ্ঞং (হবিঃ স্থানীয় ত্বংপদার্থ জীবাত্মাকে) যজ্ঞেন এব (প্রণবরূপ মন্ত্র দ্বারাই) উপ-জুহ্বতি (আহুতি প্রদান করেন) ॥২৫॥

অন্তে (নৈষ্ঠিক ব্রহ্মচারিগণ) সংযমাগ্নিযু (ইন্দ্রিয়সংযমরূপ অগ্নিতে অর্থাৎ সংযত মনে) শ্রোত্রাদীনি (শ্রোত্র চক্ষুরাদি) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয় সকলকে) জুহুবতি (হোম করেন), অন্তে (অপর ব্রহ্মচারিগণ)

যজ্ঞের মূল তত্ত্ব বলিতেছেন—স্রুক্স্রুবাদি, অর্প্যমাণ ঘৃতাদি, হোমীয় অগ্নি, আহুতি প্রদানকারী ব্রাহ্মণ এবং হোমক্রিয়া বা তৎফল এই সমস্তই ব্রহ্মস্বরূপ হইয়া থাকে। এইরূপ বিচারযুক্ত পুরুষের ব্রহ্মাত্মক কর্ম্মে চিত্তের একাগ্রতা নিবন্ধন তিনি ব্রহ্মকেই লাভ করিয়া থাকেন॥২৪॥

অপর কর্মযোগিগণ ইন্দ্র বরুণাদি দেবগণের পূজারূপ দৈবযজ্ঞের অনুষ্ঠান করেন। অন্য জ্ঞানযোগিগণ তৎপদার্থ পরমাত্মরূপ অগ্নিতে হবিঃ স্থানীয় ত্বংপদার্থ জীবাত্মাকে প্রণবরূপ মন্ত্র দ্বারাই হোম করেন॥২৫॥

সর্বাণীন্দ্রিয়কর্মাণি প্রাণকর্মাণি চাপরে। আত্মসংযমযোগাগ্নৌ জুহুবতি জ্ঞানদীপিতে ॥২৭॥ দ্রব্যযজ্ঞান্তপোযজ্ঞা যোগযজ্ঞান্তথাপরে। স্বাধ্যায়জ্ঞানযজ্ঞান্চ যতয়ঃ সংশিতব্রতাঃ ॥২৮॥

ইন্দ্রিয়াগ্নিষু (ইন্দ্রিয়রূপ অগ্নিতে) শব্দাদীন্ (শব্দাদি) বিষয়ান্ (বিষয় সমূহকে) জুহ্বতি (হোন করেন) ॥২৬॥

অপরে (শুদ্ধতংপদার্থবিজ্ঞগণ) জ্ঞানদীপিতে (জ্ঞানদ্বারা প্রদীপ্ত) আত্মসংযমযোগাগ্নৌ (ত্বং পদার্থের শুদ্ধিরূপ অগ্নিতে) সর্ব্বাণি (সমস্ত) ইন্দ্রিয়কর্মাণি (ইন্দ্রিয় ও তাহাদের কর্ম শ্রবণ দর্শনাদি) প্রাণকর্মাণি চ (এবং দশপ্রাণ ও তাহাদের কার্য্য) জুহ্বতি (হোম করিয়া থাকেন) ॥২৭॥

[কেচিৎ] (কেহ কেহ) দ্রব্যযজ্ঞাঃ (দ্রব্যদানরূপ যজ্ঞ করেন) [কেচিৎ] (কেহ কেহ) তপোযজ্ঞাঃ (কৃছ্ড চান্দ্রায়ণাদিরূপ যজ্ঞ করেন) তথা অপরে (এবং অপর কেহ কেহ) যোগযজ্ঞাঃ (অষ্ট্রাঙ্গ যোগরূপ যজ্ঞ করেন) [কেচন] (আবার কেহ কেহ) স্বাধ্যায়-জ্ঞান-যজ্ঞাশ্চ (বা বেদপাঠ ও বেদার্থজ্ঞানরূপ যজ্ঞকারী) [এতে সর্ক্ষে] (ইহারা সকলেই) যতয়ঃ (যত্নশীল) সংশিতব্রতাঃ (ও তীক্ষ্ণব্রতকারী) ॥২৮॥

অপর নৈষ্ঠিক ব্রহ্মচারিগণ মনঃ সংযমরূপ অগ্নিতে শ্রোত্রাদি ইন্দ্রিয় সকলকে হোম করেন। স্বধর্মপরায়ণ গৃহিসকল শব্দাদি বিষয়সমূহকে ইন্দ্রিয়রূপ অগ্নিতে হোম করেন॥২৬॥

প্রত্যগাত্মার অনুসন্ধানকারী কৈবল্যবাদী পাতঞ্জলাদি যোগি-সকল জ্ঞান দ্বারা প্রদীপ্ত ত্বংপদার্থের শুদ্ধিরূপ অগ্নিতে সমস্ত ইন্দ্রিয়গণ ও তাহাদের কর্ম শ্রবণ দর্শনাদি এবং দশপ্রাণ ও তাহাদের কার্য্য সমুদয়ই হোম করিয়া থাকেন ॥২৭॥

কেহ কেহ দ্রব্যদানরূপ যজ্ঞশীল, কেহ কেহ কৃচ্ছু চান্দ্রায়ণাদি-রূপ যজ্ঞশীল, কেহ কেহ অষ্ট্রাঙ্গযোগরূপ যজ্ঞশীল এবং অপর অপানে জুহ্বতি প্রাণং প্রাণেহপানং তথাপরে। প্রাণাপানগতী রুদ্ধা প্রাণায়ামপরায়ণাঃ। অপরে নিয়তাহারাঃ প্রাণান্ প্রাণেষু জুহ্বতি ॥২৯॥ সর্ব্বেহপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িতকল্মবাঃ। যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥৩০॥

অপরে (অপর কেহ) অপানে (অধোরতি বায়ুতে) প্রাণং (উদ্ধর্তি বায়ুকে) জুহ্বতি (পূরককালে একীভূত করেন) তথা (সেইরূপ) প্রাণে অপানং (রেচককালে অপান বায়ুকে প্রাণ বায়ুতে) জুহ্বতি (হোম করেন); প্রাণাপানগতী (কুম্ভককালে প্রাণ ও অপানের গতিকে) রুদ্ধা (নিরোধ পূর্বক) প্রাণায়ামপরায়ণাঃ (প্রাণায়াম পরায়ণ) [ভবম্ভি] (হইয়া থাকেন)। অপরে (অপর ইন্দ্রিয়-জয়কামিগণ) নিয়তাহারাঃ (আহার সংকোচ পূর্বকে) প্রাণেয়ু (প্রাণ বায়ুতে) প্রাণান্ (ইন্দ্রিয় সকলকে) জুহ্বতি (হোম করেন)॥২৯॥

এতে সর্ব্বে অপি (ইহারা সকলেই) যজ্ঞবিদঃ (যজ্ঞতত্ত্ববিৎ) যজ্ঞক্ষয়িত-কল্মষাঃ (যজ্ঞের দ্বারা ক্ষীণপাপ) যজ্ঞশিষ্টামৃতভূজঃ (যজ্ঞাবশিষ্ট অমৃত অর্থাৎ ভোগ, ঐশ্বর্য্য ও সিদ্ধি প্রভৃতি ভোগ করেন); সনাতনম্ (এবং জ্ঞান দ্বারা সনাতন) ব্রহ্ম (ব্রহ্মকেই) যান্তি (লাভ করেন) ॥৩০॥

কেহ বা বেদপাঠ ও বেদার্থ জ্ঞানরূপ যজ্ঞকারী । ইহারা সকলেই যত্নশীল ও তীক্ষবতকারী ॥২৮॥

অপর কেহ কেহ অধোবৃত্তি বায়ুতে উদ্ধবৃত্তি বায়ুকে পূরককালে একীভূত করেন, সেইরূপ রেচককালে অপান বায়ুকে প্রাণবায়ুতে হোম করেন; এবং কুম্ভককালে প্রাণ ও অপানের গতি নিরোধ পূর্বক প্রাণায়াম পরায়ণ হইয়া থাকেন। অপর ইন্দ্রিয় জয়কামিগণ আহার সঙ্কোচ অভ্যাস করিয়া প্রাণবায়ুতে ইন্দ্রিয় সকলকে হোম করেন॥২৯॥ নায়ং লোকোহস্ত্যযজ্ঞস্য কুতোহন্যঃ কুরুসন্তম ॥৩১॥ এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে। কর্মজান্ বিদ্ধি তান্ সর্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥৩২॥ শ্রেয়ান্ দ্রব্যময়াদ্যজ্ঞাজ্জানযজ্ঞঃ পরস্তপ। সর্বাং কর্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥৩৩॥

[হে] কুরুসন্তম (হে কুরুশ্রেষ্ঠ অর্জ্জুন!) অযজ্ঞস্য (যজ্ঞরহিত ব্যক্তির) অয়ং লোকঃ [অপি] (এই অল্পস্থখবিশিষ্ট মনুষ্যলোকও) ন অস্তি (নাই) অস্তঃ [লোকঃ] (অপর স্বর্গলোক) কুতঃ [প্রাপ্তব্যঃ] (কিরূপে প্রাপ্তি সম্ভব হইবে?) ॥৩১॥

বন্ধণঃ মুখে (বেদরূপ মুখে) এবং (এই প্রকার) বছবিধাঃ (বছবিধ) যজ্ঞাঃ (যজ্ঞ) বিততাঃ (স্পষ্ট উক্ত হইয়াছে), [ত্বং] (তুমি) তান্ সর্ব্বান্ (সেই সকল যজ্ঞকেই) কর্মজান্ (বাক্য-মন-কায় কর্মজনিত বলিয়া) বিদ্ধি (জানিবে), এবং (এইরূপ) জ্ঞাত্বা (জানিয়া) বিমোক্ষ্যসে (কর্ম-বন্ধন হইতে মুক্তি লাভ করিবে)॥৩২॥

ইহারা সকলেই যজ্ঞতত্ত্ববেত্তা, যজ্ঞের দ্বারা ক্ষীণ পাপ হইয়া যজ্ঞাবশিষ্ট অমৃত অর্থাৎ ভোগ, ঐশ্বর্য্য ও সিদ্ধি প্রভৃতি ভোগ করতঃ অবশেষে পূর্ব্বোক্ত সনাতন ব্রহ্মকেই লাভ করেন॥৩০॥

হে কুরুশ্রেষ্ঠ অর্জ্জুন! যজ্ঞানুষ্ঠানবিহীন ব্যক্তির পক্ষে ইহলোক প্রাপ্তিই সম্ভব হয় না, তখন ইহাদের পরলোক প্রাপ্তি কিরূপে সম্ভব হইবে? ॥৩১॥

এই সমস্ত প্রকার যজ্ঞই বেদোক্ত বা বেদানুগত শাস্ত্রোক্ত; ইহারা সকলেই বাক্য-মন-কায়-কর্ম-জনিত, অতএব কর্মজ। এইরূপে কর্মতত্ত্ব বিচার করিতে পারিলে কর্মবন্ধন হইতে মুক্তিলাভ করিতে পারিবে ॥৩২॥

তিৰিদ্ধি প্ৰণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥৩৪॥ যজ্জ্ঞাত্বা ন পুনর্মোহমেবং যাস্থাসি পাণ্ডব। যেন ভূতান্তশেষাণি ক্রক্ষ্যস্থাত্মন্তথো ময়ি॥৩৫॥

[হে] পরস্তপ পার্থ (হে শক্রতাপন অর্জ্জুন!) [তেষু অপি] (সেই যজ্ঞগুলির মধ্যেও) দ্রব্যময়াৎ (ব্রহ্মার্পণং ব্রহ্ম হবিঃ ইত্যাদিরূপ দ্রব্যময়) যজ্ঞাৎ (যজ্ঞ হইতে) জ্ঞানযজ্ঞঃ (ব্রহ্মাগ্গাবপরে ইত্যাদি শ্লোকোক্ত জ্ঞানযজ্ঞ) শ্রেয়ান্ (শ্রেষ্ঠ)। [যতঃ] (যেহেতু) জ্ঞানে [সতি] (জ্ঞানের উদয় হইলে) সর্বাং কর্মা (সমুদয় কর্মা) অথিলং [সৎ] (অব্যর্থ হইয়া) পরিসমাপ্যতে (সমাপ্ত হয় অর্থাৎ জ্ঞানের অনন্তর কর্মা থাকে না)॥৩৩॥

প্রণিপাতেন (তত্ত্বদর্শী গুরুকে দণ্ডবৎ নমস্কার), পরিপ্রশ্নেন (সঙ্গত প্রশ্ন), সেবয়া (ও অকপট পরিচর্য্যা দ্বারা) তৎ (পূর্কোক্ত সেই জ্ঞানের কথা) বিদ্ধি (জানিতে হইবে); জ্ঞানিনঃ (শাস্ত্রজ্ঞানী) তত্ত্বদর্শিনঃ (পরব্রহ্ম বিষয়ে অপরোক্ষানুভূতি সম্পন্ন মহাত্মগণ) তে (তোমাকে) জ্ঞানং
(জ্ঞান) উপদেক্ষান্তি (উপদেশ করিবেন) ॥৩৪॥

হে শক্রতাপন অর্জ্জুন! সেই সমস্ত যজ্ঞগুলির মধ্যেও 'ব্রহ্মার্পণং ব্রহ্ম হবিঃ' ইত্যাদিরপ দ্রব্যময় যজ্ঞ হইতে 'ব্রহ্মাগ্নাবপরে' ইত্যাদি শ্লোকোক্ত জ্ঞানযজ্ঞ অত্যন্ত শ্রেষ্ঠ। যেহেতু সমস্ত কর্মই জ্ঞানে পরিসমাপ্তি লাভ করে॥৩৩॥

তুমি তত্ত্বদর্শী গুরুকে সাষ্টাঙ্গ প্রণিপাত, সঙ্গত প্রশ্ন ও অকৃত্রিম সেবা করতঃ সস্তুষ্ট করিয়া পূর্ব্বোক্ত সেই জ্ঞানের কথা জানিতে পারিবে। শাস্ত্রজ্ঞানে স্থনিপুণ ও পরব্রহ্ম বিষয়ে সাক্ষাৎ অনুভূতি সম্পন্ন মহাপুরুষগণ তোমাকে তত্ত্বজ্ঞান উপদেশ করিবেন॥৩৪॥ অপি চেদসি পাপেভ্যঃ সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ। সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সম্ভরিশ্বসি ॥৩৬॥ যথৈথাংসি সমিদ্ধোহগ্নিভস্মসাৎ কুরুতেহর্জ্জুন। জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্মাণি ভস্মসাৎ কুরুতে তথা॥ ৩৭॥

[হ] পাণ্ডব (হে পাণ্ডব!) যং [জ্ঞানং] (আত্মা দেহাদি হইতে ভিন্ন এইরূপ যে জ্ঞান) জ্ঞাত্মা (লাভ করিয়া) পুনঃ (পুনরায়) এবং (এইরূপ) মোহম (মোহ) ন যাস্থাসি (প্রাপ্ত হইবে না), যেন [মোহবিগমেন] (নিত্যসিদ্ধ আত্মজ্ঞান লাভে মোহ নষ্ট হইলে) অশেষাণি ভূতানি (মনুষ্য তির্য্যক্ প্রভৃতি ভূত সমুদ্য়) আত্মনি (জীবাত্মায়) [উপাধিত্বেন] (উপাধিরূপে অবস্থিত) [পৃথক্] দ্রক্ষ্যসি (পৃথক্ দর্শন করিবে), অথো (অনস্তর) ময়ি (আমাতে) [কার্য্যত্বেন স্থিতানি] (কার্য্যরূপে অবস্থিত) [দ্রক্ষ্যসি] (দর্শন করিবে) ॥৩৫॥

চেং (যদি) সর্ব্বেভ্যঃ অপি পাপেভ্যঃ (সমস্ত পাপী হইতেও) পাপকৃত্তমঃ (অধিক পাপিষ্ঠ) অসি (হও), [তথাপি] সর্ব্বং (সমস্ত) বৃজিনং (পাপ ও তুঃখ) জ্ঞানপ্লবেন এব (জ্ঞানরূপ ভেলা দ্বারা) সম্ভরিশ্বসি (সমুত্তীর্ণ হইবে) ॥৩৬॥

হে পাণ্ডব! গুরূপদিষ্ট সেই তত্ত্বজ্ঞান লাভ করিলে আর তোমাকে এরূপ মোহ আশ্রয় করিবে না। সেই তত্ত্বজ্ঞান দ্বারা তুমি জানিতে পারিবে যে, মনুষ্য তির্য্যগাদি ভূতসকল এক জীবাত্মারূপ তত্ত্বে অবস্থিত; উপাধি দ্বারা তাহাদের জড়ীয় তারতম্য ঘটিয়াছে এবং এ সমুদ্য়ই পরম কারণরূপ আমাতে কার্য্যরূপে অবস্থিতি করে ॥৩৫॥

যদিও তুমি অত্যন্ত পাপ আচরণ করিয়া থাক, তাহা হইলেও জ্ঞানপোতে আরোহণ পূর্বক সমস্ত তুঃখ সমুদ্র পার হইয়া যাইবে ॥৩৬॥ ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিহুতে।
তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি ॥৩৮॥
শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লক্কা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি ॥৩৯॥

[হে] অর্জ্বন (হে অর্জ্বন!) যথা (যেরূপ) সমিদ্ধঃ (সম্যুক্রূপে প্রজ্বলিত) অগ্নিঃ (অগ্নি) এধাংসি (কাষ্ঠ সমূহকে) ভস্মসাৎ (ভস্মসাৎ) কুরুতে (করে), তথা (সেইরূপ) জ্ঞানাগ্নিঃ (জ্ঞানরূপ অগ্নি) সর্ব্বকর্মাণি বের্ত্তমান দেহারম্ভক প্রারব্ধ ভিন্ন সমুদ্য় কর্মকে) ভস্মসাৎ (ভস্মসাৎ) কুরুতে (করে) ॥৩৭॥

ইহ (তপস্থাদির মধ্যে) জ্ঞানেন সদৃশং (জ্ঞানের তুল্য) পবিত্রম্ (পবিত্র) [কিমপি] ন হি বিদ্যুতে (আর কিছুই নাই) তৎ (সেই জ্ঞান) যোগসংসিদ্ধঃ (নিষ্কাম কর্ম্মযোগে সম্যক্ সিদ্ধ ব্যক্তি) কালেন (বহু-কাল পরে) আত্মনি (আত্মাতে) স্বয়ং (স্বয়ং প্রাপ্তরূপ) বিন্দতি (লাভ করেন) ॥৩৮॥

শ্রদ্ধাবান্ (নিষ্কাম কর্মানুষ্ঠান দ্বারা অস্তঃকরণ শুদ্ধি হইলেই জ্ঞান হয়, এই শাস্ত্রীয় অর্থে আস্তিক্য বুদ্ধিমান), তৎপরঃ (নিষ্কাম কর্মানুষ্ঠানরত)

প্রবলরূপে জ্বলিত অগ্নি যেমত কাষ্ঠাদিকে ভস্মসাৎ করে, হে অর্জ্জুন! জ্ঞানাগ্নিও সেইরূপ সমস্ত কর্ম্মকে দগ্ধ করিয়া থাকে ॥৩৭॥

পূর্ব্বোক্ত তপস্থাদির মধ্যে জ্ঞানের সমান পবিত্র পদার্থ আর কিছুই নাই । নিষ্কাম কর্মযোগের সাধনায় স্থসিদ্ধ মানব দীর্ঘকাল পরে সেই জ্ঞান স্বীয় আত্মাতে স্বয়ং প্রাপ্তরূপে লাভ করিয়া থাকেন ॥৩৮॥

নিষ্কাম কর্মানুষ্ঠান দ্বারা অস্তঃকরণ শুদ্ধ হইলে পর জ্ঞান হয়। এই শাস্ত্র তাৎপর্য্যে আস্তিক্য বুদ্ধিমান্, শ্রদ্ধা-সহকারে

অজ্ঞশ্চাশ্রদ্ধানশ্চ সংশয়াত্মা বিনশ্যতি। নায়ং লোকোহস্তি ন পরো ন স্থুখং সংশয়াত্মনঃ ॥৪০॥ যোগসংখ্যস্তকর্মাণং জ্ঞানসংচ্ছিন্নসংশয়ম্। আত্মবস্তং ন কর্মাণি নিবগ্গন্তি ধনঞ্জয় ॥৪১॥

সংযতেন্দ্রিয়ঃ (এবং জিতেন্দ্রিয় ব্যক্তি) জ্ঞানং (জ্ঞান) লভতে (লাভ করেন)। জ্ঞানং (জ্ঞান) লব্ধা (লাভ করিয়া) অচিরেণ (অতিশীঘ্র) পরাং শান্তিম (সংসার ক্ষয়রূপ পরাশান্তি) অধিগচ্ছতি (লাভ করেন) ॥৩৯॥

অজ্ঞঃ (পশ্বাদিবৎমূঢ়) অশ্রদ্ধানঃ (শাস্ত্রজ্ঞান থাকিলেও নানামত-বাদদৃষ্টে অবিশ্বস্ত) সংশয়াত্মা চ (এবং শ্রদ্ধা থাকিলেও আমার এই বিষয় সিদ্ধি হইবে কিনা এইরূপ সন্দেহাকুলচিত্ত ব্যক্তি) বিনশ্বতি (বিনষ্ট হয় অর্থাৎ কল্যাণ হইতে বিচ্যুত হয়)। সংশয়াত্মনঃ (সংশয়িতচিত্ত মানবের) অয়ং লোকঃ (এই মনুস্ব্যলোক) ন [অস্তি] (নাই) ন চ পরঃ (পরলোকও নাই) ন চ স্কুখং অস্তি (বৈষয়িক স্কুখও নাই) ॥৪০॥

[হে] ধনঞ্জয় (হে ধনঞ্জয়!) যোগসংশুস্তকর্ম্মাণং (নিষ্কাম কর্মযোগের অনস্তরই যিনি সন্ন্যাস বিধিতে কর্মত্যাগ করিয়াছেন), জ্ঞানসংচ্ছিন্ন-সংশয়ম্ (তদনস্তর জ্ঞানাভ্যাস দ্বারা সংশয় নাশ করিয়াছেন) আত্মবস্তং

নিষ্কাম-কর্মযোগ অনুষ্ঠানরত এবং জিতেন্দ্রিয় ব্যক্তিই সেই জ্ঞান লাভ করেন। তিনি এই জ্ঞান লাভ করিয়া শীঘ্রই সংসারক্ষয়রূপ পরাশাস্তি লাভ করিয়া থাকেন॥৩৯॥

শাস্ত্রজ্ঞানহীন পশ্বাদির মত মূঢ়, শাস্ত্রজ্ঞান থাকিলেও নানা মতবাদ দেখিয়া শাস্ত্রার্থে বিশ্বাসশূভ, এবং শ্রদ্ধা থাকিলেও 'আমার এই বিষয় সিদ্ধ হইবে কিনা' এইরূপ সন্দেহাক্রান্ত মতি মানব কখনও মঙ্গললাভ করিতে পারে না। সংশয়াত্মার ইহলোকে বা পরলোকে কোথাও স্থখ লাভ হয় না, কারণ সংশয়রূপ তুঃখই তাহার শান্তি নাশ করে ॥৪০॥

তস্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ। ছিব্রৈনং সংশয়ং যোগমাতিগ্রেতিষ্ঠ ভারত ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমন্তুগবদগীতাম্থপনিষৎস্ক বন্ধবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে জ্ঞানযোগো নাম চতুর্থোহধ্যায়ঃ ॥৪॥

(এবং আত্মস্বরূপ উপলব্ধি করিয়াছেন) কর্মাণি (কর্মসমূহ) [তম্] (তাঁহাকে) ন নিবশ্বন্তি (বন্ধ করিতে পারে না) ॥৪১॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) তম্মাৎ (অতএব) আত্মনঃ (তোমার)
অজ্ঞানসভূতং (অজ্ঞান হইতে উদ্ভূত) হৃৎস্থং (হৃদয়স্থিত) এনং (এই)
সংশয়ং (সংশয়কে) জ্ঞানাসিনা (জ্ঞানরূপ খড়া দ্বারা) ছিত্বা (ছেদন
করিয়া) যোগম্ (নিষ্কাম কর্মযোগ) আতিষ্ঠ (আশ্রয় কর) উত্তিষ্ঠ [চ]
(এবং [যুদ্ধার্থ] উত্থিত হও) ॥৪২॥

ইতি চতুর্থ অধ্যায়ের অশ্বয় সমাপ্ত॥

হে ধনঞ্জয়! যিনি নিষ্কাম কর্মযোগের দ্বারা কর্ম সন্ন্যাস করেন, তারপর জ্ঞানাভ্যাস দ্বারা সংশয় সমূহ নাশ করেন এবং আত্মার চিন্ময়স্বরূপ অবগত হন, তাঁহাকে কোন কর্মই আবদ্ধ করিতে পারে না ॥৪১॥

হে ভারত! অতএব তোমার অজ্ঞান সম্ভূত হৃদয়স্থিত এই সংশয়কে জ্ঞানখড়া দ্বারা ছেদন কর, এবং নিষ্কাম কর্মযোগ আশ্রয় পূর্ব্বক (যুদ্ধার্থ) উত্থিত হও ॥৪২॥

ইতি চতুর্থ অধ্যায়ের বঙ্গান্ত্বাদ সমাপ্ত॥



পঞ্চমোহধ্যায়ঃ

কর্মসন্যাসযোগ

অর্জ্জুন উবাচ— সন্ম্যাসং কর্ম্মণাং কৃষ্ণ পুনর্যোগঞ্চ শংসসি। যচ্ছেয় এতয়োরেকং তন্মে ত্রহি স্থনিশ্চিতম্॥১॥

শ্রীভগবানুবাচ—

সন্ম্যাসঃ কর্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ। তয়োস্ত কর্মসন্ম্যাসাৎ কর্মযোগো বিশিশ্বতে ॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) [হে] কৃষ্ণ (হে কৃষ্ণ!) [ত্বং] (তুমি) কর্মণাং (কর্মসমূহের) সন্ন্যাসং (ত্যাগ, উপদেশ করিয়া) পুনঃ (পুনরায়) যোগং চ (নিষ্কাম কর্মযোগও) শংসসি (বলিতেছ); এতয়োঃ (এই তুইটীর মধ্যে) যং (যাহা) মে (আমার পক্ষে) শ্রেয়ঃ (মঙ্গলকর) তং (সেই) একং (একটী) স্থনিশ্চিতম্ (নিশ্চয় করিয়া) ক্রহি (বল) ॥১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) সন্ন্যাসঃ কর্মযোগঃ চ (সন্ন্যাস এবং কর্মযোগ) উভৌ (উভয়ই) নিঃশ্রেয়সকরো (পরম কল্যাণকর) তু (কিন্তু) তয়োঃ (এই উভয়ের মধ্যে) কর্মসন্ন্যাসাৎ (কর্মত্যাগ অপেক্ষা) কর্মযোগঃ (নিষ্কাম কর্মযোগই) বিশিষ্যতে (অধিকতর প্রশংসনীয়) ॥২॥

অর্জ্জুন কহিলেন—হে কৃষ্ণ! তুমি কর্ম্ম সকলের পরিত্যাগ উপদেশ করিয়া আবার নিষ্কাম কর্মযোগও উপদেশ করিতেছ; স্থতরাং এই তুইটীর মধ্যে যেটী আমার পক্ষে মঙ্গলপ্রদ সেই একটীই নিশ্চয় করিয়া আমাকে বল ॥১॥

শ্রীভগবান্ কহিলেন—সন্ন্যাস ও কর্মযোগ উভয়ই পরম মঙ্গলপ্রদ তথাপি এই উভয়ের মধ্যে কর্মত্যাগ অপেক্ষা নিষ্কাম কর্মযোগই শ্রেষ্ঠ বলিয়া জানিবে ॥২॥ জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাজ্ঞ্বতি। নির্দ্ধন্দ্বো হি মহাবাহো স্থখং বন্ধাৎ প্রমুচ্যতে ॥৩॥ সাংখ্যযোগৌ পৃথশ্বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ। একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্বিন্দতে ফলম্ ॥৪॥

[হে] মহাবাহো (হে মহাবীর!) যঃ (যিনি) ন দ্বেষ্টি (কর্মফলের প্রতিদ্বেষ করেন না) ন কাজ্ফতি (আকাজ্ফাও করেন না) সঃ (তিনি) নিত্যসন্ন্যাসী (নিত্য অর্থাৎ কর্মান্ত্রষ্ঠানকালেও সন্ন্যাসী) জ্ঞেয়ঃ (জানিবে)। হি (যেহেতু) নির্দ্বন্ধঃ (দ্বন্ধ-রহিত সেই পুরুষই) বন্ধাৎ (সংসার বন্ধন হইতে) স্কুখং (অনায়াসে) প্রমুচ্যতে (মুক্ত হন)॥৩॥

বালাঃ (বালকবৎ অজ্ঞগণ) সাংখ্যযোগৌ (সন্ন্যাস এবং কর্মযোগকে)
পৃথক্ (পৃথক্) প্রবদম্ভি (বলিয়া থাকে), তু (কিন্তু) পণ্ডিতাঃ (পণ্ডিত-গণ) ন [বদম্ভি] (তাহা বলেন না)। একম্ অপি (একটীও) সম্যক্
আন্থিতঃ (উত্তম রূপে আচরণকারী ব্যক্তি) উভয়োঃ (সেই উভয়েরই)
ফলম্ (ফল) বিন্দতে (লাভ করেন)॥৪॥

হে মহাবীর অর্জ্জুন! যিনি রাগ দ্বেষাদি দ্বন্দ্ব শৃশু এবং কর্মা-ফলের প্রতি দ্বেষ বা আকাঙ্কা করেন না, তিনি কর্মান্তুষ্ঠান কালেও সন্ন্যাসী জানিবে। যেহেতু তিনিই পরমস্থখে কর্মবন্ধন সংসার হইতে মুক্তিলাভ করেন॥৩॥

বালকের মত মূঢ় মীমাংসকগণই সাংখ্যযোগ ও কর্ম-যোগকে পৃথক্ পৃথক্ পদ্ধতি বলিয়া প্রকাশ করে, কিন্তু পশুতগণ সেরূপ বলেন না। এই সাংখ্যযোগ বা কর্মযোগ মধ্যে যে কোন একটী স্কুষ্ঠুরূপে আচরণ করিলেই উভয়ের ফল লাভ করিবে॥৪॥ যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি ॥৫॥
সন্ন্যাসস্ত মহাবাহো ছঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্বন্ধ ন চিরেণাধিগচ্ছতি ॥৬॥
যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্বন্নপি ন লিপ্যতে ॥৭॥

সাংখ্যৈঃ (সন্ন্যাস দ্বারা) যৎস্থানং (যেস্থান) প্রাপ্যতে (লাভ হয়), যোগৈঃ অপি (নিষ্কাম কর্ম্মযোগ দ্বারাও) তৎ [স্থানং] (সেই স্থানেই) গম্যতে (গতি হয়)। সাংখ্যং যোগং চ (সন্ন্যাস ও কর্মযোগকে) যঃ (যিনি) [বিবেকেন] (বিচারপূর্ব্বক) একং পশ্যতি (এক বলিয়া জানিতে পারেন) সঃ পশ্যতি (তিনিই তত্ত্বদশী) ॥৫॥

[হে] মহাবাহো (হে বীর শ্রেষ্ঠ!) অযোগতঃ (নিষ্কাম কর্ম্মযোগ ব্যতিরেকে) সন্ন্যাসঃ (সন্ন্যাস) তুঃখম্ আপ্তুম্ (তুঃখ প্রাপ্তির কারণ) [ভবতি] (হয়) তু (কিন্তু) যোগযুক্তঃ (নিষ্কামকর্মান্তুষ্ঠানকারী) মুনিঃ [সন্](জ্ঞানী হইয়া)ন চিরেণ (শীঘ্রই) ব্রহ্ম (ব্রহ্মকে) অধিগচ্ছতি (লাভ করিতে পারেন)॥৬॥

সন্ম্যাস আচরণ দ্বারা যে স্থান লাভ করা যায়, নিষ্কাম কর্মযোগ দ্বারাও সেই স্থানেই গতি হইয়া থাকে। যিনি সাংখ্য যোগ ও কর্মযোগকে বিচার পূর্ব্বক এক বলিয়া জানেন, তিনিই তাহাদের যথার্থ তত্ত্ব জানেন॥৫॥

হে মহাবীর! নিষ্কাম কর্মযোগ ব্যতিরেকে কেবল কর্ম-ত্যাগরূপ সন্যাস ছুঃখেরই কারণ হইয়া থাকে, নিষ্কাম কর্মানুষ্ঠানকারী জ্ঞানী হইয়া শীঘ্রই ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকেন ॥৬॥ নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্মেত তত্ত্ববিৎ। পশ্যন্ শৃধন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্মন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্॥৮॥ প্রলপন্ বিস্তজন্ গৃহুন্নুশ্মিষন্নিমিষন্নপি। ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তম্ভ ইতি ধারয়ন্॥৯॥

যোগযুক্তঃ (পূর্ব্বোক্ত যোগযুক্ত) বিশুদ্ধাত্মা (বিজিতবুদ্ধি) বিজিতাত্মা (বিশুদ্ধচিত্ত) জিতেন্দ্রিয়ঃ (ও জিতেন্দ্রিয় এই ত্রিবিধ জ্ঞানী গৃহস্থ) সর্ব্বভূতাত্মভূতাত্মা [সন্] (সর্ব্বভূতের প্রেমাস্পদীভূতদেহ হইয়া) কুর্ব্বন্ অপি (কর্মাচরণ করিয়াও) ন লিপ্যতে (তাহাতে লিপ্ত হন না) ॥৭॥

তত্ত্ববিং (তত্ত্বজ্ঞ) যুক্তঃ (কর্মযোগী) পশ্যন্ (দর্শন) শৃধন্ (শ্রবণ) স্পৃশন্ (স্পর্শ) জিঘন্ (ঘাণ) অগ্নন্ (ভোজন) গচ্ছন্ (গমন) স্বপন্ (শয়ন) শ্বসন্ (নিশ্বাস গ্রহণ) প্রলপন্ (কথন) বিস্ফল্ন (মূত্র পুরীষ ত্যাগ) গৃহন্ (গ্রহণ) উদ্মিষন্ (উদ্মীলন) নিমিষন্ অপি (ও নিমীলন প্রভৃতি কার্য্য করিয়াও) ইন্দ্রিয়াণি (চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়গণই) ইন্দ্রিয়ার্থেষু (স্ব স্ব রূপাদি বিষয়ে) বর্ত্তম্ভে (প্রবর্ত্তিত আছে), ইতি (ইহা) ধারয়ন্ (নিশ্চয় করিয়া) [অহম্] (আমি) কিঞ্চিং এব (কিছুই) ন করোমি (করি না) ইতি (এইরূপ) মন্তেত (মনে করেন) ॥৮-৯॥

পূর্ব্বোক্ত যোগযুক্ত জ্ঞানী গৃহস্থ তিন প্রকার — বিশুদ্ধবুদ্ধি, বিজিত-চিত্ত ও জিতেন্দ্রিয় । ইহাদের সাধন তারতম্যে পূর্ব্ব পূর্ব্বের উৎকর্ষত্ব জানিবে । ইহারা সকলেই সর্ব্বজীবের অনুরাগ ভাজন হইয়া থাকেন । তাহারা সমস্ত কর্মাচরণ করিয়াও তাহাতে লিপ্ত হন না ॥৭॥

পূর্ব্বোক্ত তত্ত্বজ্ঞ কর্মযোগী দর্শন, শ্রবণ, স্পর্শ, ঘ্রাণ, ভোজন, গমন, নিদ্রা, নিশ্বাস গ্রহণ, কথন, মূত্র-পুরীষ ত্যাগ, গ্রহণ, উন্মীলন ও নিমীলন প্রভৃতি কার্য্য করিয়াও 'আমার চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়গণই তাহাদের নিজ নিজ বিষয় রূপাদিতে

ব্হন্ধণ্যাধায় কর্মাণি সঙ্গং ত্যক্কা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবান্ডসা ॥১০॥
কায়েন মনসা বুদ্ধা কেবলৈরিন্দ্রিয়েরপি।
যোগিনঃ কর্ম কুর্বস্তি সঙ্গং ত্যক্কাত্মশুদ্ধয়ে ॥১১॥
যুক্তঃ কর্মফলং ত্যক্কা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্।
অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে ॥১২॥

যঃ (যিনি) ব্রহ্মণি (পরমেশ্বরে) কর্মাণি (কর্ম্ম সমুদয়) আধায় (সমর্পণ করিয়া) সঙ্গং (আসক্তি) ত্যক্ষা (ত্যাগ পূর্ব্ধক) করোতি (কর্ম করেন), সঃ (তিনি) অন্তসা (জলের দ্বারা) পদ্মপত্রম্ ইব (পদ্ম পত্রের মত) পাপেন (পাপ-পুণ্যের দ্বারা) ন লিপ্যতে (লিপ্ত হন না) ॥১০॥

যোগিনঃ (কর্মযোগিগণ) আত্মশুদ্ধয়ে (মনঃ শুদ্ধির জন্ম) সঙ্গং (কর্মফলে আসজি) ত্যক্তা (ত্যাগ করতঃ) কায়েন (শরীর), মনসা (মন) বুদ্ধাা (বুদ্ধি) কেবলৈঃ অপি ইন্দ্রিয়ঃ (ও মনঃ সংযোগ রহিত কেবল ইন্দ্রিয়গণ দ্বারা) কর্ম্ম কুর্ব্বস্তি (কর্ম্ম করিয়া থাকেন) ॥১১॥

যুক্তঃ (নিষ্কাম কর্মযোগী) কর্মফলং (কর্মফল) ত্যক্বা (ত্যাগ করিয়া) নৈষ্ঠিকীম্ (নিষ্ঠাপ্রাপ্ত) শান্তিম্ (শান্তি অর্থাৎ মোক্ষ) আপ্নোতি (প্রাপ্ত প্রবর্ত্তিত আছে' ইহা ধারণা করিয়া 'আমি কিছুই করিতেছি না' এইরূপ মনে করেন ॥৮-৯॥

যিনি পরমেশ্বরে সমস্ত কর্ম্ম সমর্পণ করিয়। ফলাসক্তি পরিত্যাগ পূর্ব্বক কর্মাচরণ করেন, পদ্মপত্র যেমন জলে থাকিয়াও জলে লিপ্ত হয় না, সেইরূপ তিনিও সমস্ত কর্মাচরণ করিয়াও কর্মজনিত পাপ বা পুণ্যে লিপ্ত হন না ॥১০॥

কর্ম্মযোগিগণ চিত্তশুদ্ধির নিমিত্ত কর্ম্মফলের আসক্তি পরি-ত্যাগ পূর্ব্বক শরীর-মন-বুদ্ধি দ্বারা অথবা কখনও মনঃসংযোগ রহিত কেবল ইন্দ্রিয়গণের দ্বারা কর্ম্ম করিয়া থাকেন ॥১১॥ সর্ব্বকর্মাণি মনসা সংগ্রস্থান্তে স্থখং বশী।
নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্নকারয়ন্ ॥১৩॥
ন কর্ত্তব্বং ন কর্মাণি লোকস্থ স্বজতি প্রভুঃ।
ন কর্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে ॥১৪॥

হন), [কিন্তু] অযুক্তঃ (সকাম কর্মী) কামকারেণ (কামনা পূর্ব্বক প্রবৃত্ত হওয়ায়) ফলে (কর্মফলে) সক্তঃ [সন্] (আসক্ত হইয়া) নিবধ্যতে (বদ্ধ হন) ॥১২॥

বশী (জিতেন্দ্রিয়) দেহী (জীব) মনসা (মনের দ্বারা) সর্ব্বকর্মাণি (সমুদয় কর্ম্ম) সংশ্রস্থা (ত্যাগ করিয়া) নবদ্বারে (নবদ্বার বিশিষ্ট) পুরে (পুরবং অহং ভাব শৃশু দেহে) [কুর্ব্বন্ অপি] (কর্ম্ম করিয়াও) ন এব কুর্ব্বন্ (কর্ত্ত্ব্যাভিমান রহিত) [কারয়ন্ অপি] (অন্তের দ্বারা কর্ম্ম করাইয়াও) ন কারয়ন্ (প্রযোজকত্বাভিমান রহিত হইয়া) স্থখং (স্থথে) আস্তে (অবস্থান করেন) ॥১৩॥

প্রভূঃ (পরমেশ্বর) লোকস্থ (জীবগণের) কর্তৃত্বং (কর্তৃত্ব) ন [স্বজতি] (উৎপাদন করেন না), কর্ম্মাণি (কর্ম্ম সমূহ) ন স্বজতি (স্বস্থি করেন না), কর্ম্মফলসংযোগং (কর্মফলের সংযোগও) ন [স্বজতি] (স্বস্থি করেন না)।

নিষ্কাম কর্ম্মযোগী কর্মফলাসক্তি পরিত্যাগ পূর্ব্বক কর্ম করায় নৈষ্ঠিকী শান্তি অর্থাৎ কর্ম্ম মোক্ষ প্রাপ্ত হন । কিন্তু সকাম-কর্ম্মী ফল কামনা পূর্ব্বক কর্ম্মে প্রবৃত্ত হওয়াতে ঐ কর্মফলে আসক্ত হইয়া কর্মবন্ধন প্রাপ্ত হন ॥১২॥

জিতেন্দ্রিয়, দেহরূপপুরে অবস্থিত জীব (জীবাত্মা) মনের দ্বারা সমস্ত কর্ম পূর্কোক্ত রীতিক্রমে ত্যাগ করিয়া নবদ্বারযুক্ত দেহে বাহে সমুদয় কর্ম করিয়াও কর্তৃত্বাভিমান শূন্ম,
অন্যের দ্বারা করাইয়াও প্রযোজকত্বাভিমান রহিত হইয়া স্থথে
বাস করেন ॥১৩॥

নাদত্তে কস্তচিৎ পাপং ন চৈব স্থকৃতং বিভূঃ। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহুদ্তি জন্তবঃ ॥১৫॥ জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ। তেষামাদিত্যবজ্ঞানং প্রকাশয়তি তৎ পরম্॥১৬॥

তু (কিন্তু) স্বভাবঃ (জীবের স্বভাব অনাদি অবিদ্যাই) প্রবর্ত্ততে (কর্তৃত্বাদি-রূপে প্রবৃত্ত হইয়া থাকে) ॥১৪॥

বিভুঃ (পূর্ণকাম পরমেশ্বর) কম্মচিং (কাহারও) পাপং (পাপ) ন আদত্তে (গ্রহণ করেন না) স্ককৃতং চ ন এব (বা পুণাও গ্রহণ করেন না), অজ্ঞানেন (তদীয় অবিদ্যা শক্তি দ্বারা) জ্ঞানং (জীবের জ্ঞান) আর্তং (আর্ত) [ভবতি] (হয়) তেন (সেই জন্ম) জম্ভবঃ (জীব সমূহ) মুহস্তি (মোহিত হয়) ॥১৫॥

তু (কিন্তু) আত্মনঃ (জীব বিষয়ক) জ্ঞানেন (জ্ঞানের অর্থাৎ তদীয় বিভাশক্তির দ্বারা) যেষাং (যাহাদের) তৎ অজ্ঞানং (সেই অজ্ঞান অর্থাৎ অবিভা) নাশিতম্ (নাশ প্রাপ্ত হইয়াছে), তেষাং (সেই সকল জীবের)

পরমেশ্বর জীবগণের কোনও কর্ত্বত্ব উৎপাদন করেন না, কর্মসমূহ স্ষষ্টিও করেন না অথবা কর্মফলের সংযোগও স্জন করেন না। কিন্তু জীবের অনাদি অবিগ্যাই কর্ত্ব্বাদিরূপে প্রবৃত্ত হইয়া থাকে ॥১৪॥

পূর্ণকাম পরমেশ্বর কাহারও স্থকৃতি বা দুষ্কৃতি গ্রহণ করেন না। জীব স্বাভাবিক জ্ঞানস্বরূপ; ঈশ্বরের অবিত্যাশক্তি কর্ত্বক জীবের সেই স্বরূপ আবৃত হওয়ায় জীবগণ দেহাত্মাভিমানরূপ মোহপ্রাপ্ত হয় ॥১৫॥

জ্ঞান তুইপ্রকার—প্রাকৃত ও অপ্রাকৃত। যাহাকে প্রাকৃত বা জড়-প্রকৃতি-সম্বন্ধী জ্ঞান বলি, তাহাই জীবের অজ্ঞান বা অবিত্যা, অপ্রাকৃত জ্ঞানই বিত্যা। যে সকল জীবের অপ্রাকৃত

তদুদ্ধয়ন্তদাত্মানস্তমিষ্ঠান্তৎপরায়ণাঃ। গচ্ছস্তাপুনরাবৃত্তিং জ্ঞাননির্ধূতকক্মবাঃ॥১৭॥ বিচ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি। শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ॥১৮॥

তৎ জ্ঞানং (সেই জ্ঞান) আদিত্যবৎ (তমোনাশকারী সূর্য্যের স্থায়) পরম্ (অপ্রাকৃত স্বরূপকে) প্রকাশয়তি (প্রকাশ করে) ॥১৬॥

জ্ঞাননির্ধূতকম্মষাঃ (জ্ঞান দ্বারা পূর্ব্বে যাঁহাদের সমস্ত কল্মষ অর্থাৎ অবিদ্যা নষ্ট হইয়াছে তাঁহারা) তদ্বুদ্ধয়ঃ (পরমেশ্বর মনন পর) তদাত্মানঃ (তাঁহারই ধ্যান রত) তদ্মিষ্ঠাঃ (একমাত্র তাঁহাতেই নিষ্ঠাযুক্ত) তৎ-পরায়ণাঃ [সস্তঃ] (এবং তদীয় শ্রবণ কীর্ত্তন পর হইয়া) অপুনরাবৃত্তিং (মোক্ষ) গচ্ছস্তি (লাভ করেন) ॥১৭॥

বিদ্যাবিনয়সম্পন্নে (বিদ্যা বিনয় যুক্ত) ব্রাহ্মণে (ব্রাহ্মণ) গবি (গো) হস্তিনি (হস্তী) শুনি (কুকুর) শ্বপাকে চ (এবং চণ্ডাল প্রভৃতি প্রকৃতি বিষম পদার্থে) সমদর্শিনঃ এব (গুণাতীত ব্রহ্ম দর্শনকারিগণই) পণ্ডিতাঃ [কথ্যতে] (পণ্ডিত অর্থাৎ যথার্থ জ্ঞানী বলিয়া কথিত হন) ॥১৮॥

জ্ঞানোদয়ে প্রাকৃত জ্ঞান নষ্ট হইয়াছে, তাহাদের নিকট স্থর্য্যের মত পরম জ্ঞানরূপ অপ্রাকৃত জ্ঞান উদিত হইয়া অপ্রাকৃত সেই পরম তত্ত্বকে প্রকাশ করে ॥১৬॥

জ্ঞান দ্বারা পূর্ব্বে যাঁহাদের সমুদয় অবিদ্যা দূর হইয়াছে, তাঁহারা পরমেশ্বর আমারই মনন পর ধ্যান নিরত ও আমাতেই নিষ্ঠাযুক্ত হইয়া মদীয় শ্রবণ কীর্ত্তনের প্রিয় হইয়া পড়েন। তখন তাঁহারা অপুনরাবৃত্তি রূপ মোক্ষ লাভ করিয়া থাকেন॥১৭॥

অপ্রাকৃত গুণকে লাভ করিয়াছেন এরূপ জ্ঞানিসকল জগতে প্রাকৃত গুণ দ্বারা উত্তম, মধ্যম ও অধম রূপ যে বৈষম্য আছে ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ। নির্দ্দোষং হি সমং ব্রহ্ম তস্মান্ত্রহ্মণি তে স্থিতাঃ ॥১৯॥ ন প্রহায়েৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্। স্থিরবৃদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্রহ্মণি স্থিতঃ ॥২০॥

যেষাং (যাঁহাদের) মনঃ (মন) সাম্যে (ব্রহ্ম ধর্ম্মে) স্থিতং (অবস্থিত) তৈঃ (তাঁহাদিগকর্ত্ত্বক) ইহ এব (ইহ লোকেই) সর্গঃ (সংসার) জিতঃ (পরাভূত হইয়াছে), হি (যেহেতু) ব্রহ্ম (ব্রহ্ম) সমং (সর্ব্বব্র সমভাবাপন্ন) নির্দ্দোষং (রাগ দ্বেষাদি রহিত) তম্মাৎ (সেই হেতু) তে (তাঁহারা) ব্রহ্মিণি স্থিতাঃ (প্রপঞ্চে বর্ত্তমান থাকিয়াও ব্রহ্মেই অবস্থিত আছেন) ॥১৯॥

বন্দণি স্থিতঃ (বন্দা নিষ্ঠ) স্থিরবৃদ্ধিঃ (স্থিরবৃদ্ধি সম্পন্ন) অসংমূঢ়ঃ (দেহাদিতে অহং বৃদ্ধি রহিত) বন্দাবিং (বন্ধ জ্ঞানী) প্রিয়ং প্রাপ্য (প্রিয় বস্তু লাভে) ন প্রহায়েং (হর্ষে প্রফুল্ল হন না) অপ্রিয়ং প্রাপ্য চ (অপ্রিয় বস্তু লাভেও) ন উদ্বিজেং (উদ্বিগ্ন হন না) ॥২০॥

তাহা পরিত্যাগ পূর্ব্বক বিদ্যা ও বিনয় যুক্ত ব্রাহ্মণ, গো, হস্তী, কুক্কুর ও চণ্ডাল প্রভৃতি সমস্ত জীবেই গুণাতীত ব্রহ্ম দর্শন করিয়া থাকেন, তজ্জন্ম তাঁহারা পণ্ডিত সংজ্ঞা লাভ করেন॥১৮॥

যাঁহাদের মন সাম্যে অবস্থিত হইয়াছে, তাঁহারা এজগতে বর্ত্তমান থাকিয়াই সংসার জয় করিয়াছেন; যেহেতু তাঁহারা ব্রহ্ম সমত্ব প্রযুক্ত রাগদ্বেষাদি শূ্যা। স্থতরাং তাঁহারা এই প্রপঞ্চে বর্ত্তমান থাকিলেও সর্ব্বদা ব্রহ্মেই অবস্থিত ॥১৯॥

ব্রহ্মনিষ্ঠ, স্থিরবুদ্ধি সম্পন্ন ও দেহাদিতে অহংবুদ্ধি শূ্য— ব্রহ্মজ্ঞানী প্রিয় বস্তুর লাভে হর্ষে উৎফুল্ল হন না এবং অপ্রিয় বস্তু লাভ করিয়াও তজ্জ্য বিচলিত হন না ॥২০॥ বাহস্পর্শেষসক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ স্থখম্।
স ব্রহ্মযোগযুক্তাত্মা স্থখমক্ষয়মশ্লুতে ॥২১॥
যে হি সংস্পর্শক্তা ভোগা দুঃখযোনয় এব তে।
আগন্তবন্তঃ কৌন্তেয় ন তেবু রমতে বুধঃ ॥২২॥
শক্রোতীহৈব যঃ সোঢ়ুং প্রাক্ শরীরবিমোক্ষণাং।
কামক্রোধোদ্ভবং বেগং স যুক্তঃ স স্থখী নরঃ ॥২৩॥

বাহস্পর্শেষু (বিষয় স্থথে) অসক্তাত্মা (অনাসক্ত চিত্ত) সঃ (সেই পুরুষ) আত্মনি [অনুভূষমানে] (স্ব স্বরূপের অনুভবে) যৎ স্থখম (যে স্থথ) [তৎ আদৌ] (তাহা প্রথমে) বিন্দতি (লাভ করেন) [ততঃ] (অনস্তর) ব্রহ্মযোগযুক্তাত্মা (ব্রহ্মে যোগযুক্ত হইয়া) অক্ষয়ম (অক্ষয়) স্থখম্ (স্থখ) অশ্বতে (ভোগ করেন) ॥২১॥

[হ] কৌন্তেয় (হে অৰ্জ্জুন!) যে ভোগাঃ (যে স্থখ সমূহ) সংস্পৰ্শজাঃ (বিষয়েন্দ্ৰিয় সংযোগ জনিত) তে হি (তাহারা) তুঃখযোনয়ঃ এব (তুঃখেরই জনক) আগ্যন্তবন্তঃ (উৎপত্তি বিনাশশীল) [অতঃ] (অতএব) বুধঃ (বিবেকী ব্যক্তি) তেষু (সেই বিষয় স্থখে) ন রমতে (রত হন না) ॥২২॥

যঃ (যে ব্যক্তি) শরীরবিমোক্ষণাৎ (শরীর ত্যাগের) প্রাক্ (পূর্ব্ব পর্য্যস্ত) কামক্রোধোদ্ভবং বেগং (কাম ক্রোধ জনিত মনোনেত্রাদি বিক্ষোভকে) ইহ

ইন্দ্রিয়ার্থরূপ বিষয়স্থথে অনাসক্তচিত্ত সেই ব্রহ্মবিৎপুরুষ স্বস্বরূপের অনুভব দ্বারা যে স্থখ তাহা প্রথমে লাভ করেন, তদনন্তর তিনি ব্রহ্মে যোগযুক্ত হইয়া অক্ষয় স্থখ ভোগ করিয়া থাকেন ॥২১॥

হে কৌন্তেয়! যে সকল স্থুখ, বিষয় ও ইন্দ্রিয়ের সংযোগ হইতে উৎপন্ন হয় সেই সমস্ত স্থুখই তুঃখের জনক এবং উৎপত্তি-বিনাশশীল, নিত্য নহে। বিবেকী ব্যক্তি সেই সকল স্থুখে কখনও প্রীতি অনুভব করেন না ॥২২॥ যোহন্তঃ স্থাপোহন্তরারামন্তথান্তর্জ্যোতিরেব যঃ। স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোহধিগচ্ছতি ॥২৪॥ লভন্তে ব্রহ্মনির্ব্বাণমূষয়ঃ ক্ষীণকল্মষাঃ। ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ॥২৫॥

এব (উদ্ভবের সময়েই) সোঢ়ুং (নিরোধ করিতে) শক্রোতি (পারেন) সঃ (তিনি । যক্তঃ (আত্মসমাহিত), সঃ নরঃ (সেই মনুষ্টই) স্থবী (প্রকৃত স্ববী) ॥২৩॥

যঃ (যিনি) অন্তঃ স্থুখঃ (অন্তর্কর্তি আত্মাতেই স্থখাসুভব করেন)
অন্তরারামঃ (অন্তর্কর্তি আত্মাতেই রত) তথা যঃ অন্তর্জ্জ্যোতিঃ এব
(সেইরূপ যিনি অন্তর্কর্তি আত্মাতেই দৃষ্টি বিশিষ্ট) সঃ যোগী (সেই নিষ্কাম
কর্ম্মযোগী) ব্রহ্মভূতঃ (শুদ্ধ জৈব স্বরূপ লাভ করিয়া) ব্রহ্মনির্কাণং
(মোক্ষরূপ পরমাত্মাকে) অধিগচ্ছতি (লাভ করেন) ॥২৪॥

ক্ষীণকল্মষাঃ (নিষ্পাপ), ছিন্নদ্বৈধাঃ (নষ্ট সংশয়), যতাত্মানঃ (সংযত চিত্ত), সর্ব্বভূতহিতে রতাঃ (ও সর্ব্বভূতের হিতে রত) ঋষয়ঃ (তত্ত্বদর্শি-গণ) ব্রহ্মনির্ব্বাণম্ (মোক্ষ) লভস্তে (লাভ করেন) ॥২৫॥

যিনি জড়দেহ ত্যাগের পূর্ব্ব পর্য্যন্ত নিষ্কাম কর্মযোগ দ্বারা কাম ও ক্রোধের বেগকে উদ্ভব সময়েই সহ্থ করিতে সমর্থ হন, তিনিই যথার্থ যোগযুক্ত, এবং সেই মনুষ্যই প্রকৃত স্থখী জানিবে ॥২৩॥

যিনি অন্তরাত্মাতেই সুখী, অন্তরাত্মাতেই রত এবং অন্তরাত্মা-তেই দৃষ্টিবিশিষ্ট, সেই নিষ্কাম কর্মযোগী নিজের শুদ্ধ জৈবস্বরূপ লাভ করিয়া ব্রহ্ম-নির্কাণরূপ মুক্তি (ব্রহ্মপুর প্রবেশ) প্রাপ্ত হন ॥২৪॥

নিষ্পাপ, সংশয়শূন্ম, সংযতচিত্ত এবং সকল জীবের হিত-কার্য্যে রত তত্ত্বদর্শিগণ এই ব্রহ্মনির্ব্বাণ লাভ করিয়া থাকেন॥২৫॥ কামক্রোধবিমুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্কাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্ ॥২৬॥
স্পর্শান্ কৃত্বা বহির্কাহ্যাংশ্চক্ষুশ্চৈবাস্তরে ভ্রুবাঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যস্তরচারিণৌ ॥২৭॥
যতেন্দ্রিয়মনোবুদ্ধির্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ ॥২৮॥

কামক্রোধবিমুক্তানাং (কাম ক্রোধ হীন) বিদিতাত্মনাম্ (ত্বং পদার্থ জ্ঞানী) যতীনাং (যতিগণের) যতচেতসাম্ [সতাম্] (চিন্তোপলক্ষিত লিঙ্গশরীর ক্ষয় হইলে) অভিতঃ (জীবনে ও মরণে সর্ব্বতোভাবে) ব্রহ্মনির্ব্বাণং (ব্রহ্ম নির্ব্বাণ) বর্ত্ততে (হইয়া থাকে) ॥২৬॥

যঃ (যে পুরুষ) [মনঃ প্রবিষ্টান্] (মনে প্রবিষ্ট) বাহ্যান্ স্পর্শান্ (বাহ্য শব্দাদি বিষয়কে) বহিঃ কৃত্বা (মন হইতে বহিষ্কৃত করিয়া) চক্ষুঃ চ এব (চক্ষুকেও) জ্রনোঃ (জ্রদ্বয়ের) অস্তরে (মধ্যে) [কৃত্বা] (স্থাপন পূর্ব্বক) নাসাভ্যস্তরচারিণো (নাসিকা মধ্যে বিচরণকারী) প্রাণাপানো (প্রাণও অপান বায়ুকে) সমৌ (কুন্তক দ্বারা সমতা বিধান) কৃত্বা (করিয়া) যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ (ইন্দ্রিয়, মন ও বুদ্ধি-সংযমকারী) মোক্ষপরায়ণঃ (মোক্ষ পরায়ণ) বিগতেচ্ছাভ্যুক্রোধঃ (ইচ্ছা, ভয় ও ক্রোধ রহিত) মুনিঃ

কামক্রোধহীন আত্মস্বরূপ জ্ঞানী যতিগণের চিত্তোপলক্ষিত লিঙ্গ শরীর ক্ষয় হইলে জীবনে ও মরণে সর্ব্বতোভাবেই ব্রহ্মনির্ব্বাণ লাভ হইয়া থাকে ॥২৬॥

যে ব্যক্তি মনে প্রবিষ্ট শব্দাদি বাহ্য বিষয় সকলকে মন হইতে বহিষ্কৃত করিয়া চক্ষুকে জদ্বয়ের মধ্যবর্ত্তী রাখিয়া নাসিকা মধ্যে বিচরণকারী প্রাণ ও অপান বায়ুকে কুম্ভক দ্বারা সমতা বিধান করতঃ ইন্দ্রিয় মন ও বুদ্ধিকে জয় পূর্ব্বক মোক্ষ পরায়ণ, এবং ইচ্ছা, ভয় ও ক্রোধ দূর করিতে পারিয়াছেন, আত্মমনন-

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোকমহেশ্বরম্। স্থহাদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্কণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ বন্ধবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে কর্মসন্যাসযোগো নাম পঞ্চমোহধ্যায়ঃ ॥৫॥

(এবং আত্মমননশীল) সঃ (সেই পুরুষ) সদা (সর্ব্বদা) মুক্ত এব (মুক্তই)॥২৭-২৮॥

যজ্ঞতপসাং (কর্মিগণ কৃত যজ্ঞ ও জ্ঞানিগণ কৃত তপস্থার) ভোক্তারং (পালক অর্থাৎ কর্ম্মী ও জ্ঞানীর উপাস্থ) সর্ব্বলোকমহেশ্বরম্ (সর্ব্ব-লোকের নিয়ন্তা ও উপাস্থা—নারায়ণ) সর্ব্বভূতানাং (সমস্ত জীবের) মহাদং (কৃপা পূর্ব্বক স্বভক্ত দ্বারা স্বভক্তি উপদেশ দানে হিতকারী অর্থাৎ ভক্তগণের আরাধ্য বান্ধব কৃষ্ণ) মাং (আমাকে) জ্ঞাত্বা (জানিয়া) [জীবঃ] (জীব) শান্তিম্ (স্বর্নপানন্দ) ঋচ্ছতি (লাভ করেন) ॥২৯॥

ইতি পঞ্চম অধ্যায়ের অশ্বয় সমাপ্ত॥

শীল সেই পুরুষই সর্ব্বদা অর্থাৎ জীবিতাবস্থায়ও মুক্তই জানিবে ॥২৭-২৮॥

কর্মিকৃত যজ্ঞ ও জ্ঞানিকৃত তপস্থার ভোক্তা অর্থাৎ তাহাদের উপাস্থ, সর্বলোকের অন্তর্থামী ও মুক্তিদাতারূপে উপাস্থ পুরুষরূপ আমি (নারায়ণ) এবং সর্বভূতের স্থক্থৎ অর্থাৎ ভক্তগণেরও আরাধ্য-বান্ধব আমি (কৃষ্ণ)। এবস্ভূত-স্বরূপ আমাকে জানিয়া জীব স্বরূপানন্দ লাভ করেন ॥২৯॥

ইতি পঞ্চম অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত॥

য**ষ্ঠো**২ধ্যায়ঃ

ধ্যানযোগ

শ্রীভগবানুবাচ— অনাশ্রিতঃ কর্মফলং কার্য্যং কর্ম করোতি যঃ। স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ ॥১॥ যং সন্ন্যাসমিতি প্রান্থর্যোগং তং বিদ্ধি পাণ্ডব। ন হুসংগ্রস্তসংকল্পো যোগী ভবতি কশ্চন ॥২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) যঃ (যে ব্যক্তি) কর্ম্মফলং (কর্মফলের) অনাশ্রিতঃ (অপেক্ষা না করিয়া) কার্য্যং (অবশ্য করণীয়) কর্ম (শান্ত বিহিত কর্ম) করোতি (করেন) সঃ চ (তিনিই) সন্ন্যাসী (সন্ন্যাসী) যোগী চ (এবং তিনিই যোগী); ন নিরগ্নিঃ (অগ্নিহোত্রাদি কর্মমাত্র পরিত্যাগীও সন্ন্যাসী নহেন) ন চ অক্রিয়ঃ (বা শারীর কর্মমাত্র পরিত্যাগীও যোগী নহেন) ॥১॥

[হে] পাগুব (হে পাগুব!) [স্থধিয়ঃ] (পণ্ডিতগণ) যং (যে নিষ্কাম কর্ম্মযোগকে) সন্যাসম্ ইতি (সন্ম্যাস করিয়া) প্রাহুঃ (অভিহিত করেন) তম্ [এব] (তাহাকেই) যোগং (অষ্টাঙ্গ যোগ বলিয়া) বিদ্ধি (জানিবে)।

শ্রীভগবান্ বলিলেন—যে ব্যক্তি কর্ম্মফলের অপেক্ষা না রাখিয়া শাস্ত্রবিহিত অবশ্য কর্ত্তব্য কর্ম্ম সকল আচরণ করেন, তাঁহাকেই প্রকৃত সন্ন্যাসী এবং প্রকৃত যোগী বলিয়া জানিবে। যিনি অগ্নিহোত্রাদি কর্মমাত্র পরিত্যাগী তিনিও সন্ন্যাসী নহেন, বা যিনি শারীর কর্মমাত্র পরিত্যাগী তিনিও যোগী নহেন॥১॥

হে অৰ্জ্জুন! স্থধীগণ যে নিষ্কাম কৰ্মযোগকে সন্ন্যাস বলিয়া কীৰ্ত্তন করেন, তাহাকেই তুমি অষ্টাঙ্গ যোগ বলিয়া জানিবে।

আরুরুক্ষোর্মনের্যোগং কর্ম কারণমূচ্যতে। যোগারূদেশ্য তব্যৈব শমঃ কারণমূচ্যতে॥৩॥ যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্মস্বন্থুষজ্জতে। সর্ব্বসঙ্কন্পসন্ম্যাসী যোগারূদ্যুদোচ্যতে॥৪॥

হি (যেহেতু) অসংগ্রস্তমঙ্কল্পঃ (ফলাসক্তি ত্যাগ [যাহা নিষ্কাম কর্মা-যোগের বৈশিষ্ট্য] না করিয়া) কশ্চন (কেহই) যোগী (জ্ঞানযোগী বা অষ্টাঙ্গ যোগী) ন ভবতি (হন না) ॥২॥

যোগম্ (নিশ্চল ধ্যান যোগ) আরুরুক্ষোঃ (আরোহণেচ্ছু) মুনেঃ (যোগাভ্যাসকারীর) [তদারোহে] (যোগারোহণে) কর্ম (কর্মই) কারণম্ (কারণ বলিয়া) উচ্যতে (অভিহিত হয়)। তত্তৈব যোগারাট্ত (সেই ব্যক্তিই যোগারাট্ অর্থাৎ ধ্যাননিষ্ঠ হইলে) শমঃ (সর্ক্রকর্মত্যাগ) কারণম্ (কারণ বলিয়া) উচ্যতে (কথিত হয়)॥৩॥

যদা হি (যে কালে) [যোগী] (যোগী) ইন্দ্রিয়ার্থেষু (ইন্দ্রিয়ভোগ্য শব্দাদি বিষয়ে) কর্মস্ক [চ] (এবং তৎসাধন কর্মে) ন অনুষজ্জতে (আসক্তি করেন না) সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী [চ ভবতি] (এবং সমস্ত সঙ্কল্প ত্যাগ করেন) তদা (তখনই) যোগারাচঃ উচ্যতে (যোগারাচ শব্দ বাচ্য হন) ॥৪॥

যেহেতু, ফলাকাজ্ফা ও বিষয় ভোগ স্পৃহা পরিত্যাগ (যাহা নিষ্কাম কর্ম্মযোগের বৈশিষ্ট্য) না করিয়া কেহই জ্ঞানযোগী বা অষ্টাঙ্গ যোগী বলিয়া অভিহিত হইতে পারেন না ॥২॥

নিশ্চল ধ্যানযোগে আরোহণেচ্ছু মুনির যোগারোহণে প্রথমতঃ কর্মাই কারণ বলিয়া কথিত হয়। সেই ব্যক্তিই পরে ধ্যাননিষ্ঠ হইলে সর্ব্ব কর্ম্ম ত্যাগই তখন তাঁহার ধ্যানযোগে কারণ বলিয়া অভিহিত হয়॥৩॥

যে সময়ে যোগী ব্যক্তি ইন্দ্রিয় ভোগ্য রূপ রসাদি বিষয় সকলের প্রতি এবং ভোগ সাধন যোগ্য কর্মে আসক্তি করেন উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ। আত্মৈব হাত্মনো বন্ধুরাত্মেব রিপুরাত্মনঃ॥৫॥ বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনৈবাত্মাত্মনা জিতঃ। অনাত্মনস্তু শত্রুতে বর্ত্তেতাত্মৈব শত্রুবং॥৬॥

আত্মনা (অনাসক্ত মন দ্বারা) আত্মানং (জীবাত্মাকে) উদ্ধরেৎ (সংসার হইতে উদ্ধার করিবে), [আত্মনা] (বিষয়াসক্ত মন দ্বারা) আত্মানম্ (জীবাত্মাকে) ন অবসাদয়েৎ (সংসারে পাতিত করিবে না)। হি (যেহেতু) আত্মা এব (মনই) আত্মনঃ (জীবের) বন্ধুঃ (বন্ধু) আত্মা এব (মনই) আত্মনঃ (জীবের) রিপুঃ (শক্রু) ॥৫॥

যেন আত্মনা (যে জীবাত্মা কর্ত্বক) আত্মা (মন) জিতঃ (বশীকৃত হইয়াছে) তস্থ (সেই) আত্মনঃ (জীবাত্মার) আত্মা এব (মনই) বন্ধুঃ (বন্ধু); তু (কিন্তু) অনাত্মনঃ (অজিতমনা ব্যক্তির) আত্মা এব (মনই) শক্রবৎ (শক্রর শ্বায়) শক্রত্বে (অপকারে) বর্ত্তেত (প্রবৃত্ত হয়) ॥৬॥

না বিশেষতঃ পূর্ণরূপে সমস্ত সঙ্কল্পের পরিত্যাগ আচরণ করেন, তখনই তিনি যোগারূঢ় নামে অভিহিত হইয়া থাকেন ॥৪॥

বিষয়ে অনাসক্ত মন দ্বারা জীবাত্মাকে সংসারকূপ হইতে উদ্ধার করিবে, কখনও বিষয়াসক্ত মন দ্বারা জীবাত্মাকে সংসারে পাতিত করিবে না। যেহেতু মনই জীবের বন্ধু এবং অবস্থাভেদে আবার সেই মনই শত্রু হইয়া থাকে ॥৫॥

যে জীব নিজের মনকে জয় করিয়াছেন, তাঁহার সেই মনই বন্ধু অর্থাৎ বন্ধুর মত হিতকারী; কিন্তু অজিতমনা ব্যক্তির সেই মনই শক্রর স্থায় সর্ব্বদা অপকারে প্রবৃত্ত হইয়া থাকে ॥৬॥ জিতাত্মনঃ প্রশান্তস্থ পরমাত্মা সমাহিতঃ।
শীতােক্ষপ্রখন্থাংখের তথা মানাপমানয়াঃ॥৭॥
জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কূটস্থা বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যােগী সমলােষ্ট্রাশ্মকাঞ্চনঃ॥৮॥
স্বস্থািত্রার্যুদাসীনমধ্যস্থদ্বেশ্ববন্ধুরু।
সাধুষপি চ পাপেরু সমবুদ্ধির্বিশিশ্বতে॥৯॥

শীতোষ্ণস্থখতু:খেষু (শীত-উষ্ণ ও স্থখ-তুঃখে) তথা মানাপমানয়োঃ
(এবং মান ও অপমানে) প্রশাস্তস্থ (রাগদ্বেষ রহিত) জিতাত্মনঃ
(জিতমনা যোগীর) আত্মা (আত্মা) পরম্ (অতিশয়্র) সমাহিতঃ
(সমাধিস্থ) [ভবেং] (হয়়) ॥৭॥

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা (শাস্ত্রীয় জ্ঞান ও অপরোক্ষান্মভূতি দ্বারা সম্ভষ্ট চিত্ত) কূটস্থঃ (সর্ব্বকাল এক স্বভাবে অবস্থিত) বিজিতেন্দ্রিয়ঃ (জিতেন্দ্রিয়) সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ (এবং মৃত্তিকা, পাষাণ ও স্কবর্ণে তুল্য দৃষ্টি) যোগী (যোগী) যুক্তঃ ইতি (আত্মদর্শন যোগ্য বলিয়া) উচ্যতে (কথিত হন) ॥৮॥

স্থন্থ বিত্তার্য্যুদাসীনমধ্যস্থদ্বেষ্যবন্ধুর্ (স্বভাবতঃ হিতাশংসী, কোনরূপ স্নেহ্বশতঃ হিতকারী, শক্র, বিবাদস্থলে উপেক্ষক, বিবাদ সমাধানেচ্ছু,

শীত-উষ্ণ, স্থ-তুঃখ, এবং মান-অপমান প্রভৃতি বিষয়ে রাগ-দ্বেষ শূহ্য এবং বিজিতমনা যোগী ব্যক্তির আত্মা বিশেষ-ভাবে সমাধিস্থ হইয়া থাকে ॥৭॥

শাস্ত্রীয় জ্ঞান ও সাক্ষাৎ অনুভূতির দ্বারা সর্ব্বদা সন্তুষ্টচিত্ত, সদা চিৎস্বভাবে স্থিত, জিতেন্দ্রিয় ও মৃৎপিণ্ড প্রস্তুর অথবা স্কবর্ণে তুল্যদৃষ্টিবিশিষ্ট যোগী ব্যক্তি আত্মদর্শনযোগ্য বলিয়া কথিত হন ॥৮॥ যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।
একাকী যতচিন্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ ॥১০॥
শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যক্ষিতং নাতিনীচং চেলাজিনকুশোন্তরম্ ॥১১॥
তব্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জাদ্যোগমাত্মবিশুদ্ধয়ে ॥১২॥

দ্বেষপাত্র, বন্ধু) সাধুষু (সাধু) পাপেষু চ অপি (এবং পাপাচারী ব্যক্তি সমূহের প্রতিও) সমবুদ্ধিঃ (তুল্য বুদ্ধি যোগী) বিশিষ্যতে (লোষ্ট্র, পাষাণ ও স্থবর্ণে সমদৃষ্টি সম্পন্ধ যোগী অপেক্ষাও প্রেষ্ঠ) ॥৯॥

যোগী (যোগে আরোহণকারী ব্যক্তি) সততম্ (নিরপ্তর) রহসি (নির্জ্জন স্থানে) একাকী (সঙ্গ রহিত) স্থিতঃ (অবস্থান পূর্ব্বক) যতচিত্তাত্মা (সংযত চিত্ত, সংযত দেহ যুক্ত), নিরাশীঃ (নিম্পৃহ) অপরিগ্রহঃ (এবং বিষয় পরিগ্রহ রহিত হইয়া) আত্মানং (মনকে) যুঞ্জীত (সমাধিযুক্ত করিবেন) ॥১০॥

শুচৌ (পবিত্র) দেশে (স্থানে) স্থিরম্ (নিশ্চল) ন অত্যুচ্ছিতং (অতি উচ্চ নয়) ন অতিনীচং (অতি নীচ নয়) চেলাজিনকুশোত্তরম্ (ক্রমান্বয়ে কুশ,

স্বভাবতঃ হিতকারী, কোনরূপ স্নেহবশতঃ হিতকামী, শত্রু, উপেক্ষক, বিবাদ সমাধানেচ্ছু, দ্বেষ্যু, বন্ধু, সাধু ও পাপাচারী প্রভৃতি সমস্ত জীবের প্রতি সমবুদ্ধিশালী যোগী সমলোষ্ট্রাশ্ম-কাঞ্চন যোগী অপেক্ষাও শ্রেষ্ঠ বলিয়া জানিবে ॥৯॥

যোগ সাধন আরম্ভকারী ব্যক্তি নিরম্ভর সঙ্গরহিত নির্জ্জন স্থানে অবস্থান পূর্ব্বক চিত্ত ও দেহকে সংযত করিয়া এবং আকাজ্ফা ও বিষয়পরিগ্রহ শূস্ত হইয়া মনকে সমাধিযুক্ত করিবেন ॥১০॥

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ। সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্॥১৩॥ প্রশান্তাত্মা বিগতভীর্বন্দাচারিব্রতে স্থিতঃ। মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ॥১৪॥

মৃগচর্ম ও বস্ত্র দ্বারা রচিত) আত্মনঃ (নিজের) আসনং (আসন)
প্রতিষ্ঠাপ্য (সংস্থাপন পূর্ব্বক) তত্র আসনে (সেই আসনে) উপবিশ্য
(বিসিয়া) যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ (চিত্ত ও ইন্দ্রিয়গণের ক্রিয়া সংযমন পূর্ব্বক) মনঃ
(মনকে) একাগ্রং (একাগ্র) কৃত্বা (করিয়া) আত্মবিশুদ্ধয়ে (ব্রহ্ম সাক্ষাৎকারের
যোগ্যতা লাভের জন্ম) যোগম্ (সমাধি) যুঞ্জ্যাৎ (অভ্যাস করিবেন)॥১১-১২॥
কায়শিবোগীরঃ (শ্রীর মুক্তক ও গ্রন্দ্রেশ্ব) সমঃ (সবল) অচলং (ও

কায়শিরোগ্রীবং (শরীর, মস্তক ও গলদেশ) সমং (সরল) অচলং (ও নিশ্চলভাবে) ধারয়ন্ (রাখিয়া) স্থিরঃ [সন্] (স্থির হইয়া) স্বং (নিজ) নাসিকাগ্রং (নাসিকার অগ্রভাগ) সংপ্রেক্ষ্য (দর্শন করিয়া অর্থাৎ চক্ষুর্ধয়ের মধ্যে দৃষ্টি স্থাপন পূর্ব্বক) দিশঃ চ (ও দিক্ সমূহে) অনবলোকয়ন্ (দৃষ্টি নিক্ষেপ না করিয়া) প্রশাস্তাত্মা (অক্ষুক্বমনা), বিগতভীঃ (নির্ভয়), ব্রহ্মচারিব্রতে স্থিতঃ (ব্রহ্মচর্য্যপরায়ণ) মনঃ সংযম্য (ও মন সংযমন পূর্ব্বক) মচ্চিত্তঃ (চতুর্ভুজ স্থলরাকৃতি আমাকে চিস্তা

পবিত্র স্থানে অতি উচ্চ না হয় এবং অতি নীচও না হয় এরূপ কুশোপরিস্থ মৃগচর্মাদির আসনের উপর বস্ত্রদ্বারা রচিত নিজের নিশ্চল আসন সংস্থাপন পূর্ব্বক সেই আসনে উপবেশন করতঃ চিত্ত ও ইন্দ্রিয়গণের ক্রিয়াকে সংযত করিয়া মনকে একাগ্র করতঃ চিত্তশুদ্ধির জন্য সমাধি অভ্যাস করিবেন॥১১-১২॥

দেহ-মধ্যভাগ, মস্তক ও গলদেশকে সরল ও নিশ্চলভাবে রাখিয়া স্থির হইয়া নিজের নাসিকার অগ্রভাগে দৃষ্টি স্থাপন পূর্ব্বক অন্থ কোনও দিকে দৃষ্টি নিক্ষেপ না করিয়া অক্ষুব্বমনা, ভয় শূন্ত ও ব্রহ্মচর্য্য ব্রত্ধারী যোগী পুরুষ মনকে সমস্ত জড়ীয় যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ।
শান্তিং নির্ব্বাণপরমাং মৎসংস্থামথিগচ্ছতি ॥১৫॥
নাত্যপ্লতস্তু যোগোহস্তি ন চৈকান্তমনশ্লতঃ।
ন চাতিস্বপ্লশীলস্থ জাগ্রতো নৈব চার্জ্জুন ॥১৬॥

করিতে করিতে) মৎপরঃ (আমার প্রতি ভক্তি পরায়ণ) যুক্তঃ (যোগী) আসীত (অবস্থান করিবেন) ॥১৩-১৪॥

এবং (উক্ত প্রকারে) সদা (সর্ব্বদা) আত্মানং (মনকে) যুঞ্জন্ (ধ্যান যোগযুক্ত করিয়া) নিয়তমানসঃ (বিষয় নিবৃত্ত চিত্ত) যোগী (যোগী) মৎ-সংস্থাম্ (আমার জ্যোতিঃ স্বরূপ নির্ব্বিশেষ ব্রহ্মগতা) নির্ব্বাণপরমাং (নির্ব্বাণ প্রধান) শান্তিং (সংসার উপরতি [নাশ] রূপ মুক্তি) অধিগচ্ছতি (প্রাপ্ত হন)॥১৫॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) অতি অশ্নতঃ তু (অতি ভোজনকারীর) যোগঃ (যোগ অর্থাৎ সমাধি) ন অস্তি (হয় না), একাস্তম্ (নিতাস্ত) অনশ্নতঃ (অনাহারীরও) ন চ (হয় না), অতিস্বপ্নশীলস্থ (অত্যস্ত নিদ্রালুরও) ন চ (হয় না) জাগ্রতঃ এব ন চ (জাগরণকারীরও যোগ-সাধন হয় না ॥১৬॥

বিষয় হইতে সংযমন পূর্ব্বক চতুর্ভুজ স্বরূপ আমার বিষ্ণুমূর্ত্তি চিন্তা করতঃ আমার প্রতি ভক্তিপরায়ণ হইয়া যোগ অভ্যাস করিবেন ॥১৩-১৪॥

এইরপে সর্বাদা মনকে ধ্যানযোগ নিরত করিয়া বিষয়া-ভিলাষ-নিবৃত্ত-চিত্ত যোগী আমার জ্যোতিঃ স্বরূপ নির্বিশেষ ব্রহ্মগতা যে নির্বাণ মুক্তি বা সংসার নাশরূপ মোক্ষ, তাহা প্রাপ্ত হন ॥১৫॥

হে অৰ্জ্জুন! অধিক ভোজনকারী বা নিতান্ত অনাহারী, অধিক নিদ্রাপ্রিয় বা নিতান্ত নিদ্রাশূন্য ইহাদের মধ্যে কাহারও যোগ-সাধন সম্ভব হয় না ॥১৬॥ যুক্তাহারবিহারস্থ যুক্তচেষ্টস্থ কর্মস্থ।
যুক্তস্বপ্নাববোধস্থ যোগো ভবতি ফুঃখহা ॥১৭॥
যদা বিনিয়তং চিত্তমাত্মন্তোবাবতিষ্ঠতে।
নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা ॥১৮॥
যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্থ যুঞ্জতো যোগমাত্মনঃ ॥১৯॥

যুক্তাহারবিহারস্থা (নিয়মিত আহার ও বিহারকারী) কর্মস্থ (কর্ম সমূহে) যুক্তচেষ্টস্থা (নিয়মিত চেষ্টা বিশিষ্ট) যুক্তস্বপ্পাববোধস্থা (পরিমিত নিদ্রা ও জাগরণকারী ব্যক্তির) ছঃখহা (ছঃখহরণে যোগ্য) যোগঃ (যোগ) ভবতি (হয়) ॥১৭॥

যদা (যখন) বিনিয়তং (নিরুদ্ধ) চিত্তম্ (চিত্ত) আত্মনি এব (আত্মাতেই) অবতিষ্ঠতে (অবস্থান করে) তদা (তখন) সর্ব্বকামেভ্যঃ (সমস্ত কামনা হইতে) নিম্পৃহঃ (বিরত ব্যক্তি) যুক্তঃ ইতি (যোগযুক্ত বলিয়া) উচাতে (কথিত হন) ॥১৮॥

যথা (যেরূপ) নিবাতস্থঃ (বায়ু শৃশু স্থানে অবস্থিত) দীপঃ (প্রদীপশিখা) ন ইঙ্গতে (বিচলিত হয় না) আত্মনঃ (আত্মবিষয়ক) যোগম্ (যোগ) যুঞ্জতঃ (অভ্যাসকারী) যতচিত্তস্থ (একাগ্রচিত্ত) যোগিনঃ (যোগীর) সা (সেই) উপমা (দৃষ্টান্ত) স্মৃতা (কথিত হয়) ॥১৯॥

নিয়মিত ভাবে আহার, নিয়মিত ভাবে বিহার, কর্ম্ম সকলে নিয়মিত চেষ্টাযুক্ত, পরিমিত নিদ্রা ও পরিমিত জাগরণকারী ব্যক্তিদিগেরই ক্রমশঃ চেষ্টা দ্বারা জড়-তুঃখ-নাশী যোগ সম্ভব হইয়া থাকে ॥১৭॥

যখন যোগীর চিত্তবৃত্তির বহির্মুখতা নিরুদ্ধ হইয়া কেবল আত্মতত্ত্বেই নিশ্চল ভাবে অবস্থান করে, তখন সমস্ত জড় কামনা শূশ্য সেই ব্যক্তি যোগযুক্ত বলিয়া কথিত হইয়া থাকেন ॥১৮॥ যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং পশ্যমাত্মনি তুম্বতি ॥২০॥
স্থখমাত্যস্তিকং যত্তমুদ্ধিগ্রাহ্মতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥২১॥
যং লক্কা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যশ্মিনৃ স্থিতো ন ছুঃখেন শুরুণাপি বিচাল্যতে ॥২২॥

যত্র (যে সমাধি হইলে) যোগসেবয়া (যোগের অভ্যাস দ্বারা) নিরুদ্ধং (নিরোধ প্রাপ্ত) চিত্তং (চিত্ত) উপরমতে (জড়সম্বন্ধ হইতে উপশম প্রাপ্ত হয়), যত্র চ (এবং যে সমাধিতে) আত্মনা (পরমাত্মাকার অস্তঃকরণ দ্বারা) আত্মানং (পরমাত্মাকে) পশ্মন্ (দেখিয়া) আত্মনি এব (তাঁহাতেই) তুয়্মতি (তুষ্ট হন)। যত্র (যে সমাধি হইলে) অয়ং (এই যোগী) বুদ্ধিপ্রাহম্ (আত্মাকার বুদ্ধি দ্বারা গ্রহণীয়) অতীন্দ্রিয়ম্ (বিষয়েন্দ্রিয় সম্পর্ক রহিত) আত্যস্তিকং (নিত্য) যৎ স্থখম্ (যে স্থখ) তৎ বেত্তি (তাহা অমুভব করেন), [যত্র] চ (এবং যে সমাধিতে) স্থিতঃ [সন্] (অবস্থিত হইয়া) তত্মতঃ (আত্মস্বরূপ হইতে) ন চলতি (বিচলিত হন না)। যং লব্ধা (যাহাকে লাভ করিলে) অপরং লাভং (অগ্য লাভকে) ততঃ (তাহা হইতে) অধিকং (অধিক) ন মগ্যতে (মনে করেন না), যশ্মিন্ চ (এবং

যেরূপ বায়ুশূন্ম স্থানে অবস্থিত প্রদীপ (শিখা) কোন প্রকারে বিচলিত হয় না, আত্মতত্ত্বনিবিষ্ট একাগ্রচিত্ত যোগীর চিত্তের দৃষ্টাস্ত সেইরূপ জানিবে ॥১৯॥

যে সমাধিতে, যোগের অভ্যাস দ্বারা নিরুদ্ধ চিত্ত জড়পদার্থ মাত্রের চিস্তা হইতে বিরতি লাভ করে, এবং যাহাতে পরমাত্মার সহিত মিলনযোগ্য চিত্ত দ্বারা পরমাত্মাকে দেখিয়া তাঁহাতেই পরিতুষ্ট থাকেন; যে সমাধি হইলে এই যোগী আত্মাকার বুদ্ধি দ্বারা গ্রহণীয়, বিষয় ও ইন্দ্রিয়ের সম্পর্কশূন্ত,

তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্। স নিশ্চয়েন যোক্তব্যো যোগোহনির্বিশ্বচেতসা ॥২৩॥ সঙ্কল্পপ্রভবান্ কামাংস্তাক্ষা সর্বানশেষতঃ। মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমস্ততঃ ॥২৪॥

যাহাতে) স্থিতঃ [সন্] (অবস্থিত হইয়া) গুরুণা (গুরুতর) তুঃখেন অপি (তুঃখ দ্বারাও) ন বিচাল্যতে (বিচলিত হন না)। তুঃখসংযোগবিয়োগং (যাহাতে তুঃখের সংযোগ হইবামাত্র বিয়োগ হয়) তং (তাহাকে) যোগসংজ্ঞিতম্ (যোগসংজ্ঞা প্রাপ্ত সমাধি বলিয়া) বিত্যাৎ (জানিবে); অনির্বিপ্পচেতসা (অবসাদশূ্ভাচিত্তে) সঃ যোগঃ (সেই যোগ) নিশ্চয়েন (অধ্যবসায় সহকারে) যোক্তব্যঃ (অভ্যাস করা কর্ত্তব্য) ॥২০-২৩॥

সঙ্কল্পপ্রভবান্ (সঙ্কল্প হইতে জাত) সর্ব্বান্ কামান্ (সমস্ত বিষয়-কামনাকে) অশেষতঃ (বাসনার সহিত সম্পূর্ণ রূপে) ত্যক্তা (ত্যাগ করিয়া) মনসা এব (বিষয় দোষদর্শী মনের দ্বারাই) সমস্ততঃ (সর্ব্ব বিষয় হইতে) ইন্দ্রিয়গ্রামং (ইন্দ্রিয় সমূহকে) বিনিয়ম্য (নিবৃত্ত করিয়া) [যোক্তব্যঃ] (সেই যোগ অভ্যাস করিবে) ॥২৪॥

নিত্য যে স্থখ, তাহা অনুভব করেন; এবং যাহাতে অবস্থিত হইয়া আত্মস্বরূপ হইতে বিচলিত হন না; যাহাকে (যে সমাধিকে) লাভ করিলে অন্য জড়সম্বন্ধীয় কোনও লাভকে তাহা হইতে অধিক মনে করেন না, এবং যাহাতে অবস্থিত হইয়া ত্বঃসহ তুঃখ দ্বারাও চিত্তচাঞ্চল্য ঘটে না; অতএব যাহাতে তুঃখের সংযোগ মাত্রই বিয়োগ সাধিত হইয়া থাকে, তাহাকেই 'যোগ' সংজ্ঞাপ্রাপ্ত সমাধি বলিয়া জানিবে । অবসাদশূল্য চিত্তে দৃঢ়তা সহকারে সেই যোগ সাধন করা কর্ত্বব্য ॥২০-২৩॥

শনৈঃ শনৈরূপরমেদ্বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া। আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তুয়েৎ ॥২৫॥ যতো যতো নিশ্চলতি মনশ্চঞ্চলমস্থিরম্। ততন্ততো নিয়মাতদাত্মন্যেব বশং নয়েৎ ॥২৬॥

ধৃতি গৃহীতয়া (ধারণা দ্বারা বশীকৃত) বুদ্ধ্যা (বুদ্ধি দ্বারা) মনঃ (মনকে) আত্মসংস্থং কৃত্বা (আত্মাতে সম্যক্ নিশ্চল করিয়া) শনৈঃ শনৈঃ (ধীরে ধীরে অভ্যাস ক্রমে) উপরমেৎ (বহির্বিষয় হইতে নিবৃত্ত করতঃ সমাধিতে অবস্থান করিবে) কিঞ্চিৎ অপি (অন্য কিছুই) ন চিন্তয়েৎ (চিন্তা করিবে না) ॥২৫॥

চঞ্চলম্ (চঞ্চল) অস্থিরম্ (স্থতরাং অস্থির) মনঃ (মন) যতঃ যতঃ (যে বিষয়ে) নিশ্চলতি (ধাবিত হয়), ততঃ ততঃ (সেই সেই বিষয় হইতে) এতৎ (এই মনকে) নিয়ম্য (প্রত্যাহার করিয়া) আত্মনি এব (আত্মাতেই) বশং নয়েৎ (বশীভূত করিবে) ॥২৬॥

সঙ্কল্প হইতে জাত সমস্ত বিষয়-কামনাকে বাসনার সহিত নিঃশেষভাবে পরিত্যাগ করিয়া, বিষয় বাসনার দোষ-দর্শনকারী মনের দ্বারাই সমস্ত বিষয় হইতে ইন্দ্রিয়সমূহকে নিবৃত্ত করিয়া সেই পূর্ব্বোক্ত যোগ অভ্যাস করিবে ॥২৪॥

ধারণা (যোগাঙ্গ বিশেষ) দ্বারা বশীভূত বুদ্ধির সাহায্যে মনকে আত্মাতে সম্পূর্ণরূপে নিশ্চল করিয়া ধীরে ধীরে অভ্যাস-ক্রমে তাহাকে বাহ্ম বিষয় হইতে নিবৃত্ত করতঃ সমাধিতে অবস্থান করিবে এবং কিছুমাত্রও চিন্তা করিবে না ॥২৫॥

স্বভাবতঃ চঞ্চল ও অস্থির মন, যে যে বিষয়ের প্রতি ধাবিত হইবে, সেই সেই বিষয় হইতেই যত্নপূর্ব্বক নিবৃত্ত করিয়া তাহাকে আত্মবশীভূত করিতে হইবে ॥২৬॥ প্রশাম্ভমনসং হোনং যোগিনং স্থখমুত্তমম্।
উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মধম্ ॥২৭॥
যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মধঃ।
স্থখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং স্থখমশ্লুতে ॥২৮॥
সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ॥২৯॥

শান্তরজসং (রজোগুণের বৃত্তি-নিবৃত্ত) প্রশান্তমনসং (প্রশান্তচিত্ত) অকল্মষম্ (রাগাদিদোষ শূন্ম) ব্রহ্মভূতম্ (ও ব্রহ্মভাব সম্পন্ন) এনং (এই) যোগিনং হি (যোগীকেই) উত্তমম্ স্কুখম্ (আত্মান্তুভবরূপ মহৎ স্কুখ) উপৈতি (স্বয়ং বরণ করেন) ॥২৭॥

এবং (এইরূপে) আত্মানং (স্ব স্বরূপকে) সদা (সর্ব্বদা) যুঞ্জন্ (যোগের দ্বারা অন্তুভব করতঃ) বিগতকল্মষঃ (সর্ব্বদোষ শূন্ম) যোগী (যোগী) স্থাখন (অনায়াসে) ব্রহ্মসংস্পর্শম্ (পরমাত্মার অন্তুভব রূপ) অত্যন্তং স্থখম্ (অপরিমিত স্থখ) অশুতে (প্রাপ্ত হন অর্থাৎ জীবনুক্ত হন) ॥২৮॥

যোগযুক্তাত্মা (ব্রন্দোর সহিত যুক্ত অর্থাৎ তাদাত্ম্য প্রাপ্ত অস্তঃকরণ) সর্ব্বর সমদর্শনঃ (সর্ব্ব জীবে চেতন দর্শনকারী সেই যোগী) আত্মানং (পরমাত্মাকে) সর্ব্বভূতস্থম (সর্ব্বভূতে অবস্থিত) সর্ব্বভূতানি চ (এবং ভূত সমুদ্যকে) আত্মনি (পরমাত্মাতে) [স্থিতঃ] (অবস্থিত) ঈক্ষতে (দর্শন করেন) ॥২৯॥

রজোগুণের ক্রিয়াশূন্য, প্রশান্তচিত্ত, রাগাদিদোষ বর্জ্জিত ও ব্রহ্মভাব সম্পন্ন এই যোগীকে আত্মার স্বরূপ উপলব্ধিরূপ উত্তম স্থুখ স্বয়ংই আশ্রয় করে ॥২৭॥

এই প্রকার সর্বাদা আত্ম-স্বরূপে যোগানুভব দারা বিগত-কল্মষ যোগী অনায়াসে পরমাত্মানুভবরূপ প্রগাঢ় স্থুখ প্রাপ্ত হইয়া থাকেন। (ইহাকেই ভক্তি সম্মত যোগ বলা হয়) ॥২৮॥ যো মাং পশাতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশাতি।
তম্মাহং ন প্রণশামি স চ মে ন প্রণশাতি ॥৩০॥
সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোহপি স যোগী ময়ি বর্ত্ততে ॥৩১॥

যঃ (যিনি) মাং (আমাকে) সর্ব্বত্র (সকল পদার্থে) পশ্যতি (দর্শন করেন), সর্ব্বং চ (এবং সমস্ত প্রপঞ্চ) ময়ি (আমাতে) পশ্যতি (দর্শন করেন), অহং (আমি) তস্ম (তাঁহার নিকট) ন প্রণশ্যামি (অদৃশ্য হই না) স চ (তিনিও) মে (আমার) ন প্রণশ্যতি (অদৃশ্য হন না অর্থাৎ আমার চিস্তা হইতে কখনও এই হন না) ॥৩০॥

যঃ (যে যোগী) সর্ব্বভূতস্থিতং (সর্ব্ব জীবের হৃদয়ে প্রাদেশ পরিমিত চতুর্ভুজ রূপে পৃথক্ পৃথক্ অবস্থিত) মাং (আমাকে) একত্বম্ (অভিন্ন রূপে) আস্থিতঃ (আশ্রয় পূর্ব্বক) ভজতি (শ্রবণ স্মরণাদি দ্বারা ভজনকরেন) সঃ যোগী (সেই যোগী) সর্ব্বথা (সর্ব্ব প্রকারে অর্থাৎ শাস্ত্রোক্ত কর্মান্তুষ্ঠান করিয়া বা না করিয়া) বর্ত্তমানঃ অপি (অবস্থিত থাকিয়াও) ময়ি [এব] (আমাতেই) বর্ত্ততে (অবস্থিতি করেন) ॥৩১॥

রহচ্চেতনের সহিত একীভূত চিত্ত ও সর্বাজীবে চেতন সন্দর্শনকারী সেই যোগীপুরুষ, পরমাত্মাকে সর্বাভূতে অবস্থিত, এবং ভূত সকলকেও পরমাত্মাতে অবস্থিত দর্শন করিয়া থাকেন॥২৯॥

যে ব্যক্তি আমাকে সমুদয় পদার্থে দর্শন করেন, এবং আমাতেই সকল প্রপঞ্চ (বস্তু) দেখেন, আমি তাঁহার নিকট অদৃশ্য থাকি না, এবং তিনিও আমার অদৃশ্য হন না অর্থাৎ আমার চিস্তা হইতে কখনও ভ্রষ্ট হন না ॥৩০॥

যে যোগী সকল জীবের হৃদয়ে প্রাদেশ প্রমাণ চতুর্ভুজাকার পৃথক্ পৃথক্ অবস্থিত আমাকে অভিন্নরূপে আশ্রয়পূর্ব্বক

আত্মোপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোহৰ্চ্ছ্রন। স্থখং বা যদি বা চুঃখং স যোগী পরমো মতঃ॥৩২॥ অৰ্চ্ছ্যন উবাচ—

যোহয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুস্থদন। এতস্থাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্॥৩৩॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) যঃ (যে যোগী) আক্ষোপম্যেন (নিজের সাদৃশ্যে) সর্ব্বর (সর্ব্বভূতের) স্থখং বা যদি বা চুঃখং স্থেখ অথবা চুঃখকে) সমং (আপনার [স্থখ-চুঃখের] সহিত সমানভাবে) পশ্যতি (দেখেন) সঃ যোগী (সেই যোগী) প্রমঃ (সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া) মতঃ (আমার অভিমত) ॥৩২॥

অৰ্জ্জুনঃ উবাচ (অৰ্জ্জুন বলিলেন) [হে] মধুস্থদন (হে মধুস্থদন!) ত্বয়া (আপনা কর্ত্ত্বক) সাম্যেন (স্ব-পর স্থখ-ত্বঃথের সম দর্শন রূপ) অয়ং (এই) যঃ যোগঃ (যে যোগ) প্রোক্তঃ (কথিত হইল), [মনসঃ] (মনের) চঞ্চলত্বাৎ (চাঞ্চল্য বশতঃ) অহং (আমি) এতস্থা (এই যোগের) স্থিরাম্ (নিত্য) স্থিতিং (স্থিতি) ন পশ্যামি (দেখিতেছি না) ॥৩৩॥

শ্রবণ, কীর্ত্তন ও স্মরণাদি দ্বারা ভজন করেন, সেই যোগী শাস্ত্রোক্ত কর্মান্তুষ্ঠান করুন বা না করুন সর্ব্বদা তিনি আমাতেই বর্ত্তমান থাকেন ॥৩১॥

হে অর্জ্জুন! যে যোগী পুরুষ নিজের তুলনায় সমস্ত জীবের স্থখ অথবা চুঃখকে সমান দেখেন, অর্থাৎ অগ্য জীবের স্থখকে নিজ স্থখের গ্রায় স্থখকর এবং তাহার চুঃখকেও নিজ চুঃখের গ্রায় চুঃখজনক বলিয়া জানেন, সেই যোগী সর্বাপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া আমার অভিমত ॥৩২॥

অর্জ্জুন কহিলেন—হে মধুস্থদন! আপনি নিজের ও পরের স্থুখ ও তুঃখকে সমদর্শনরূপ এই যে যোগের কথা বলিলেন,

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবন্দৃঢ়ম্। তস্থাহং নিগ্রহং মন্যে বায়োরিব স্থগ্নন্ধরম্ ॥৩৪॥ শ্রীভগবানুবাচ— অসংশয়ং মহাবাহো মনো গুর্নিগ্রহং চলম্। অভ্যাসেন তু কৌন্ডেয় বৈরাগ্যেন চ গৃহতে ॥৩৫॥

[হে] কৃষ্ণ (হে কৃষ্ণ!) মনঃ (মন) চঞ্চলং হি (স্বভাবতঃ চঞ্চল),
প্রমাথি (বুদ্ধি, শরীর ও ইন্দ্রিয়ের বিক্ষেপ জনক), বলবৎ (বিচার বুদ্ধি
দ্বারাও অনিয়ম্য) দৃঢ়ম্ (ও তুর্ভেগ্ন)। [অতঃ] (অতএব) অহং (আমি)
তস্ম (তাহার অর্থাৎ মনের) নিগ্রহং (নিরোধ) বায়োঃ ইব (আকাশস্থ বায়ু নিরোধের শ্রায়) স্বত্বদ্ধরম্ (অত্যস্ত কঠিন) মন্তে (মনে করি)॥৩৪॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] মহাবাহো (হে মহাবীর অর্জ্জুন!) মনঃ (মন) তুর্নিগ্রহং (তুঃখে নিগৃহীত হয়) চলম্ (ও চঞ্চল) [ইত্যত্র] (এ বিষয়ে) অসংশয়ম্ (সন্দেহ নাই), তু (কিন্তু) [হে] কোন্তেয় (হে কুন্তীনন্দন!) অভ্যাসেন (সদ্গুরূপদিষ্ট প্রকারে পরমেশ্বর ধ্যানযোগের পুনঃ পুনঃ অনুশীলন) বৈরাগ্যেন চ (এবং বিষয় বৈরাগ্যের দ্বারা) গৃহতে (বশীকৃত হয়) ॥৩৫॥

মনের চঞ্চলতা বশতঃ আমি এই যোগের নিত্যস্থায়িত্ব দেখিতে পাইতেছি না ॥৩৩॥

হে কৃষ্ণ! মন স্বভাবতঃই চঞ্চল, বিবেকবতী বুদ্ধি, শরীর ও ইন্দ্রিয়গণের ক্ষোভকর, অজেয় ও অতিশয় দৃঢ়। স্থতরাং আকাশস্থ বায়ুকে যেমন কুম্বকাদি দ্বারা নিরোধ করা যায় না, সেরূপ অষ্টাঙ্গ যোগের দ্বারা সেই চঞ্চল মনের নিরোধও আমি অত্যন্ত কঠিন মনে করি ॥৩৪॥

শ্রীভগবান কহিলেন—হে মহাবীর অর্জ্জুন! মন অতি কষ্টে নিগৃহীত হয় ও চঞ্চল এবিষয়ে সংশয় নাই; কিন্তু হে অসংযতাত্মনা যোগো ছুম্প্রাপ ইতি মে মতিঃ। বশ্যাত্মনা তু যততা শক্যোহবাপ্তুমুপায়তঃ॥৩৬॥ অৰ্জ্জন উবাচ—

অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিতমানসঃ। অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি॥৩৭॥

অসংযতাত্মনা (অসংযত চিত্ত কর্তৃক) যোগঃ (চিত্তবৃত্তি নিরোধ রূপ যোগ) ফুপ্রাপঃ (ফুর্ল্লভ) ইতি (ইহাই) মে (আমার) মতিঃ (বিচার)। তু (কিন্তু) যততা (যতুশীল) বশ্যাত্মনা (ও সংযত চিত্ত ব্যক্তি) উপায়তঃ (সাধনা দ্বারা) অবাপ্তুম্ শক্যঃ (ইহাকে লাভ করিতে সমর্থ হন)॥৩৬॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) [হে] কৃষ্ণ (হে কৃষ্ণ!) শ্রদ্ধায়া উপেতঃ (যোগশাস্ত্রে বিশ্বাস বশতঃ যোগাভ্যাসে প্রবৃত্ত) অযতিঃ (অথচ অল্প যত্ন পুরুষ) যোগাৎ চলিতমানসঃ (অভ্যাস ও বৈরাগ্যের অভাবে যোগ হইতে ভ্রষ্ট চিত্ত হইয়া) যোগসংসিদ্ধিং (যোগের সম্যক্ ফল) অপ্রাপ্য (না পাইয়া) কাং গতিং (কি গতি) গচ্ছতি (লাভ করেন?) ॥৩৭॥

কুন্তীপুত্র! সদ্গুরুর উপদেশ মত পরমেশ্বরের ধ্যানযোগের পুনঃ পুনঃ অভ্যাস এবং বিষয়ের প্রতি বৈরাগ্যের দ্বারা সেই মনকে বশীভূত করা যায়॥৩৫॥

অসংযতচিত্ত ব্যক্তির পক্ষে পূর্ব্বোক্ত চিত্তবৃত্তি নিরোধরূপ যোগ, তুষ্প্রাপ্য বলিয়াই আমার বিচার; কিন্তু যিনি যথার্থ উপায় অবলম্বন পূর্ব্বক মনকে বশীভূত করিতে যত্নশীল হন, তিনি অবশ্যই যোগসিদ্ধ হইয়া থাকেন ॥৩৬॥

অর্জ্জুন বলিলেন—হে কৃষ্ণ! যোগশাস্ত্রে বিশ্বাস হেতু যোগাভ্যাসে প্রবৃত্ত হইয়া অল্পযত্নশীল ব্যক্তি, অভ্যাস ও বৈরাগ্যের অভাবে যোগ হইতে বিষয়-প্রবণতা বশতঃ বিচলিত কচিনোভয়বিভ্রষ্টশ্ছিনাভ্রমিব নশ্যতি। অপ্রতিষ্ঠো মহাবোহো বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি॥৩৮॥ এতন্মে সংশয়ং কৃষ্ণ ছেত্তুমর্হস্তশেষতঃ। ত্বদন্তঃ সংশয়স্তাস্ত ছেত্তা ন হ্যপপত্ততে॥৩৯॥

শ্রীভগবানুবাচ—

পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্থ বিদ্যতে। ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাত গচ্ছতি ॥৪০॥

[হে] মহাবাহো (হে মহাবীর!) ব্রহ্মণঃ পথি (ব্রহ্ম প্রাপ্তির উপায় রূপ পথে) বিমূঢ়ঃ (বিমূঢ়) অপ্রতিষ্ঠঃ (নিরাশ্রয়) উভয়বিত্রষ্টঃ (কর্মমার্গ ও যোগমার্গ উভয় হইতে বিচ্যুত)[সন্](হইয়া) ছিন্নাত্রম্ ইব (খণ্ডিত মেঘের খ্যায়) কচ্চিৎ (কি)[সঃ](সেই ব্যক্তি) ন নশ্যতি (নষ্ট হয় না?)॥৩৮॥

[হ] কৃষ্ণ (হে কৃষ্ণ!) মে (আমার) এতৎ সংশয়ং (এই সন্দেহ) অশেষতঃ (সম্পূর্ণরূপে) ছেতুম্ (ছেদন করিতে) [দ্বং] (তুমি) অর্হসি (সমর্থ)। দ্বদন্তঃ (তুমি ভিন্ন) অস্ত্র (এই) সংশয়স্ত্র (সংশরের) ছেতা (ছেদনকারী) ন হি উপপদ্যতে (আর মিলিবে না) ॥৩৯॥

হইয়া নিশ্চয়ই যোগফল প্রাপ্ত হন না মনে করি, তখন তাঁহার কি গতি লাভ হয় ? ॥৩৭॥

হে মহাবাহো! ব্রহ্মপ্রাপ্তির উপায়রূপ যোগ সাধন পথে ভ্রষ্ট এই ব্যক্তি নিরাশ্রয় এবং কর্মমার্গ ও যোগমার্গ উভয় হইতে বিচ্যুত হইয়া ছিন্নভিন্ন মেঘের খ্যায় নষ্ট হয় না কি? ॥৩৮॥

হে কৃষ্ণ! আমার এই সংশয় সর্ব্বতোভাবে ছেদন (দূর) করিতে আপনি ভিন্ন অপর কেহ সমর্থ হইবে না। অতএব কৃপাপূর্ব্বক আপনি আমার এই সংশয়টী সম্পূর্ণরূপে ছেদন করুন॥৩৯॥

প্রাপ্য পুণ্যকৃতাং লোকান্থবিত্বা শাশ্বতীঃ সমাঃ। শুচীনাং শ্রীমতাং গেহে যোগল্রষ্টোহভিজায়তে ॥৪১॥ অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্। এতদ্ধি তুর্ল্লভতরং লোকে জন্ম যদীদৃশম্॥৪২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] পার্থ (হে কুন্তীনন্দন!) তম্ম (তাহার) ইহ এব (এই প্রাকৃত লোকে) বিনাশঃ (স্বর্গাদিম্বখন্তংশরূপ বিনাশ) ন বিচ্চতে (নাই) অমুত্র (পরলোকে অর্থাৎ অপ্রাকৃত লোকে) [বিনাশঃ] (পরমাত্মদর্শনন্তংশরূপ বিনাশ) ন (নাই)। [হে] তাত (হে বৎস!) হি (যেহেতু) কল্যাণকৃৎ (শুভ-কার্য্যামুষ্ঠানকারী) কশ্চিৎ (কোন ব্যক্তিই) ত্বর্গতিং (ত্বর্গতি) ন গচ্ছতি (প্রাপ্ত হন না)॥৪০॥

যোগভষ্টঃ (যোগ হইতে বিচ্যুত পুরুষ) পুণ্যকৃতাং (পুণ্যকারিগণের) লোকান্ (লোক সমূহ) প্রাপ্য (লাভ করিয়া) শাশ্বতীঃ সমাঃ (বহু বর্ষ) [তত্র] (তথায়) উষিত্বা (বাস করিয়া) শুচীনাং (সদাচার পরায়ণ পবিত্র) শ্রীমতাং (ধনিগণের) গেহে (গৃহে) অভিজায়তে (জন্ম গ্রহণ করেন) ॥৪১॥ অথবা (অথবা) যোগিনাম্ (যোগাভ্যাস নিরত) ধীমতাম্ এব (যোগের উপদেশকারিগণেরই) কুলে (বংশো) ভবতি (জন্মগ্রহণ করেন)।

শ্রীভগবান্ কহিলেন—হে কুন্তীনন্দন অর্জ্জুন! যোগভ্রষ্ট সেই ব্যক্তির এই প্রাকৃত লোকে স্বর্গাদি স্থখ হইতে ভ্রংশরূপ বিনাশ নাই, অথবা পরলোকে অর্থাৎ অপ্রাকৃত লোকেও তাহার পরমাত্মদর্শন হইতে ভ্রংশরূপ বিনাশ নাই। হে বৎস! যেহেতু শুভ-কর্মানুষ্ঠানকারী কোন ব্যক্তিই তুর্গতিপ্রাপ্ত হন না ॥৪০॥

যোগ হইতে বিচ্যুত সেই ব্যক্তি অশ্বমেধাদি যজ্ঞকারিগণের প্রাপ্য স্বর্গাদি লোকসমূহ লাভ করিয়া বহু বর্ষকাল সেইসব লোকে বাস করতঃ সদাচার পরায়ণ পবিত্র ধনিগণের গৃহে জন্মগ্রহণ করিয়া থাকেন ॥৪১॥ তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদৈহিকম্। যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ॥৪৩॥ পূর্ব্বাভ্যাসেন তেনৈব ব্রিয়তে হুবশোহপি সঃ। জিজ্ঞাস্করপি যোগস্থ শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥৪৪॥

ঈদৃশম্ (এইরূপ) যৎ জন্ম (যে জন্ম) এতৎ হি (ইহা কিন্তু) লোকে (জগতে) তুর্ল্লভতরং (অতি তুর্ল্লভ) ॥৪২॥

[হে] কুরুনন্দন (হে কুরুনন্দন অর্জ্জুন!)[সঃ] (সেই যোগভ্রষ্ট পুরুষ) তত্র (উক্ত তুই প্রকার জন্মেই) পৌর্ব্বদৈহিকম্ (পূর্ব্বজন্ম কৃত) তং (সেই) বুদ্ধিসংযোগং (পরমাত্মবিষয়িণী বুদ্ধির সহিত সংযোগ) লভতে (লাভ করেন); ততঃ চ (তাহার পর) ভূয়ঃ (পুনর্ব্বার) সংসিদ্ধৌ (পরমাত্ম-দর্শনর্ব্বপ সিদ্ধিলাভের নিমিত্ত) যততে (চেষ্টা করেন) ॥৪৩॥

হি (যেহেতু) সঃ (তিনি) অবশঃ অপি (কোনও বিদ্নবশতঃ অনিচ্ছুক হইলেও) তেন (সেই যোগবিষয়ক) পূর্ব্বাভ্যাসেন এব (পূর্ব্বজন্মকৃত বলবান অভ্যাস কর্ত্বকই) হ্রিয়তে (আকৃষ্ট হন)। যোগস্থ (যোগবিষয়ে) জিজ্ঞাস্থঃ অপি (জিজ্ঞাস্থ মাত্র হইয়াও) শব্দব্রহ্ম (বেদোক্ত কর্মমার্গ) অতিবর্ত্ততে (অতিক্রম করেন) ॥৪৪॥

অথবা দীর্ঘকাল যোগাভ্যাসের পর যোগন্রস্ট ব্যক্তি যোগাভ্যাস নিরত যোগের উপদেশকারিগণেরই গৃহে বা বংশে জন্মগ্রহণ করেন। এইরূপ স্থানে জন্মলাভ করা তুর্ল্লভতর বলিয়া জানিবে॥৪২॥

হে কুরুনন্দন! সেই যোগভ্রম্ভ ব্যক্তি, উক্ত দ্বিবিধ জন্মের মধ্যে যে জন্মই লাভ করুন, পূর্বজন্ম কৃত সেই পরমাত্মার ভজন বিষয়ক বৃদ্ধির সহিত সংযোগ লাভ করেন। তাহার পর পুনরায় অধিকতরভাবে পরমাত্মার দর্শনরূপ সিদ্ধিলাভের নিমিত্ত চেষ্টা করেন॥৪৩॥

প্রযত্নাদ্যভমানস্ত যোগী সংশুদ্ধকিশ্বিষঃ। অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্ ॥৪৫॥ তপস্বিভ্যোহধিকো যোগী জ্ঞানিভ্যোহপি মতোহধিকঃ। কর্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্যোগী ভবার্জ্জ্বন ॥৪৬॥

প্রযত্নাৎ (পূর্ব্বকৃত যত্ন অপেক্ষা) যতমানঃ (অধিক প্রযত্নশীল) সংশুদ্ধকিস্থিষঃ (সম্যক্ কযায় পরিপাকে বিশুদ্ধচিত্ত) যোগী তু (যোগীও) অনেকজন্মসংসিদ্ধঃ (অনেক জন্মে সিদ্ধি লাভ করেন)। ততঃ (অনস্তর) পরাং গতিম্ (স্ব-পরমাত্মদর্শনরূপ মুক্তি অর্থাৎ মোক্ষ) যাতি (লাভ করেন)॥৪৫॥

যোগী (পরমাত্মার উপাসক) তপস্বিভ্যঃ (কৃছু চান্দ্রায়ণাদি তপোনিষ্ঠ অপেক্ষা) অধিকঃ (শ্রেষ্ঠ), জ্ঞানিভ্যঃ অপি (ব্রন্ধের উপাসক অপেক্ষাও) অধিকঃ (শ্রেষ্ঠ); যোগী (এবং যোগী) কর্মিভ্যঃ চ (কর্মী অপেক্ষাও) অধিকঃ (শ্রেষ্ঠ) [ইতি মে] (ইহাই আমার) মতঃ (অভিমত)। তম্মাৎ

যেহেতু তিনি কোনও অন্তরায় বশতঃ অনিচ্ছুক হইলেও যোগসাধন বিষয়ে পূর্বজন্মকৃত অভ্যাস বশেই তাহাতে আকৃষ্ট হন। তিনি যোগসাধনে প্রবৃত্তমাত্র হইয়াও বেদোক্ত সকাম কর্মমার্গকে অতিক্রম করিয়া থাকেন, অর্থাৎ তদপেক্ষা উৎকৃষ্ট ফল লাভ করেন॥৪৪॥

তখন পূর্ব্বকৃত যত্ন অপেক্ষা অধিকতর প্রযত্নশীল, ও কামনা বাসনারূপ কষায়ের সম্যক্ পরিত্যাগে বিশুদ্ধচিত্ত-যোগী অনেক জন্ম যোগ সাধনার ফলে সিদ্ধিলাভ করিয়া তৎপর তিনি পরমাগতি লাভ করেন ॥৪৫॥

পরমাত্মার উপাসনাকারী যোগী কৃচ্ছু চান্দ্রায়ণাদি তপোনিষ্ঠ ব্যক্তিগণ অপেক্ষা শ্রেষ্ঠ, বন্ধের উপাসকগণ অপেক্ষাও শ্রেষ্ঠ;

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা। শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥৪৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাণি শ্রীমন্তুগবদগীতাস্থপনিষৎস্থ ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ধ্যানযোগো নাম ষষ্ঠোহধ্যায়ঃ ॥৬॥

(অতএব) [হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) [ত্বং] (তুমি) যোগী ভব (যোগী হও) ॥৪৬॥

যঃ (যিনি) শ্রদ্ধাবান্ (ভক্তিনিরূপক শাস্ত্রে দৃঢ় বিশ্বাসযুক্ত) মদগতেন (আমাতেই আসক্ত) অন্তরাত্মনা (চিত্তদ্বারা) মাং (আমাকে) ভজতে (শ্রবণ কীর্ত্তনাদিযোগে সেবা করেন), সঃ (সেই ভক্ত) সর্ব্বেষাং (সকলপ্রকার) যোগিনাম্ অপি (যোগিগণের অর্থাৎ কর্ম্ম-জ্ঞান-তপস্থাঅষ্ট্রাঙ্গযোগ-ভক্তি প্রভৃতি উপায় অবলম্বনকারিগণের মধ্যে) যুক্ততমঃ (সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ) [ইতি] (ইহাই) মে (আমার) মতঃ (অভিমত) ॥৪৭॥

ইতি ষষ্ঠ অধ্যায়ের অন্বয় সমাপ্ত॥

এবং কর্ম্মিগণ অপেক্ষাও শ্রেষ্ঠ । ইহাই আমার অভিমত জানিবে। হে অর্জ্জুন! অতএব তুমি যোগী হও ॥৪৬॥

যিনি ভক্তিনিরূপক শাস্ত্রে বিশ্বাসযুক্ত এবং আমাতেই আসক্ত মনের দ্বারা আমাকে শ্রবণ কীর্ত্তনাদি যোগে ভজনা করেন—সেই ভক্ত সকল প্রকার যোগিগণের মধ্যে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ, ইহাই আমার অভিমত ॥৪৭॥

ইতি ষষ্ঠ অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত॥

সপ্তমোহধ্যায়ঃ

জ্ঞানবিজ্ঞানযোগ

শ্রীভগবানুবাচ—

ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ। অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্থসি তচ্ছুণু ॥১॥ জ্ঞানং তেহহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ। যজ্জাত্বা নেহ ভূয়োহগুজ্জাতব্যমবশিয়তে ॥২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] পার্থ (হে অর্জ্কুন!)
ময়ি (পরমেশ্বর আমাতে) আসক্তমনাঃ (অভিনিবিষ্টচিত্ত) মদাশ্রয়ঃ
[সন্] (জ্ঞান কর্মাদিনিষ্ঠা পরিত্যাগ পূর্ব্বক একমাত্র আমারই শরণাপন্ন
হইয়া) যোগং (আমার সহিত সংযোগ) যুঞ্জন্ (ধীরে ধীরে লাভ করতঃ)
অসংশয়ং (নিঃসন্দিগ্ধ হইয়া) সমগ্রং (সাধিষ্ঠান, বিভূতি ও সপরিকর)
মাং (আমাকে) যথা (যেরপভাবে) জ্ঞাশ্রসি (জানিতে পারিবে) তৎ
(তাহা) শৃণু (শ্রবণ কর) ॥১॥

অহং (আমি) তে (তোমাকে) সবিজ্ঞানম্ (মাধুর্য্যান্ত্রভব সহিত) ইদং জ্ঞানং (এই ঐশ্বর্যাময় জ্ঞানের কথা) অশেষতঃ (সম্পূর্ণরূপে) বক্ষ্যামি (বলিব), যৎ (যাহা) জ্ঞাত্বা (জানিলে পর) ইহ (এই শ্রেয়ঃপথে অবস্থিত)

শ্রীভগবান্ কহিলেন—হে পার্থ! পরমেশ্বর আমাতে আসক্ত-চিত্ত হইয়া জ্ঞানকর্মাদি নিষ্ঠা পরিত্যাগ পূর্ব্বক, আমাকে আশ্রয় করিয়া ধীরে ধীরে আমার সহিত সংযোগ লাভ করতঃ নিঃসন্দেহে, অধিষ্ঠান, বিভূতি ও পরিকরাদি সহ আমাকে যে উপায়ে জানিতে পারিবে—তাহা শ্রবণ কর ॥১॥

আমি তোমাকে মাধুর্য্যান্থভবের সহিত এই ঐশ্বর্য্যময় জ্ঞানের কথা সমগ্রভাবে বলিব, যাহা জানিবার পর এই শ্রেয়স্কর পথে মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্যততি সিদ্ধয়ে। যততামপি সিদ্ধানাং কশ্চিম্মাং বেন্তি তত্ত্বতঃ ॥৩॥ ভূমিরাপোহনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ। অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥৪॥

[তব] (তোমার) ভূয়ঃ (পুনরায়) অন্তৎ (অন্য) জ্ঞাতব্যম্ (জানিবার বিষয়) ন অবশিষ্যতে (অবশিষ্ট থাকিবে না) ॥২॥

মনুষ্যাণাং সহস্রেষু (সহস্র সহস্র মনুষ্যের মধ্যে) কশ্চিৎ (কেহ) সিদ্ধয়ে (স্ব-পরাত্মদর্শন নিমিত্ত) যততি (যত্ন করেন); যততাম্ (তাদৃশ বহু যত্নকারী) সিদ্ধানাং অপি (স্ব-পরাত্মদর্শী সহস্র সহস্র ব্যক্তির মধ্যেও) কশ্চিৎ (কেহ) মাং (শ্যামস্থল্যরাকার আমাকে) তত্ত্বতঃ (সাক্ষাৎ) বেত্তি (অন্নভব করেন) ॥৩॥

ভূমিঃ (পৃথিবী) আপঃ (জল) অনলঃ (তেজ) বায়ুঃ (বায়ু) খং (আকাশ) মনঃ (মন) বুদ্ধিঃ (বুদ্ধি) অহঙ্কারঃ এব চ (এবং অহঙ্কার) ইতি (এই প্রকারে) ইয়ং (এই) মে (আমার) প্রকৃতিঃ (মায়াশক্তি) অষ্টধা (অষ্টপ্রকারে) ভিন্না (বিভক্তা) ॥৪॥

অবস্থিত তোমার পুনরায় আর কিছুই জানিবার বাকি থাকিবে না ॥২॥

অসংখ্য জীবগণের মধ্যে কখন কেহ কেহ মনুষ্য হয়, সহস্র সহস্র মনুষ্মের মধ্যে কেহ কেহ স্ব-পরাত্ম অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মার দর্শন নিমিত্ত যত্ম করেন; তাদৃশ যত্মশীল স্ব-পরাত্মদর্শী সহস্র সহস্র ব্যক্তির মধ্যেও কেহ কেহ মাত্র শ্যামস্থন্দরাকার আমাকে সাক্ষাৎ অনুভব করেন॥৩॥

ক্ষিতি, জল, তেজ, বায়ু, আকাশ, মন, বুদ্ধি ও অহঙ্কার এই প্রকারে আমার এই মায়াশক্তি অষ্টধা বিভক্ত ॥৪॥*

*মস্তব্য—এই শ্লোকটি বলার তাৎপর্য্য ভক্তিমতে ভগবৎ-ঐশ্বর্য্যজ্ঞানকেই জ্ঞান বলে,—জ্ঞানিদের মত দেহাদি ব্যতিরিক্ত আত্মজ্ঞান—জ্ঞান নহে।

অপরেয়নিতস্ত্বতাং প্রকৃতিং বিদ্ধি মে পরান্। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্যতে জগৎ ॥৫॥ এতদ্যোনীনি ভূতানি সর্বাণীত্যুপধারয়। অহং কৃৎস্কস্য জগতঃ প্রভবঃ প্রলয়ন্তথা॥৬॥

[হে] মহাবাহো (হে মহাবীর!) ইয়ম্ (বহিরঙ্গাখ্যা প্রকৃতি) অপরা (নিকৃষ্টা) তু (কিন্তু) ইতঃ (ইহা হইতে) অন্তাং (অন্ত একটী) জীবভূতাং (জীবস্বরূপা) মে (আমার) প্রকৃতিং (তটস্থাশক্তিকে) পরাম্ (শ্রেষ্ঠা) বিদ্ধি (জানিবে), যয়া (যে চেতনাশক্তি দ্বারা) ইদং জগৎ (এই জগৎ) ধার্যাত (স্ব কর্মা দ্বারা ভোগার্থ গৃহীত হয়) ॥৫॥

হে মহাবীর অর্জ্জুন! এই বহিরঙ্গা নামক প্রকৃতি নিকৃষ্টা, কিন্তু ইহা হইতে ভিন্ন জীবস্বরূপ আমার তটস্থা শক্তিকে উৎকৃষ্টা বলিয়া জানিবে। যে চেতনা শক্তিদ্বারা এই জগৎ নিজ নিজ কর্মদ্বারা ভোগার্থ গৃহীত হইয়া থাকে। আমার অস্তরঙ্গাশক্তি নিঃস্বত চিজ্জগৎ ও বহিরঙ্গাশক্তি নিঃস্বত জড়জগৎ, এই উভয় জগতের মধ্যবর্ত্তী বা উপযোগী বলিয়া এই জীবশক্তিকে তটস্থাশক্তি বলা যায়॥৫॥

অতএব স্বীয় ঐশ্বর্য্যজ্ঞান নিরূপণার্থ স্ব-স্বরূপ ও স্বশক্তিগত ভেদপ্রকার এবং তদ্বৈশিষ্ট্য দেখাইতেছেন। স্ব-স্বরূপগত ভেদ — ব্রহ্ম, পরমাত্মা ও ভগবান। "তন্মধ্যে ব্রহ্ম আমার শক্তিগত একটী নির্কিশেষ ভাবমাত্র কোনও স্বরূপ নাই। পরমাত্মাও আমার শক্তিগত আবির্ভাব বিশেষ, (জগৎ সম্বন্ধীয় তত্ত্ববিশেষ) তাহারও কোন নিত্যস্বরূপ নাই। স্থতরাং আমার ভগবৎস্বরূপই 'নিত্য'। ঐ ভগবৎস্বরূপে আমার নিত্যশক্তিও তিন প্রকার অন্তরঙ্গা বা চিচ্ছক্তি, বহিরঙ্গা বা মায়াশক্তি ও তটস্থা বা জীবশক্তি"। তন্মধ্যে এই শ্লোকটীতে মায়াশক্তির প্রকারভেদ বর্ণন করিতেছেন॥৪॥

মত্তঃ পরতরং নাতাৎ কিঞ্চিদন্তি ধনঞ্জয়। ময়ি সর্বামিদং প্রোতং সূত্রে মণিগণা ইব॥৭॥ রসোহহমক্ষু কৌন্তেয় প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ। প্রণবঃ সর্বাবেদেরু শব্দঃ খে পৌরুষং নৃষু॥৮॥

সর্কাণি ভূতানি (স্থাবরজঙ্গমরূপ ভূত সমুদয়) এতদ্যোনীনি (এই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞরূপ প্রকৃতিদ্বয় হইতে উৎপন্ন) ইতি (ইহা) উপধারয় (অবগত হও)। অহং (আমি) কৃৎস্ণস্থা (সমগ্র) জগতঃ (জগতের) প্রভবঃ (স্রম্ন্তা) তথা প্রলয়ঃ (ও সংহর্তা) ॥৬॥

[হে] ধনঞ্চয় (হে ধনঞ্জয়!) মন্তঃ (আমা হইতে) পরতরং (শ্রেষ্ঠ) অক্তৎ (অক্ত) কিঞ্চিৎ (কিছু) ন অস্তি (নাই)। সূত্রে মণিগণাঃ ইব (সূত্রে গ্রথিত মণিগণের ক্যায়) ময়ি (আমাতে) ইদং সর্কাং (এই সমস্ত জগৎ) প্রোতং (গ্রথিত আছে)॥৭॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীপুত্র!) অহম্ (আমি) অপ্সু (জলমধ্যে) রসঃ (রসতন্মাত্ররপবিভূতি দ্বারা রসের আশ্রয়রূপে অবস্থিত) শশিস্থর্যয়োঃ (চন্দ্র ও স্থর্য্যে) প্রভা (প্রভারূপ বিভূতিদ্বারা অবস্থিত) সর্ব্ধবেদেযু (সমস্ত বেদে) প্রণবঃ (তন্মূলভূত ওঙ্কার) খে (আকাশে) শব্দঃ (শব্দতন্মাত্র) নৃষু (মন্তুয়ো) পৌরুষং (উত্তমরূপে) অশ্বি (বর্ত্তমান আছি) ॥৮॥

স্থাবরজঙ্গমরূপ সমস্ত ভূতগণ এই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞরূপ প্রকৃতি-দ্বয় হইতে উৎপন্ন হইয়াছে, এইরূপ জ্ঞাত হও; আমিই সমস্ত জগতের উৎপত্তির কারণ এবং সংহারের কারণ জানিবে ॥৬॥

হে অৰ্জ্জুন! আমা হইতে শ্রেষ্ঠ আর কিছু নাই, স্থত্তে গ্রথিত মণিসমূহের ন্যায় এই সমগ্র জগৎ আমাতে গ্রথিত আছে ॥৭॥

হে কুন্তীনন্দন! আমি জলের মধ্যে রসতন্মাত্ররূপ বিভূতি দ্বারা রসের আশ্রয়রূপে অবস্থিত, চন্দ্র ও সূর্য্যে প্রভারূপ বিভূতি দ্বারা পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চান্মি বিভাবসৌ। জীবনং সর্ব্বভূতেরু তপশ্চান্মি তপস্বিষু ॥৯॥ বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্। বুদ্ধির্বুদ্ধিমতামন্মি তেজস্তেজস্বিনামহম্॥১০॥

[অহং] (আমি) পৃথিব্যাং চ (পৃথিবীতে) পুণ্যঃ গন্ধঃ (অবিকৃত গন্ধ) বিভাবসৌ চ (এবং অগ্নিতে) তেজঃ (তেজোরূপে) অস্মি (অবস্থান করিতেছি)। সর্ব্বভূতেষু (সর্ব্বভূতে) জীবনং (আয়ুরূপে) তপস্বিষু চ (এবং তপস্বিগণের মধ্যে) তপঃ (দ্বন্দ্বসহনাদিরূপে) অস্মি (বর্ত্তমান আছি)॥৯॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) মাং (আমাকে) সর্ব্বভূতানাং (সর্ব্বভূতের) সনাতনম্ (নিত্য) বীজং (প্রধানাখ্য কারণ বলিয়া) বিদ্ধি (জানিবে)। অহম্ (আমি) বুদ্ধিমতাম্ (বুদ্ধিমান্গণের) বুদ্ধিং (বুদ্ধি) তেজস্বিনাম্ (এবং তেজস্বিগণের) তেজঃ (তেজরূপে) অস্মি (বর্ত্তধান আছি) ॥১০॥

অবস্থিত, সমগ্র বেদে তাহার মূলীভূত ওঙ্কাররূপে, আকাশে শব্দতন্মাত্ররূপে এবং নরগণের মধ্যে পুরুষাকাররূপে অবস্থিত আছি ॥৮॥

আমি পৃথিবীর মধ্যে পবিত্র গন্ধরূপে, এবং অগ্নিতে তেজোরূপে অবস্থান করিয়া থাকি। সমগ্র ভূতের মধ্যে আয়ুরূপে এবং তপস্থিগণের মধ্যে শীতোঞ্চাদি দ্বন্দ্ব সহনরূপে বর্ত্তমান রহিয়াছি ॥৯॥

হে পার্থ! আমাকে সমস্ত ভূতের প্রধানাখ্য সনাতন কারণ বলিয়া জানিবে। আমি বুদ্ধিমান্দিগের বুদ্ধিস্বরূপে এবং তেজস্বি-দিগের তেজস্বরূপে বর্ত্তমান আছি ॥১০॥ বলং বলবতাং চাহং কামরাগবিবর্জ্জিতম্। ধর্মাবিরুদ্ধো ভূতেষু কামোহস্মি ভরতর্বভ ॥১১॥ যে চৈব সাম্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে। মন্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে় ময়ি ॥১২॥

[হে] ভরতর্ষভ (হে ভরতবংশ শ্রেষ্ঠ!) অহং (আমি) বলবতাং (বলবান্গণের) কামরাগবিবর্জ্জিতম (স্বজীবিকাদির অভিলাষ ও অধিক তৃষ্ণা শূন্য) বলম (সাদ্বিক স্বধর্মান্তুষ্ঠান সামর্থ্য) চ (এবং) ভূতেরু (প্রাণি সমূহে) ধর্মাবিরুদ্ধঃ (ধর্মপত্মীতে পুত্রোৎপত্তিমাত্রে উপযোগী) কামঃ (কামরূপে) অস্মি (বর্ত্তমান আছি) ॥১১॥

যে এব (আরও যে সকল) সান্থিকাঃ (সান্থিক) রাজসাঃ চ (রাজসিক)
যে চ (এবং যে সকল) তামসাঃ (তামসিক) ভাবাঃ (পদার্থ) [সম্ভি]
(আছে) তান্ [সর্ব্বান্] (সেই সকলকে) মত্তঃ এব (আমা হইতেই জাত)
ইতি (এরূপ) বিদ্ধি (জানিবে)। তেষু (তাহাদিগের মধ্যে) অহং ন
[বর্ত্তে] (আমি অবস্থান করি না) তু (কিন্তু) তে (তাহারা) ময়ি (আমাতে) [বর্ত্তম্ভে] (অবস্থান করে) ॥১২॥

হে অর্জ্জুন! আমি বলবান্দিগের স্বার্থ ও আসক্তি বর্জ্জিত বল, এবং প্রাণিসমুদয়ের মধ্যে ধর্ম সম্মত কামরূপে অবস্থিত আছি ॥১১॥

আরও যে সকল সাত্ত্বিক, রাজসিক ও তামসিক পদার্থ আছে, সেই সমুদয়ও আমা হইতেই জাত বলিয়া জানিবে। তথাপি সেই সকলের মধ্যে আমি নাই, কিন্তু তাহারা আমার অধীন হইয়া আমাতে বর্ত্তমান আছে ॥১২॥ ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ ॥১৩॥
দৈবী হোষা গুণময়ী মম মায়া তুরত্যয়া।
মামেব যে প্রপন্তান্ত মায়ামেতাং তরস্তি তে ॥১৪॥

এভিঃ (এই) ব্রিভিঃ (ব্রিবিধ) গুণময়ৈঃ (গুণময়) ভাবৈঃ (ভাবের দ্বারা) ইদং (এই) সর্ক্ষম্ (সমুদয়) জগং (জীবজগং) মোহিতং (বিমোহিত রহিয়াছে)। [অতএব] এভাঃ পরম্ (এই ব্রিগুণের অতীত) অব্যয়ম্ (নির্ক্ষিকার্) মাম্ (কৃষ্ণস্বরূপ আমাকে) ন অভিজানাতি (কেহই জানে না)॥১৩॥

এষা (এই) গুণময়ী (ত্রিগুণাত্মিকা) দৈবী (অলৌকিকী) মম (আমার)
মায়া (বহিরঙ্গাশক্তি) তুরত্যয়া (তুস্তরা) হি (স্থনিশ্চিত), [তথাপি]
(তাহা হইলেও) যে (যাঁহারা) মাম্ এব (একমাত্র আমাকেই) প্রপদ্যম্তে
(আশ্রয় করেন অর্থাৎ আমাতে শরণাগত হন) তে (তাঁহারাই) এতাং
(এই তুরতিক্রমণীয়া) মায়াম্ ,(মায়াকে) তরম্ভি (অতিক্রম করিতে
পারেন)॥১৪॥

এই তিনটী গুণময় ভাবের দ্বারা এই সকল জীবজগৎ সম্পূর্ণ মোহিত রহিয়াছে। স্থতরাং এই সকল ভাব হইতে শ্রেষ্ঠ অর্থাৎ নির্গুণ নির্ব্বিকার ভগবৎস্বরূপ আমাকে কেহই জানিতে পারে না ॥১৩॥

এই ত্রিগুণময়ী অলোকিকী (বিমুখমোহিনী) আমার মায়াশক্তি অতীব তুরতিক্রমণীয়া, তথাপি যাঁহারা একমাত্র আমারই শরণাগত হন, তাঁহারাই এই তুস্তরা মায়াকে অতিক্রম করিতে পারেন ॥১৪॥ ন মাং ছক্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্মন্তে নরাধমাঃ। মায়য়াপহৃতজ্ঞানা আম্বরং ভাবমাশ্রিতাঃ ॥১৫॥ চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ স্বকৃতিনোহর্জ্জুন। আর্ব্রো জিজ্ঞাম্বরর্থার্থী জ্ঞানী চ ভরতর্বভ ॥১৬॥

মূঢ়াঃ (কর্মিগণ), নরাধমাঃ (ভক্তি আশ্রয় করিয়া পরে অনুপ্যোগিতা জ্ঞানে ভক্তি পরিত্যাগী নরাধমগণ), [শাস্ত্রজ্ঞানসত্বে] মায়য়া (মায়া কর্তৃক) অপহৃতজ্ঞানাঃ (যাহাদের জ্ঞান আবৃত হইয়াছে অর্থাৎ যাহারা নারায়ণ মূর্ত্তিই ভজনীয় ও কৃষ্ণ রামাদি মূর্ত্তি মানুষী মনে করে), আহ্বরং ভাবম্ আশ্রিতাঃ (এবং জরাসন্ধ প্রভৃতি অহ্বরগণের খ্যায় কুতর্কশরে আমার বিগ্রহ খণ্ডনকারী মায়াবাদিগণ), ছন্কুতিনঃ (এই চতুর্ব্বিধ ছন্কুতিগণ অর্থাৎ কুপশ্ভিতগণই) মাং (আমাতে) ন প্রপন্তন্তে (প্রপন্ন হয় না) ॥১৫॥

[হ] ভরতর্বভ (হে ভরতবংশাবতংস!) [হ] অর্জ্জুন (হে অর্জ্জুন!) আর্ত্তঃ (রোগাদি বিপদ্গ্রস্ত), জিজ্ঞাস্কঃ (আত্মজ্ঞানার্থী বা শাস্ত্রজ্ঞানার্থী), অর্থার্থী (ভোগাভিলাযী), জ্ঞানী চ (ও বিশুদ্ধান্তঃকরণ আত্মবিং) [ইতি] চতুর্ব্বিধাঃ জনাঃ (এই চারি প্রকার ব্যক্তি) স্কৃকৃতিনঃ [সন্তঃ] (ভক্তিপ্রভাব যুক্ত হইয়া) মাং (আমাকে) ভজস্তে (ভজনা করেন, অর্থাৎ ইহারা কর্মমিশ্র ও জ্ঞানমিশ্র ভক্ত) ॥১৬॥

মূঢ় অর্থাৎ পশুতুল্য কর্মিগণ, নরাধম অর্থাৎ ভক্তি আশ্রয় করিয়া পরে অনুপযোগিতা জ্ঞানে ভক্তি পরিত্যাগী নরাধমগণ, শাস্ত্রজ্ঞান সত্ত্বে মায়া কর্তৃক অপহৃত জ্ঞান অর্থাৎ যাহারা নারায়ণ মূর্ত্তিই ভজনীয় ও কৃষ্ণ রামাদি মূর্ত্তি মানুষী মনে করে, এবং যাহারা আস্থরিক ভাবাপন্ন অর্থাৎ জরাসন্ধ প্রভৃতি অস্থরগণের ল্যায় কুতর্কশরে আমার বিগ্রহ খণ্ডনকারী মায়াবাদিগণ এই চতুর্ব্বিধ তুষ্কৃতিগণই আমার শরণাগত হয় না ॥১৫॥

তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিশ্বতে। প্রিয়ো হি জ্ঞানিনোহত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥১৭॥ উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাব্দ্বৈব মে মতম্। আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুন্তমাং গতিম্ ॥১৮॥

তেষাং (তাঁহাদিগের মধ্যে) নিত্যযুক্তঃ (আমাতে সমাহিত চিত্ত)
একভক্তিঃ (ঐকান্তিক ভক্ত) জ্ঞানী (এতাদৃশ জ্ঞানী ব্যক্তি) বিশিশ্বতে
(উৎকৃষ্ট) । হি (যেহেতু) অহম্ (শ্যামস্থন্দরাকার আমি) জ্ঞানিনঃ
(এতাদৃশ জ্ঞানীর) অত্যর্থম্ (অত্যন্ত) প্রিয়ঃ (প্রিয়), সঃ চ (সেও) মম
(আমার) প্রিয়ঃ (প্রিয়) ॥১৭॥

এতে (ইহারা) সর্ব্বে এব (সকলেই) উদারাঃ (ভোগাদি-সন্ধীর্ণতামুক্তচিত্ত—প্রিয়) তু (কিন্তু) জ্ঞানী (শুদ্ধ জ্ঞানবান ব্যক্তি) আত্মা এব
(আত্মস্বরূপ-চিদাত্ম-স্বরূপান্তুভূতি বশতঃ আত্মভূত অর্থাৎ অতিপ্রিয়)
[ইতি] (ইহা) মে (আমার) মতম্ (অভিমত), হি (যেহেতু) সঃ (সেই
জ্ঞানী) যুক্তাত্মা [সন্] (মদর্পিত চিত্ত হইয়া) মাম্ এব (শ্যামস্থন্দরাকার

হে ভরত শ্রেষ্ঠ! অর্জ্জুন! ক্লেশ-সম্বপ্ত, জ্ঞানাম্বেষী, ঐহিক পারত্রিক স্কখভোগার্থী ও বিশুদ্ধান্তঃকরণ আত্মজ্ঞ এই চারিপ্রকার ব্যক্তিই ভক্তিপ্রভাবযুক্ত হইয়া আমার ভজন করেন ॥১৬॥

এই চারিপ্রকার ভক্ত মধ্যে আমাতে সমাহিতচিত্ত ঐকান্তিক ভক্ত—জ্ঞানী উৎকৃষ্ট। যেহেতু শ্যামস্থন্দরাকার আমি এই জ্ঞানীর অত্যন্ত প্রিয়, স্থতরাং তিনিও আমার প্রিয় হইয়া থাকেন ॥১৭॥

ইহারা সকলেই ভোগাদি-সঙ্কীর্ণতামুক্তচিত্ত, অতএব আমার প্রিয়, কিন্তু জ্ঞানী ব্যক্তি চিদাত্মস্বরূপানুভূতি বশতঃ আত্মভূত অতএব অতি প্রিয়—ইহাই আমার মত। যেহেতু সেই জ্ঞানী বহুনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপাছতে। বাস্থাদেবঃ সর্কমিতি স মহাত্মা স্থগ্রন্তভঃ ॥১৯॥ কামৈন্তৈত্তৈর্ক্তজ্ঞানাঃ প্রপাছতেহগুদেবতাঃ। তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥২০॥

আমাকেই) অনুত্তমাং (সর্কোত্তম) গতিম্ (প্রাপ্য বলিয়া) আস্থিতঃ (নিশ্চয় করিয়াছেন) ॥১৮॥

বহুনাং (বন্ধ) জন্মনাম্ (জন্মের) অন্তে (পরে) জ্ঞানবান্ (জ্ঞানী ব্যক্তি) সর্বম্ বাস্থদেবঃ (সমস্তই বাস্থদেবময়) ইতি (এইরূপ জ্ঞান যুক্ত হইয়া)[ভাগ্যক্রমে সাধুসঙ্গবশতঃ] মাং প্রপদ্মতে (আমাতে শরণাগত হন)। সঃ (সেই প্রকার) মহাত্মা (মহাত্মাও) স্বত্বর্লভঃ (অত্যন্ত তুর্ল্লভ)॥১৯॥

তৈঃ তৈঃ (ভোগ ত্যাগ বিষয়ক সেই সেই) কামৈঃ (কামনা সমূহ দ্বারা) হাতজ্ঞানাঃ (নষ্ট বুদ্ধি ব্যক্তিগণ) তং তং (সেই সেই প্রকার) নিয়মম্ (উপবাসাদি নিয়ম) আস্থায় (অবলম্বন পূর্বক) স্বয়া প্রকৃত্যা (স্বীয় স্বভাব দ্বারা) নিয়তাঃ [সন্তঃ] (বশীভূত হইয়া) অন্তদেবতাঃ (অন্ত স্র্য্যাদি দেবতার) প্রপন্তান্ত (ভজনা করে) ॥২০॥

ব্যক্তি আমাতে অর্পিতচিত্ত হইয়া শ্যামস্থন্দরাকার আমাকেই সর্ব্বোত্তম প্রাপ্য বলিয়া নিশ্চয় করিয়াছেন ॥১৮॥

বহু বহু জন্মের পরে জ্ঞানী ব্যক্তি (যদৃচ্ছাক্রমে তাদৃশ কোনও সাধুসঙ্গের ফলে) সমগ্র চরাচর বিশ্বই বাস্থদেবময় বা বাস্থদেবাধীন এরূপ জ্ঞানযুক্ত হইয়া আমাতে শরণাগত হন। সেরূপ মহাত্মা অতি তুর্ল্লভ জানিবে ॥১৯॥

ভোগ-ত্যাগাদিবিষয়ক সেই সেই কামনাসমূহে নষ্টবুদ্ধি ব্যক্তিগণ, সেই সেই উপবাসাদি নিয়ম স্বীকার পূর্বক স্বকীয় যো যো যাং যাং তমুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চিতুমিচ্ছতি। তস্থ তস্থাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্ ॥২১॥ স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্থারাধনমীহতে। লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্॥২২॥

যঃ যঃ (যে যে) ভক্তঃ (ভক্ত) যাং যাং (যেই যেই) তন্তুং (দেবতারূপ মদীয়া মূর্ত্তিকে) শ্রদ্ধায় (শ্রদ্ধার সহিত) অর্চ্চিতুম্ (পূজা করিতে) ইচ্ছতি (ইচ্ছা করে) তস্ত তস্ত (সেই সেই ভক্তের) তাম্ (সেই মূর্ত্তি বিষয়িণী) অচলাং (দৃঢ়) শ্রদ্ধাং (শ্রদ্ধা) অহম্ এব (অন্তর্যামিম্বরূপ আমিই) বিদ-ধামি (বিধান করিয়া থাকি) ॥২১॥

সঃ (সেই ভক্ত) তয়া শ্রদ্ধয়া (সেই দৃঢ় শ্রদ্ধার সহিত) যুক্তঃ [সন্]
(যুক্ত হইয়া) তস্তাঃ (সেই দেবতা মূর্ত্তির) আরাধনম (আরাধনা) ঈহতে
(করিয়া থাকেন)। ততঃ চ (এবং সেই দেবমূর্ত্তি হইতে) ময়া এব (তত্তৎ
দেবতান্তর্যামিরূপ আমা কর্তৃকই) হি (নিশ্চিত) বিহিতান্ (বিহিত) তান্
কামান্ (সেই সেই কাম্যফল) লভতে (লাভ করেন)॥২২॥

প্রকৃতির বশীভূত হইয়া অস্তান্ত স্থ্যাদি নানা দেবতার ভজন করিয়া থাকে ॥২০॥

যে যে ভক্ত যেই যেই দেবতারূপ আমার মূর্ত্তিকে শ্রদ্ধার সহিত আরাধনা করিতে ইচ্ছা করে, সেই সেই ভক্তের সেই সেই মূর্ত্তি বিষয়িণী দৃঢ়শ্রদ্ধাকে অন্তর্যামিম্বরূপ আমিই বিধান করিয়া থাকি ॥২১॥

সেই ভক্ত মৎপ্রদত্ত সেই দৃঢ় শ্রদ্ধার সহিত যুক্ত হইয়া সেই দেবতা মূর্ত্তির আরাধনা করিতে থাকে, এবং সেই দেবতামূর্ত্তি হইতে তাঁহাদেরও অন্তর্থামিরূপ আমা কর্তৃকই বিহিত সেই সেই কাম্যবিষয় সকল লাভ করিয়া থাকে ॥২২॥

অম্ভবত্তু ফলং তেবাং তদ্ভবত্যল্পমেধসাম্। দেবান্ দেবযজো যান্তি মন্তক্তা যান্তি মামপি ॥২৩॥ অব্যক্তং ব্যক্তিমাপন্নং মহান্তে মামবুদ্ধয়ঃ। পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥২৪॥

তু (কিন্তু) অল্পমেধসাম্ (অল্প বুদ্ধি) তেষাং (সেই দেবতাস্তর-যাজিগণের) তৎ ফলং (সেই ফল) অন্তবং (বিনাশী) ভবতি (হয়)। দেবযজঃ (দেব পূজকগণ) দেবান্ (সেই সেই দেবতাগণকে) যান্তি প্রাপ্ত হন), মন্তক্তোঃ অপি (এবং আমার ভক্তগণ) মাম্ (আমাকে) যান্তি (প্রাপ্ত হন)॥২৩॥

অবুদ্ধয়ঃ (অবোধ ব্যক্তিগণ) মম (আমার) অব্যয়ম্ (নিত্য) অনুত্তমম্ (সর্ব্বোত্তম) পরং (মায়ার অতীত) ভাবম্ (স্বরূপ-জন্ম-গুণ-কর্ম-লীলাদি) অজানন্তঃ (না জানিতে পারিয়া) অব্যক্তং (প্রপঞ্চাতীত নিরাকার বন্ধই) ব্যক্তিম্ (মায়িক আকারে বহুদেব গৃহে ইদানীং জন্ম) আপন্নং (প্রাপ্ত বলিয়া) মাম (আমাকে) মন্যস্তে (মনে করে) ॥২৪॥

কিন্তু পরিচ্ছিন্ন দৃষ্টি সেই সেই দেবতান্তর পূজকগণের সেই প্রাপ্ত ফল বিনাশশীল হয় এবং সেই দেবপূজকগণ সেই সেই দেবতাগণকেই প্রাপ্ত হন, কিন্তু আমার ভক্তগণ আমাকে প্রাপ্ত হন ॥২৩॥

অবোধ মানবগণ আমার নিত্য সর্ব্বোৎকৃষ্ট মায়ার অতীত স্বরূপ-জন্ম-গুণ-কর্ম ও লীলাদির তত্ত্ব জানিতে না পারিয়া প্রপঞ্চাতীত নিরাকার ব্রহ্মই মায়িক আকারে বস্থদেব গৃহে ইদানীং জন্মপ্রাপ্ত হইয়াছে বলিয়া আমাকে মনে করে ॥২৪॥

নাহং প্রকাশঃ সর্বস্থ যোগমায়াসমাবৃতঃ। মূঢ়োহয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥২৫॥ বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্চ্জুন। ভবিস্থাণি চ ভূতানি মাস্ত বেদ ন কশ্চন ॥২৬॥

অহম্ (আমি) যোগমায়া সমাবৃতঃ (যোগমায়া দ্বারা সম্যক্ আচ্ছাদিত থাকায়) সর্বস্থা (সকলের নিকট) প্রকাশঃ (প্রকাশিত) ন [ভবামি] নেহি) [অতঃ] (এইজন্ম) অয়ং (এই) মূঢ়ঃ লোকঃ (মূঢ় লোকগণ) মাম্ (শ্যামস্থন্দরাকার বস্থদেবাত্মজ আমাকে) অজম্ (মায়িক জন্মাদি শূন্ম) অব্যয়ম্ (ও নিত্য-স্বরূপ বলিয়া) ন অভিজানাতি (জানিতে পারে না) ॥২৫॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) অহং (আমি) সমতীতানি (সমস্ত অতীত) বর্ত্তমানানি (বর্ত্তমান) ভবিষ্যাণি চ (ও ভবিষ্যৎ এই ব্রিকালবর্ত্তি) ভূতানি (স্থাবর-জঙ্গম-প্রাণিবর্গকে) বেদ (জানি), তু (কিন্তু) কশ্চন (মায়া ও যোগমায়া দ্বারা জ্ঞানের আবরণ হেতু প্রাকৃত বা প্রকৃতির অতীত কেহই) মাম্ (আমাকে) ন চ বেদ (সমগ্র রূপে জানিতে পারে না) ॥২৬॥

আমি যোগমায়া দ্বারা সমাচ্ছাদিত থাকায় সকল লোকের নিকট প্রকাশিত হই না। স্থতরাং এই সকল মূঢ়লোক শ্যাম-স্থন্দরাকার বস্থদেবাত্মজ আমাকে মায়িক জন্মাদি শূশু ও সনাতন-স্বরূপ বলিয়া ঠিক্ জানিতে পারে না॥২৫॥

হে অর্জ্জুন! আমি সমস্ত অতীত, বর্ত্তমান ও ভবিশ্বৎ এই ব্রিকালস্থ স্থাবর জঙ্গমাত্মক সমুদয় বস্তুই জানি। কিন্তু আমার মায়াশক্তি ও যোগমায়া শক্তির দ্বারা তাহাদের জ্ঞান আচ্ছাদন-হেতু প্রাকৃত মানব বা প্রকৃতির অতীত কেহই আমাকে যথাযথ ভাবে জানিতে পারে না ॥২৬॥ ইচ্ছাদ্বেষসমুখেন দ্বন্ধমোহেন ভারত। সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ ॥২৭॥ যেষাত্বস্তগতং পাপং জনানাং পুণ্যকর্মণাম্। তে দ্বন্ধমোহনির্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥২৮॥

[হে] ভারত [হে] পরস্তপ (হে শক্রতাপন অর্জ্জুন!) সর্গে (জগৎ স্থিটির আরন্তেই) সর্বভূতানি (যাবতীয় প্রাণী) ইচ্ছাদ্বেষসমুখেন (ইন্দ্রিয়ান্তুকূল বিষয়ে ইচ্ছা ও প্রতিকূল বিষয়ে দ্বেষ হইতে সম্যক্ জাত) দ্বন্ধমোহেন (স্থুখ তুঃখাদিদ্বন্দ্বজ অজ্ঞান দ্বারা) সম্মোহং (সম্যক্ রূপে মোহকে) যান্তি (প্রাপ্ত হয়) ॥২৭॥

তু (কিন্তু) যেষাং (যে সকল) পুণ্যকর্মণাম্ (পুণ্যকর্মের আচরণকারী) জনানাং (ব্যক্তিদিগের) পাপং (পাপ) অস্তগতং (যাদৃচ্ছিক মম্ভক্ত সঙ্গবশতঃ সম্যক্ নষ্ট হইয়াছে), তে (সেই সকল) দ্বন্ধমোহনির্মুক্তাঃ (স্থুখ তুঃখাদির মোহশূগ্য) দৃঢ়ব্রতাঃ (নিষ্ঠা প্রাপ্ত ব্যক্তিগণ) মাং (আমাকে) ভজন্তে (ভজনা করেন) ॥২৮॥

হে শত্রুতাপন অর্জ্জুন! জগৎ স্বষ্টির প্রারম্ভেই সমস্ত প্রাণিগণ নিজ নিজ ইন্দ্রিয়ের অনুকূল বিষয়ে ইচ্ছা ও প্রতিকূল বিষয়ে দ্বেষ হইতে সমুদ্ভূত স্থখ-তুঃখাদি দ্বন্দ্বজ অজ্ঞান দ্বারা অত্যস্ত মোহ প্রাপ্ত হয় ॥২৭॥

কিন্তু যে সকল পুণ্যাচরণকারী ব্যক্তিগণের পাপ যদৃচ্ছাক্রমে আমার কোনও ভক্তসঙ্গের দ্বারা নষ্ট হইয়াছে, সেই সকল স্থখ দুঃখাদিদ্বন্দ্বজ মোহশূখ নিষ্ঠাপ্রাপ্ত ব্যক্তিগণ আমার ভজন করেন ॥২৮॥

জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে। তে ব্রহ্ম তদ্বিত্যঃ কৃৎস্পমধ্যাত্মং কর্ম চাখিলম্ ॥২৯॥ সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিত্যঃ। প্রয়াণকালেহপি চ মাং তে বিত্রুযুক্তচেতসঃ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাণি শ্রীমন্ত্রগবদগীতাম্পনিষৎস্থ বন্ধবিত্যায়াং যোগশান্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে জ্ঞানবিজ্ঞানযোগো নাম সপ্তমোহধ্যায়ঃ ॥৭॥

যে (যাঁহারা) জরামরণমোক্ষায় (জরামরণ হইতে মুক্তির কামনায়)
মাম (আমাকে) আশ্রিত্য (আশ্রয় পূর্বক) যতন্তি (সাধন করেন), তে
(তাঁহারা) তৎ (সেই) ব্রহ্ম (ব্রহ্মকে) কুংস্নম্ (সমস্ত) অধ্যাত্মং (জীবাত্মাকে)
অখিলম্ কর্ম্ম চ (এবং নানাবিধ কর্ম্ম জন্ম জীবের সংসারকে) বিচুঃ
(অবগত হন)॥২৯॥

যে চ (আর যাঁহারা) সাধিভূতাধিদৈবং (অধিভূত ও অধিদৈবের সহিত) সাধিযজ্ঞং চ (এবং অধিযজ্ঞের সহিত) মাম (আমাকে) বিহুঃ (জানেন), তে (সেই সকল) যুক্তচেতসঃ (আমাতে আসক্ত চিন্ত ব্যক্তিগণ) প্রয়াণ-কালে অপি (মৃত্যু কালেও) মাং (আমাকে) বিহুঃ (জানিতে পারেন)॥৩০॥ ইতি সপ্তম অধ্যায়ের অম্বয় সমাপ্ত ॥

যাঁহারা জরামরণরূপ সংসার তুঃখ হইতে মুক্তি লাভার্থ আমাকে আশ্রয় করিয়া ভজনা করেন, তাঁহারা সেই ব্রহ্মকে, সমগ্র জীবাত্মাকে এবং নানাবিধ কর্মজন্ম পুনঃ পুনঃ জীবের সংসার তুঃখকে জানিতে পারেন ॥২৯॥

আর যাঁহারা অধিভূত ও অধিদৈবের সহিত এবং অধিযজ্ঞের সহিত আমাকে জানেন আমাতে আসক্তচিত্ত সেই ব্যক্তিগণ মরণ সময়েও আমাকে জানিতে পারেন, অর্থাৎ মৃত্যুভয়ে ব্যাকুল হইয়া আমাকে বিশ্বত হন না ॥৩০॥

ইতি সপ্তম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত॥

অষ্টমোহধ্যায়ঃ

তারকব্রহ্মযোগ

অৰ্জ্জুন উবাচ—
কিন্তব্ৰহ্ম কিমধ্যাত্মং কিং কৰ্ম পুৰুমোত্তম।
অধিভূতঞ্চ কিং প্ৰোক্তমধিদৈবং কিমুচ্যতে ॥১॥
অধিযজ্ঞঃ কথং কোহত্ৰ দেহেহস্মিন্ মধুস্থদন।
প্ৰয়াণকালে চ কথং জ্ঞেয়োহসি নিয়তাত্মভিঃ ॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] পুরুষোত্তম (হে পুরুষোত্তম!) তৎ (সেই) ব্রহ্ম (ব্রহ্ম) কিং (কি?) অধ্যাত্মং কিম্ (অধ্যাত্ম কি?) কর্ম কিং (কর্ম কি?), অধিভূতং চ (এবং অধিভূত) কিং প্রোক্তম (কাহাকে বলে?) কিম্ চ (কাহাকেই বা) অধিদৈবং (অধিদৈব) উচ্যতে (বলা যায়?)। [হে] মধুস্থদন (হে মধুস্থদন!) অত্র দেহে (এই দেহে) অধিযক্তঃ কঃ (অধিযক্তঃ কে?) অস্মিন্ [দেহে] (এবং এই দেহে) কথং (কি প্রকারে) [স্থিতঃ] (অবস্থান করেন?) প্রয়াণকালে চ (এবং মরণ কালে) নিয়তাত্মভিঃ (সমাহিত চিত্ত পুরুষণণ কর্ত্ক) [ত্বং] (তুমি) কথং (কিরূপে) জ্বেয়ঃ অসি (জ্বেয় হও?) ॥১-২॥

অর্জ্জুন বলিলেন—হে পুরুষোত্তম! সেই ব্রহ্ম কি? অধ্যাত্ম কি? কর্ম কি? এবং অধিভূত কাহাকে বলে? কাহাকেই বা অধিদৈব বলা যায়? হে মধুস্থদন! এই দেহে অধিযজ্ঞ কে? এবং এই দেহে কি প্রকারে অবস্থিত আছেন? এবং মরণকালে সংযতচিত্ত মানবগণ কর্ত্বক তুমি কি প্রকারে জ্ঞেয় হও? ॥১-২॥

শ্রীভগবান্থবাচ—

অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোহধ্যাত্মমূচ্যতে। ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্মসংজ্ঞিতঃ ॥৩॥ অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষ*চাধিদৈবতম্। অধিযজ্ঞোহহমেবাত্র দেহে দেহভূতাং বর ॥৪॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) পরমং অক্ষরং (পরম নিত্যতত্ত্বই) ব্রহ্ম (ব্রহ্ম), স্বভাবঃ (শুদ্ধজীব) অধ্যাত্ম্ম (অধ্যাত্ম বলিয়া)
উচ্যতে (কথিত হয়)। ভূতভাবোদ্ভবকরঃ (স্থূলস্ক্ষ্মভূতদ্বারা মনুষ্যাদি
দেহের জনক) বিসর্গঃ (দেবোদ্দেশে ত্যাগ) কর্মসংজ্ঞিতঃ (কর্ম শব্দে
কথিত হয়)॥৩॥

[হে] দেহভ্তাং বর (হে প্রাণিশ্রেষ্ঠ অর্জ্বুন!) ক্ষরঃ (বিনাশী) ভাবঃ (পদার্থ) অধিভূতং (অধিভূত শব্দে কথিত), পুরুষঃ (আদিত্যাদি দেবতার অধিষ্ঠাতা সমষ্টি বিরাট্ পুরুষ) অধিদৈবতম্ (সমস্ত দেবতার অধিপতি বলিয়া অধিদৈবত শব্দ বাচ্য), অহম্ এব চ (এবং আমিই) অত্র দেহে (এই দেহে) অধিযজ্ঞঃ (অন্তর্থামিরূপে যজ্ঞাদি কর্মপ্রবর্ত্তক ও তৎ ফল দাতা বলিয়া অধিযজ্ঞ) ॥৪॥

শ্রীভগবান্ কহিলেন—বিনাশ-রহিত এবং অবস্থাস্তর-শূগ্য তত্ত্বই ব্রহ্ম, শুদ্ধজীব অধ্যাত্ম বলিয়া কথিত হয়। স্থূলস্ক্ষ্ম ভূতের দ্বারা মন্ত্র্যাদি দেহের জনক দেবতা উদ্দেশে ত্যাগ অর্থাৎ দান যজ্ঞাদিই কর্মনামে অভিহিত হয়॥৩॥

হে জীবশ্রেষ্ঠ অর্জ্জুন! ক্ষণভঙ্গুর দেহাদি পদার্থকে অধিভূত বলা যায়, আদিত্যাদি দেবতার অধিষ্ঠাতা সমষ্টি বিরাট্ পুরুষই সমস্ত দেবতার অধিপতি বলিয়া অধিদৈবত নামে অভিহিত হন। এবং আমিই এই সকল জীবদেহে অন্তর্যামিরূপে যজ্ঞাদি কর্ম প্রবর্ত্তক ও তৎফলদাতা বলিয়া অধিযজ্ঞ নামে কথিত হই ॥৪॥ অন্তকালে চ মামেব শ্বরন্ মুক্বা কলেবরম্।
যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ ॥৫॥
যং যং বাপি শ্বরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ ॥৬॥
তশ্মাৎ সর্কেষু কালেষু মামনুশ্বর যুধ্য চ।
ময্যর্পিতমনোবুদ্ধির্মামেবৈশ্বস্থসংশয়ঃ ॥৭॥

অন্তকালে চ (মরণ সময়েও) যঃ (যিনি) মাম্ এব (আমাকেই) স্মরন্ (চিন্তা করিয়া) কলেবরম্ (শরীর) মুজা (পরিত্যাগ করিয়া) প্রয়াতি (প্রস্থান করেন), সঃ (তিনি) মদ্ভাবং (আমার স্বভাব) যাতি (প্রাপ্ত হন)। অত্র (এই বিষয়ে) সংশয়ঃ (সন্দেহ) নাস্তি (নাই) ॥৫॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীনন্দন!) [যঃ] (যিনি) যং যং বা অপি (যেই যেই) ভাবং (পদার্থ) স্মরন্ (স্মরণ করিয়া) অন্তে (মৃত্যুকালে) কলেবরম্ (দেহ) তাজতি (ত্যাগ করেন), সদা (সর্ব্বদা) তদ্ভাবভাবিতঃ (সেই সেই পদার্থের ভাবনায় তন্ময় চিত্ত হইয়া) তং তম্ এব (সেই সেই পদার্থই) এতি (প্রাপ্ত হন) ॥৬॥

তম্মাৎ (অতএব) সর্ব্বেষু কালেষু (সকল সময়ে) মাম্ (আমাকে) অনুস্মর (নিরস্তর স্মরণ কর), যুধ্য চ (এবং স্বধর্ম যুদ্ধ কর)। ময়ি

মৃত্যুকালেও আমাকেই চিস্তা করিতে করিতে শরীর পরিত্যাগ পূর্ব্বক যিনি প্রয়াণ করেন, তিনিই আমার স্বভাব লাভ করেন। ইহাতে কোনও সংশয় নাই ॥৫॥

হে কুন্তীপুত্র! মরণকালে যে ব্যক্তি যেই যেই পদার্থকে চিন্তা করিতে করিতে কলেবর ত্যাগ করেন, সর্বাদা সেই পদার্থের ভাবনায় তন্ময়চিত্ত হেতু তিনি সেই সেই পদার্থকেই প্রাপ্ত হইয়া থাকেন ॥৬॥

অতএব সর্ব্বকালে আমাকে স্মরণ কর, এবং স্বধর্ম যুদ্ধ কর।

অভ্যাসযোগযুক্তেন চেতসা নাম্যগামিনা।
পরমং পুরুষং দিব্যং যাতি পার্থান্সচিম্ভয়ন্ ॥৮॥
কবিং পুরাণমন্মশাসিতারমণোরণীয়াংসমন্ম্মরেদ্ যঃ।
সর্বস্থ ধাতারমচিম্ভারূপ-

মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥৯॥

(আমাতে) অর্পিতমনোবুদ্ধিঃ (মন বুদ্ধি অর্পণ করিয়া) মাম্ এব (আমাকেই) এশ্বসি (পাইবে) [অত্র] (এবিষয়ে) অসংশয়ঃ (কোনও সংশয় নাই)॥৭॥

[হে] পার্থ (হে পার্থ!) অভ্যাসযোগযুক্তেন (অভ্যাসরূপ যোগযুক্ত) ন অন্ত্রগামিনা (অনন্ত্রগামী) চেতসা (মনের দ্বারা) দিব্যং (জ্যোতির্ম্মর) পরমং পুরুষং (পরম পুরুষকে) অন্তুচিন্তুয়ন্ (অনুক্ষণ চিন্তা করিয়া) যোগী[তমেব](সেই পরম পুরুষকেই) যাতি (প্রাপ্ত হন)॥৮॥

যঃ (যিনি) কবিং (সর্ব্বজ্ঞ) পুরাণম্ (অনাদি) অনুশাসিতারম্ (কৃপাপূর্ব্বক স্বভক্তিশিক্ষক) অণোঃ অণীয়াংসম্ (অণু হইতেও অতি স্ক্ষ্ম) সর্ব্বস্থ ধাতারম্ (সমস্ত বস্তুর ধারক অর্থাৎ পরমমহৎ পরিমাণ) অচিস্ত্যরূপম্ (অপ্রাকৃত রূপবিশিষ্ট অর্থাৎ মধ্যম পরিমাণ) আদিত্যবর্ণং

আমাতে মন ও বুদ্ধি অর্পণ পূর্ব্বক কার্য্য করিলে আমাকেই প্রাপ্ত হইবে, এবিষয়ে কোনও সন্দেহ নাই ॥৭॥

হে পার্থ! অভ্যাসরূপ যোগযুক্ত অনন্যগামী মনের দ্বারা জ্যোতির্ম্ময় পরম পুরুষকে নিরম্ভর চিম্তা করিতে করিতে যোগী ব্যক্তি সেই পরম পুরুষকেই লাভ করিয়া থাকেন ॥৮॥

যিনি সর্ব্বজ্ঞ, অনাদি, কুপাপূর্ব্বক নিজভক্তি শিক্ষাদান-কারী, অণুপরিমাণ হইতেও অতি স্কন্ধ্ব, তৎসত্ত্বেও সমস্ত প্রয়াণকালে মনসাহচলেন
ভক্ত্যা যুক্তোযোগবলেন চৈব।
ক্রবোর্মথ্যে প্রাণমাবেশ্য সম্যক্
স তং পরং পুরুষমুপৈতি দিব্যম্ ॥১০॥
যদক্ষরং বেদবিদো বদস্তি
বিশস্তি যদ্যতয়ো বীতরাগাঃ।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরস্তি
তত্তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে॥১১॥

(সূর্য্যবৎ স্ব-পরপ্রকাশক স্বরূপবিশিষ্ট) তমসঃ পরস্তাৎ (প্রকৃতির অতীত) [পুরুষং] (পরম পুরুষকে) প্রয়াণকালে (মৃত্যুকালে) যোগবলেন (যোগাভ্যাস বলে) অচলেন মনসা (অচঞ্চল মনের দ্বারা) ভক্ত্যা যুক্তঃ (নিরম্ভর শ্মরণরূপ ভক্তিযুক্ত হইয়া) ব্রুবোঃ মধ্যে চ (এবং ক্রদ্বয়ের মধ্যে) প্রাণম (প্রাণকে) সম্যক্ আবেশ্য (স্থিরভাবে স্থাপন করিয়া) অনুস্মরেৎ (চিম্ভা করেন) সঃ (তিনি) তং (সেই) দিব্যম্ (জ্যোতির্শ্বয়) পরং (পরম) পুরুষম্ এব (পুরুষকেই) উপৈতি (প্রাপ্ত হন) ॥৯-১০॥

বেদবিদঃ (বেদবেত্তা পশুতগণ) যং (যাঁহাকে) অক্ষরং (ব্রহ্মের বাচক ওঁকার) বদন্তি (বলেন), বীতরাগাঃ (বিষয়বাসনাহীন) যতয়ঃ (যতিগণ) পদার্থের ধারক অর্থাৎ সর্ব্ব বৃহৎ পরিমাণ; অপ্রাকৃত রূপশালী অর্থাৎ মধ্যম পরিমাণ, তাহা হইলেও আদিত্যের মত স্ব-পর-প্রকাশক স্বরূপবিশিষ্ট এবং মায়াতীত স্বরূপ সেই পরমপ্রকাশক মরণ সময়ে যোগাভ্যাস বলে নিশ্চল মনের দ্বারা নিরম্ভর স্মরণরূপ ভক্তিযুক্ত হইয়া এবং ল্রদ্বয়ের মধ্যে (আজ্ঞাচক্রে) প্রাণকে সম্যুক্রপে স্থাপন পূর্ব্বক অনুস্মরণ (চিন্তা) করেন, তিনি জ্যোতির্ম্ময় সেই পরম পুরুষকেই প্রাপ্ত হইয়া থাকেন ॥৯-১০॥

সর্বাধারাণি সংযম্য মনো হৃদি নিরুপ্য চ। মূর্দ্ধ্যাথায়াত্মনঃ প্রাণমাস্থিতো যোগধারণাম্ ॥১২॥ ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরক্মামনুস্মরন্। য প্রয়াতি তাজন্ দেহং স যাতি প্রমাং গতিম্ ॥১৩॥

যৎ (অক্ষর বাচ্য যাঁহাতে) বিশস্তি (প্রবেশ করেন) যৎ (যাঁহাকে) ইচ্ছস্তঃ (পাইবার জন্ম) [ব্রহ্মচারিণঃ] (ব্রহ্মচারিগণ) ব্রহ্মচর্য্যং (ব্রহ্মচর্য্য) চরস্তি (পালন করেন) তৎ (সেই) পদং (প্রাপ্য বস্তুর কথা) তে (তোমাকে) সংগ্রহেণ (উপায়ের সহিত) প্রবক্ষ্যে (বলিতেছি) ॥১১॥

সর্বদ্বারাণি (সমস্ত ইন্দ্রিয়রূপ দ্বারসমূহ) সংযম্য (বিষয় হইতে প্রত্যাহত করিয়া) মনঃ (মনকে) হাদি (হৃদয়ে) নিরুধ্য (নিরোধ পূর্ব্বক) মূর্দ্ধি (ক্রদয়-মধ্যে) প্রাণম্ (প্রাণকে) আধায় (স্থাপন করিয়া) আত্মনঃ (আত্মবিষয়ক) যোগধারণাম্ আস্থিতঃ (সমাধি অবলম্বন পূর্ব্বক) ওম্ ইতি (ওম্ এই) একাক্ষরং (একাক্ষর) ব্রহ্ম (ব্রহ্মবাচক শব্দ) ব্যাহরন্ (উচ্চারণ করিতে করিতে) মাম্ (আমাকে) অনুস্মরন্ (অনুক্ষণ স্মরণ করতঃ) দেহং ত্যজন্ (দেহ ত্যাগ করিয়া) যঃ (যিনি) প্রয়াতি (প্রয়ণ করেন) সঃ (তিনি) পরমাং গতিম্ (আমার সালোক্য) যাতি (প্রাপ্ত হন) ॥১২-১৩॥

বেদবিৎ পণ্ডিতেরা যাঁহাকে ব্রহ্মের বাচক ওঙ্কার বলিয়া থাকেন, নিম্পৃহ যতি সকল অক্ষর বাচ্য যাঁহাতে প্রবেশ করেন, যাঁহাকে প্রাপ্ত হইবার ইচ্ছায় ব্রহ্মচারিগণ ব্রহ্মচর্য্য ব্রত পালন করেন, সেই প্রাপ্য বস্তুর বিষয় তোমাকে উপায়ের সহিত বলিতেছি ॥১১॥

সমস্ত ইন্দ্রিয়রূপ দার সকলকে বিষয় গ্রহণ হইতে সংযত করিয়া, মনকে হৃদয়ে নিরোধ পূর্বক, ভ্রদ্বয়ের মধ্যে প্রাণকে স্থাপন ও আত্মবিষয়ক সমাধি অবলম্বন করতঃ ওম্ এই অনন্যচেতাঃ সততং যো মাং স্মরতি নিত্যশঃ। তস্থাহং স্থলভঃ পার্থ নিত্যযুক্তস্থ যোগিনঃ ॥১৪॥ মামুপেত্য পুনর্জন্মগুঃখালয়মশাশ্বতম্। নাপ্লবস্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥১৫॥

[হে] পার্থ (হে পার্থ!) অনন্যচেতাঃ (কর্মজ্ঞানাদি সাধন বা স্বর্গাপ-বর্গাদি সাধ্যে নিম্পৃহচিত্ত হইয়া) যঃ (যিনি) সততং (দেশকালাদি শুদ্ধি নিরপেক্ষভাবে) নিত্যশঃ (সর্ব্বদা) মাং (আমাকে) স্মরতি (স্মরণ করেন) তস্ম (সেই) নিত্যযুক্তস্ম (নিত্যমদ্যোগাভিলাষী) যোগিনঃ (দাস্ম সখ্যাদি সম্বন্ধবিশিষ্ট ব্যক্তির পক্ষে) অহং (আমি) স্কলভঃ (মুখ লভ্য হই) ॥১৪॥

পরমাং সংসিদ্ধিং (আমার লীলার পরিকরত্ব) গতাঃ (প্রাপ্ত)
মহাত্মানঃ (মহাত্মাগণ) মাম্ (আমাকে) উপেত্য (লাভ করিয়া) পুনঃ
(পুনরায়) তুঃখালয়ম্ (তুঃখপূর্ণ) অশাশ্বতম্ (অনিত্য) জন্ম (জন্ম) ন
আপ্লুবস্তি (পরিগ্রহ করেন না) ॥১৫॥

একাক্ষর ব্রহ্ম বাচক শব্দ উচ্চারণ করিতে করিতে, আমাকে অনুক্ষণ স্মরণপূর্ব্বক দেহত্যাগ করেন, তিনি আমার সালোক্য প্রাপ্ত হইয়া থাকেন ॥১২-১৩॥

হে পার্থ! কর্মজ্ঞানাদি সাধন বা স্বর্গাপবর্গাদি সাধ্যে স্পৃহাশূন্ম চিত্ত হইয়া, যিনি দেশকালাদির শুদ্ধি অশুদ্ধি বিচার-নিরপেক্ষভাবে সর্ব্বদা আমাকে স্মরণ করেন, সেই নিত্যমদ্যোগাভিলাষী দাস্ম সখ্যাদি সম্বন্ধবিশিষ্ট ভক্তের পক্ষে আমি স্থখলভাই হইয়া থাকি ॥১৪॥

আমার লীলার পরিকরত্ব প্রাপ্ত মহাত্মা ভক্তগণ আমাকে প্রাপ্ত হইয়া পুনর্ব্বার তুঃখের নিলয়স্বরূপ অনিত্য জন্ম কখনও গ্রহণ করেন না ॥১৫॥ আব্রহ্মভুবনাশ্লোকাঃ পুনরাবর্ত্তিনোহর্জ্জুন।
মামুপেত্য তু কৌন্তের পুনর্জন্ম ন বিহুতে ॥১৬॥
সহস্রযুগপর্য্যন্তমহর্যন্ত্রহ্মণো বিত্নঃ।
রাত্রিং যুগসহস্রান্তাং তেহহোরাত্রবিদো জনাঃ ॥১৭॥
অব্যক্তাদ্ব্যক্তরঃ সর্কাঃ প্রভবন্ত্যহরাগমে।
রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রবাব্যক্তসংজ্ঞকে ॥১৮॥

[হ] অর্জ্জুন (হে অর্জ্জুন!) আব্রহ্মভুবনাৎ (ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া অধস্তন) লোকাঃ (সমস্ত লোক বা লোকবাসীই) পুনঃ আবর্ত্তিনঃ (পুনঃ পুনঃ আবর্ত্তনশীল), তু (কিন্তু) [হে] কৌন্তেয় (হে কুন্তীপুল্র!) মাম (আমাকে) উপেত্য (আশ্রয় করিলে) পুনঃ জন্ম (পুনর্জন্ম) ন বিহাতে (থাকে না) ॥১৬॥

সহস্রযুগপর্য্যন্তম্ (চতুর্যুগ সহস্র পরিমিত) ব্রহ্মণঃ (ব্রহ্মার) যৎ অহঃ (যে দিন) যুগসহস্রান্তাং (এবং চতুর্যুগ সহস্র পরিমিত) রাত্রিং (রাত্রি) [যে] (যাঁহারা) বিদুঃ (অবগত আছেন) তে (সেই সকল) জনাঃ (ব্যক্তিগণ) অহোরাত্রবিদঃ (দিবারাত্রিবিৎ) ॥১৭॥

অহরাগমে (ব্রহ্মার দিন সমুপস্থিত হইলে) অব্যক্তাৎ (নিদ্রা হইতে উত্থিত ব্রহ্মা হইতে) সর্ব্বাঃ ব্যক্তয়ঃ (শরীর-ইন্দ্রিয়-ভোগ্যবিষয়-

হে অর্জ্জুন! ব্রহ্মলোক হইতে আরম্ভ করিয়া অধস্তন সমস্ত লোক অথবা লোকবাসী জীবগণই পুনরাবৃত্তিশীল, কিন্তু হে কৌন্তেয়! আমাকে প্রাপ্ত হইলে পুনরায় জন্ম হয় না ॥১৬॥

সহস্র চতুর্যুগ পর্য্যন্ত ব্রহ্মার একদিন এবং সেইরূপ সহস্র চতুর্যুগ পরিমিত কাল ব্রহ্মার রাত্রি বলিয়া যাঁহারা অবগত আছেন সেই সকল ব্যক্তিগণই প্রকৃত অহোরাত্রবেত্তা ॥১৭॥*

^{*}মস্তব্য — দেবমানে একযুগ = মানবগণের চতুর্যুগ জানিবেন ॥১৭॥

ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে। রাত্র্যাগমেহবশঃ পার্থ প্রভবত্যহরাগমে ॥১৯॥ পরস্তম্মান্ত্র ভাবোহন্যোহব্যক্তোহব্যক্তাৎ সনাতনঃ। যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎস্থ ন বিনশ্যতি ॥২০॥

ভোগস্থান প্রভৃতির সহিত সমস্ত প্রজা) প্রভবস্তি (উৎপন্ন হয়), [পুনঃ] (পুনরায়) রাত্র্যাগমে (রাত্রিকাল সমাগত হইলে) অব্যক্তসংজ্ঞকে (অব্যক্ত সংজ্ঞক) তত্র এব (সেই ব্রহ্মাতেই) প্রলীয়স্তে (লয় পায়) ॥১৮॥

[হে] পার্থ (হে পার্থ!) সঃ এব (সেই) অয়ং (এই) ভূতগ্রামঃ (প্রাণিগণ) অবশঃ [সন্] (কর্মপরতন্ত্র হইয়া) অহরাগমে (রান্ত্রর আগমনে) ভূত্বা (পুনঃ পুনঃ উৎপন্ন হইয়া) রাত্র্যাগমে (রাত্রির আগমনে) প্রলীয়তে (লয় প্রাপ্ত হয়) [পুনঃ অহরাগমে] (পুনরায় দিবস আগত হইলে) প্রভবতি (উৎপন্ন হয়) ॥১৯॥

তু (পরস্তু) তম্মাৎ অব্যক্তাৎ (সেই অব্যক্ত [হিরণ্যগর্ভ] হইতে) পরঃ (শ্রেষ্ঠ) অস্তঃ (তদ্বিলক্ষণ) অব্যক্তঃ (চক্ষুরাদির অগোচর) সনাতনঃ (অনাদি) যঃ (যে) ভাবঃ (পদার্থ) [অস্তি] (আছেন), সঃ (তিনি) সর্বেষু

বন্ধার দিন সমুপস্থিত হইলে স্থপ্তোখিত সেই বন্ধা হইতে শরীর-ইন্দ্রিয়-ভোগ্যবিষয়-ভোগস্থান প্রভৃতির সহিত সমস্ত প্রজাগণ উৎপন্ন হয়, পুনরায় রাত্রিকাল সমাগত হইলে অব্যক্ত সংজ্ঞক সেই বন্ধাতেই সমস্ত লয়প্রাপ্ত হয় ॥১৮॥

হে পার্থ! সেই এই প্রাণিসকলই কর্মপরতন্ত্র হইয়া বন্ধার দিবসাগমনে পুনঃ পুনঃ উৎপন্ন হইয় আবার বন্ধার রাত্রির আগমনে প্রলীন হয়। আবার বন্ধার দিবস উপস্থিত হইলে উৎপন্ন হইয়া থাকে ॥১৯॥

কিন্তু সেই অব্যক্ত ব্রহ্মা হইতেও শ্রেষ্ঠ অন্ম, চক্ষু-কর্ণাদি জীবেন্দ্রিয়ের অগোচর সনাতন যে পদার্থ আছেন, তিনি— অব্যক্তোহক্ষর ইত্যুক্তস্তমাহঃ পরমাং গতিম্। যং প্রাপ্য ন নিবর্ত্তরে তদ্ধাম পরমং মম ॥২১॥ পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্তরা। যস্তান্তঃস্থানি ভূতানি যেন সর্বমিদং ততম্ ॥২২॥

ভূতেযু (হিরণ্যগর্ভ পর্য্যন্ত সমস্ত প্রাণী) নশ্যৎস্থ (নষ্ট হইলেও) ন বিনশ্যতি (নষ্ট হন না) ॥২০॥

[সঃ] (সেই) অব্যক্তঃ অক্ষরঃ ইতি [চ] উক্তঃ (অব্যক্ত অক্ষর শব্দে কথিত হন) তম্ (তাঁহাকে) পরমাং গতিম্ (পরম প্রাপ্য) আহুঃ (বলা হয়)। যং প্রাপ্য (যাঁহাকে পাইয়া) [জীবাঃ] (জীবগণ) ন নিবর্ত্তন্তে (সংসারে পুনঃ প্রত্যাবৃত্ত হয় না) তৎ (তাহাই) মম (আমার) পরমং ধাম (পরম ধাম বলিয়া) [বিদ্ধি] (জানিবে) ॥২১॥

[হে] পার্থ (হে পার্থ!) ভূতানি (সমস্ত ভূতগণ) যস্থা (যাঁহার)
অস্তঃস্থানি (অভ্যন্তরে অবস্থিত) যেন (যাঁহার দ্বারা) ইদং (এই) সর্ব্বম
(সমস্ত জগৎ) ততম্ (পরিব্যাপ্ত), সঃ (সেই) পরঃ পুরুষঃ (পরম পুরুষ)
[অহং] (আমি) অনম্যা (কর্ম জ্ঞান যাগাদি সম্পর্ক রহিত ঐকান্তিকী)
ভক্ত্যা তু (ভক্তি দ্বারাই) লভ্যঃ [ভবামি] (লভ্য হইয়া থাকি) ॥২২॥

হিরণ্যগর্ভ ব্রহ্মা পর্য্যস্ত সমুদয় প্রাণী নষ্ট হইলেও বিনষ্ট হন না ॥২০॥

সেই অব্যক্ত অক্ষর বলিয়া উক্ত হন, (বেদান্ত সকল) তাঁহাকে পরমগতি বলিয়া থাকেন । যাঁহাকে পাইলে সংসারে পুনরায় আসিতে হয় না তাহাই আমার পরমধাম জানিবে ॥২১॥

হে পার্থ! সমুদয় ভূতগণ যাঁহার অভ্যন্তরে অবস্থান করিতেছে, এবং যাঁহার দারা এই সমগ্র ব্রহ্মাণ্ড পরিব্যাপ্ত, যত্র কালে ত্বনাবৃত্তিমাবৃত্তিঞ্চৈব যোগিনঃ। প্রয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্বভ ॥২৩॥ অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ বগ্মাসা উত্তরায়ণম্। তত্র প্রয়াতা গচ্ছন্তি বন্ধা বন্ধবিদো জনাঃ॥২৪॥

[হে] ভরতর্ষভ (হে ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন!) যত্র কালে তু (যে কালোপ-লক্ষিত মার্গে) প্রয়াতাঃ (গমন করিলে অর্থাৎ মৃত্যু হইলে) যোগিনঃ (যোগিগণ ও কর্ম্মিগণ) অনাবৃত্তিম্ (অনাবৃত্তি) আবৃত্তিং চ (ও আবৃত্তি) যান্তি লোভ করেন) [অহং] (আমি) তং কালং এব (সেই কালই) বক্ষ্যামি (বলিতেছি) ॥২৩॥

[যত্র] (যে মার্গে) অগ্নিঃ জ্যোতিঃ (অগ্নি ও জ্যোতিঃ শব্দে অর্চির অভিমানিনী দেবতা), অহঃ (দিবসাভিমানিনী দেবতা), শুক্লঃ (শুক্লপক্ষাভিমানিনী দেবতা) উত্তরায়ণম্ যথাসাঃ (ছয়মাস পরিমিত উত্তরায়ণাভিমানিনী দেবতা) [অবস্থিতঃ] (অবস্থান করেন) তত্র (সেই মার্গে) প্রয়াতাঃ (গমনকারী অর্থাৎ দেহত্যাগকারী) ব্রহ্মবিদঃ জনাঃ (ব্রহ্মবিৎ পুরুষগণ) ব্রহ্ম (ব্রহ্মবেক) গচ্ছান্তি (প্রাপ্ত হন) ॥২৪॥

সেই পরম পুরুষ আমি কর্ম জ্ঞান যোগাদির সম্পর্কশূন্ত একমাত্র ঐকান্তিকী ভক্তি দ্বারাই লভ্য হইয়া থাকি ॥২২॥

হে ভরতর্বভ! যে কালোপলক্ষিত মার্গে গমনকারী অর্থাৎ মৃত যোগিগণ বা কর্ম্মিগণ জন্ম নিবৃত্তি ও পুনর্জন্ম প্রাপ্ত হন, আমি তোমাকে সেই কালদ্বারা উপলক্ষিত মার্গের কথা বলিতেছি ॥২৩॥

অগ্নি বা স্থ্যাদি জ্যোতিযুক্ত দিবাভাগে শুক্লপক্ষে উত্তরায়ণকালে দেহত্যাগকারী জ্ঞানিগণ ব্রহ্মকে প্রাপ্ত হইয়া থাকেন ॥২৪॥

ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ ষথাসা দক্ষিণায়নম্। তত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে ॥২৫॥ শুক্লকৃষ্ণে গতী হেতে জগতঃ শাশ্বতে মতে। একয়া যাত্যনাবৃত্তিমন্ময়াবর্ত্ততে পুনঃ ॥২৬॥

[যত্র] (যে মার্গে) ধূমঃ (ধূমাভিমানিনী দেবতা) রাত্রিঃ (রাত্র্যভিমানিনী দেবতা) কৃষ্ণঃ (কৃষ্ণপক্ষাভিমানিনী দেবতা) তথা (এবং) দক্ষিণায়নম্ ষথাসাঃ (ছয়মাস পরিমিত দক্ষিণায়নাভিমানিনী দেবতা) [অবস্থিতঃ] (অবস্থিত) তত্র (সেইমার্গে) [প্রয়াতঃ] (গমনকারী অর্থাৎ দেহ পরিত্যাগকারী) যোগী (কর্মিপুরুষ) চান্দ্রমসং জ্যোতিঃ (স্বর্গলোক) প্রাপ্য (লাভ করিয়া) নিবর্গতে (পুনরাবৃত্ত হইয়া থাকেন) ॥২৫॥

জগতঃ (জগতের জ্ঞানকর্মাধিকারী ব্যক্তিগণের) এতে (এই) শুক্লকক্ষে (শুক্ল ও কৃষ্ণ) গতী (পথদ্বয়) শাশ্বতে হি (নিত্য বলিয়াই) মতে (প্রসিদ্ধ আছে)। একয়া (একটীর দ্বারা) অনাবৃত্তিম্ (মোক্ষ) যাতি (প্রাপ্ত হয়) অশুয়া (অশুটীর দ্বারা) পুনঃ আবর্ত্ততে (পুনঃ পুনঃ সংসারে আসে)॥২৬॥

অন্ধকারযুক্ত রাত্রিকালে, কৃষ্ণপক্ষে ও দক্ষিণায়নকালে দেহত্যাগকারী কর্মযোগী স্বর্গলোক প্রাপ্ত হইয়া পুনরা-বর্ত্তন করেন ॥২৫॥

জগতস্থ জ্ঞানকর্মাধিকারী ব্যক্তিগণের সম্বন্ধে এই শুক্লমার্গ ও কৃষ্ণমার্গ নামক পথ তুইটী নিত্য বলিয়াই সর্ব্ববাদিসম্মত। শুক্লমার্গ দ্বারা অনাবৃত্তি লাভ করেন, কৃষ্ণমার্গ দ্বারা পুনরায় সংসারে জন্ম হইয়া থাকে॥২৬॥ নৈতে স্থতী পার্থ জানন্ যোগী মুহুতি কশ্চন।
তক্ষাৎ সর্ব্বেষু কালেষু যোগযুক্তো ভবাৰ্চ্জুন ॥২৭॥
বেদেষু যজ্ঞেষু তপঃস্থ চৈব
দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টম্।
অত্যেতি তৎ সর্ব্বমিদং বিদিত্বা
যোগী পরং স্থানমুপৈতি চাল্যম্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্কাণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ ব্রহ্মবিত্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে তারকব্রহ্মযোগো নামাষ্টমোহধ্যায়ঃ ॥৮॥

[হে] পার্থ (হে পার্থ!) এতে (এই) স্বতী (মার্গদ্বয়) জানন্ (অবগত হইয়া) কন্দন যোগী (কোনও ভক্তিযোগী) ন মুন্থতি (মোহ প্রাপ্ত হন না)। তম্মাৎ (অতএব) [হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) সর্কেষু কালেষু (সর্কাদা) [ত্বং] (তুমি) যোগযুক্তঃ (সমাহিত চিত্ত) ভব (হও) ॥২৭॥

বেদেষু (বেদে) যজ্ঞেষু (যজ্ঞে) তপঃস্থ (তপস্থায়) দানেষু চ এব (এবং দানে) যৎ (যেই) পুণ্যফলং (পুণ্যফল) প্রদিষ্টম (উক্ত হইয়াছে), যোগী (ভক্তিমান্ ব্যক্তি) ইদং (আমার ও আমার ভক্তির মাহাষ্ম্য) বিদিত্বা (অবগত হইয়া) তৎসর্ক্ষম্ (সেই সকল ফল) অত্যেতি (অতিক্রম

হে পার্থ! এই শুক্ল-কৃষ্ণ-পথদ্বয় অবগত হইয়া কোনও ভক্তিযোগী মোহপ্রাপ্ত হন না। স্থতরাং হে অর্জ্জুন! তুমি সর্বাদা সেই মার্গদ্বয়ের অতীত অনন্য ভক্তিযোগ অব-লম্বন কর॥২৭॥

বেদে, যজ্ঞে, তপস্থায় এবং দানে যে সকল পুণ্যফল উক্ত হইয়াছে, ভক্তিমান্ পুরুষ আমার ও আমার প্রতি ভক্তির করেন) চ (এবৃং) পরং (উৎকৃষ্ট) আদ্ম (অপ্রাকৃত) স্থানম্ (স্থান) উপৈতি (প্রাপ্ত হন) ॥২৮॥

ইতি অষ্টম অধ্যায়ের অশ্বয় সমাপ্ত॥

বৈশিষ্ট্য বিদিত হইয়া সেই সমস্ত ফল অতিক্রম করিয়া তাহা হইতে শ্রেষ্ঠ অপ্রাকৃত আমার ধাম প্রাপ্ত হইয়া থাকেন ॥২৮॥ ইতি অষ্টম অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত ॥



নবমোহধ্যায়ঃ

রাজগুহুযোগ

শ্রীভগবানুবাচ— ইদস্ক তে গুহুতমং প্রবক্ষ্যাম্যনস্থাবে। জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্জাত্বা মোক্ষ্যসেহশুভাৎ ॥১॥ রাজবিত্যা রাজগুহুং পবিত্রমিদমুত্তমম্। প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং স্কুত্রখং কর্ত্তুমব্যয়ম্॥২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) ইদং (এই) গুহুতমং (অত্যন্ত গোপনীয়) জ্ঞানং (আমার কীর্ত্তনাদি শুদ্ধ ভক্তিরূপ জ্ঞান) অনস্থয়বে (অমৎসর) তে (তোমাকে) বিজ্ঞানসহিতং তু (আমার সাক্ষাৎ অত্যভব পর্যান্তই) প্রবক্ষ্যামি (বলিতেছি) যৎ (যাহা) জ্ঞাত্বা (জানিয়া) অশুভাৎ (সংসার বা ভক্তি প্রতিবন্ধক সমস্ত অমঙ্গল হইতে) ত্বং (তুমি) মোক্ষ্যসে (মুক্ত হইবে) ॥১॥

ইদম্ (এই জ্ঞান) রাজবিত্যা (বিত্যা সমূহের রাজা) রাজগুহুং (গোপনীয় জ্ঞান সমূহের রাজা) উত্তমম্ (অতিশয়) পবিত্রম্ (পবিত্র), প্রত্যক্ষাবগমং

শ্রীভগবান্ বলিলেন—এই অতি গূঢ় আমার কীর্ত্তনাদি শুদ্ধভক্তিরূপ জ্ঞান অস্থ্যাশূন্ত তোমাকে বিজ্ঞান অর্থাৎ আমার সাক্ষাৎ অনুভবের সহিত বলিতেছি, যাহা অবগত হইলে সংসার বা ভক্তির প্রতিবন্ধক সকল অমঙ্গল হইতে মুক্তিলাভ করিবে ॥১॥

এই জ্ঞান বিচ্যাসমূহের রাজা, গোপনীয় জ্ঞান সমূহেরও রাজা, অতিশয় পবিত্র, অতীন্দ্রিয় হইলেও (সেবোন্মুখ-ইন্দ্রিয়ের) অশ্রন্দ্রধানাঃ পুরুষা ধর্মস্থাস্থ পরন্তপ।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি ॥৩॥
ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মংস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেম্ববস্থিতঃ ॥৪॥

(প্রত্যক্ষ অনুভূতির বিষয়) ধর্ম্ম্যং (সমস্ত ধর্ম্মসাধক) কর্ত্তুম্ স্কুস্থখং (অতি স্থখসাধ্য) অব্যয়ম্ [চ] (এবং অবিনশ্বর বলিয়া) [বিদ্ধি] (জানিবে) ॥২॥

[হে] পরস্তপ (হে শত্রুতাপন অর্জ্জুন!) অস্ত ধর্মস্য (মন্তক্তিরূপ এই ধর্মের প্রতি) অশ্রুদ্দধানাঃ (শ্রদ্ধাশৃষ্ম) পুরুষাঃ (পুরুষগণ) মাং (আমাকে) অপ্রাপ্য (লাভ করিতে না পারিয়া) মৃত্যুসংসারবর্ম্মনি (মৃত্যুময় সংসার পথে) নিবর্ত্তন্তে (সর্ব্বদা পরিভ্রমণ করে)॥৩॥

অব্যক্তমূর্ত্তিনা (অতীন্দ্রিয় মূর্ত্তিস্বরূপ) ময়া (আমার দ্বারা) ইদং (এই) সর্ব্বং জগৎ (সমুদয় জগৎ) ততম্ (ব্যাপ্ত), সর্ব্বাস্থতানি (সমস্তভূতই) মংস্থানি (পূর্ণচৈতগ্রস্বরূপ আমাতে অবস্থিত)। অহং চ (কিন্তু আমি) তেয়ু (সেই সমুদয়ে) ন অবস্থিতঃ (অবস্থিত নহি) ॥৪॥

প্রত্যক্ষ অনুভূতির বিষয়, সমস্ত ধর্ম্মসাধক, অতি স্থখসাধ্য ও নির্গুণ বলিয়া জানিবে ॥২॥

হে পরন্তপ! আমার ভজনরূপ এই ধর্ম্মের প্রতি শ্রদ্ধার রহিত মানবগণ আমাকে না পাইয়া মৃত্যুময় এই সংসারে পরিভ্রমণ করে॥৩॥

আমি অপ্রকাশিত ভাবে এই সমস্ত জগতে পরিব্যাপ্ত ও সমুদয় পদার্থ আমাতেই অবস্থিত রহিয়াছে। কিন্তু আমি সেই সমুদয়ে অবস্থিত নহি ॥৪॥ ন চ মংস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্।
ভূতভূম চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥৫॥
যথাকাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্।
তথা সর্ব্বাণি ভূতানি মংস্থানীত্যুপধারয় ॥৬॥
সর্ব্বভূতানি কোন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিস্কলাম্যহম্॥৭॥

মে (আমার) ঐশ্বরম্ যোগম্ (অসাধারণ অঘটন-ঘটনা-চাতুর্য্য) পশ্য (দর্শন কর)। ভূতানি ন চ মংস্থানি (ভূতসকল আমাতে অবস্থিত নহে) মম (আমার) আত্মা (আত্মস্বরূপ) ভূতভৃৎ (ভূতগণের ধারক) ভূত-ভাবনঃ চ (এবং ভূতগণের পালক), [কিন্তু] ন ভূতস্থঃ (ভূতমধ্যে অব-স্থিত নহে)॥৫॥

বায়ুঃ (বায়ু) সর্ব্ধত্রগঃ (সর্ব্ধত্র গমনশীল) মহান্ [অপি] (মহৎ পরিমাণ হইলেও) যথা (যেরূপ) নিত্যং (সর্ব্ধদা) আকাশস্থিতঃ (আকাশে অবস্থিত), তথা (সেরূপ) সর্ব্ধাণি ভূতানি (সমস্ত ভূতগণ) মংস্থানি (আমাতে অবস্থিত) ইতি (ইহা) উপধারয় (নিশ্চয় কর) ॥৬॥

[হে] কৌন্তেয় (হে কৌন্তেয়!) কল্পক্ষয়ে (প্রলয়কালে) সর্ব্বভূতানি (সমস্ত ভূতগণ) মামিকাম্ (আমার) প্রকৃতিং (ত্রিগুণাত্মিকা প্রকৃতিতে)

অথবা তাহারাও আমাতে অবস্থিত নহে—আমার এই প্রকার অচিস্ত্য-ভেদাভেদরূপ ঐশ্বরিকভাব দর্শন কর। অর্থাৎ আমার আত্মস্বরূপই ভূতগণের ধারক ও ভূতগণের পালক হইয়াও তাহাতে আবদ্ধ নহে॥৫॥

বায়ু সর্ব্বত্র গমনশীল ও মহান্ হইলেও যেরূপ সর্ব্বদা আকাশে অবস্থিত থাকিয়াও তাহাতে সংশ্লিষ্ট হয় না এবং আকাশও বায়ুর সহিত সংশ্লিষ্ট হয় না, সেইভাবে ভূতগণ আমাতে অবস্থিত ইহা জানিও ॥৬॥ প্রকৃতিং স্বামবস্টভ্য বিস্কামি পুনঃ পুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ ॥৮॥
ন চ মাং তানি কর্মাণি নিবগ্গস্তি ধনঞ্জয়।
উদাসীনবদাসীনমসক্তং তেযু কর্মস্র ॥৯॥
ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ স্বয়তে সচরাচরম্।
হেতুনানেন কোস্তেয় জগদ্বিপরিবর্ত্তত ॥১০॥

যান্তি (লয়প্রাপ্ত হয়), পুনঃ (পুনরায়) কল্পাদৌ (কল্পারন্তে) তানি (সেই ভূত সকলকে) অহম (আমি) বিস্ক্জামি (বিশেষভাবে স্বষ্টি করি)॥৭॥

থহং] (আমি) স্বাম্প্রকৃতিং (নিজ ত্রিগুণাত্মিকা প্রকৃতিকে) অবস্থত্য (আশ্রয় করিয়া) প্রকৃতেঃ বশাং (প্রাচীন কর্মনিমিত্ত স্বভাববশে) অবশং (কর্মাদি পরবশ) ইমং (এই) কৃংস্লম্ (সমগ্র) ভূতগ্রামম্ (ভূত সমষ্টিকে) পুনঃ পুনঃ (বার বার) বিস্জামি (স্ষ্টি করি) ॥৮॥

[হে] ধনঞ্জয় (হে ধনঞ্জয়!) তেষু কর্মস্থ (সেই সকল স্প্ট্যাদি কার্য্যে) অসক্তং (আসক্তিরহিত) উদাসীনবৎ আসীনং চ (এবং উদাসীনের গ্রায় অবস্থিত) মাং (আমাকে) তানি কর্ম্মাণি (সেই সকল বিশ্ব স্প্ট্যাদি কর্ম্ম) ন নিবধ্বস্তি (আবদ্ধ করিতে পারে না) ॥৯॥

হে কুন্তীপুত্র! প্রলয় সময়ে এই সমুদয় ভূতগণ আমার মায়া নামক প্রকৃতিতে লীন হয়। পুনরায় কল্পারম্ভে সেইসব ভূত-গণকে আমি বিশেষভাবে স্পষ্টি করিয়া থাকি ॥৭॥

আমি স্বীয় মায়া নামক প্রকৃতিকে আশ্রয় করিয়া প্রাচীন-কল্পের কর্ম্মনিমিত্ত স্বভাববশতঃ কর্মাদি পরবশ এই সমস্ত ভূতগণকে বারম্বার স্বষ্টি করিয়া থাকি ॥৮॥

হে ধনঞ্জয়! সেই সমস্ত স্ষ্ট্যাদি কর্ম্মে আসক্তিশূন্য এবং উদাসীনের মত অবস্থিত আমাকে সেই বিশ্বস্ষ্ট্যাদি কার্য্যসকল বন্ধন করিতে পারে না ॥৯॥ অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্। পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্ ॥১১॥ মোঘাশা মোঘকর্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ। রাক্ষসীমাসুরীক্ষৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ॥১২॥

[হে] কোন্ডেয় (হে কুন্তীনন্দন!) ময়া অধ্যক্ষেণ (আমাকে অধ্যক্ষ অর্থাৎ নিমিত্ত স্বরূপে লাভ করিয়া) প্রকৃতিঃ (আমার মায়াশক্তি) সচরাচরম (স্থাবরজঙ্গমাত্মক) [জগৎ] (ব্রহ্মাণ্ড) স্থয়তে (প্রসব করে), অনেন হেতুনা (এই কারণে) জগৎ (জগৎ) বিপরিবর্ত্ততে (পুনঃ পুনঃ উৎপন্ন হয়) ॥১০॥

মৃঢ়াঃ (অবিবেকী মানবগণ) মম (আমার) মানুষীং তনুম্ (মনুষ্যাকৃতি শ্রীবিগ্রহ) আশ্রিতম্ (আশ্রিত) ভাবম্ (তত্ত্বই) পরং (সর্কোংকৃষ্ট স্বরূপ) [ইতি] (ইহা) অজানস্তঃ (জানিতে না পারিয়া) ভূতমহেশ্বরম্ (সর্ব্বভূতের মহান্ ঈশ্বর) মাং (আমাকে) অবজানস্তি (মনুষ্যবৃদ্ধিতে অবজ্ঞা করে) ॥১১॥

[তে] (তাহারা) মোঘাশাঃ (নিক্ষল কামনাবিশিষ্ট), মোঘকর্মাণঃ (নিক্ষল কর্মা) মোঘজ্ঞানাঃ (বৃথা জ্ঞানী) বিচেতসঃ [চ] (ও বিক্ষিপ্তচিত্ত) [ভবস্তি] (হইয়া থাকে)। [এবং] মোহিনীং (মোহজনক) রাক্ষসীম্ (তামস) আস্করীং চ (ও রাজস) প্রকৃতিং এব (স্বভাবকেই) শ্রিতাঃ (আশ্রয় করিয়া থাকে)॥১২॥

হে কোন্তেয়! আমার অধ্যক্ষতায় আমার মায়াশক্তিই স্থাবর-জঙ্গমাত্মক এই বিশ্ব প্রসব করে, এবং এই হেতু অর্থাৎ স্পষ্ট বস্তু মাত্রই বিনাশশীল বলিয়া জগৎ পুনঃ পুনঃ উৎপন্ন হইয়া থাকে ॥১০॥

অবিবেকী মনুষ্যগণ আমার যে মানুষাকৃতি শ্রীবিগ্রহই সর্ব্বোৎকৃষ্ট স্বরূপ ইহা না বুঝিয়া সর্ব্বভূতের মহেশ্বররূপ আমাকে প্রাকৃত মনুষ্যবুদ্ধিতে অবজ্ঞা করিয়া থাকে ॥১১॥ মহাদ্মানস্ত মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজস্তানন্তমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্ ॥১৩॥
সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।
নমস্তম্ভশ্চ মাং ভক্ত্যা নিতাযুক্তা উপাসতে ॥১৪॥

[হে] পার্থ (হে পার্থ!) তু (কিন্তু) মহাত্মানঃ (ভগবদ্ধজিনিরত মহাত্মাগণ) দৈবীং প্রকৃতিং (দেব স্বভাবকে) আশ্রিতাঃ (প্রাপ্ত হইয়া) অনন্তমনসঃ (অনন্তচিত্তে) মাং (মনুষ্যাকৃতি আমাকেই) ভূতাদিম্ (ভূতগণের কারণ) অব্যয়ম্ [চ] (ও অবিনশ্বর) জ্ঞাত্বা (জানিয়া) ভজন্তি (ভজন করেন) ॥১৩॥

[তে] (তাঁহারা) সততং (দেশ, কাল ও পাত্রশুদ্ধি নিরপেক্ষ হইয়া সর্বাদা) মাং কীর্ত্তয়ন্তঃ (আমার নাম রূপাদি কীর্ত্তনকারী), যতন্তঃ (আমার স্বরূপগুণাদি নির্ণয়ে যত্নশীল) দৃঢ়ব্রতাঃ চ (এবং অপতিত ভাবে একাদশ্যাদি ও নামগ্রহণাদি নিয়ম পালনকারী হইয়া) নমস্যন্তঃ চ (আমাকে নমস্কারাদি সর্বাবিধ ভক্তিপূর্ব্বক) নিত্যযুক্তাঃ (ভবিশ্বতে আমার নিত্য

সেই মূঢ়লোকগণ বিফল আশা, বৃথা কর্মী, নিম্ফল জ্ঞানী ও বিবেকবিহীন হইয়া মোহজনক তামসী বা রাজসী স্বভাবকেই প্রাপ্ত হইয়া থাকে ॥১২॥

হে পার্থ! কিন্তু মহাত্মাগণ দৈবী-প্রকৃতিকে আশ্রয়পূর্ব্বক আমাতে একাগ্রচিত্ত হইয়া মনুষ্যাকৃতি আমাকেই সর্ব্বভূতের কারণ ও সনাতন-স্বরূপ জানিয়া সেবা করিয়া থাকেন ॥১৩॥

তাঁহারা কাল, দেশ ও পাত্রের শুদ্ধি অশুদ্ধি বিচারশূ্য হইয়া সর্বাদা আমার নাম, রূপ, গুণ ও লীলাদি কীর্ত্তনরত, আমার স্বরূপ গুণাদি নির্ণয়ে যত্নশীল এবং অপতিত ভাবে একাদশ্যাদি ও নাম গ্রহণাদি নিয়ম পালনকারী হইয়া আমার

জ্ঞানযজ্ঞেন চাপ্যত্যে যজজ্ঞো মামুপাসতে। একত্বেন পৃথক্বেন বহুধা বিশ্বতোমুখম্ ॥১৫॥ অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্। মস্ত্রোহহমহমেবাজ্যমহমগ্লিরহং হুতম্ ॥১৬॥

সংযোগ আকাজ্ঞায়) ভক্ত্যা (ভক্তিযোগ দ্বারা) মাম্ (আমাকে) উপাসতে (ভজনা করেন) ॥১৪॥

অপি চ (আর) জ্ঞানযজ্ঞেন (জ্ঞানরূপ যজ্ঞের দ্বারা) যজন্তঃ (যজনকারী) অস্তে (অপর অহংগ্রহোপাসকগণ) একত্বেন (অভেদ চিন্তুন দ্বারা), [অস্তে প্রতীকোপাসকগণ) পৃথক্বেন (বিষ্ণুই আদিত্যাদিরূপে অবস্থিত এইরূপ ভেদচিন্তা দ্বারা) [অস্তে চ] (এবং অস্ত বিশ্বরূপে।-পাসকগণ) বহুধা (বহু প্রকারে) বিশ্বতোমুখম্ (বিশ্বরূপ) মাম্ (আমাকে) উপাসতে (উপাসনা করেন) ॥১৫॥

অহং (আমি) ক্রতুঃ (অগ্নিষ্টোমাদি যজ্ঞ) অহং (আমি) যজ্ঞঃ (বৈশ্বদেবাদি স্মৃত্যুক্ত পঞ্চযজ্ঞ) অহম্ (আমি) স্বধা (পিতৃলোক উদ্দেশে শ্রাদ্ধাদি) অহম্ (আমি) ঔষধম্ (ওবধিজাত অন্ন) অহম্ (আমি) মন্ত্রঃ (মন্ত্র), অহম্ (আমি) আজ্যম্ (ঘৃতাদি) অহং (আমি) অগ্নিঃ (অগ্নি) অহং এব (আমিই) হুতম্ (হোমক্রিয়া) ॥১৬॥

প্রতি নমস্কারাদি সর্ব্ববিধ ভক্তি আচরণ করতঃ ভবিস্তুতে আমার সহিত নিত্য সংযোগের আকাঙ্ক্ষায় ভক্তিযোগ দ্বারা আমাকে উপাসনা করেন ॥১৪॥

আর জ্ঞানমার্গীয় উপাসকগণ কেহ কেহ আমার সহিত নিজের অভেদত্ব, কেহ বা আমার সহিত দেবতান্তরের অভেদত্ব, কেহ বা আমার সহিত আমার বিশ্ববিভূতির অভেদ ভাবনাপূর্ব্বক নানাপ্রকারে আমারই উপাসনা করিয়া থাকেন ॥১৫॥ পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেছাং পবিত্রমোক্ষার ঋক্ সাম যজুরেব চ ॥১৭॥
গতির্ভর্জা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং স্কুহাং।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥১৮॥
তপাম্যহমহং বর্ষং নিগৃহ্মামুৎস্কামি চ।
অমৃতক্ষৈব মৃত্যুন্চ সদসচ্চাহমর্চ্জুন ॥১৯॥

অহম্ (আমি) অস্থা (এই) জগতঃ (জগতের) পিতা (পিতা), মাতা (মাতা), ধাতা (কর্মফলপ্রদাতা), পিতামহঃ (পিতামহ), বেছাং (জ্ঞের বস্তু), পবিত্রম্ (শুদ্ধি সম্পাদক) ওঙ্কারঃ (প্রণব), ঋক্ (ঋধেদ), সাম (সামবেদ) যজুঃ এব চ (এবং যজুর্ব্বেদও আমিই) ॥১৭॥

[অহং] (আমি) গতিঃ (কর্মফল) ভর্তা (পতি) প্রভুঃ (নিয়ন্তা) সাক্ষী শুভাশুভদ্রষ্টা) নিবাসঃ (আশ্রয়স্থান) শরণং (রক্ষক) স্কুহাং (নিরুপাধি-হিতকারী) প্রভবঃ (স্বষ্টি) প্রলয়ঃ (প্রলয়) স্থানং (ও স্থিতিক্রিয়া) নিধানং (আকর) অব্যয়ম্ বীজম্ (অবিনাশিকারণ) ॥১৮॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) অহম (আমি) তপামি (উত্তাপ দান করি) অহং (আমি) বর্ষং (বারিবর্ষণ) উৎস্ক্জামি (করিয়া থাকি) নিগৃহ্নামি চ

আমি অগ্নিষ্টোমাদি শ্রোতযজ্ঞ, আমি বৈশ্বদেবাদি স্মৃত্যুক্ত পঞ্চযজ্ঞ, আমি পিতৃগণ-উদ্দেশে শ্রাদ্ধাদি, আমি ঔষধ, আমি মন্ত্র, আমি ঘৃতাদি, আমি অগ্নি এবং আমিই হোমক্রিয়া ॥১৬॥

আমি এই জগতের পিতা, মাতা, কর্ম্মফলবিধাতা, পিতা-মহ, জ্ঞেয় বস্তু, শুদ্ধি-সম্পাদক প্রণব, ঋগ্বেদ, সামবেদ ও যজুর্ব্বেদ—এই সবই আমি ॥১৭॥

এবং আমিই সকলের গতি, পতি, নিয়ন্তা, শুভাশুভ দ্রন্তা, আশ্রয়স্থান, রক্ষক, নিরুপাধি-হিতকারী, স্বন্থি, সংহার ও স্থিতিক্রিয়া, আকর বীজস্বরূপ অব্যয়-পুরুষ ॥১৮॥

ত্রৈবিতা মাং সোমপাঃ পূতপাপা যজৈরিষ্টা স্বর্গতিং প্রার্থয়ন্তে। তে পুণ্যমাসাত্ত স্থরেন্দ্রলোক-মশ্বন্তি দিব্যান্ দিবি দেবভোগান্॥২০॥

(এবং কখনও তাহা আকর্ষণ করিয়া থাকি) অহম্ এব (আমিই) অমৃতং (মোক্ষ) মৃত্যুঃ চ (এবং মৃত্যু), সৎ (স্থূল) অসৎ চ (ও স্থক্ষ্ম সমুদয় বস্তু)॥১৯॥

বৈবিত্যাঃ (বেদত্রয়োক্ত কর্মানুষ্ঠান পরায়ণ) সোমপাঃ (যজ্ঞদেষ সোমপানকারী) পুতপাপাঃ (নিষ্পাপ ব্যক্তিগণ) মাং (ইন্দ্রাদিরূপ আমাকে) যক্তৈঃ (যজ্ঞ দ্বারা) ইষ্ট্রা (পূজা করিয়া) স্বর্গতিং (স্বর্গলোক) প্রার্থয়ন্তে (কামনা করেন) তে (তাঁহারা) পুণ্যম্ (পুণ্যফল-স্বরূপ) স্থরেন্দ্রলোকম্ (ইন্দ্রলোক) আসাত্য (প্রাপ্ত হইয়া) দিবি (স্বর্গে) দিব্যান্ (উত্তম) দেবভোগান্ (দেবোচিতস্থখ) অশ্বন্তি (ভোগ করেন) ॥২০॥

হে অর্জ্জুন! আমি স্থ্যস্বরূপে গ্রীষ্মকালে উত্তাপ দান করি, বর্ষাকালে আমি বারিবর্ষণ করিয়া থাকি, আবার কখনও কখনও বর্ষণকে আকর্ষণ করিয়া থাকি। আমিই মোক্ষ এবং মৃত্যু, স্থূল ও স্ক্ষ্ম সমুদয় বস্তু ॥১৯॥

বেদত্রয়োক্ত কর্মানুষ্ঠানকারিগণ বেদবিহিত যজ্ঞসমূহ দ্বারা ইন্দ্রাদিরূপে আমাকেই পূজা করিয়া যজ্ঞশেষ সোমপান পূর্ব্বক নিষ্পাপ হইয়া স্বর্গলোক প্রার্থনা করেন; তাঁহারা তখন পুণ্যফল স্বরূপ দেবলোক প্রাপ্ত হইয়া স্বর্গে দিব্যভোগসকল ভোগ করিয়া থাকেন ॥২০॥

তে তং ভুক্বা স্বৰ্গলোকং বিশালং ক্ষীণে পুণ্যে মৰ্ত্ত্যলোকং বিশস্তি। এবং ত্ৰয়ীধৰ্মমনুপ্ৰপন্না

গতাগতং কামকামা লভন্তে ॥২১॥ অনন্যাশ্চিস্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥২২॥

তে (তাঁহারা) তং (সেই) বিশালং (বিপুল) স্বর্গলোকং (স্বর্গলোকের স্থখ) ভূক্বা (ভোগ করিয়া) পুণ্যে ক্ষীণে (পুণ্যক্ষয়ে) মর্ত্ত্যলোকং (মর্ত্ত্যলোকে) বিশন্তি (প্রবেশ করেন); এবং (এইরূপে) ত্রয়ীধর্মম্ (বেদত্রয় বিহিত ধর্ম্ম) অনুপ্রপন্নাঃ (অনুষ্ঠানে তৎপর) কামকামাঃ (ভোগেচ্ছু মানবগণ) গতাগতং (সংসারে যাতায়াত) লভন্তে (লাভ করিয়া থাকেন) ॥২১॥

অনখ্যাঃ (অশু কামনা-রহিত) মাং চিস্তয়ন্তঃ (আমার চিস্তা-নিরত) যে জনাঃ (যে সকল ব্যক্তিগণ) পর্য্যুপাসতে (সর্ব্বতোভাবে আমারই উপাসনা করেন), তেষাং (সেই) নিত্যাভিযুক্তানাং (নিত্য সংযোগকামিগণের) যোগক্ষেমং (যোগ অপ্রাপ্য ধনাদি লাভ, ক্ষেম সেইসব রক্ষা এই উভয় কার্য্যই) অহং (আমি) বহামি (বহন করিয়া থাকি) ॥২২॥

তাঁহারা সেই বিশাল স্বর্গলোকের স্থুখ ভোগ করিয়া পুণ্য-ক্ষয়প্রাপ্ত হইলে এই মর্ত্তালোকে জন্মগ্রহণ করেন; এইরূপে বেদবিহিত ধর্ম্মের অনুসরণকারী কামকামী ব্যক্তিগণ সংসারে পুনঃ পুনঃ যাতায়াত বা জন্ম-মরণ প্রাপ্ত হইয়া থাকেন ॥২১॥

অনগুভাবযুক্ত আমার চিন্তানিরত যে সকল ব্যক্তি সর্ব্বতো-ভাবে একমাত্র আমারই উপাসনা করেন, সেই সকল মদেক-নিষ্ঠ ভক্তগণের প্রয়োজনীয় বস্তু সংগ্রহ ও সংরক্ষণ ভার আমিই বহন করিয়া থাকি ॥২২॥ যেহপ্যশুদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তহপি মামেব কৌন্তেয় যজন্তাবিধিপূর্ব্বকম্॥২৩॥
অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাত*চ্যবন্তি তে॥২৪॥
যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃত্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্যাজিনোহপি মাম্॥২৫॥

[হে] কোন্তের (হে কুন্তীপুত্র!) যে (যে সকল ব্যক্তি) অন্তদেবতা-ভক্তাঃ অপি (অন্ত দেবতার ভক্ত হইরাও) শ্রদ্ধরা অন্বিতাঃ (শ্রদ্ধা সহকারে) যজন্তে (পূজা করেন), তে অপি (তাহারাও) অবিধিপূর্ব্বকম্ (মৎ-প্রাপকবিধি ব্যতিরেকে) মাম্ এব (আমাকেই) যজন্তি (পূজা করেন) ॥২৩॥

হি (যেহেতু) অহং এব (আমিই) সর্ব্বযজ্ঞানাং (সমস্ত যজ্ঞের) ভোক্তা চ (ভোক্তা) প্রভুঃ চ (এবং ফলদাতা) তু (কিন্তু) তে (তাহারা) মাম্ (আমাকে) তত্ত্বেন (যথার্থরূপে) ন অভিজানস্তি (জানিতে পারে না), অতঃ (এইজন্ম) [পুনর] (পুনরায়) চাবস্তি (জন্মগ্রহণ করে) ॥২৪॥

দেবব্রতাঃ (দেবপূজকগণ) দেবান্ (দেবতাগণকে) যান্তি (প্রাপ্ত হন), পিতৃব্রতাঃ (পিতৃকার্য্যনিরতগণ) পিতৃন্ (পিতৃগণকে) যান্তি (প্রাপ্ত হন), ভূতেজ্যাঃ (ভূতপূজকগণ) ভূতানি (ভূতগণকে) যান্তি (প্রাপ্ত হন),

হে কৌন্তেয়! যে সকল ব্যক্তি শ্রদ্ধাযুক্ত হইয়া ভক্তি সহকারে অন্য দেবতার উপাসনা করেন, তাহারাও আমারই পূজা করিয়া থাকেন কিন্তু তাহা অবিধিপূর্ব্বক ॥২৩॥

যেহেতু আমিই যজ্ঞ সমূহের ভোক্তা এবং ফলদাতা। কিন্তু তাহারা আমাকে উক্ত স্বরূপে জানিতে পারে না স্নতরাং পুনরায় জন্মাদি লাভ করিয়া থাকে॥২৪॥

অন্তদেব পূজকগণ সেই সেই দেবতাকে লাভ করেন, শ্রাদ্ধাদি ক্রিয়াপরায়ণগণ পিত্লোক গমন করেন, ভূতপূজক- পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযক্ষতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্লামি প্রযতাত্মনঃ ॥২৬॥
যৎ করোবি যদশ্লাসি যজ্জুহোবি দদাসি যৎ।
যন্তপশ্রসি কোন্তেয় তৎ কুরুষ মদর্পণম্॥২৭॥

মদ্যাজিনঃ (এবং আমার পূজকগণ) মাম্ অপি (আমাকেই) যান্তি (প্রাপ্ত হন) ॥২৫॥

যঃ (যিনি) ভক্তা। (ভক্তির সহিত) মে (আমাকে) পত্রং (পত্র) পূব্পং (পূব্প) ফলং (ফল) তোয়ং (ও জল) প্রয়ন্ছতি (প্রদান করেন), অহং (আমি) প্রয়তাত্মনঃ (আমার ভক্তিপ্রভাবে বিশুদ্ধচিত্ত) [তম্ম] (সেই ব্যক্তির) ভক্তুাপহৃতম্ (ভক্তিপূর্ব্বক প্রদন্ত) তৎ (সেই পত্রাদি) অগ্নামি (সমস্তই ভক্ষণ করি অর্থাৎ অতি প্রীতির সহিত যথাযোগ্যভাবে গ্রহণ করি) ॥২৬॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীনন্দন!) [ত্বং] (তুমি) যৎ (লৌকিক বা বৈদিক যে কর্ম) করোষি (কর), যৎ (যাহা কিছু) অশ্লাসি (ভোজন কর), যৎ (যাহা) জুহোষি (হোম কর), যৎ (যাহা কিছু) দদাসি (দান

গণ ভূতলোক প্রাপ্ত হন, এবং আমার পূজকগণ আমাকেই লাভ করেন ॥২৫॥

যিনি ভক্তির সহিত আমাকে পত্র, পুষ্প, ফল ও জল প্রদান করেন, আমি, আমার প্রতি ভক্তিপ্রভাবে বিশুদ্ধচিত্ত সেই ভক্তের ভক্তিপূর্ব্বক সমর্পিত সেই পত্রাদি সমস্তই ভক্ষণ করিয়া থাকি অর্থাৎ অত্যস্ত প্রীতিযুক্ত হইয়া যথাযোগ্য ভাবে গ্রহণ করি ॥২৬॥

হে কৌন্তেয়! তুমি লৌকিক বা বৈদিক যে সকল কর্ম্ম কর, যাহা কিছু আহার কর, যাহা হোম কর, যাহা কিছু দান কর, শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ। সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈশ্বসি ॥২৮॥ সমোহহং সর্বভূতেযু ন মে দ্বেশ্বোহস্তি ন প্রিয়ঃ। যে ভজস্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেযু চাপ্যহম্ ॥২৯॥

কর), যৎ (যে) তপশ্যসি (ব্রতাদি কর); তৎ (তাহা সমস্তই) মদর্পণম্ (আমাতে যে প্রকারে অর্পিত হয় সেইরূপ ভাবে) কুরুম্ব (কর) ॥২৭॥

এবং (এইরূপে) [কর্ম কুর্বন] (সমস্ত কর্ম করিলে) শুভাশুভফলৈঃ (শুভ বা অশুভ ফলরূপ) কর্মবন্ধনৈঃ (কর্মবন্ধন সমূহ হইতে) মোক্ষ্যসে (মুক্ত হইবে)। সন্যাসযোগযুক্তাত্মা (কর্মফল ত্যাগরূপ যোগযুক্তমনা তুমি) বিমুক্তঃ [সন্] (মুক্তগণের মধ্যেও বৈশিষ্ট্য সম্পন্ন হইয়া) মাম্ উপৈয়সি (আমার নিকট গমন করিবে)॥২৮॥

অহং (আমি) সর্ব্বাস্থ্যতেষু (সমস্ত ভূতের প্রতি) সমঃ (তুল্য ভাবাপন্ন)
[অতএব] মে (আমার) দ্বেষ্মঃ (শত্রু) ন অস্তি (নাই), প্রিয়ঃ [চ] ন
[অস্তি] (এবং প্রিয়ও নাই); তু (কিন্তু) যে (যাঁহারা) মাং (আমাকে)
ভক্তাা (ভক্তিপূর্ব্বক) ভজস্তি (ভজনা করেন), তে (তাঁহারা) ময়ি

যে ব্রতাদি কর; সে সমুদয়ই আমাতে যেভাবে অর্পিত হয়। সেরূপে কর॥২৭॥

এইরূপে লৌকিক বা বৈদিক সমস্ত কর্ম্ম করিলেও তজ্জন্ম শুভাশুভ ফলরূপ কর্ম্মবন্ধন সকল হইতে তুমি মুক্ত হইবে এবং মনে কর্ম্মফলের আসক্তি না থাকা হেতু তুমি মুক্তগণের মধ্যেও বিশিষ্টতা লাভ করিয়া আমার নিকট গমন করিবে ॥২৮॥

আমি সকল জীবের প্রতি সমভাবাপন্ন, স্থতরাং আমার কোনও শত্রু নাই অথবা প্রিয়ও নাই। তথাপি যাঁহারা আমাকে ভক্তিসহকারে ভজনা করেন, তাঁহারা আমাতে যেমন

অপি চেৎ স্থগ্নরাচারো ভজতে মামনগুভাক্। সাধুরেব স মন্তব্যঃ সম্যখ্যবসিতো হি সঃ ॥৩০॥ ক্ষিপ্রং ভবতি ধর্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি। কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি॥৩১॥

(আমাতে) [যথা আসক্তাঃ] (যেরূপ আসক্ত), অহম্ অপি চ (আমিও) তেযু (তাঁহাদিগের প্রতি) [তথা আসক্তঃ] (সেইরূপ আসক্ত থাকি) ॥২৯॥

চেৎ (যদি) স্বত্নরাচারঃ অপি (অতি কুৎসিত আচার ব্যক্তিও) অনখ্যভাক্ [সন্] (কর্ম-জ্ঞানাদি-গত অখ্য ভজন পরিত্যাগ করিয়া) মাম্ (কেবলমাত্র আমাকেই) ভজতে (ভজন করেন), সঃ (তিনি) সাধুঃ এব (সাধু বলিয়াই) মন্তব্যঃ (মাখ্য হন) হি (যেহেতু) সঃ (তিনি) সম্যক্ ব্যবসিতঃ (উত্তম নিশ্চয় বিশিষ্ট) ॥৩০॥

[সঃ] (মদ্ভজনকারী সেই ব্যক্তি) ক্ষিপ্রং (শীঘ্র) ধর্মাত্মা (সদাচার-ভূষিত) ভবতি (হন), শশ্বং (সর্ব্বদাই) শান্তিং (অনর্থোপশম জনিত স্থখ) নিগচ্ছতি (স্বষ্ঠুরূপে প্রাপ্ত হন)। [হে] কৌন্তেয় (হে কুন্তীপুত্র!) মে (আমার) ভক্তঃ (ভক্ত) ন প্রণশ্যতি (কখনও বিনষ্ট হয় না) [ইতি] (ইহা) প্রতিজানীহি (প্রতিজ্ঞা কর—ঘোষণা কর)॥৩১॥

সর্বাদা আসক্ত থাকেন, আমিও তাঁহাদিগের প্রতি সেইরূপ আসক্ত থাকি ॥২৯॥

যদি অত্যন্ত তুরাচার সম্পন্ন ব্যক্তিও কর্ম্ম-জ্ঞানাদিগত অগ্ত পূজা পরিত্যাগ পূর্ব্বক একমাত্র পুমর্থবোধে অনগুচিত্তে আমাকেই ভজনা করেন, তবে তিনি সাধু বলিয়াই মাননীয় হন, যেহেতু তিনি উত্তম নিশ্চয় করিয়াছেন ॥৩০॥

তিনি শীঘ্রই সদাচারভূষিত হইয়া নিত্যা শাস্তি লাভ করিয়া থাকেন। হে কৌস্তেয়! তুমি ঘোষণা পূর্ব্বক প্রতিজ্ঞা করিয়া বল যে আমার ভক্তের কখনও বিনাশ নাই ॥৩১॥ মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেহপি স্ত্যঃ পাপযোনয়ঃ।
দ্বিয়ো বৈশান্তথা শূদ্রান্তেহপি যান্তি পরাং গতিম্ ॥৩২॥
কিং পুনর্ত্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্বয়ন্তথা।
অনিত্যমস্থখং লোকমিমং প্রাপ্য ভক্তস্ব মাম্ ॥৩৩॥
মন্মনা ভব মন্তক্তো মদ্যাজী মাং নমস্কুরু।
মামেবৈশ্বসি যুক্তৈবমাত্মানং মৎপরায়ণঃ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ ব্রহ্মবিভায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে রাজগুহুযোগো নাম নবমোহধ্যায়ঃ ॥৯॥

[হ] পার্থ (হে অর্জ্জুন!) যে অপি (যাহারা) পাপ-যোনয়ঃ (অস্ত্যজাদি যোনিতে উৎপন্ন) ব্রিয়ঃ (ব্রী) বৈশ্যাঃ (বৈশ্য) তথা শূদ্রাঃ (এবং শূদ্র) স্ল্যঃ (হইয়াছে) তে অপি (তাহারাও) মাং (আমাকে) ব্যপাশ্রিত্য (বিশেষভাবে আশ্রয় করিয়া) হি (নিশ্চয়ই) পরাং গতিম্ (পরমাগতি) যাস্তি (প্রাপ্ত হয়) ॥৩২॥

পুণ্যাঃ (পবিত্র) ব্রাহ্মণাঃ (ব্রাহ্মণগণ) তথা (এবং) রাজর্ষয়ঃ (ক্ষপ্রিয়-গণ) ভক্তাঃ [সস্তঃ] (ভক্ত হইয়া) [পরাং গতিং যাস্তি] (পরম গতি লাভ করিবেন) কিং পুনঃ (তাহাতে আর কথা কি?) [অতএব] অনিত্যম্ (অনিত্য) অস্তর্খং (তুঃখপূর্ণ) ইমং (এই) লোকম্ (মনুষ্যদেহ) প্রাপ্য (লাভ করিয়া) মাম্ (আমাকে) ভজস্ব (ভজনা কর) ॥৩৩॥

হে পার্থ! যাহারা অস্ত্যজাদির বংশে উৎপন্ন, স্ত্রীজাতি, বৈশ্যজাতি বা শূদ্রজাতিতে জন্মগ্রহণ করিয়াছে, তাহারাও আমাকে সম্যক্রপে আশ্রয় করিয়া উত্তমগতি লাভ করে ॥৩২॥ স্থতরাং পবিত্র বাহ্মণগণ বা ক্ষল্রিয়গণ ভক্ত হইয়া যে পরমগতি প্রাপ্ত হইবেন সে সম্বন্ধে আর কথা কি আছে? মন্মনাঃ (মদ্গতিতিত্ত) মন্তক্তঃ (আমার সেবক) মদ্যাজী [চ] (ও আমার পূজা পরায়ণ) ভব (হও)। মাং (আমাকে) নমস্কুরু (নমস্কার কর)। এবম (এইরূপে) আত্মানং (মন ও দেহ) যুক্তা (আমাতে অর্পণপূর্ব্বক) মৎপরায়ণঃ (আমাকে আশ্রয় করিয়া) মাম্ এব (আমাকেই) এস্থাসি (প্রাপ্ত হইবে)॥৩৪॥

ইতি নবম অধ্যায়ের অশ্বয় সমাপ্ত॥

অতএব অনিত্য ও তুঃখকর এই মনুষ্যদেহ—বহু যোনি ভ্রমণের পর প্রাপ্ত হইয়া—আমাকেই আরাধনা কর ॥৩৩॥

আমাতে দত্ত-চিত্ত, আমার প্রতি ভক্তিপরায়ণ ও আমার অর্চ্চনে নিরত হও এবং আমাকেই নমস্কার কর। এইরূপে মন ও দেহ আমাতে অর্পণ পূর্ব্বক আমাকে আশ্রয় করিয়া আমাকেই প্রাপ্ত হইবে ॥৩৪॥

ইতি নবম অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত॥



দশমোহধ্যায়ঃ

বিভূতিযোগ

শ্রীভগবানুবাচ— ভূয় এব মহাবাহে। শৃণু মে পরমং বচঃ। যত্তেহহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া ॥১॥ ন মে বিদ্বঃ স্থরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ। অহমাদির্হি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ব্বশঃ॥২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] মহাবাহো (হে মহাবীর অর্জ্জুন!) ভূয়ঃ এব (পুনরায়) মে (আমার) পরমং (উৎকৃষ্ট) বচঃ (বাক্য) শৃণু (শ্রবণ কর)। যৎ (যেহেতু) প্রীয়মাণায় (প্রেমবান্) তে (তোমাকে) অহম্ (আমি) হিতকাম্যায়া (হিতকামনায়) বক্ষ্যামি (বলিব)॥১॥

স্থরগণাঃ (দেবতাগণ) মে (আমার) প্রভবং (সর্ব্বোত্তম বা সর্ব্ব-বিলক্ষণ জন্ম) ন বিদুঃ (জানেন না), মহর্ষয়ঃ ন (মহর্ষিগণও জানেন না)। হি (যেহেতু) অহম্ (আমি) দেবানাং (দেবতাদিগের) মহর্ষীণাং চ (ও মহর্ষিগণের) সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারেই) আদিঃ (আদি কারণস্বরূপ)॥২॥

শ্রীভগবান্ বলিলেন—হে মহাবাহো! পুনর্কার আমার উত্তম বাক্য শ্রবণ কর। যেহেতু প্রিয়পাত্র তোমাকে আমি তোমার মঙ্গল কামনা করিয়াই ইহা বলিব ॥১॥

সমস্ত দেবতাগণ আমার প্রকৃষ্ট বা সর্ববিলক্ষণ জন্ম জানেন না, মহর্ষিগণও জানেন না। যেহেতু আমি দেবতাদিগের ও মহর্ষিগণের সর্ব্বপ্রকারেই আদি কারণ ॥২॥ যো মামজমনাদিঞ্চ বেত্তি লোকমহেশ্বরম্।
অসংমূঢ়ঃ স মর্ত্ত্যেষু সর্ব্বপাপ্তৈঃ প্রমূচ্যতে ॥৩॥
বুদ্ধির্জ্জানমসংমোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ।
স্থবং ফুঃখং ভবোহভাবো ভয়ঞ্চাভয়মেব চ ॥৪॥
অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোহযশঃ।
ভবস্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথিষিধাঃ॥৫॥

যঃ (যিনি) মাম্ (দেবকীপুত্র আমাকে) অজম্ (জন্মরহিত) অনাদিং (কারণ রহিত) লোকমহেশ্বরম্ চ (ও ভূত সকলের মহান্ ঈশ্বর বলিয়া) বেত্তি (জানেন); সঃ (তিনি) মর্জ্যেষু (মন্থুগণণের মধ্যে) অসংমূঢ়ঃ (মোহ বর্জ্জিত হইয়া) সর্ব্বপাপৈঃ (ভক্তিবিরোধী সমস্ত পাপ হইতে) প্রমূচ্যতে (মুক্ত হন) ॥৩॥

বুদ্ধিঃ (স্ক্রার্থনিশ্চয় সামর্থ্য), জ্ঞানম (আত্ম অনাত্ম বিবেক), অসংমোহঃ (ব্যগ্রতার অভাব), ক্ষমা (সহিষ্ণুতা), সত্যং (যথার্থ ভাষণ), দমঃ (বাহেন্দ্রিয় সংযম), শমঃ (অস্তরিন্দ্রিয় সংযম), স্থং (মুখ), তুঃখং (তুঃখ), ভবঃ (জন্ম), অভাবঃ (মৃত্যু), ভয়ং চ (ভয়), অভয়ং এব চ (এবং অভয়); অহিংসা (অহিংসা) সমতা (নিজের তুলনায় সর্ব্বর স্থখ তুঃখ দর্শন), তুষ্টিঃ (সম্ভোষ), তপঃ (বেদোক্ত কায়ক্লেশ), দানং (দান),

যিনি দেবকীপুত্ররূপে জাত আমাকে, জন্মরহিত সর্বাদি ও ভূতসকলের মহান্ ঈশ্বর বলিয়া জানেন, তিনিই সমস্ত মনুষ্যলোকের মধ্যে সম্যক্ মোহরহিত হইয়া পাপ সমুদ্য হইতে মুক্ত হইয়া থাকেন ॥৩॥

বুদ্ধি, জ্ঞান, অব্যাকুলতা, ক্ষমা, সত্যভাষণ, বাহু ইন্দ্রিয়-গণের নিগ্রহ, অন্তরস্থ ইন্দ্রিয়গণের নিগ্রহ, স্থুখ, তুঃখ, জন্ম, মৃত্যু, ভয় ও অভয়, অহিংসা, সর্ব্বব্র সমদৃষ্টি, তুষ্টি, তপস্থা, মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবন্তথা।
মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ ॥৬॥
এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেন্তি তত্ত্বতঃ।
সোহবিকক্ষেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ॥৭॥

যশঃ (স্থখ্যাতি) অযশঃ [চ] (ও অখ্যাতি) ভূতানাং (প্রাণিবর্গের) [এতে] (এই সমস্ত) পৃথশ্বিধাঃ (নানাপ্রকার) ভাবাঃ (ভাব) মত্তঃ এব (আমা হইতেই) ভবস্তি (উৎপন্ন হইয়া থাকে) ॥৪-৫॥

সপ্ত মহর্ষয়ং (মরীচ্যাদি সপ্ত মহর্ষিগণ) পূর্ব্বে (তাঁহাদেরও পূর্ব্ববর্ত্তী) চত্বারঃ (সনকাদি চারিজন) তথা মনবঃ (এবং স্বায়্জুবাদি চতুর্দ্দশ মন্ত্র-গণ) [এতে] (ইঁহারা সকলেই) মদ্ভাবাঃ (আমার প্রভাব সম্পন্ন) মানসাঃ জাতাঃ (এবং হিরণ্যগর্ভরূপী আমার মন হইতে উৎপন্ন), লোকে (এই পৃথিবীতে) ইমাঃ প্রজাঃ (এই দৃশ্মান ব্রাহ্মণাদি প্রজাসমূহ) যেষাং (যাঁহাদের অর্থাৎ তাঁহাদেরই বংশজাত পুত্রাদি ক্রমে এই পৃথিবী পরিপূর্ণ হইয়াছে)॥৬॥

যঃ (যিনি) মম (আমার) এতাং (এই) বিভূতিং (বিভূতি) যোগং চ (ও ভক্তিযোগ) তত্ত্বতঃ (যথার্থরূপে) বেত্তি (জ্ঞাত আছেন), সঃ (তিনি) অবিকল্পেন (নিশ্চল) যোগেন (তত্ত্বজ্ঞান দ্বারা) যুজ্যতে (যুক্ত হন); অত্র (এই বিষয়ে) ন সংশয়ঃ [অস্তি] (সন্দেহ নাই) ॥৭॥

দান, যশ ও অযশ, প্রাণিমাত্রের এই সকল ভিন্ন ভিন্ন ভাব আমা হইতেই উৎপন্ন হইয়া থাকে ॥৪-৫॥

মরীচ্যাদি সপ্ত মহর্ষি, তৎপূর্ব্ববর্ত্তী সনকাদি ব্রহ্মর্ষি চতুষ্টয় এবং স্বায়ন্তুবাদি চতুর্দদশ মতু ইহারা সকলেই আমার প্রভাব সম্পন্ন এবং হিরণ্যগর্ভরূপী আমার মন হইতে উৎপন্ন । এই ব্রহ্মাণ্ডে এই সকল দৃশ্যমান ব্রাহ্মণ-ক্ষত্রিয়াদি প্রজাসমূহই তাঁহাদের বংশজাত ॥৬॥ অহং সর্বাস্থ্য প্রভবো মন্তঃ সর্বাং প্রবর্ত্ততে। ইতি মত্বা ভজন্তে মাং বুখা ভাবসমন্বিতাঃ ॥৮॥ মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্। কথয়ন্তশ্চ মাং নিত্যং তুক্তান্তি চ রমন্তি চ ॥৯॥

অহং (আমি) সর্ব্বস্থ (ব্রহ্ম, পরমাত্ম, ভগবদাদি সর্ব্ব কারণেরও) প্রভবঃ (উৎপত্তি অদ্বয়জ্ঞান স্বয়ং ভগবান্), মত্তঃ (আমা হইতে) সর্ব্বং (চিদচিৎ জগচ্চেষ্টা ও বেদাদি শাস্ত্র প্রভৃতি) প্রবর্ত্ততে (প্রবর্ত্তিত হয়), ইতি (এই রহস্থ) মত্বা (উপলব্ধি করিয়া) বুধাঃ (স্থমেধগণ) ভাবসমন্বিতাঃ (দাস্থসখ্যাদিভাবযুক্ত হইয়া) মাং (আমাকে) ভজন্তে (ভজন করেন) ॥৮॥

[তে] (তাঁহারা) মচ্চিত্তাঃ (আমাতে নিবেদিতাত্মা) মদ্গতপ্রাণাঃ (মদাত্মভূতা) পরস্পরম (পরস্পর) বোধয়ন্তঃ (স্বরূপগত ভাব বিনিময় করিতে করিতে) মাং কথয়ন্তঃ চ [সন্তঃ] (আমার কথা আলোচনা করিতে করিতে) নিত্যং (সর্ব্বদা) তুম্বান্তি চ (তুষ্ট হন) রমন্তি চ (এবং মধুর রস আস্বাদন করেন) ॥৯॥

যিনি আমার এই বিভূতি ও ভক্তিযোগ সম্যক্রপে অবগত আছেন, তিনি নিশ্চল তত্ত্বজ্ঞান দ্বারা ভক্তিযোগের অনুষ্ঠান করেন। এ বিষয়ে কোনও সন্দেহ নাই ॥৭॥

আমি ব্রহ্ম, প্রমাত্মা ও নারায়ণেরও আকরতত্ত্ব অন্বয়জ্ঞান-স্বরূপ কৃষ্ণ, আমা হইতেই চিদচিদ্ বিলাসময় বিশ্ব, তচ্চেষ্টা ও উদ্দেশ্য সাধ্য-সাধনময় বেদাদি শাস্ত্র সমস্তই প্রবর্ত্তিত—এই রহস্য বিচারপর স্থমেধগণ ধর্মাধর্ম সমুদ্য় উল্লজ্জ্বন পূর্ব্বক রাগভক্তি অবলম্বনে আমার ভজন করিয়া থাকেন ॥৮॥

আমাতে নিবেদিতাত্মা ও মদাত্মভূত ভক্তগণ পরস্পর আমার কথা আলোচনা ও আমার সম্বন্ধীয়-ভাবের আদান প্রদান তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ॥১০॥
তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা ॥১১॥

[অহং] (আমি) সততযুক্তানাং (নিত্য আমার সংযোগ কামনাশীল) প্রীতিপূর্ব্বকম্ (ও স্নেহ পূর্ব্বক) ভজতাং (ভজনকারী) তেষাং (তাঁহা-দিগকে) তং (সেই) বুদ্ধিযোগং (বুদ্ধিযোগ) দদামি (দান করি) যেন (যদ্বারা) তে (তাঁহারা) মাম্ (আমাকে) উপযাস্তি (নিকটে পাইতে পারেন)॥১০॥

তেষাম্ এব (তাঁহাদেরই) অনুকম্পার্থম্ (প্রেমাধীন হইয়াই) অহম্ (আমি) আত্মভাবস্থঃ [সন্] (তাঁদের অন্তরে প্রকাশিত হইয়া) ভাস্বতা (উজ্জ্বল) জ্ঞানদীপেন (মৎসাক্ষাৎকার রূপ জ্ঞান দ্বারা) অজ্ঞানজং (অদর্শন জন্ম) তমঃ (মোহরূপ অন্ধকার) নাশয়ামি (নাশ করি) ॥১১॥

করিতে করিতে সর্বাদ। স্বরূপগত বাৎসল্য মাধুর্য্যাদি রস আস্বাদন করিয়া পরিতোষ লাভ করেন ॥৯॥

আমি সেই সর্বাদা আমার আত্মভূত ও প্রেমপূর্বাক ভজন-শীল ভক্তগণকে এইরূপ বুদ্ধিযোগ প্রদান করি, যদ্ধারা তাঁহারা আমাতে উপগত হন বা বিবিধ অন্তরঙ্গ সেবাপ্রাপ্ত হন ॥১০॥

তাঁহারা জ্ঞানশূন্য প্রেমভক্তির পরমাবস্থায় ইষ্টবিরহজনিত ত্রম-মোহাদি তমোভাবাক্রান্ত হইয়া পড়িলে আমি প্রেমাধীন হইয়া তাঁহাদের অন্তরে স্বরূপসাক্ষাৎকাররূপ উজ্জ্বল জ্ঞানদ্বারা বিরহতুঃখরূপ তমোনাশ করিয়া থাকি ॥১১॥

অথবা

তাঁহাদেরই অনুকম্পার্থ আমি জীবজগতের হুদয়স্থ হইয়া উজ্জ্বল জ্ঞান দ্বারা অজ্ঞানরূপ অন্ধকার নাশ করিয়া থাকি ॥১১॥

অৰ্জ্বন উবাচ—

পরং ব্রহ্ম পরং ধাম প্রিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভূম্ ॥১২॥
আহুজ্বাম্যয়ঃ সর্বে দেবর্ষিনারদন্তথা।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে ॥১৩॥
সর্ব্ধমেতদৃতং মন্তে যন্মাং বদসি কেশব।
ন হি তে ভগবন্ ব্যক্তিং বিত্রদ্ধেবা ন দানবাঃ ॥১৪॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) ভবান (আপনি) পরমং (পরম) পবিত্রং (অবিদ্যামালিশ্যনাশক) পরং ধাম (সর্কোৎকৃষ্ট শ্যামস্থলর বপুই) পরং ব্রহ্ম (পরমব্রহ্ম অর্থাৎ সাক্ষাৎ ভগবান্) [অহং মন্থে] (আমি মনে করি), সর্ব্বে ঋষয়ঃ (সকল ঋষিগণ) দেবর্ষিঃ নারদঃ (দেবর্ষি নারদ) অসিতঃ (অসিত) দেবলঃ (দেবল) তথা ব্যাসঃ (এবং মহর্ষি ব্যাস সকলেই) ত্বাম (আপনাকে) শাশ্বতং পুরুষং (সনাতন পুরুষ) দিব্যম্ (স্বয়ং প্রকাশ) আদিদেবম্ (আদিদেব) অজং (জন্মরহিত) বিভূম্ (ও সর্কব্যাপক) আহুঃ (বলিয়া থাকেন), স্বয়ং চ এব (এবং আপনি নিজেই) মে (আমাকে) ব্রবীষি (বলিতেছেন) ॥১২-১৩॥

[হে] কেশব (হে কেশব!) মাং (আমাকে) যৎ ('ন মে বিচুঃ' ইত্যাদি শ্লোক দ্বারা যাহা) বদসি (বলিতেছেন) এতৎ সর্ব্বম্ (এ সমস্তই) ঋতং

অর্জ্জুন কহিলেন—হে ভগবন্ আপনি পরব্রহ্ম, পরমাশ্রয় ও পরমপাবন! দেবর্ষি নারদ, অসিত, দেবল ও ব্যাসাদি প্রধান প্রধান মহর্ষিগণ সকলেই আপনাকে স্বয়ংপ্রকাশ স্বয়ম্ভু, সমগ্র ঐশ্বর্য্যের মূলীভূত লীলাময় সর্বাদি সনাতন পুরুষোত্তম-রূপে বর্ণন করিয়াছেন, এবং আপনি নিজেও তাহাই বলিতেছেন ॥১২-১৩॥

ষয়মেবাত্মনাত্মানং বেখ তথ পুরুষোত্তম। ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে ॥১৫॥ বক্তুমর্হস্তশেষেণ দিব্যা হাত্মবিভূতয়ঃ। যাভির্বিভূতিভির্লোকানিমাংস্ত্রং ব্যাপ্য তিষ্ঠসি ॥১৬॥

(যথার্থ বলিয়া) মন্তে (মানি)। হি (ইহা নিশ্চয় যে) [হে] ভগবন্ (হে ভগবন্!) তে (আপনার) ব্যক্তিং (পরিচয়) ন দেবাঃ দানবাঃ (কি দেব-গণ, কি দানবগণ কেহই) ন বিতঃ (জানেন না) ॥১৪॥

[হ] পুরুষোত্তম (হে পুরুষোত্তম!) [হে] ভূতভাবন (হে জগৎ-পিতঃ!) [হে] ভূতেশ (হে ভূতনাথ!) [হে] দেবদেব (হে দেবারাধ্য!) [হে] জগৎপতে (হে জগন্নাথ!) ত্বং (আপনি) স্বয়ম্ এব (নিজেই) আত্মনা (চিচ্ছক্তি দ্বারা) আত্মানং (আপনাকে) বেখ (জানিতেছেন) ॥১৫॥

ত্বং (আপনি) যাভিঃ (যে যে) বিভূতিভ়িঃ (ঐশ্বর্য্য দ্বারা) ইমান্ (এই) লোকান্ (লোক সমূহ) ব্যাপ্য (ব্যাপিয়া) তিষ্ঠসি (রহিয়াছেন), [তাঃ] (সেই) দিব্যাঃ (উৎকৃষ্ট) আত্মবিভূতয়ঃ (স্বকীয় ঐশ্বর্য্য সকল) অশেষেণ (সবিশেষ ভাবে) [ত্বং] হি বক্তুং অর্হসি (একমাত্র আপনিই বলিতে সমর্থ) ॥১৬॥

হে কেশব! 'ন মে বিজুঃ' ইত্যাদি বাক্যের দ্বারা আমাকে যাহা বলিতেছেন সে সমুদয়ই আমি যথার্থ বলিয়া মানি। হে ভগবন্! ইহা নিশ্চিত যে দেবগণ বা দানবগণের মধ্যে কেহই আপনার পরিচয় জানেন না ॥১৪॥

হে পুরুষোত্তম! হে জগৎপিতা! হে ভূতনাথ! হে দেবদেব! হে জগৎপতে! আপনি স্বয়ংই নিজ চিচ্ছক্তি দ্বারা আপনাকে জানিতেছেন ॥১৫॥

আপনি যে যে বিভূতি দ্বারা এই লোক সকল ব্যাপিয়া অবস্থান করিতেছেন, সেই সমুদয় অলোকিক আত্ম-বিভূতি-গুলি সম্পূর্ণরূপে আমাকে অনুগ্রহ পূর্ব্বক বলুন ॥১৬॥ কথং বিত্যামহং যোগিংস্ত্রাং সদা পরিচিম্ভয়ন্।
কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোহসি ভগবন্ময়া ॥১৭॥
বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন।
ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃষতো নাস্তি মেহমৃতম্ ॥১৮॥
শ্রীভগবান্থবাচ—

হস্ত তে কথয়িক্যামি দিব্যা হাত্মবিভূতয়ঃ। প্রাধান্ততঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্ত মে ॥১৯॥

[হে] যোগিন্ (হে যোগমায়াধিপতে!) সদা (সর্ব্বদা) কথং (কিরূপে) পরিচিন্তয়ন্ (সর্ব্ব প্রকারে চিন্তা করিয়া) অহং (আমি) ত্বাং (আপনাকে) বিদ্যাম্ (জানিতে পারিব?) [হে] ভগবন্ (হে ভগবন্!) কেষু কেষু চ (এবং কোন্ কোন্) ভাবেষু (পদার্থ সমূহে) [ত্বং] (আপনি) ময়া (আমা কর্ত্ত্বক) চিন্ত্যঃ অসি (চিন্তনীয়) ॥১৭॥

[হে] জনার্দ্দন (হে জনার্দ্দন!) আত্মনঃ (আপনার) যোগং (ভক্তি-যোগ) বিভূতিং চ (ও বিভূতি) ভূয়ঃ (পুনরায়) বিস্তরেণ (বিস্তৃতভাবে) কথয় (বলুন)। হি (যেহেতু) অমৃতম্ (আপনার অমৃতময় বাক্য) শৃগ্ধতঃ (শ্রবণ করিয়া) মে (আমার) তৃপ্তিঃ (তৃপ্তি) ন অস্তি (ইইতেছে না)॥১৮॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) হস্ত কুরুশ্রেষ্ঠ (ওহে কুরুশ্রেষ্ঠ!) দিব্যাঃ (অলৌকিক) আত্মবিভূতয়ঃ (প্রপঞ্চ চিচ্ছক্তিজাত প্রকটিত নিজ ঐশ্বর্য্য সমূহ) প্রাধান্যতঃ (প্রধান প্রধান রূপে) তে

হে যোগমায়াপতে ভগবন্! কিরূপে সর্ব্বদা সর্ব্বপ্রকারে চিন্তা করিয়া আমি আপনাকে জানিব এবং কোন্ কোন্ পদার্থ সকলে আমি আপনার চিন্তনরূপ ভক্তি আচরণ করিব? ॥১৭॥

হে জনার্দ্দন! আপনার যোগ ও বিভূতি সকল পুনর্ব্বার সবিস্তারে বলুন। যেহেতু আপনার এই সকল উপদেশরূপ অমৃতময়বাক্য শ্রবণ করিয়া আমার তৃপ্তি হইতেছে না ॥১৮॥ অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ ॥২০॥
আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্মরুতামশ্মি নক্ষত্রাণামহং শশী ॥২১॥

(তোমাকে) কথয়িয়ামি (বলিব)। হি (যেহেতু) মে (আমার) বিস্তরস্থ (বিস্তৃত বিভূতির) অস্তঃ (শেষ) ন অস্তি (নাই)॥১৯॥

[হে] গুড়াকেশ (হে জিতনিদ্র!) অহম (আমি) সর্ব্বভূতাশয়স্থিতঃ (সমস্ত জীবের অন্তঃকরণে অবস্থিত) আত্মা (পরমাত্মা)। অহম্ এব চ (এবং আমিই) ভূতানাম্ (প্রাণিগণের) আদিঃ (জন্ম), মধ্যং চ (ও স্থিতি) অন্তঃ চ (এবং নাশের হেতু) ॥২০॥

আদিত্যানাম্ (দ্বাদশ আদিত্যগণের মধ্যে) অহং (আমি) বিষ্ণুঃ (বিষ্ণু নামক আদিত্য), জ্যোতিষাং (প্রকাশগণের মধ্যে) অংশুমান্ (মহাকিরণশালী) রবিঃ (স্থর্য্য), মরুতাম্ (বায়ুগণের মধ্যে) মরীচিঃ (মরীচি নামক বায়ু) নক্ষত্রাণাম্ (নক্ষত্রগণের মধ্যে) অহং (আমি) শশী (চন্দ্র) অশ্মি (ইই) ॥২১॥

শ্রীভগবান্ কহিলেন—ওহে কুরুশ্রেষ্ঠ অর্জ্জুন! আমার অলোকিক চিচ্ছক্তিজাত প্রপঞ্চ প্রকটিত ঐশ্বর্য্যসকল প্রধান প্রধান রূপেই তোমার নিকট বলিতেছি; যেহেতু আমার বিস্তৃত বিভূতি সমূহের সীমা নাই ॥১৯॥

হে গুড়াকেশ! আমি সমস্ত জীবের অন্তঃকরণে নিয়ামকরূপে অবস্থিত পরমাত্মা এবং আমিই ভূতগণের জন্ম, স্থিতি ও সংহারের কারণ ॥২০॥

আমি দ্বাদশ আদিত্যগণের মধ্যে বিষ্ণুনামক আদিত্য, জ্যোতিষ্কগণের মধ্যে প্রচুর কিরণশালী স্থর্য্য, বায়ুগণের মধ্যে বেদানাং সামবেদোহস্মি দেবানামস্মি বাসবঃ।
ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা ॥২২॥
রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্।
বস্থনাং পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহম্॥২৩॥
পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্।
সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ॥২৪॥

[অহং] (আমি) বেদানাং (বেদগণের মধ্যে) সামবেদঃ (সামবেদ) অস্মি (হই), দেবানাম (দেবতাগণের মধ্যে) বাসবঃ (ইন্দ্র) অস্মি (হই), ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়গণের মধ্যে) মনঃ (মন) অস্মি (হই), ভূতানাম্ চ (এবং ভূতগণের মধ্যে) চেতনা (জ্ঞানশক্তি) অস্মি (হই) ॥২২॥

[অহং] (আমি) রুদ্রাণাং (একাদশ রুদ্রগণের মধ্যে) শঙ্করঃ (শিব) যক্ষরক্ষসাম্ চ (এবং যক্ষ ও রক্ষোগণের মধ্যে) বিত্তেশঃ (কুবের) অস্মি (হই)। বস্থনাং (অষ্টবস্থ মধ্যে) পাবকঃ (অগ্নি), শিখরিণাম্ চ (এবং পর্বাত সমূহ মধ্যে) অহম্ (আমি) মেরুঃ (স্থুমেরু) অস্মি (হই)॥২৩॥

[হে] পার্থ (হে পার্থ!) মাং (আমাকে) পুরোধসাং (পুরোহিতগণের মধ্যে) মুখ্যং (প্রধান) বৃহস্পতিম্ (বৃহস্পতি বলিয়া) বিদ্ধি (জানিবে)।

মরীচি নামক বায়ু, এবং নক্ষত্রগণের মধ্যে আমি চন্দ্র-রূপে আছি ॥২১॥

আমি বেদগণের মধ্যে সামবেদ, দেবগণের মধ্যে ইন্দ্র, এবং প্রাণিগণের মধ্যে জ্ঞান শক্তি ॥২২॥

আমি একাদশ রুদ্রগণের মধ্যে শঙ্কর, এবং যক্ষ ও রক্ষো-গণের মধ্যে কুবের। আমি অষ্টবস্থ মধ্যে অগ্নি, এবং পর্ব্বত-সমূহ মধ্যে স্থমেরু পর্ব্বত ॥২৩॥

মহর্ষীণাং ভৃগুরহং গিরামম্ম্যেকমক্ষরম্। যজ্ঞানাং জপযজ্ঞোহম্মি স্থাবরাণাং হিমালয়ঃ ॥২৫॥ অশ্বখঃ সর্ব্বক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ। গন্ধর্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ ॥২৬॥

অহম্ (আমি) সেনানীনাম্ (সেনাপতিগণের মধ্যে) স্কন্দঃ (কার্ত্তিকেয়) সরসাম্ চ (এবং জলাশয়গণ মধ্যে) সাগরঃ (সমুদ্র) অস্মি (ইই) ॥২৪॥

অহং (আমি) মহর্ষীণাং (মহর্ষিগণের মধ্যে) ভৃগুঃ (ভৃগু), গিরাম্ (শব্দ সমূহের মধ্যে) একম্ অক্ষরম্ (এক অক্ষর প্রণব) অস্মি (ইই)। যজ্ঞানাং (যজ্ঞ সকলের মধ্যে) জপযজ্ঞঃ (জপরূপ যজ্ঞ) স্থাবরাণাং [চ] (এবং স্থাবরগণের মধ্যে) হিমালয়ঃ (হিমালয় পর্ব্বত) অস্মি (ইই)॥২৫॥

[অহং] (আমি) সর্ব্বক্ষাণাং (বৃক্ষ সকলের মধ্যে) অশ্বখঃ (অশ্বখ), দেবর্ষীণাং (দেবর্ষিগণের মধ্যে) নারদঃ (নারদ), গন্ধর্ব্বাণাং (গন্ধর্বাগণের মধ্যে) চিত্ররথঃ (চিত্ররথ), সিদ্ধানাং চ (এবং সিদ্ধাগণের মধ্যে) কপিলঃ মুনিঃ (কপিল মুনি) ॥২৬॥

হে পার্থ! আমাকে পুরোহিতগণের মধ্যে প্রধান—বৃহস্পতি বলিয়া জানিও। আমি সেনাপতিগণের মধ্যে কার্ত্তিকেয়, এবং জলাশয় সমূহ মধ্যে সমুদ্র ॥২৪॥

আমি মহর্ষিগণের মধ্যে ভৃগু, বাক্য সমুদয়ের মধ্যে একাক্ষর প্রণব, যজ্ঞ সকলের মধ্যে জপযজ্ঞ এবং স্থাবরগণের মধ্যে হিমালয় পর্বাত ॥২৫॥

আমি বৃক্ষ সমূহ মধ্যে অশ্বত্থ, দেবর্ষিগণের মধ্যে নারদ, গন্ধর্বগণের মধ্যে চিত্ররথ এবং সিদ্ধগণের মধ্যে কপিল মুনি ॥২৬॥ উকৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপম্ ॥২৭॥
আয়ুধানামহং বজ্ঞং ধেন্দুনামিশ্মি কামধুক্।
প্রজনশ্চান্মি কন্দর্পঃ সর্পাণামিশ্মি বাস্থকিঃ ॥২৮॥
অনস্তশ্চান্মি নাগানাং বরুণো যাদসামহম্।
পিতৃণামর্য্যমা চান্মি যমঃ সংযমতামহম্॥২৯॥

মাম্ (আমাকে) অশ্বানাং (অশ্বগণের মধ্যে) অমৃতোদ্ভবম্ (অমৃত-নিমিত্ত মন্থন হইতে জাত) উচ্চৈঃপ্রবসম্ (উচ্চৈঃপ্রবা), গজেন্দ্রাণাং (হস্তিগণের মধ্যে) ঐরাবতং (ঐরাবত), নরাণাং চ (এবং মনুষ্যগণের মধ্যে) নরাধিপম্ (রাজা বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥২৭॥

অহং (আমি) আয়ুধানাম্ (অন্ত্রগণের মধ্যে) বজ্বং (বজ্ব), ধেনূনাম্ (ধেনুগণের মধ্যে) কামধুক্ অস্মি (কামধেনু), [কন্দর্পাণাং] (কন্দর্প-গণের মধ্যে) প্রজনঃ (সস্তান উৎপত্তি হেতু) কন্দর্পঃ অস্মি (কামদেব), সর্পাণাম্ চ (এবং একমস্তকবিশিষ্ট সবিষ সর্পগণের মধ্যে) বাস্থকিঃ অস্মি (সর্পরাজ বাস্থকি) ॥২৮॥

অহম্ (আমি) নাগানাং (অনেক মস্তকবিশিষ্ট বিষহীন নাগগণের মধ্যে) অনন্তঃ (অনন্ত নাগ), যাদসাম্ চ (এবং জলচারিগণের মধ্যে) বরুণঃ অস্মি (বরুণদেব)। পিতৃণাম্ (পিতৃগণের মধ্যে) অহম্ (আমি)

আমাকে অশ্বগণ মধ্যে অমৃত মন্থন সময়ে উত্থিত উচ্চৈঃশ্রবা, হস্তিসমূহের মধ্যে ঐরাবত এবং মনুয়সমূহের মধ্যে রাজা বলিয়া জানিবে ॥২৭॥

আমি অস্ত্রগণের মধ্যে বজ্র ও গাভীগণের মধ্যে কামধেরু। কন্দর্পগণের মধ্যে সম্ভান উৎপাদক কামদেব এবং এক মস্তকবিশিষ্ট সবিষ সর্পসমূহ মধ্যে সর্পরাজ বাস্থুকি॥২৮॥ প্রহ্লাদ*চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহম্।
মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোহহং বৈনতেয়*চ পক্ষিণাম্ ॥৩০॥
পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহম্।
ঝবাণাং মকর*চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী ॥৩১॥

অর্য্যমা (অর্য্যমা), সংযমতাম্ চ (এবং দণ্ডকারিগণের মধ্যে) যমঃ অস্মি (যমরাজ) ॥২৯॥

অহম্ (আমি) দৈত্যানাং (দৈত্যগণের মধ্যে) প্রহ্লাদঃ (প্রহ্লাদ), কলয়তাম্ চ (এবং বশীকারকদিগের মধ্যে) কালঃ অস্মি (কাল)। অহং (আমি) মৃগাণাং চ (পশু সমূহের মধ্যে) মৃগেল্রঃ (সিংহ), পক্ষিণাম্ চ (এবং পক্ষিগণের মধ্যে) বৈনতেয়ঃ (গরুড) ॥৩০॥

অহম্ (আমি) পবতাম্ (পবিত্রকারী বা বেগবান্ বস্তুগণের মধ্যে) পবনঃ (পবন), শস্তুভ্তাম্ (শস্ত্রধারিবীরগণ মধ্যে) রামঃ অস্মি (পরশুরাম)। ঝষাণাং (মৎস্থসমূহ মধ্যে) মকরঃ অস্মি (আমি মকর), স্রোতসাম্ চ (এবং নদীগণের মধ্যে) জাহ্নবী অস্মি (আমি জাহ্নবী)॥৩১॥

আমি অনেক মস্তকবিশিষ্ট বিষহীন নাগগণের মধ্যে অনন্ত নাগ, এবং জলচারিগণের মধ্যে বরুণদেব। আমি পিতৃগণের মধ্যে অর্য্যমা, এবং দণ্ডবিধানকারিগণের মধ্যে যমরাজ ॥২৯॥

আমি দৈত্যগণের মধ্যে প্রহলাদ, এবং বশকারিগণের মধ্যে কাল। আমি পশু সকলের মধ্যে সিংহ, এবং পক্ষি সকলের মধ্যে গরুড়॥৩০॥

আমি পবিত্রকারী বা বেগবান বস্তুগণের মধ্যে বায়ু, শস্ত্রধারী বীরগণ মধ্যে পরশুরাম, মৎস্থ সমূহের মধ্যে মকর এবং নদী সমূহের মধ্যে গঙ্গা ॥৩১॥ সর্গাণামাদিরান্তশ্চ মধ্যক্ষৈবাহমর্জ্জুন।
অধ্যাত্মবিত্যা বিত্যানাং বাদঃ প্রবদতামহম্ ॥৩২॥
অক্ষরাণামকারোহশ্মি দ্বন্দ্বঃ সামাসিকস্ত চ।
অহমেবাক্ষয়ঃ কালো ধাতাহং বিশ্বতোমুখঃ ॥৩৩॥
মৃত্যুঃ সর্বাহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাম্।
কীর্ত্তিঃ শ্রীবাক্ চ নারীণাং স্মৃতির্মেধা ধৃতিঃ ক্ষমা॥৩৪॥

[হে] অৰ্জ্জুন (হে অৰ্জ্জুন!) সৰ্গাণাম্ (আকাশাদি স্ফুইবস্তুসমূহের) আদিঃ (স্ফুট), অন্তঃ (সংহার) মধ্যং চ (ও স্থিতি) অহম্ এব (আমিই), বিগ্যানাং (সমস্ত বিষ্ঠার মধ্যে) অধ্যাত্মবিদ্যা (আত্মবিদ্যা), প্রবদতাম্ চ (এবং তর্ক বা বিচারকারিগণের মধ্যে) অহম্ (আমি) বাদঃ (তত্ত্ব-নির্ণায়ক বিচার) ॥৩২॥

অহং (আমি) অক্ষরাণাম্ (বর্ণ সকলের মধ্যে) অকারঃ (অকার), সামাসিকস্ম চ (এবং সমাস সমূহ মধ্যে) দ্বন্দ্বঃ অস্মি (দ্বন্দমাস), অহম্ এব (আমিই) অক্ষয়ঃ (প্রবাহস্বরূপ অনস্ত) কালঃ (কাল), [স্রষ্টুণাং চ] (এবং স্ষষ্টিকারিগণের মধ্যে) বিশ্বতোমুখঃ (চতুর্মুখ) ধাতা (ব্রহ্মা)॥৩৩॥

অহম্ (আমি) [হরণকারিণাং] (হরণকারিদিণের মধ্যে) সর্ব্বহরঃ (সর্ব্বস্থতি নাশকারী) মৃত্যুঃ (মৃত্যু), ভবিষ্যুতাম্ চ (ও ভাবি ষড়্বিধ

হে অর্জুন! আকাশাদি স্বষ্ট বস্তুগণের স্বষ্টি, প্রলয় ও স্থিতি আমিই। সমুদয় বিভার মধ্যে আত্মজ্ঞান, এবং তর্ক বা বিচারকারিগণের বাদ বা জল্প ও বিতণ্ডা মধ্যে আমি বাদ স্বরূপ ॥৩২॥

আমি অকারাদি বর্ণ সকলের মধ্যে অকার এবং সমাসগণের মধ্যে দ্বন্দ্বসমাস। আমিই প্রবাহস্বরূপ অনস্তকাল, এবং স্বষ্টিকারিসকলের মধ্যে চতুর্ম্মুখ ব্রহ্মা॥৩৩॥

বৃহৎ সাম তথা সান্নাং গায়ঞ্জীচ্ছন্দসামহম্। মাসানাং মার্গশীর্ষোহহমৃতূনাং কুস্থমাকরঃ ॥৩৫॥ দ্যুতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহম্। জয়োহস্মি ব্যবসায়োহস্মি সন্ত্বং সম্ভবতামহম্॥৩৬॥

প্রাণি-বিকার মধ্যে) উদ্ভবঃ (জন্মরূপ আদিবিকার), নারীণাং চ (এবং নারীগণের মধ্যে) কীর্ত্তিঃ (কীর্ত্তি) খ্রীঃ (কান্তি) বাক্ (সংস্কৃত বাণী) স্মৃতিঃ (স্মৃতিশক্তি) মেধা (শাস্ত্রার্থাবধারণশক্তি) ধৃতিঃ (ধৈর্য্যশক্তি) ক্ষমা চ (এবং ক্ষমারূপিনী সপ্ত ধর্ম্মপত্নী) ॥৩৪॥

অহম্ (আমি) সান্নাং (সামবেদীয় মন্ত্র সকলের মধ্যে) বৃহৎসাম (ইন্দ্রস্তুতিরূপ মন্ত্র বিশেষ) তথা ছন্দসাম্ (এবং ছন্দোবদ্ধ মন্ত্রগণের মধ্যে) গায়ন্ত্রী (গায়ন্ত্রী মন্ত্র)। মাসানাং (মাসসমূহের মধ্যে) অহম্ (আমি) মার্গনীর্বঃ (অগ্রহায়ণ মাস) ঋতূনাং [চ] (এবং ঋতুগণের মধ্যে) কুম্মাকরঃ (বসস্তু)॥৩৫॥

অহম্ (আমি) ছলয়তাম্ (পরম্পর বঞ্চনাকারিগণের সম্বন্ধে) দ্যূতং (দ্যূতক্রীড়া), তেজস্বিনাম্ (তেজস্বিগণের সম্বন্ধে) তেজঃ অস্মি (প্রভাব), অহম্ (আমি) [জেতৃণাং] (বিজয়িগণের সম্বন্ধে) জয়ঃ অস্মি (জয়-স্বরূপ), [অহং ব্যবসায়িনাং] (আমি উন্তমশীলগণের সম্বন্ধে) ব্যবসায়ঃ

আমি হরণকারিগণের মধ্যে সর্ব্বস্মৃতি নাশকারী মৃত্যু, ও ভাবি ষড়্বিধ প্রাণি-বিকার মধ্যে জন্মরূপ প্রথমবিকার, এবং নারীগণের মধ্যে কীর্ত্তি, শ্রী, বাণী, স্মৃতি, মেধা, ধৃতি এবং ক্ষমা রূপিণী সপ্ত ধর্ম্মপত্নী ॥৩৪॥

আমি সামবেদীয় মন্ত্র সকলের মধ্যে ইন্দ্রস্তুতিরূপ বৃহৎসাম, এবং ছন্দোবদ্ধ মন্ত্রগণের মধ্যে গায়ল্রীচ্ছন্দ। মাস সমূহের মধ্যে আমি অগ্রহায়ণ মাস এবং ঋতুগণের মধ্যে বসস্ত ঋতু ॥৩৫॥

বৃষ্ণীনাং বাস্থদেবোহস্মি পাগুবানাং ধনঞ্জয়ঃ। মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশনাঃ কবিঃ॥৩৭॥ দণ্ডো দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাম্। মৌনং চৈবাস্মি গুহানাং জ্ঞানং জ্ঞানবতামহম॥৩৮॥

(অধ্যবসায়), সম্ববতাম্ [চ] (এবং বলবান্গণের সম্বন্ধে) সম্বং অস্মি (বলস্বরূপ)॥৩৬॥

অহং (আমি) বৃষ্ণীনাং (যাদবগণের মধ্যে) বাস্থদেবঃ (শ্রীবাস্থদেব) পাগুবানাং (পাগুবগণের মধ্যে) ধনঞ্জয়ঃ (অর্জুন) মুনীনাম (মুনিগণের মধ্যে) ব্যাসঃ (ব্যাসদেব) কবীনাম্ অপি (এবং শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণ মধ্যে) উশনাঃ কবিঃ অস্মি (পণ্ডিত শুক্রাচার্য্য) ॥৩৭॥

[অহং] (আমি) দময়তাম্ (দশুকারিগণের সম্বন্ধে) দশুঃ অস্মি (দশু), জিগীষতাম্ (এবং জয়েচ্ছুগণের সম্বন্ধে) নীতিঃ অস্মি (সামাদি উপায়রূপা নীতি)। অহম্ (আমি) গুহানাং (গোপ্য সকলের মধ্যে) মৌনং (মৌনভাব) জ্ঞানবতাম্ এব চ (এবং জ্ঞানবান্গণের সম্বন্ধে) জ্ঞানং অস্মি (জ্ঞান)॥৩৮॥

আমি পরস্পর বঞ্চনাকারিগণের সম্বন্ধে পাশা খেলা ও তেজস্বিগণের সম্বন্ধে প্রভাব । আমি বিজয়িগণের সম্বন্ধে জয়স্বরূপ, উত্তমশীলগণের সম্বন্ধে অধ্যবসায়, এবং বলবান্-গণের সম্বন্ধে বলস্বরূপ ॥৩৬॥

আমি যাদবগণের মধ্যে রাস্থদেব, পাগুবগণের মধ্যে অর্জ্জুন, মুনিগণের মধ্যে ব্যাসদেব, এবং শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের মধ্যে পণ্ডিত শুক্রাচার্য্য ॥৩৭॥

আমি দণ্ডকারিগণের সম্বন্ধে দণ্ড, এবং জয়েচ্ছুগণের সম্বন্ধে সামাদি উপায়রূপা নীতি। আমি গোপনীয় সকলের মধ্যে মৌনীভাব, এবং জ্ঞানিদের সম্বন্ধে জ্ঞান॥৩৮॥ যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমৰ্চ্ছুন।
ন তদন্তি বিনা যং স্থান্ময়া ভূতং চরাচরম্ ॥৩৯॥
নাম্ভোহন্তি মম দিব্যানাং বিভূতীনাং পরস্তপ।
এব তূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্বিস্তরো ময়া ॥৪০॥
যদ্যদ্বিভূতিমং সন্থং শ্রীমদূর্চ্ছিতমেব বা।
তত্তদেবাবগচ্ছ থং মম তেজোহংশসম্ভবম ॥৪১॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) যৎ চ (আর যাহা) সর্ব্বভূতানাং (ভূত সকলের) বীজং (মূল কারণ) তৎ অপি (তাহাও) অহম্ (আমি) ময়া বিনা (আমাকে পরিত্যাগ করিয়া) যৎ স্থাৎ (যাহা হইতে পারে) তৎ (সেরূপ) চরাচরম্ (স্থাবর ও জঙ্গম) ভূতং (কোনও বস্তু বা জীব) ন অস্তি (নাই) ॥৩৯॥

[হে] পরস্তপ (হে শক্রতাপন!) মম (আমার) দিব্যানাং (অলৌকিক) বিভূতীনাং (বিভূতি সমূহের) অস্তঃ (সীমা) ন অস্তি (নাই)। এবঃ তু (কিন্তু এই) বিভূতেঃ (বিভূতির) বিস্তরঃ (বাহুল্য) উদ্দেশতঃ (সংক্ষেপেই) ময়া (আমা কর্তৃক) প্রোক্তঃ (কথিত হইল) ॥৪০॥

যৎ যৎ (যে যে) সন্ত্বং এব (বস্তুই) বিভূতিমৎ (ঐশ্বর্যযুক্ত), শ্রীমৎ (সৌন্দর্য্য বিশিষ্ট), উর্জ্জিতম্ বা (অথবা বল প্রভাবাদির আধিক্য-

হে অর্জ্জুন! আর যাহা যাহা সকল ভূতগণের উৎপত্তির কারণ বলিয়া কথিত হয় সে সকলই আমি। আমাভিন্ন যাহা হইতে পারে তাদৃশ স্থাবর বা জঙ্গম কোন বস্তু বা জীব নাই॥৩৯॥

হে পরস্তপ! আমার উৎকৃষ্ট বিভূতি সকলের অস্ত নাই; কেবলমাত্র তোমার অবগতির জন্মই বিভূতিগণের এই বিস্তার নামমাত্র আমি তোমার নিকট বর্ণন করিলাম ॥৪০॥

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবাৰ্জ্জুন। বিষ্টভ্যাহমিদং কুৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্কাণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে বিভূতিযোগো নাম দশমোহধ্যায়ঃ ॥১০॥

বিশিষ্ট) তৎ তৎ এব (সেই সমস্ত বস্তুই) মম (আমার) তেজোহংশ-সম্ভবম (প্রভাবের অংশ হইতে উৎপন্ন বলিয়া) ত্বং (তুমি) অবগচ্ছ (জানিবে) ॥৪১॥

[হে] অর্জ্জুন (হৈ অর্জ্জুন!) অথবা (অথবা) এতেন (এই) বহুনা (পৃথক্ পৃথক্ উপদিষ্ট) জ্ঞাতেন (জ্ঞানের দ্বারা) তব (তোমার) কিং (কি প্রয়োজন?) অহম (আমি) ইদং (এই) কৃৎস্নম্ (চিৎ অচিৎ সমস্ত) জগৎ (বিশ্ব) একাংশেন (প্রকৃতির অন্তর্যামী পুরুষরূপ এক অংশ দ্বারা) বিষ্টভ্য (ধারণ করিয়া) স্থিতঃ (অবস্থিত) [অস্মি] রহিয়াছি) ॥৪২॥

ইতি দশম অধ্যায়ের অম্বয় সমাপ্ত॥

যে যে বস্তুই ঐশ্বর্য্যযুক্ত, সৌন্দর্য্যবিশিষ্ট অথবা বল-প্রভাবাদির আধিক্যবিশিষ্ট সেই সমুদয় বস্তুই আমার শক্তির অংশ হইতে উৎপন্ন বলিয়া তুমি জানিবে ॥৪১॥

অথবা হে অর্জ্জুন! আমার বিভূতির এই বিস্তৃত জ্ঞানে তোমার কি প্রয়োজন? আমি প্রকৃতির অন্তর্যামী কারণার্ণব-শায়ী পুরুষরূপ আমার এক অংশ দ্বারা এই স্থাবরজঙ্গমাত্মক বিশ্বকে ধারণ করিয়া অবস্থান করিতেছি ॥৪২॥

ইতি দশম অধ্যায়ের বঙ্গান্সবাদ সমাপ্ত॥

একাদশোহধ্যায়ঃ

বিশ্বরূপ-দর্শনযোগ

অৰ্জ্জুন উবাচ— মদন্মগ্ৰহায় পরমং গুহুমধ্যাত্মসংজ্ঞিতম্। যত্ত্বয়োক্তং বচন্তেন মোহোহয়ং বিগতো মম ॥১॥ ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্ৰুতৌ বিস্তরশো ময়া। হুত্তঃ কমলপত্ৰাক্ষ মাহাত্ম্যমপি চাব্যয়ম্॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) মদত্মগ্রহায় (আমার প্রতি অন্ত্রগ্রহ করিয়া) পরমং (অতীব) গুহুম্ (গোপনীয়) অধ্যাত্মসংজ্ঞিতম্ (আত্মবিভূতিবিষয়ক) যৎ বচঃ (যে বাক্য) ত্বয়া (আপনা কর্ত্ত্বক্) উক্তং (কথিত হইল), তেন (তদ্ধারা) মম (আমার) অয়ং (এই) মোহঃ (আপনার ঐশ্বর্য্য বিষয়ক অজ্ঞান) বিগতঃ (দূর হইল) ॥১॥

[হে] কমলপত্রাক্ষ (হে পদ্মপলাশলোচন!) হি (নিশ্চিতভাবে) ত্বন্তঃ (আপনার নিকট হইতে) ভূতানাং (ভূত সকলের) ভবাপ্যয়ে (উৎপত্তি ও বিনাশের বিষয়) ময়া (আমা কর্ত্ত্বক) বিস্তর্বশঃ (বিস্তৃতভাবে) শ্রুতে (শ্রুত হইল) অব্যয়ম্ চ (এবং অবিনশ্বব) [তব] (তোমার) মাহাত্ম্যুম্ অপি (মহিমাও) [শ্রুতম্] (শ্রুত হইল) ॥২॥

অর্জ্জুন কহিলেন—আমার প্রতি অনুগ্রহ করিয়া পরম গোপ্য আপনার নিজ বিভূতি বিষয়ক যে বাক্য আপনি বলিয়াছেন— তাহাতে আমার এই মোহ অর্থাৎ ভবদীয় ঐশ্বর্য্য বিষয়ক অজ্ঞান সম্যক্ দূর হইল ॥১॥

হে পদ্মপলাশলোচন! আপনার নিকট হইতে জীবগণের উৎপত্তি ও প্রলয় বিষয়ক তথ্য আমি নিশ্চিত সবিস্তারে শ্রবণ এবমেতদ্ যথাখ ত্বমাত্মানং পরমেশ্বর।
দ্রম্ভুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ॥৩॥
মন্সসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো।
যোগেশ্বর ততো মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্॥৪॥
শ্রীভগবামুবাচ—
পশ্য মে পার্থ রূপাণি শতশোহথ সহস্রশঃ।
নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ॥৫॥

[হে] পরমেশ্বর (হে পরমেশ্বর!) ত্বম্ (আপনি) আত্মানং (নিজের ঐশ্বর্য্য সম্বন্ধে) যথা (যেরূপ) আত্ম (বলিলেন) এতৎ (ইহা) এবম্ (এই-রূপই) [তথাপি] [হে] পুরুত্তোম (হে পুরুষশ্রেষ্ঠ!) তে (আপনার) ঐশ্বরং (সেই ঐশ্বর্যুময়) রূপম্ (রূপ) দ্রষ্টুম্ (দেখিতে) ইচ্ছামি (ইচ্ছা করি)॥৩॥

[হে] প্রভো (হে প্রভো!) যদি (যদি) তৎ (সেই ঐশ্বররূপ) ময়া (আমি) দ্রষ্টুম্ (দর্শন করিতে) শক্যং (সমর্থ হইব) ইতি (ইহা) মন্তুসে (মনে করেন), ততঃ (তাহা হইলে) [হে] যোগেশ্বর (হে যোগেশ্বর!) ত্বং (আপনি) মে (আমাকে) অব্যয়ম্ (অবিনাশী) আত্মানম্ (নিজের স্বরূপ) দর্শয় (প্রদর্শন করান) ॥৪॥

করিলাম, এবং আপনার নিত্য অবিনশ্বর মাহাম্ম্যের কথাও শুনিলাম ॥২॥

হে পরমেশ্বর! আপনি নিজ ঐশ্বর্য্যবিষয় যেরূপ বলিলেন ইহা এইরূপই বটে, হে পুরুষোত্তম! তথাপি আপনার সেই ঐশ্বর রূপটী আমি দর্শন করিতে ইচ্ছা করি ॥৩॥

হে প্রভো! যদি সেই ঐশ্বর্য্যময় রূপটী আমি দর্শন করিতে সক্ষম হইব ইহা মনে হয়, হে যোগেশ্বর! তবে আপনি আমাকে সেই অবিনাশী নিজের স্বরূপটী দেখান ॥৪॥

পশ্যাদিত্যান্ বস্থন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা। বহুত্যদৃষ্টপূর্ব্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত ॥৬॥ ইহৈকস্থং জগৎ কৃৎস্কং পশ্যাদ্য সচরাচরম্। মম দেহে গুড়াকেশ যচ্চাত্যদ্ দ্রষ্টুমিচ্ছসি ॥৭॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] পার্থ (হে পার্থ!) মে (আমার) দিব্যানি (অলোকিক) নানাবিধানি (নানাপ্রকার) নানাবর্ণাকৃতীনি চ (এবং বিবিধ বর্ণ ও আকৃতি বিশিষ্ট) শতশঃ (শত শত) অথ সহস্রশঃ (এবং সহস্র সহস্র) রূপাণি (রূপসকল) [ত্বং] (তুমি) পশ্য (দর্শন কর) ॥৫॥

[হে] ভারত (হে ভরতবংশীয়!) আদিত্যান্ (দ্বাদশ আদিত্য), বস্থন্ (অষ্টবস্থ), রুদ্রান্ (একাদশ রুদ্র), অশ্বিনৌ (অশ্বিনীকুমারদ্বয়), তথা মরুতঃ (এবং ঊনপঞ্চাশ বায়ু সকলকে) পশ্য (দর্শন কর); অদৃষ্টপূর্ব্বাণি (পূর্ব্বে অদৃষ্ট) বহুনি (বহুবিধ) আশ্চর্য্যাণি (অদ্ভুত রূপ সকল) [ত্বং] (তুমি) পশ্য (দর্শন কর) ॥৬॥

[হে] গুড়াকেশ (হে জিতনিদ্র!) ইহ (এই) মম (আমার) দেহে (দেহ মধ্যে) একস্থং (একস্থানেই অবস্থিত) সচরাচরম্ (স্থাবর ও জঙ্গমের সহিত) কৃৎস্নং (সমস্ত) জগৎ (বিশ্ব), অগ্যৎ চ (এবং অগ্য) যৎ

শ্রীভগবান্ বলিলেন — হে পার্থ! আমার দিব্য নানাপ্রকার এবং নানাবর্ণ ও আকৃতিবিশিষ্ট শত শত এবং সহস্র সহস্র রূপসমূহ তুমি দর্শন কর ॥৫॥

হে ভারত! আদিত্যগণ, বস্থগণ, রুদ্রগণ, অশ্বিনীকুমারদ্বয়, এবং উনপঞ্চাশ বায়ু প্রভৃতি দেবতা সকলকে দেখ, এবং বহুবিধ পূর্ব্বে অদৃষ্ট আশ্চর্য্যজনকরূপ সকলও তুমি দর্শন কর ॥৬॥

হে জিতনিদ্র অর্জ্জুন! আমার এই দেহমধ্যে একস্থানেই অবস্থিত স্থাবর ও জঙ্গমের সহিত সমগ্র জগৎ এবং অপর নিজের

ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা। দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্॥৮॥

সঞ্জয় উবাচ— এবমুক্বা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ। দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম ॥৯॥

(স্বজয়পরাজয়াদির যাহা) দ্রষ্টুম্ (দেখিতে) ইচ্ছসি (ইচ্ছা কর) [তদপি] (তাহাও) অন্ত (আজই) পশ্য (দর্শন কর)॥৭॥

তু (কিন্তু) অনেন (এই) স্বচক্ষুষা এব (তোমার বর্ত্তমান চক্ষু দ্বারা) মাং (আমাকে) দ্রষ্টুম্ (দেখিতে) ন শক্যসে (সমর্থ হইবে না), [অতএব] তে (তোমাকে) দিব্যং (অতিলোকিক) চক্ষুঃ (চক্ষু) দদামি (দিতেছি), মে (আমার) ঐশ্বরম্ (ঐশ্বরিক) যোগম (যোগশক্তি) পশ্য (দর্শন কর) ॥৮॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় কহিলেন) [হে] রাজন্ (হে মহারাজ ধৃতরাষ্ট্র!) মহাযোগেশ্বরঃ (সর্কাশক্তিমান্) হরিঃ (শ্রীকৃষ্ণ) এবম্ (এইরূপ) উদ্বা (বিলিয়া) ততঃ (তারপর) পার্থায় (অর্জ্জুনকে) পরমং (উৎকৃষ্ট) ঐশ্বরম্ (ঈশ্বরীয়) রূপম্ (রূপ) দর্শয়ামাস (দেখাইলেন) ॥৯॥

জয়পরাজয়াদিরও যাহা কিছু দেখিতে ইচ্ছা কর সে সমস্তই দর্শন কর॥৭॥

তোমার নিজের এই বর্ত্তমান চক্ষু দ্বারা আমাকে দেখিতে সমর্থ হইবে না, অতএব তোমাকে অতিলোকিক দৃষ্টি প্রদান করিতেছি তদ্ধারা আমার ঈশ্বরত্ব সম্বন্ধীয় যোগশক্তি দর্শন কর ॥৮॥

সঞ্জয় কহিলেন—হে মহারাজ ধৃতরাষ্ট্র! মহাযোগেশ্বর শ্রীহরি অর্জ্জুনকে এইরূপ বলিয়া তৎপর তাঁহাকে নিজের উত্তম ঐশ্বর্য্যময় রূপ দেখাইলেন ॥৯॥ অনেকবজ্বনয়নমনেকাদ্ভুতদর্শনম্।
অনেকদিব্যাভরণং দিব্যানেকোন্থতায়ুথম্ ॥১০॥
দিব্যমাল্যাম্বরথরং দিব্যগন্ধান্থলেপনম্।
সর্বাশ্চর্য্যময়ং দেবমনস্তং বিশ্বতোমুখম্ ॥১১॥
দিবি স্থ্যসহস্রস্থ ভবেদ্ যুগপত্নখিতা।
যদি ভাঃ সদৃশী সা স্থাদ্ভাসস্তস্থ মহাত্মনঃ ॥১২॥

অনেকবজ্রনয়নম্ (বহুমুখ ও বহুনেত্র বিশিষ্ট) অনেকাছুতদর্শনম্ (অনেক আশ্চর্য্য সমাবেশযুক্ত), অনেকদিব্যাভরণং (বহু দিব্য অলঙ্কারে ভূষিত) দিব্যানেকোগুতায়ুধম্ (বহু দিব্য অস্ত্রধারী)। দিব্যমাল্যাম্বরধরং (দিব্যমাল্য ও বস্ত্রে স্কুশোভিত) দিব্যগন্ধান্তুলেপনম্ (দিব্য গন্ধদ্রব্যের দ্বারা অনুলপ্ত) সর্কাশ্চর্য্যময়ং (সর্কবিধ আশ্চর্য্যে পরিপূর্ণ) দেবম্ (গ্রুতিশীল) অনস্তং (অসংখ্য) বিশ্বতোমুখম্ (সর্কত্র মুখ বিশিষ্ট) [রূপং দর্শয়ামাস] (রূপ দেখাইলেন) ॥১০-১১॥

যদি (যদি) দিবি (আকাশে) স্থ্যাসহস্রস্থা (সহস্র স্থর্য্যের) ভাঃ (প্রভা) যুগপৎ (একই সময়ে) উত্থিতা (উদিত) ভবেৎ (হয়) [তর্হি] (তাহা হইলে) সা (সেই প্রভা) তম্ম (সেই) মহাত্মনঃ (বিশ্বরূপী পুরুষের) ভাসঃ (দীপ্তির) সদৃশী (তুল্য) স্থাৎ (হইতে পারে) ॥১২॥

অনেক মুখ ও অনেক চক্ষুযুক্ত, বহু আশ্চর্য্য দর্শনীয় সমাবেশবিশিষ্ট, অনেক দিব্যভূষণে ভূষিত, অনেক দিব্য অস্ত্রযুক্ত, দিব্যমাল্য ও বস্ত্রে শোভিত, দিব্যগন্ধের দ্বারা অনুলিগু,
সর্ব্বপ্রকার আশ্চর্য্যের সমাবেশপূর্ণ, উজ্জ্বল, অসীম ও সর্ব্বত্রমুখবিশিষ্ট রূপ দেখাইলেন ॥১০-১১॥

যদি আকাশে সহস্র সহস্র স্থর্য্যের প্রভা একই কালে উদিত হয়, তবে সেই প্রভা উক্ত বিশ্বরূপধারী ভগবানের প্রভার কতক পরিমাণে তুল্য হইতে পারে ॥১২॥ তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা।
অপশ্যদ্দেবদেবস্ত শরীরে পাণ্ডবস্তদা ॥১৩॥
ততঃ স বিস্ময়াবিষ্টো স্বষ্টরোমা ধনঞ্জয়ঃ।
প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত ॥১৪॥
অর্জ্জুন উবাচ—
শ্যামি দেবাংস্কব দেব দেহে

পশ্যামি দেবাংস্তব দেব দৈহে সর্ব্বাংস্তথা ভূতবিশেষসঙ্ঘান্। ব্রহ্মাণমীশং কমলাসনস্থ-মৃষীংশ্চ সর্ব্বানুরগাংশ্চ দিব্যান্॥১৫॥

তদা (তখন) পাণ্ডবঃ (অর্জ্জুন) তত্র (সেই যুদ্ধ ক্ষেত্রেই) দেবদেবস্থ (দেবগণের ও দেবতা শ্রীকৃষ্ণের) শরীরে (দেহে) অনেকধা (নানাভাবে) প্রবিভক্তম্ (পৃথক্ পৃথক্ রূপে অবস্থিত) কৃৎস্নং (সমগ্র) জগৎ (ব্রহ্মাণ্ড) একস্থং (একদেশে অবস্থিত) অপশ্যৎ (দেখিতে পাইলেন) ॥১৩॥

ততঃ (তদনন্তর) সঃ ধনঞ্জয়ঃ (সেই অর্জ্জুন) বিস্ময়াবিষ্টঃ (বিস্ময়ে অভিভূত) হাষ্টরোমাঃ [সন্] (ও রোমাঞ্চিত দেহ হইয়া) শিরসা (অবনত মস্তকে) [তং] দেবং (সেই দেবতা শ্রীকৃষ্ণকে) প্রণম্য (প্রণাম করিয়া) কৃতাঞ্জলিঃ (করযোড়ে) অভাষত (বলিতে লাগিলেন) ॥১৪॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] দেব (হে দেব!) তব (আপনার) দেহে (শরীরে) সর্ব্বান্ (সকল) দেবান্ (দেবতাগণকে) তথা তথন অর্জ্জুন সেই যুদ্ধস্থলেই দেবদেব শ্রীকৃষ্ণের দেহে অনেকপ্রকারে ও পৃথক্রূপে অবস্থিত সমস্ত বিশ্বকে একস্থানেই দেখিতে পাইলেন ॥১৩॥

এবম্প্রকার রূপ দর্শন করিয়া সেই অর্জ্জুন বিম্ময়াম্বিত ও পুলকিত দেহ হইয়া সেই দেবদেব শ্রীকৃষ্ণকে মস্তকদ্বারা প্রণাম করিয়া অঞ্জলিবন্ধন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥১৪॥ অনেকবাহুদরবজ্বনেত্রং
পশামি ত্বাং সর্ব্বতোহনম্ভরূপম্।
নাস্তং ন মধ্যং ন পুনস্তবাদিং
পশামি বিশ্বেশ্বর বিশ্বরূপ ॥১৬॥
কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ
তেজোরাশিং সর্ব্বতো দীপ্তিমন্তম্।
পশামি ত্বাং তুর্নিরীক্ষ্যং সমস্তাদ্বীপ্তানলার্কত্যতিমপ্রমেয়ম্ ॥১৭॥

(এবং) ভূতবিশেষসজ্যান্ (জরায়ুজাদি জীবসমূহকে), দিব্যান্ (দিব্য) ঋষীন্ (ঋষিগণকে), সর্বান্ (সকল) উরগান্ চ (সর্পসমূহকে) ঈশং চ (এবং মহাদেবকে) কমলাসনস্থম্ (পদ্মাসন) ব্রহ্মাণম্ (ব্রহ্মাকেও) পশ্যামি (দেখিতেছি) ॥১৫॥

[হে] বিশ্বেষর (হে বিশ্বপতি!) [হে] বিশ্বরূপ (হে বিরাট্পুরুষ!) অনেকবাহুদরবক্তনেত্রং (বহুবাহু, বহু-উদর, বহুমুখ, ও বহুনয়নবিশিষ্ট) অনস্তরূপম (অনস্ত রূপধারী) ত্বাং (আপনাকে) সর্ব্বতঃ (সকল দিকেই) পশ্যামি (দেখিতেছি), পুনঃ (কিন্তু) তব (আপনার) ন আদিং (না আদি), ন মধ্যং (না মধ্য) ন অস্তং (না অস্তু) পশ্যামি (দেখিতেছি, অর্থাৎ আপনার আদি, মধ্য ও অস্ত কিছুই দেখিতে পাইতেছি না) ॥১৬॥

অর্জ্জুন কহিলেন—হে বিরাট্রূপিন্! আপনার শরীরে দেবতাগণকে, জরায়ুজাদি জীবগণকে, দিব্য ঋষি ও উরগগণকে, এবং মহাদেব ও পদ্মাসন সেই ব্রহ্মাকেও দেখিতেছি ॥১৫॥

হে বিশ্বেশ্বর! হে বিশ্বরূপ! বহু বাহু, বহু উদর, বহু মুখ ও বহু নেত্রবিশিষ্ট অনস্তরূপী আপনাকে সর্ব্বত্রই দেখিতেছি, কিন্তু আপনার আদি, মধ্য ও অস্ত কিছুই দেখিতে পাইতেছি না ॥১৬॥

ত্বমক্ষরং পরমং বেদিতব্যং ত্বমস্থা বিশ্বস্থা পরং নিধানম্। ত্বমব্যয়ঃ শাশ্বতধর্মগোপ্তা সনাতনস্ত্বং পুরুষো মতো মে ॥১৮॥

কিরীটিনং (মুকুটধারী) গদিনং (গদাহস্ত) চক্রিণং চ (ও চক্রধারী), সর্ব্বতঃ (সর্ব্বত্র) দীপ্তিমন্তম্ (প্রকাশমান) তেজারাশিং (তেজঃপুঞ্জ-স্বরূপ) দীপ্তানলার্কত্রাতিম্ (প্রদীপ্ত অগ্নি ও স্থর্য্যের শ্বায় প্রভাবিশিষ্ট) [অতঃ] (অতএব) ছর্নিরীক্ষ্যং (ছর্দ্দর্শ) অপ্রমেয়ম্ (ও অনিরূপণীয় স্বরূপ) ত্বাং (আপনাকে) সমস্তাৎ (সকলদিকেই) পশ্বামি (দেখিতেছি) ॥১৭॥

ত্বম্ (আপনি) বেদিতব্যং (বেদবেছ) পরমং অক্ষরং (পরব্রহ্মস্বরূপ)
ত্বম্ (আপনি) অস্থ্য (এই) বিশ্বস্থা (বিশ্বের) পরং (একমাত্র) নিধানম্
(আকর), ত্বম্ (আপনি) অব্যয়ঃ (অবিনাশী) শাশ্বতধর্মগোপ্তা (বেদোক্ত
নিত্য ধর্ম্মের পালক) ত্বং (আপনি) সনাতনঃ (সনাতন) পুরুষঃ (পুরুষ)
[ইতি] (ইহা) মে (আমার) মতঃ (অভিমত) ॥১৮॥

মুকুটশোভিত, গদাধারী ও চক্রধারী, সকলদিকেই প্রকাশমান তেজঃপুঞ্জস্বরূপ, প্রজ্জ্বলিত অগ্নি ও স্থর্য্যের স্থায় প্রভাযুক্ত অতএব ত্নদর্শনীয় ও কল্পনাতীত স্বরূপ আপনাকে সর্ব্বএই দেখিতে পাইতেছি ॥১৭॥

আপনি বেদবেগ্য পরমব্রহ্মস্বরূপ, আপনি এই জগতের এক-মাত্র আকর, আপনিই অবিনাশী বেদোক্ত সনাতনধর্ম্মের পালক এবং আপনিই সনাতন পুরুষ, ইহাই আমার অভিমত ॥১৮॥ অনাদি-মধ্যান্তমনন্তবীর্য্যমনন্তবাহুং শশিসূর্য্যনেত্রম্।
পশ্যামি ত্বাং দীপুহুতাশবক্ত্রং
স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥১৯॥
ভাবাপৃথিব্যোরিদমন্তরং হি
ব্যাপ্তং ত্বয়েকেন দিশশ্চ সর্ব্বাঃ।
দৃষ্টাল্ভুতং রূপমিদং তবোগ্রং
লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্ ॥২০॥

অনাদিমধ্যান্তম্ (আদি, মধ্য ও অন্তরহিত), অনন্তবীর্য্যং (অসীম শক্তিশালী), অনন্তবাহুং (অসংখ্য হস্তবিশিষ্ট), শশি-স্হর্য্যনেত্রম্ (চন্দ্র স্থ্যারূপ নয়নযুক্ত), দীপ্তহুতাশবক্তং (প্রজ্জ্বলিত অগ্নিতুল্য মুখবিশিষ্ট), স্বতেজসা (নিজ তেজের দ্বারা) ইদং (এই) বিশ্বম্ (বিশ্বকে) তপস্তম্ (সন্তাপনকারী) ত্বাং (আপনাকে) [অহং] (আমি) পশ্যামি (দেখিতেছি) ॥১৯॥

ত্যাবাপৃথিব্যাঃ (স্বর্গ ও পৃথিবীর) ইদম্ (এই) অন্তরং (মধ্যস্থল অন্তরীক্ষকে) সর্বাঃ দিশঃ চ (ও দিকসমূহকে) একেন হি (একাই) ত্বয়া (আপনি) ব্যাপ্তং (পরিব্যাপ্ত করিয়াছেন)। [হে] মহাত্মন্ (হে বিরাট্-পুরুষ!) তব (আপনার) ইদং (এই) অন্তুতং (আশ্বর্যা) উগ্রং (ও

আদি, মধ্য ও অন্তহীন, অসীম শক্তিশালী, অসংখ্যহস্তযুক্ত, চন্দ্র ও স্থ্যতুল্য চক্ষুবিশিষ্ট, প্রজ্জালিত হুতাশনসদৃশ বদনমণ্ডিত এবং নিজের তেজের দ্বারা এই ব্রহ্মাণ্ডকে সম্বপ্তকারী স্বরূপে আমি আপনাকে দেখিতে পাইতেছি ॥১৯॥

স্বৰ্গ ও মৰ্ত্ত্যের এই মধ্যবর্ত্তীস্থান অন্তরীক্ষ ও দিক্ সমূহকে আপনি একাই ব্যাপিয়া রহিয়াছেন, হে বিশ্বরূপ! আপনার

অমী হি ত্রাং সুরসজ্যা বিশস্তি
কেচিন্তীতাঃ প্রাঞ্জলয়ো গৃণস্তি।
স্বস্তীত্যুক্তা মহর্ষিসিদ্ধসজ্যাঃ
স্তবন্তি ত্বাং স্তুতিভিঃ পুরুলাভিঃ ॥২১॥
রুদ্রাদিত্যা বসবো যে চ সাধ্যা
বিশ্বেহস্থিনৌ মরুতশ্চোত্মপাশ্চ।
গন্ধর্মযক্ষাস্থরসিদ্ধসজ্যা
বীক্ষন্তে ত্বাং বিশ্বিতাশ্চৈব সর্বে ॥২২॥

ভয়ানক) রূপম্ (রূপ) দৃষ্ট্বা (দেখিয়া) লোকত্রয়ং (ত্রিলোকস্থ জীব-মাত্রেই) প্রব্যথিতং (অতিশয় ভীত হইতেছে তাহাই দেখিতেছি) ॥২০॥

হি (যেহেতু) অমী (এই সকল) স্থরসম্বাঃ (দেবতাগণ) তাং (আপনাতে) বিশম্ভি (প্রবেশ করিতেছেন), কেচিং (কেহ কেহ) ভীতাঃ [সন্তঃ] (ভীত হইয়া) প্রাঞ্জলয়ঃ (কৃতাঞ্জলিপুটে) গৃণম্ভি (স্তুতি করিতেছেন), মহর্ষিসিদ্ধসম্বাঃ (মহর্ষিগণ ও সিদ্ধগণ) স্বস্তি ইতি উদ্ধা ('বিশ্বের মঙ্গল হউক' এই বলিয়া) পুষ্কলাভিঃ (উত্তম) স্তুতিভিঃ (স্তুতিবাক্য সমূহের দ্বারা) তাং (আপনাকে) স্তুবস্তি (স্তুতি করিতেছেন) ॥২১॥

রুদ্রাদিত্যাঃ (রুদ্রগণ ও আদিত্যগণ), বসবঃ (বস্থগণ) যে চ (আর যাঁহারা) সাধ্যাঃ (সাধ্যগণ), বিশ্বে (বিশ্বদেবগণ) অশ্বিনৌ (অশ্বিনী-

আশ্চর্য্যজনক ও ভয়ানক এই রূপ দেখিয়া ত্রিলোকস্থিত সকলেই অত্যস্ত ভীত হইতেছে ॥২০॥

যেহেতু এই সকল দেবতাগণ আপনাতে প্রবেশ করিতেছেন, কেহ কেহ ভীত হইয়া কৃতাঞ্জলিপুটে স্তব করিতেছেন। মহর্ষিগণ ও সিদ্ধগণ 'বিশ্বের মঙ্গল হউক' এইরূপ বলিয়া উত্তম স্তুতিপূর্ণ বাক্য সমূহের দ্বারা আপনাকে স্তুতি করিতেছেন॥২১॥ রূপং মহত্তে বহুবব্রুনেত্রং
মহাবাহো বহুবাহুরুপাদম্।
বহুদরং বহুদংষ্ট্রাকরালং
দৃষ্ট্রা লোকাঃ প্রব্যথিতাস্তথাহম্ ॥২৩॥
নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং
ব্যান্তাননং দীপ্তবিশালনেত্রম্।
দৃষ্ট্রা হি ত্বাং প্রব্যথিতান্তরাত্মা
ধৃতিং ন বিন্দামি শমঞ্চ বিশ্বো ॥২৪॥

কুমারদ্বয়), মরুতঃ (বায়ু দেবতাগণ) উদ্মপাঃ চ (ও পিতৃদেবতাগণ) গন্ধর্বযক্ষাস্থরসিদ্ধসঙ্ঘাঃ চ (এবং গন্ধর্বা, যক্ষ, অস্থর ও সিদ্ধগণ) [তে] (তাঁহারা) সর্ব্বে এব (সকলেই) বিস্মিতাঃ [সন্তঃ] (বিস্মিত হইয়া) ত্বাং (আপনাকে) বীক্ষন্তে (দর্শন করিতেছেন) ॥২২॥

[হে] মহাবাহো (হে মহাবীর কৃষ্ণ!) তে (আপনার) বহুবক্ত্রনেত্রং (বহুমুখ ও বহুনয়ন যুক্ত), বহুবাহুরুপাদম (বহু বাহু, বহু উরু ও বহুচরণবিশিষ্ট), বহুদরং (অনেক উদর বিশিষ্ট) বহুদংষ্ট্রাকরালং (বহুদশনদ্বারা অতিভীষণ), মহং (বিশাল) রূপং (মূর্ণ্ডি) দৃষ্ট্রা (দেখিয়া) লোকাঃ (লোক সকল) তথা অহম্ (এবং আমি) প্রব্যথিতাঃ (সকলেই অত্যস্ত ভীত হইয়াছি) ॥২৩॥

রুদ্রগণ, আদিত্যগণ, বস্থগণ, এবং যাঁহারা সাধ্য, বিশ্বদেব, অশ্বিনীকুমার, পবনদেব ও পিতৃদেব, এবং গন্ধর্ক, যক্ষ, অস্তর ও সিদ্ধ তাঁহারা সকলেই আপনাকে বিস্মিত হইয়া দর্শন করিতেছেন ॥২২॥

হে মহাবাহো! আপনার বহু মুখ ও বহু নেত্রযুক্ত, বহু বাহু, বহু উরু, বহু চরণ, বহু উদর ও বহু দংষ্ট্রাবিশিষ্ট এই ভয়ানক বিশাল-রূপ দেখিয়া লোকসমূহ ও আমি অতিশয় ভীত হইয়াছি ॥২৩॥

দংষ্ট্রাকরালানি চ তে মুখানি দৃষ্ট্বৈব কালানলসন্নিভানি। দিশো ন জানে ন লভে চ শর্মা প্রসীদ দেবেশ জগন্নিবাস॥২৫॥

[হ] বিষ্ণো (হে বিশ্বব্যাপিন্!) নভঃস্পৃশং (আকাশস্পর্শী) দীপ্তম্ (তেজাযুক্ত) অনেকবর্ণং (নানা বর্ণ বিশিষ্ট) ব্যান্তাননং (ব্যান্তমুখ) দীপ্তবিশালনেত্রম্ (এবং জ্বলম্ভ ও প্রকাণ্ড চক্ষুবিশিষ্ট) ত্বাং (আপনাকে) দৃষ্ট্বা (দেখিয়া) প্রব্যথিতাম্ভরাত্মা (অতীব ভয়কাতর চিত্ত) [অহং] (আমি) হি (কোনক্রমে) ধৃতিং (ধৈর্য্য) শমং চ (ও শাস্তি) ন বিলামি (লাভ করিতে পারিতেছি না) ॥২৪॥

তে (আপনার) দংষ্ট্রাকরালানি (দশন সমূহের দ্বারা ভীষণ) কালানলসনিভানি চ (এবং প্রলয়কালীন হুতাশন সদৃশ) মুখানি (মুখ সকল) দৃষ্ট্রা এব (দেখিয়াই) [অহং] (আমি) দিশঃ (দিক্সকল) ন জানে (জানিতে পারিতেছি না) শর্ম চ (এবং স্থখও) ন লভে (পাইতেছি না), [হে] দেবেশ (হে দেবদেব!) [হে] জগনিবাস (হে জগদাশ্রয়!) [ছং] (তুমি) প্রসীদ (প্রসন্ন হও) ॥২৫॥

হে বিশ্বরূপ! আকাশস্পর্শী, তেজময়, বিচিত্রবর্ণবিশিষ্ট বিস্ফারিতবদন ও জ্বলম্ভ বিশাল চক্ষুবিশিষ্ট—আপনাকে দর্শন করিয়া আমার অন্তরাত্মা অতিশয় ভয়বিহ্বল, আমি কোনক্রমেই ধৈর্য্য ও শাস্তি লাভ করিতে পারিতেছি না ॥২৪॥

দশন-ভীষণ ও প্রলয় হুতাশন তুল্য আপনার বদনমণ্ডল সমূহ দর্শন করিয়াই আমি দিক্-বিভ্রান্ত হইয়াছি, হে সর্ব্ধদেবেশ্বর! হে জগদাশ্রয়! আপনি প্রসন্ন হউন ॥২৫॥ অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্থ পুদ্রাঃ
সর্ব্বে সহৈবাবনিপালসভৈত্যঃ।
ভীম্মো দ্রোণঃ স্থতপুত্রস্তথাসৌ
সহাম্মদীয়ৈরপি যোধমুখ্যৈঃ॥২৬॥
বক্রাণি তে ত্বরমাণা বিশস্তি
দংষ্ট্রাকরালানি ভয়ানকানি।
কেচিদ্বিলগ্না দশনাস্ভবেষু

সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ ॥২৭॥

অবনিপালসজৈঃ সহ এব (নৃপতিগণের সহিতই) অমী চ সর্ব্বে (এই সমস্ত) ধৃতরাষ্ট্রস্থ (ধৃতরাষ্ট্রের) পূলাঃ (পুল্রগণ) তথা (এবং) ভীদ্মঃ (ভীদ্ম), দ্রোণঃ (দ্রোণ), অসৌ স্থতপূলঃ (এই কর্ণ) অস্মদীয়ৈঃ (আমাদের পক্ষীয়) যোধমুখ্যৈঃ (প্রধান প্রধান যোদ্ধাদিগের) সহ অপি (সহিতই) স্বরমাণাঃ (ধাবিত হইয়া) তে (আপনার) দংষ্ট্রাকরালানি (দশন সমূহের দ্বারা বিকট) ভয়ানকানি (ও ভয়ঙ্কর) বক্তাণি (মুখ সমূহের মধ্যে) বিশস্তি (প্রবেশ করিতেছেন)। কেচিং (কেহ কেহ) চুর্ণিতঃ (চুর্ণিত) উত্তমাঙ্কৈঃ (মস্তক সহিত) দশনাস্তরেষু (দস্তসমূহের সন্ধিস্থলে) বিলগ্নাঃ (লীনরূপে) সংদৃশ্যন্তে (সম্যুক্ দেখা যাইতেছে)॥২৬-২৭॥

ঐ ধৃতরাষ্ট্রপুত্রগণ, সমস্ত রাজগণের সহিত এবং ভীষ্ম, দ্রোণ, কর্ণ—আমাদেরও প্রধান প্রধান যোদ্ধাগণকে সঙ্গে করিয়া মহা-বেগে আপনার দস্ত-বিকট ও ভয়ানক মুখমগুল মধ্যে প্রবেশ করিতেছেন; কেহ কেহ চূর্ণিত মস্তকের সহিত আপনার দম্ভের অন্তরে লগ্ন হইয়া লক্ষিত হইতেছেন ॥২৬-২৭॥

যথা নদীনাং বহবোহম্বুবেগাঃ
সমুদ্রমেবাভিমুখা দ্রবস্থি।
তথা তবামী নরলোকবীরা
বিশস্তি বক্ত্রাণ্যভিতো জ্বলস্থি॥২৮॥

যথা প্রদীপ্তং জ্বলনং পতঙ্গা বিশস্তি নাশায় সমৃদ্ধবেগাঃ। তথৈব নাশায় বিশস্তি লোকা-স্তবাপি বক্রাণি সমৃদ্ধবেগাঃ॥২৯॥

যথা (যেরূপ) নদীনাং (নদীসমূহের) বহবঃ (বছ) অম্বুবেগাঃ (জলপ্রবাহ) অভিমুখাঃ [সন্তঃ] সমুদ্রের দিকে ধাবিত হইয়া) সমুদ্রম্ এব (সমুদ্রেই) দ্রবন্তি (প্রবেশ করে), তথা (তদ্রূপ) অমী (এই সকল) নরলোকবীরাঃ (নরলোকের বীর পুরুষগণ) তব (আপনার) অভিতঃ (চতুর্দ্দিকে) জ্বলন্তি (দীপ্যমান) বক্তাণি (মুখ সমূহে) বিশন্তি (প্রবেশ করিতেছেন) ॥২৮॥

যথা (যেমন) পতঙ্গাঃ (পতঙ্গসমূহ) সমৃদ্ধবেগাঃ (প্রবল বেগে)
নাশায় (মরণের জন্ম) প্রদীপ্তং (প্রজ্জালিত) জ্বলনং (অগ্নিতে) বিশস্তি
(প্রবেশ করে), তথা (সেই প্রকার) লোকাঃ অপি (লোক সকলও)
নাশায় এব (মরণের জন্মই) সমৃদ্ধবেগাঃ [সস্তঃ] (অতি বেগবান্

যেমন নদী সমূহের পৃথক্ পৃথক্ বহু জলপ্রবাহ সমূহ সমুদ্রের অভিমুখে ধাবিত হইয়া সেই সমুদ্রেই প্রবেশ করে, সেইরূপ এই মর্ত্ত্যবাসী বীরপুরুষগণ সর্ব্বতো দীপ্তিমান্ আপনার মুখবিবরে প্রবেশ করিতেছে ॥২৮॥

যেরূপ পতঙ্গণ প্রবলবেগে মরণের জন্ম প্রজ্জ্বলিত অগ্নিতে প্রবেশ করে, সেইরূপ এই লোকসমূহও মরণের লেলিহসে গ্রসমানঃ সমস্তাক্লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলন্তিঃ।
তেজোভিরাপূর্য্য জগৎ সমগ্রং
ভাসস্তবোগ্রাঃ প্রতপস্তি বিষ্ণো ॥৩০॥
আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো

নমোহস্তু তে দেববর প্রসীদ। বিজ্ঞাতুমিচ্ছামি ভবস্তমাত্যং

ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ ॥৩১॥

হইয়া) তব (আপনার) বজ্রাণি (মুখ সমূহের মধ্যে) বিশস্তি (প্রবিষ্ট হইতেছে)॥২৯॥

[হে] বিষ্ণো (হে বিশ্বব্যাপিন্!) [ছং] (আপনি) গ্রসমানঃ [সন্] (গ্রাস করিতে উন্নত হইয়া) সমগ্রান্ (এই সমস্ত) লোকান্ (লোক-দিগকে) জ্বলন্তিঃ (দীপ্তিমান) বদনৈঃ (মুখ সমূহ দ্বারা) সমস্তাৎ (চতুর্দ্দিকে) লেলিহ্বসে (সর্ব্বতোভাবে ভক্ষণ করিতেছেন); তব (আপনার) উগ্রাঃ (তীব্র) ভাসঃ (দীপ্তিসমূহ) তেজোভিঃ (তেজোবিস্ফুরণসমূহ দ্বারা) সমগ্রং (সমস্ত) জগৎ (বিশ্বকে) আপূর্য্য (পরিপূরিত করিয়া) প্রতপন্তি (সম্তপ্ত করিতেছে)॥৩০॥

উগ্ররূপঃ (ভীষণ মূর্ত্তি) ভবান্ (আপনি) কঃ (কে) [তৎ] (তাহা) মে (আমাকে) আখ্যাহি (বলুন); তে (আপনাকে) নমঃ অস্তু (নমস্কার করি) জন্মই অত্যস্ত বেগবান্ হইয়া আপনার মুখগহ্বর মধ্যে প্রবেশ করিতেছে ॥২৯॥

হে বিরাট্পুরুষ! আপনি এই সমস্ত লোকদিগকে গ্রাস করিতে সমুগ্যত হইয়া প্রদীপ্ত মুখ সমূহের দ্বারা সর্ব্বতোভাবে ভক্ষণ করিতেছেন; আর আপনার ভীষণ অঙ্গকান্তি সমূহ তেজো-রাশি দ্বারা সমস্ত ব্রহ্মাণ্ডকে ব্যাপিয়া সম্ভাপিত করিতেছে ॥৩০॥

শ্রীভগবানুবাচ— কালোহশ্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধো লোকান্ সমাহর্ভুমিহ প্রবৃত্তঃ। ঋতেহপি ত্বাং ন ভবিশ্বন্তি সর্কো যেহবস্থিতাঃ প্রত্যনীকেষু যোধাঃ॥৩২॥

[হে] দেববর (হে দেবশ্রেষ্ঠ!) [ত্বং] (আপনি) প্রসীদ (প্রসন্ন হউন)। আন্থং (আদি পুরুষ) ভবস্তম (আপনাকে) বিজ্ঞাতুম (বিশেষভাবে জানিতে) ইচ্ছামি (ইচ্ছা করি), হি (যেহেতু) তব (আপনার) প্রবৃত্তিম (চেষ্টা) ন প্রজানামি (সম্যক্ জানিতে পারিতেছি না) ॥৩১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [অহং] (আমি) লোকক্ষয়কং (লোক সংহারক) প্রবৃদ্ধঃ (অত্যুগ্র) কালঃ অস্মি (কাল); ইহ (এই জগতে) লোকান্ (জীব সকলকে) সমাহর্ত্তুম্ (সংহার করিতে) প্রবৃত্তঃ (প্রবৃত্ত হইয়াছি)। ত্বাং ঋতে অপি (তুমি বধ না করিলেও) প্রত্যনীকেষু (প্রতিপক্ষীয় সৈশ্য মধ্যে) যে যোধাঃ (যে সকল যুদ্ধার্থী বীরগণ) অবস্থিতাঃ (অবস্থান করিতেছেন), [তে] (তাহারা) সর্ব্বে অপি (সকলেই) ন ভবিশ্বস্তি (বাঁচিবে না)। ৩২।

ভীষণমূর্ত্তি আপনি কে, তাহা আমাকে বলুন; আপনাকে নমস্কার করি, হে দেববর! আপনি প্রসন্ন হউন। আদি পুরুষ আপনাকে বিশেষভাবে জানিবার জন্ম ইচ্ছা করি, যেহেতু আপনার কার্য্যের উদ্দেশ্য ভাল বুঝিতেছি না ॥৩১॥

শ্রীভগবান্ বলিলেন—আমি লোকক্ষয়কারী প্রবল কাল; এখানে লোকসমূহকে গ্রাস করিবার নিমিত্ত প্রবৃত্ত হইয়াছি। বিপক্ষ সৈশ্য মধ্যে যে সকল যোদ্ধা রহিয়াছেন, তুমি বধ না করিলেও তাহারা কেহই বাঁচিবে না ॥৩২॥ তস্মাত্বমুন্তিষ্ঠ যশো লভস্ব
জিত্বা শক্তন্ ভূজ্ফ্ব রাজ্যং সমৃদ্ধম্।
ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্ধমেব
নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ ॥৩৩॥
দ্রোণক্ষ ভীশ্বঞ্চ জয়দ্রথঞ্চ
কর্ণং তথান্তানপি যোধবীরান্।
ময়া হতাংস্ত্বং জহি মা ব্যথিষ্ঠা
যুধ্যস্ব জেতাসি রণে সপত্নান্॥৩৪॥

তস্মাৎ (অতএব) ত্বম্ (তুমি) উত্তিষ্ঠ (যুদ্ধার্থে উত্থিত হও) যশঃ
(কীর্ত্তি) লভস্ব (লাভ কর) শত্রন্ (শত্রুদিগকে) জিত্বা (জয় করিয়া)
সমৃদ্ধম্ (নিশ্বুন্টক) রাজ্যং (রাজ্য) ভুজ্জ্ব্ব (ভোগ কর)। এতে (এই সকল
বীরগণ) ময়া এব (আমা কর্ত্ত্বক্ই) পূর্ব্বম্ এব (বহু পূর্ব্বেই) নিহতাঃ
(নিহত হইয়াছে), [হে] সব্যসাচিন্ (হে বাম হস্তব্বারা শরসদ্ধানকারী
অর্জ্জ্বন!) [ত্বং] (তুমি) নিমিত্তমাত্রং (নিমিত্তমাত্র) ভব (হও)॥৩৩॥

ময়া (আমা কর্তৃক) হতান্ (পূর্ব্বনিহত) দ্রোণং চ (দ্রোণ) ভীম্মং চ (ভীম্ম) জয়দ্রথং (জয়দ্রথ) কর্ণং চ (ও কর্ণ) তথা (এবং) অন্থান্ (অন্থান্থ) যোধবীরান্ অপি (যুদ্ধার্থী বীরগণকেও) ত্বং (তুমি) জহি (বধ কর); মা ব্যথিষ্ঠাঃ (কাতর হইও না) যুধ্যস্ব (যুদ্ধ কর), রণে (যুদ্ধে) সপত্নান্ (শত্রুগণকে) জেতা অসি (জয় করিতে পারিবে) ॥৩৪॥

অতএব তুমি যুদ্ধনিমিত্ত দণ্ডায়মান হও, যশঃ লাভ কর, শক্র সকলকে জয় করিয়া সমৃদ্ধিশালী রাজ্য ভোগ কর। এই সকল বীরগণকে পূর্ব্বেই আমি বধ করিয়া রাখিয়াছি। হে সব্যসাচিন্! তুমি কেবল নিমিত্তভাগী হও ॥৩৩॥

আমা কর্ত্ত্বক পূর্ব্বেই নিহত দ্রোণাচার্য্য, ভীষ্ম, জয়দ্রথ ও কর্ণ, এবং অক্যান্ত যোদ্ধগণকেও তুমি (আবার) বধ কর; কাতর হইও না, যুদ্ধ কর, যুদ্ধে শত্রুগণকে নিশ্চয়ই জয় করিতে পারিবে ॥৩৪॥

সঞ্জয় উবাচ—

এতচ্ছুত্বা বচনং কেশবস্থ

কৃতাঞ্জলির্বেপমানঃ কিরীটী।

নমস্কৃত্বা ভূয় এবাহ কৃষ্ণং

সগদাদং ভীতভীতঃ প্রণম্য ॥৩৫॥

অৰ্জ্বন উবাচ—

স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা

জগৎ প্র**হায়্য**ত্যনুরজ্যতে চ।

রক্ষাংসি ভীতানি দিশো দ্রবস্তি

সর্কো নমস্মস্তি চ সিদ্ধসঙ্ঘাঃ ॥৩৬॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় বলিলেন) কেশ্বস্থা (খ্রীকৃষ্ণের) এতৎ (এই) বচনং (বাক্য) শ্রুত্বা (শুনিয়া) বেপমানঃ (কম্পমান) কিরীটী (অর্জ্জুন) কৃতাঞ্জলিঃ [সন্] (কৃতাঞ্জলি হইয়া) নমস্কত্বা (নমস্কার পূর্ব্বক) ভীতভীতঃ এব (অতি ভীত চিত্তেই) ভূয়ঃ (পুনরায়) প্রণম্য (প্রণাম করিয়া) সগদ্গদং (গদ্গদস্বরে) কৃষ্ণং (শ্রীকৃষ্ণকে) আহ (বলিলেন) ॥৩৫॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) [হে] হুষীকেশ (হে ইন্দ্রিয়াধিপতে!) তব (আপনার) প্রকীর্ত্ত্যা (মাহাষ্ম্য সঙ্কীর্ত্তন দ্বারা) জগৎ (বিশ্ব) প্রহায়তি (প্রহায় হইতেছে) অনুরজ্যতে চ (এবং অনুরক্ত

সঞ্জয় কহিলেন—কেশবের এইসকল বাক্য শ্রবণ করিয়া কম্পিত শরীরে অর্জ্জুন কৃতাঞ্জলি পূর্ব্বক নমস্কার করিয়া অতি ভীত চিত্তেই শ্রীকৃষ্ণকে পুনরায় প্রণতিপূর্ব্বক গদ্গদ বাক্যে বলিতে লাগিলেন ॥৩৫॥

অর্জ্জুন বলিলেন—হে হ্যমীকেশ! আপনার যশঃকীর্ত্তন দ্বারা জগৎ পরমানন্দ লাভ করে ও আপনাতে অনুরাগ প্রাপ্ত হয়। কন্মাচ্চ তে ন নমেরশ্বহাত্মন্
গরীয়সে ব্রহ্মণোহপ্যাদিকর্ত্তে।
অনস্ত দেবেশ জগিন্নবাস
ত্বমক্ষরং সদসত্তৎপরং যৎ ॥৩৭॥
ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণত্ত্বমস্ত বিশ্বস্ত পরং নিধানম্।
বেত্তাসি বেত্যঞ্চ পরঞ্চ ধাম
ত্বয়া ততং বিশ্বমনস্তর্মপ ॥৩৮॥

হইতেছে), রক্ষাংসি (রাক্ষসগণ) ভীতানি [সস্তঃ] (ভীত হইয়া) দিশঃ (চতুর্দ্দিকে) দ্রবস্তি (পলায়ন করিতেছে) সর্ব্বে সিদ্ধসঙ্ঘাঃ চ (এবং সমস্ত সিদ্ধগণ) নমস্তন্তি (নমস্কার করিতেছেন) [এতচ্চ] (এই সমস্তই) স্থানে (যুক্তিযুক্ত) ॥৩৬॥

[হে] মহাত্মন্ (হে বিরাট্ পুরুষ!) [হে] অনস্ত (হে সর্ব্বস্কর্মপ!) [হে] দেবেশ (হে দেবদেব!) [হে] জগিন্নবাস (হে জগদাধার!) ব্রহ্মণঃ অপি (ব্রহ্মারও) গরীয়সে (পূজ্য) আদিকর্ত্রে চ (আদি কর্ত্তা অর্থাৎ স্রম্ভা) তে (আপনাকে) [সর্ব্বে] (সকলে) কম্মাৎ (কেন) ন নমেরন্ (নমস্কার করিবেন না?) সৎ (কার্য্য) অসৎ (কারণ) অক্ষরং (ব্রহ্ম) তৎপরম্ (এবং তাহা হইতেও উৎকৃষ্ট) যৎ (যাহা) [তদপি] (তাহাও) ত্বম্ (আপনি) ॥৩৭॥ ত্বম্ (আপনি) আদিদেবঃ (আদি দেবতা), পুরাণঃ পুরুষঃ (সনাতন

রাক্ষসগণ ভীত হইয়া চারিদিকে পলায়ন করে এবং সিদ্ধ সকল প্রণত হইয়া থাকেন, এই সমস্তই যুক্তিযুক্ত ॥৩৬॥

হে মহাত্মন্! হে অনন্ত! হে দেবেশ! হে জগন্নিবাস! ব্রহ্মারও পূজ্য এবং স্রষ্টা আপনাকে তাঁহারা সকলে কেনই বা নমস্কার না করিবেন? কার্য্য বা কারণ যে ব্রহ্মতত্ত্ব তাহা হইতেও শ্রেষ্ঠ আপনি ॥৩৭॥ বায়ুর্যমোহি মির্বরুণঃ শশাঙ্কঃ
প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ।
নমো নমস্তেহস্ত সহস্রকৃত্বঃ
পুনশ্চ ভূয়োহপি নমো নমস্তে ॥৩৯॥
নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে
নমোহস্ত তে সর্ব্বত এব সর্ব্ব।
অনস্তবীর্য্যামিতবিক্রমস্ত্বং
সর্ব্বং সমাপ্নোষি ততোহসি সর্ব্বঃ ॥৪০॥

পুরুষ), ত্বম্ (আপনি) অশু (এই) বিশ্বস্থা (বিশ্বের) পরং (একমাত্র)
নিধানম্ (আকর স্থান), [ডং] (আপনি) বেতা (জ্ঞাতা) বেতাং চ (ও
জ্ঞেয়) পরং ধাম চ অসি (এবং গুণাতীত স্বরূপ) [হে] অনন্তরূপ
(হে অনন্তরূপ!) ত্বয়া (আপনা কর্তৃকই) বিশ্বম্ (জগৎ) ততং
(ব্যাপ্ত রহিয়াছে) ॥৩৮॥

তং (আপনি) বায়ুঃ (বায়ু), যমঃ (যম), অগ্নিঃ (অগ্নি), বরুণঃ (বরুণ), শশাঙ্কঃ (চন্দ্র), প্রজাপতিঃ (বন্ধা), প্রপিতামহঃ চ (এবং বন্ধারও পিতা)। তে (আপনাকে) সহস্রকৃত্বঃ (সহস্র সহস্রবার) নমঃ অস্তু (নমস্কার) পুনঃ চ নমঃ (পুনরায় নমস্কার) ভূয়ঃ অপি (আবারও) তে (আপনাকে) নমঃ নমঃ (নমস্কার নমস্কার) ॥৩৯॥

আপনি সর্ব্বদেবের আদি চিরন্তন পুরুষ, আপনিই এই বিশ্বের একমাত্র আশ্রয় স্থান, আপনিই জ্ঞাতা ও জ্ঞেয় এবং গুণাতীত স্বরূপ। হে অনন্তরূপ! আপনা কর্তৃকই এই বিশ্ব ব্যাপ্ত রহিয়াছে ॥৩৮॥

আপনি বায়ু, যম, অগ্নি, বরুণ, চন্দ্র, লোকপিতামহ ব্রহ্মা এবং ব্রহ্মারও জনক। আপনাকে সহস্র সহস্রবার নমস্কার, পুনরায় নমস্কার, আবারও আপনাকে নমস্কার॥৩৯॥ সখেতি মত্বা প্রসভং যত্নজং
হে কৃষ্ণ হে যাদব হে সখেতি।
অজানতা মহিমানং তবেদং
ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ॥৪১॥
যচ্চাবহাসার্থমসংকৃতোহসি
বিহারশয্যাসনভোজনেরু।
একোহথবাপাচ্যুত তৎসমক্ষং
তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্ ॥৪২॥

[হ] সর্ব্ব (হে সর্ব্ব-স্বরূপ!) তে (আপনাকে) পুরস্তাৎ (সম্মুখে) অথ (ও) পৃষ্ঠতঃ (পশ্চাৎদিকে) নমঃ (নমস্কার), তে (আপনাকে) সর্ব্বতঃ এব (সকলদিকেই) নমঃ অস্তু (নমস্কার করি)। [হে] অনস্তবীর্য্য (হে অসীম শক্তিশালিন্!) ত্বং (আপনি) অমিতবিক্রমঃ (অপরিমিত পরাক্রমশালী) সর্ব্বং (সমস্ত জগৎ) সমাপ্লোষি (সম্যক্ ব্যাপিয়া রহিয়াছেন) ততঃ (সেইহেতু) সর্ব্বঃ অসি (সর্ব্বস্বরূপ) ॥৪০॥

তব (আপনার) মহিমানং (মহিমা) ইদং চ (ও এই বিশ্বরূপের বিষয়) অজানতা (না জানিয়া) ময়া (আমা কর্তৃক) প্রমাদাৎ (মোহ বশতঃ) প্রণয়েন বা অপি (অথবা প্রণয়বশতঃ) সখা ইতি মত্বা (তুমি সখা ইহা মনে

হে সর্ব্ধ-স্বরূপ! আপনার সম্মুখে নমস্কার, পশ্চাৎভাগে নমস্কার, আপনার সকলদিকেই নমস্কার। হে অনস্ত-বিক্রম! আপনি অসীম-শক্তিমান্—সমগ্র জগৎকে সম্যক্রপে ব্যাপিয়া রহিয়াছেন বলিয়াই সর্ব্ধ-স্বরূপ ॥৪০॥

আপনার মহিমা ও এই বিশ্বরূপের বিষয় না জানিয়া আমি মোহবশে বা প্রণয়পূর্ব্বক সখা মনে করিয়া হে কৃষ্ণ! হে যাদব! হে সখে! ইত্যাদি হঠকারিভাবে যাহা বলিয়াছি — হে অচ্যুত!

পিতাসি লোকস্ম চরাচরস্ম ত্বমস্ম পূজ্যশ্চ গুরুগরীয়ান্। ন ত্বংসমোহস্ত্যভধিকঃ কুতোহন্মো লোকত্রয়েহপ্যপ্রতিমপ্রভাব ॥৪৩॥

করিয়া) হে কৃষ্ণ (হে কৃষ্ণ!) হে যাদব (হে যাদব!) হে সখে (হে সখে!)
ইতি (এইরূপ) প্রসভং (হঠাৎ তিরস্কার পূর্ব্বক) যৎ (যাহা) উক্তং (বলা
হইয়াছে), [হে] অচ্যুত (হে অচ্যুত!) বিহারশয্যাসনভোজনেমু (বিহার,
শয়ন, উপবেশন ও আহারাদি সময়ে) একঃ (একাকী) অথবা (কিম্বা)
তৎসমক্ষং (সেই বন্ধুগণের সাক্ষাতেই) অবহাসার্থম (পরিহাস নিমিত্ত)
যৎ (যে) অসৎকৃতঃ (অসন্মানিত) অসি (হইয়াছেন), অহম্ (আমি)
অপ্রমেয়ম্ (অচিস্ত্য প্রভাব বিশিষ্ট) ত্বাম্ (আপনার নিকট) তৎ (সেই
সমস্ত) ক্ষাময়ে (ক্ষমা চাহিতেছি) ॥৪১-৪২॥

[হ] অপ্রতিমপ্রভাব (হে অতুলনীয় মহিমা শালিন্!) ত্বম্ (আপনি)
অস্ত্র (এই) চরাচরস্ত্র (স্থাবর জঙ্গমাত্মক) লোকস্ত্র (বিশ্বের) পিতা
(জনক) পূজ্যঃ (পূজনীয়) গুরুঃ (গুরু) গরীয়ান্ চ অসি (এবং
তদপেক্ষাও পূজ্যতর); [অতঃ] (অতএব) লোকত্রয়ে (ত্রিজগতের মধ্যে)
ত্বংসমঃ অপি (আপনার সমানই) ন অস্ত্রি (নাই) অভ্যধিকঃ (আপনা
বিবিধ ক্রীড়া, শয়ন, উপবেশন ও আহারাদি সময়ে একাকী
অথবা বন্ধুগণের সাক্ষাতেই পরিহাস নিমিত্ত যে অনাদৃত
হইয়াছেন — অচিন্তামহিমাশালী আপনার নিকট আমি তাহার
জন্তু ক্ষমাপ্রার্থনা করিতেছি ॥৪১-৪২॥

হে অদ্বিতীয়প্রভাব! আপনি এই চরাচর বিশ্বের পিতা, পূজনীয়, গুরু এবং তাহা হইতেও অধিক পূজ্যতর, স্কুতরাং ত্রিলোকের মধ্যে আপনার সমানই কেহ নাই, আপনা হইতে শ্রেষ্ঠ অপর কেহ কোথা হইতে থাকিবে? ॥৪৩॥ তন্মাৎ প্রণম্য প্রণিধায় কায়ং
প্রসাদয়ে ত্বামহমীশমীডাম্।
পিতেব পুজ্রস্ত সখেব সখ্যঃ
প্রিয়ঃ প্রিয়ায়ার্হসি দেব সোঢ়ুম্ ॥৪৪॥
অদৃষ্টপূর্বাং ক্রমিতোহস্মি দৃষ্ট্ব।
ভয়েন চ প্রব্যথিতং মনো মে।
তদেব মে দর্শয় দেব রূপং

প্রসীদ দেবেশ জগল্লিবাস ॥৪৫॥

হইতে শ্রেষ্ঠ) অন্তঃ (অপর) কুতঃ (কোথা হইতে হইবে?) ॥৪৩॥

[হে] দেব (হে দেব!) তন্মাৎ (অতএব) অহম্ (আমি) কারং (দেহকে) প্রণিধায় (দণ্ডবৎ ভূতলে স্থাপন করিয়া) প্রণম্য (প্রণাম পূর্ব্বক) ঈডাম্ (বন্দনীয়) ঈশম্ (ঈশ্বর) ত্বাম্ (আপনাকে) প্রসাদয়ে (প্রসন্ন করিতেছি)। পিতা ইব (পিতা যেমন) পুল্রস্ত (পুল্রের), সথা ইব (সখা যেমন) সখায়ঃ (সখারমার), প্রিয়ঃ [ইব] (প্রিয়জন যেমন) প্রিয়ায়ায় (প্রিয়ার) [অপরাধং সহতে] (অপরাধ ক্ষমা করেন) [তথা] (সেইরূপ) [ত্বং] (আপনি) [মম] (আমার) [অপরাধং] (অপরাধ) সোচুম্ (ক্ষমা করিতে) অর্হসি (অনুগ্রহ করুন) ॥৪৪॥

[হে] দেব (হে দেব!) অদৃষ্টপূর্কাং (পূর্ব্বে অদৃষ্ট) [ইদং] (তোমার এই বিশ্বরূপ) দৃষ্ট্বা (দেখিয়া) হাষিতঃ অস্মি (আমি তুষ্ট হইয়াছি), মে

হে দেব! সেই হেতু আমি (দণ্ডের মত) আমার দেহকে ভূতলে পাতিত করিয়া প্রণাম পূর্বাক পূজ্য প্রভু আপনার প্রসন্ধতা প্রার্থনা করিতেছি। পিতা যেমন পুত্রের, সখা যেমন সখার ও প্রিয়জন যেমন নিজ প্রিয়ার অপরাধ ক্ষমা করেন, তদ্রুপ আপনি আমার অপরাধ অনুগ্রহপূর্বাক ক্ষমা করুন ॥৪৪॥ কিরীটিনং গদিনং চক্রহস্তমিচ্ছামি ত্বাং দ্রষ্টুমহং তথৈব।
তেনৈব রূপেণ চতুর্ভুজেন
সহস্রবাহো ভব বিশ্বমূর্ত্তে ॥৪৬॥
শ্রীভগবান্তবাচ—
ময়া প্রসন্নেন তবার্জ্জুনেদং
রূপং পরং দর্শিতমাত্মযোগাং।
তেজোময়ং বিশ্বমনস্তমাত্যং
যামে ত্বদন্তোন ন দৃষ্টপূর্ব্বম্ ॥৪৭॥

(আমার) মনঃ (মন) ভয়েন (ভয়ে) প্রব্যথিতং চ (আবার ব্যাকুলিত হইতেছে)। [হে] দেবেশ (হে দেবদেব!) [হে] জগন্নিবাস (হে জগদাধার!) তৎ (সেই) রূপং এব (চতুর্ভুজ রূপই) মে (আমাকে) দর্শয় (দেখান) প্রসীদ (প্রসন্ন হউন) ॥৪৫॥

অহং (আমি) ত্বাং (আপনাকে) তথা এব (পূর্ব্বের মতই) কিরীটিনং (মুকুটধারী) গদিনং (গদাহস্ত) চক্রহস্তম্ (ও চক্রধারীরূপে) দ্রষ্টুম্ (দেখিতে) ইচ্ছামি (ইচ্ছা করি)। [হে] সহস্রবাহো (হে সহস্রহস্তদেব!) [হে] বিশ্বমূর্ত্তে (হে বিশ্বরূপ!) তেন (সেই) চতুর্ভুজেন (চতুর্ভুজ) রূপেণ এব (মূর্ত্তিতেই) ভব (প্রকাশিত হউন) ॥৪৬॥

হে দেব! পূর্ব্বে অদৃষ্ট আপনার এই বিশ্বরূপ দেখিয়া আমি হাষ্ট হইয়াছি বটে, কিন্তু ভয়ে আমার মন ব্যাকুল হইতেছে। অতএব হে দেবেশ! আপনার সেই পূর্ব্ব চতুর্ভুজ রূপই আমাকে দেখান। হে জগন্নিবাস! প্রসন্ন হউন॥৪৫॥

আমি আপনাকে পূর্ব্বের মতই মুকুটমস্তক, গদাধারী ও চক্রধারিরূপে দেখিতে ইচ্ছা করি। হে সহস্র বাহো! হে বিশ্বরূপ! সেই চতুর্ভুজ রূপেই প্রকাশিত হউন ॥৪৬॥

ন বেদযজ্ঞাধ্যয়নৈর্ন দানৈ-র্ন চ ক্রিয়াভির্ন তপোভিরুগ্রৈঃ। এবং রূপঃ শক্য অহং নৃলোকে দ্রষ্টুং ত্বদন্তোন কুরুপ্রবীর ॥৪৮॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!)
ময়া (আমি) প্রসন্নেন (সম্ভুষ্ট হইয়া) আত্মযোগাৎ (নিজ যোগমায়া বলে)
তব (তোমাকে) ইদং (এই) তেজাময়ং (তেজঃপূর্ণ) অনস্তম (অনস্ত)
আত্যং (আদিভূত) মে (আমার) পরং (শ্রেষ্ঠ) বিশ্বম্ (বিশ্বাত্মক) রূপং
(বিরাট্রূপ) দর্শিতম্ (দেখাইয়াছি), যৎ (যে রূপ) ত্বদন্তোন (তুমি ভিন্ন
অপর কেহ) ন দৃষ্টপূর্ব্বম্ (পূর্ব্বে দেখিতে পায় নাই) ॥৪৭॥

[হে] কুরুপ্রবীর (হে কৌরববীরশ্রেষ্ঠ!) নূলোকে (মন্থয়লোকে) ত্বদন্তেন (তুমি ভিন্ন ভক্তিহীন অপর কেহ) ন বেদযজ্ঞাধ্যয়নৈঃ (কি বেদবিত্যা যজ্ঞবিত্যার অধ্যয়ন) ন দানৈঃ (কি ভূম্যাদিদান) ন চ ক্রিয়াভিঃ উগ্রৈঃ তপোভিঃ (কি অগ্নিহোত্রাদি কর্মা এবং উগ্র চান্দ্রায়ণাদিরত ইহাদের কোনটির দ্বারাই) এবং রূপঃ (এবম্বিধ বিশ্বরূপী) অহং

শ্রীভগবান্ বলিলেন—হে অর্জ্জুন! আমি তোমার প্রতি প্রসন্ন হইয়া আমার যোগমায়া শক্তিকে আশ্রয় পূর্ব্বক তেজাময়, বিশ্বব্যাপী, অনস্ত ও আদিভূত আমার এই প্রধান বিরাট্রূপ অন্ত তোমাকে দেখাইলাম। তুমি ব্যতীত অপর কেহই পূর্ব্বে এই রূপ কখনও দেখিতে পায় নাই ॥৪৭॥

হে কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন! এই নরলোকে বৈদিক যজ্ঞ, দান, স্বাধ্যায়, অগ্নিহোত্রাদিকর্ম এবং উগ্র তপস্থা প্রভৃতি—ইহাদের কোনটির দ্বারাই দর্শনাতীত বিরাট্রূপী আমাকে তুমি ভিন্ন অপর কেহ দর্শন করিতে পারে না ॥৪৮॥ মা তে ব্যথা মা চ বিমূঢ়ভাবো
দৃষ্ট্বী রূপং ঘোরমীদৃদ্ধমেদম্।
ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্ত্বং
তদেব মে রূপমিদং প্রপশ্য ॥৪৯॥
সঞ্জয় উবাচ—
ইত্যর্জ্জুনং বাস্থদেবস্তথোক্বা
স্বকং রূপং দর্শয়ামাস ভূয়ঃ।
আশ্বাসয়ামাস চ ভীতমেনং
ভূত্বা পুনঃ সৌম্যবপুর্মহাদ্বা ॥৫০॥

(আমাকে) দ্রষ্টুং (দর্শন করিতে) ন শক্যঃ (সমর্থ হয় না) ॥৪৮॥

ঈদৃক্ (এই প্রকার) মম (আমার) ঘোরম্ (ভয়ানক) ইদম্ রূপং (এই বিশ্বরূপ) দৃষ্ট্বা (দেখিয়া) তে (তোমার) ব্যথা (ভয়) মা [অস্তু] (না হউক), বিমূঢ়ভাবঃ চ (এবং মোহভাবও যেন) মা [অস্তু] (না হয়)। ব্যপেতভীঃ (ভয় শৃশ্য) প্রীতমনাঃ [সন্] (ও প্রসন্নচিত্ত হইয়া) ত্বং (তুমি) পুনঃ (পুনর্ব্বার) মে (আমার) ইদং (এই) তৎরূপং এব (সেই চতুর্ভুজ রূপই) প্রপশ্য (প্রকৃষ্টভাবে দেখ)॥৪৯॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় কহিলেন) বাস্থদেবঃ (শ্রীকৃষ্ণ) অর্জ্জুনং এইপ্রকার আমার ভীষণ এই বিশ্বরূপ দেখিয়া তোমার ভয় বা বিমূঢ়ভাব না থাকুক্। ভীতি রহিত ও সস্তুষ্টচিত্ত হইয়া তুমি পুনরায় আমার পূর্ব্বদৃষ্ট সেই চতুর্ভুজ মূর্ত্তিই দর্শন কর॥৪৯॥

সঞ্জয় বলিলেন—শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে এইপ্রকার বলিয়া পুনরায় (অর্জ্জুনের প্রার্থনানুযায়ী চতুর্ভুজ) নিজ মূর্ত্তি দেখাইলেন ও তৎপর আবার উদার হৃদয় শ্রীকৃষ্ণ (স্বীয় পীতাম্বরাদিযুক্ত দ্বিভুজ) সৌম্যমূর্ত্তি প্রকাশ করিয়া ভীতচিত্ত অর্জ্জুনকে আশ্বাস প্রদান করিলেন ॥৫০॥

অৰ্চ্ছ্যুন উবাচ— দৃষ্ট্বেদং মান্তুষং রূপং তব সৌম্যং জনাৰ্দ্দন। ইদানীমন্মি সংবৃত্তঃ সচেতাঃ প্ৰকৃতিং গতঃ॥৫১॥

শ্রীভগবানুবাচ— স্বর্ছদর্শমিদং রূপং দৃষ্টবানসি যশ্মম। দেবা অপ্যস্থ রূপস্থ নিত্যং দর্শনকাঞ্চিণঃ॥৫২॥

(অর্জ্জুনকে) ইতি (এইরূপ) উজ্বা (বলিয়া) ভূয়ঃ (পুনরায়) তথা (সেই প্রকার) স্বকং রূপং (স্বীয় চতুর্ভুজরূপ) দর্শয়ামাস (দেখাইলেন), পুনঃ (পুনর্কার) মহাত্মা (পরম কৃপালু শ্রীকৃষ্ণ) সৌম্যবপুঃ (পীতাম্বরাদিযুক্ত দ্বিভুজ স্বরূপ) ভূত্বা (হইয়া) ভীতম্ (ভীত) এনং (এই অর্জ্জুনকে) আশ্বাসয়ামাস (আশ্বাস প্রদান করিলেন) ॥৫০॥

অৰ্জ্জুনঃ উবাচ (অৰ্জ্জুন বলিলেন) [হে] জনাৰ্দ্দন (হে শ্ৰীকৃষ্ণ!) তব (আপনার) ইদং (এই) সৌম্যং (মনোহর) মানুষং (মনুষ্যাকার দ্বিভুজ) রূপং (মূর্ত্তি) দৃষ্ট্বা (দেখিয়া) ইদানীম্ (এখন) সচেতাঃ সংবৃত্তঃ (প্রসন্নচিত্ত হইলাম) প্রকৃতিং গতঃ অশ্বি (এবং স্বাস্থ্যলাভ করিলাম) ॥৫১॥

শ্রীভগবান্ উবাচ শ্রীভগবান্ কহিলেন) [স্বং] (তুমি) যৎ (যে দ্বিভুজ মনুষ্যাকার রূপ) দৃষ্টবান্ অসি (দেখিতেছ), মম (আমার) ইদং (এই) রূপং (সচ্চিদানন্দময় নরমূর্ত্তি) স্বত্নদর্শম্ (অতীব ত্বর্ল্লভ দর্শন)। দেবাঃ অপি (দেবতাগণও) অস্থা (এই) রূপস্থা (রূপের) নিত্যং (সর্ব্বদা)

অর্জ্জুন কহিলেন—হে জনার্দ্দন! আপনার এই মনোহর (দ্বিভূজ) মানব রূপ দর্শন করিয়া এখন আমার চিত্ত প্রসন্ন হইল এবং ভয়াদি দূর হওয়ায় প্রকৃত স্বাস্থ্য লাভ করিলাম ॥৫১॥

শ্রীভগবান্ বলিলেন—হে অর্জ্জুন! তুমি এই যে নরাকৃতি দ্বিভুজ রূপ দর্শন করিতেছ, আমার এই সচ্চিদানন্দময় নর-

নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া। শক্য এবংবিধোর্দ্রষ্ট্বং দৃষ্টবানসি যক্মম ॥৫৩॥ ভক্ত্যা ঘনন্যয়া শক্য অহমেবংবিধোহৰ্চ্জুন। জ্ঞাতুং দ্রষ্টুঞ্চ তত্ত্বেন প্রবেষ্টুঞ্চ পরন্তপ ॥৫৪॥

দর্শনকাজ্ফিণঃ (দর্শনাভিলাষী) ॥৫২॥

[জং] (তুমি) মম (আমার) যৎ (যে এই নিত্য নরাকার রূপ) দৃষ্টবান্
অসি (দর্শন করিতেছ), এবংবিধঃ (এতাদৃশ রূপবিশিষ্ট) অহং
(আমাকে) ন বেদৈঃ (কি বেদাধ্যয়ন) ন তপসা (কি চান্দ্রায়ণাদি কঠোর
ব্রত) ন দানেন (কি ভূম্যাদিদান) ইজ্যয়া চ (এবং কি অগ্নিষ্টোমাদি যজ্ঞ
ইহাদের কোনটির দ্বারাই) দ্রষ্টুং (দর্শন করিতে) [কৈশ্চিৎ] (কেহই) ন
শক্যঃ (সমর্থ হন না) ॥৫৩॥

[হে] পরস্তপ (হে শক্রতাপন!) [হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) এবংবিধঃ (এতাদৃশ রূপবিশিষ্ট) অহম (আমি) তু (কিন্তু স্বতুর্দ্দর্শ হইলেও) অনশুয়া (ঐকাস্তিকী বা কেবলা) ভক্ত্যা (ভক্তি দ্বারা) [ভক্তেন] (শুদ্ধভক্তকর্ত্ত্ক) তত্ত্বেন (যথার্থরূপে) জ্ঞাতুং (জানিতে) দ্রষ্টুং চ (ও দেখিতে) প্রবেষ্টুং চ

মূর্ত্তির দর্শন অত্যন্ত স্বত্বর্লভ । দেবতারাও এই রূপের নিত্য দর্শনাভিলাষী ॥৫২॥

তুমি আমার যে নিত্য নরাকার পরব্রহ্মরূপটি দর্শন করিতেছ এতাদৃশ রূপবিশিষ্ট আমাকে কেহই বেদপাঠ, তপস্থা, দান, বা বিবিধ যজ্ঞ, কোনটির দ্বারাই দর্শন করিতে সমর্থ হয় না ॥৫৩॥

হে শত্রুতাপন অর্জ্জুন! এতাদৃশ রূপবিশিষ্ট আমি কিন্তু অন্ত প্রকারে তুর্ল্লভ-দর্শন হইলেও ঐকান্তিকী ভক্তিদ্বারা শুদ্ধভক্তগণ আমাকে যথার্থরূপে জানিতে ও দেখিতে এবং আমার লীলাতে প্রবেশ করিতে সমর্থ ॥৫৪॥

মৎকর্মকৃত্মৎপরমো মন্তক্তঃ সঙ্গবৰ্চ্ছিতঃ। নির্কৈরঃ সর্বভূতেরু যঃ স মামেতি পাণ্ডব ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাণি শ্রীমন্তগবদগীতান্তপনিষৎস্ক বন্ধবিত্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে বিশ্বরূপদর্শনযোগো নামৈকাদশোহধ্যায়ঃ ॥১১॥

(এবং লীলায় প্রবেশ করিতে) শক্যঃ [অশ্মি] (যোগ্য হই) ॥৫৪॥
[হে] পাণ্ডব (হে পাণ্ডুপুত্র!) যঃ (যিনি) মৎকর্মকং (আমার নিমিত্তই কর্মান্ত্রষ্ঠানকারী) মৎ পরমঃ (আমিই যাহার পরম পুরুষার্থ) মন্তক্তঃ (আমাতে শ্রবণাদি ভক্তিযুক্ত) সঙ্গবর্জ্জিতঃ (বিষয়াসক্তিশৃত্য) সর্ব্বভূতেষু (সকল জীবের প্রতি) নির্ব্বৈরঃ (শক্রভাবরহিত) সঃ (তিনি) মাম্ (আমাকে) এতি (প্রাপ্ত হন) ॥৫৫॥

ইতি একাদশ অধ্যায়ের অম্বয় সমাপ্ত॥

হে অর্জুন! যে ব্যক্তি আমারই সেবাকার্য্যে নিরত, আমিই যাহার পরম আশ্রয়, আমাতেই ভক্তিযুক্ত, বিষয়ে অনাসক্ত এবং সমস্ত প্রাণীর প্রতি শক্রভাবশূগ্য তিনিই আমাকে লাভ করেন ॥৫৫॥

ইতি একাদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত॥

দ্বাদশোহধ্যায়ঃ

ভক্তিযোগ

অর্জ্জুন উবাচ— এবং সততযুক্তা যে ভক্তাস্ত্রাং পর্য্যুপাসতে। যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ॥১॥

শ্রীভগবান্থবাচ— ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে। শ্রদ্ধয়া পরয়োপেতান্তে মে যুক্ততমা মতাঃ॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) যে ভক্তাঃ (যে ভক্তগণ) এবং (এই প্রকারে) সততযুক্তাঃ (সর্ব্বদা আপনার প্রতি অনস্ত ভক্তিযুক্ত) [সম্ভঃ] (হইয়া) ত্বাং (শ্রামস্থলরাকার সাক্ষাৎ আপনাকে) পর্য্যুপাসতে (উপাসনা করেন), যে চ অপি (এবং যে সকলভক্ত) অব্যক্তং (নির্ব্বিশেষ) অক্ষরম (ব্রহ্মকে) [পর্য্যুপাসতে] (উপাসনা করেন) তেষাং (এই তুই প্রকার যোগীর মধ্যে) কে (কাহারা) যোগবিত্তমাঃ (শ্রেষ্ঠ যোগবিৎ) ॥১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) যে (যাহারা) পরয়া (নির্গুণ) শ্রদ্ধয়া উপেতাঃ (শ্রদ্ধাযুক্ত হইয়া) ময়ি (আমার শ্যামস্থন্দরাকারে) মনঃ

অর্জ্জুন বলিলেন—যে সকল ভক্ত উক্ত প্রকারে সর্ব্বদা আপনাতে অনগুভক্তি হইয়া (দ্বিভুজ শ্যামস্থন্দরাকার) আপনাকে উপাসনা করেন, এবং যাহারা নির্ব্বিশেষ ব্রহ্ম ভাবনা করেন, এই উভয়ের মধ্যে কাহারা শ্রেষ্ঠ যোগবিৎ অর্থাৎ জ্ঞানযোগী ও ভক্তিযোগীর মধ্যে কে শ্রেষ্ঠ ? ॥১॥

শ্রীভগবান্ কহিলেন—যাহারা নির্গুণ শ্রদ্ধা সহকারে আমার এই শ্যামস্কুন্দরাকারে মনকে অভিনিবিষ্ট করিয়া নিত্য

যে ত্বক্ষরমনির্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে।
সর্ব্বত্রগমচিষ্ট্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবম্ ॥৩॥
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্পুবস্থি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ॥৪॥

(মন) আবেশ্য (নিবিষ্ট করিয়া) নিত্যযুক্তাঃ [সন্তঃ] (নিত্য অনন্য-ভক্তিযুক্ত হইয়া) মাং (আমাকে) উপাসতে (উপাসনা করেন) তে (তাহারা) যুক্ততমাঃ (সর্ব্বশ্রেষ্ঠ যোগী), [ইতি] (ইহা) মে (আমার) মতাঃ (অভিমত) ॥২॥

যে তু (কিন্তু যাহারা) ইন্দ্রিয়গ্রামং (ইন্দ্রিয় সকলকে) সংনিয়য় (সম্যক্রপে নিরোধ করিয়া) সর্ব্বত্র (সকলের প্রতি) সমবুদ্ধয়ঃ (সমদৃষ্টি অবলম্বন পূর্ব্বক) সর্ব্বভূতহিতে (সমস্ত প্রাণীর হিতকার্য্য সাধনে) রতাঃ [সন্তঃ] (চেষ্টাশীল হইয়া) [মে] (আমার) অনির্দ্দেশ্যম্ (অনির্ব্বচনীয়) অব্যক্তং (প্রাকৃত রূপাদিহীন) সর্ব্বত্রগম্ (সর্ব্বব্যাপী) অচিন্তঃ (চিন্তাতীত) কৃটস্থম্ (সর্ব্বদা একরূপ) অচলং (চাঞ্চলাশৃশ্য) ধ্রুবম্ (নিত্য) অক্ষরম্ চ (ও নির্বিশেষ স্বরূপ ব্রহ্মকে) পর্য্যুপাসতে (উপাসনা করেন), তে (তাহারাও) মাম্ এব (আমারই অঙ্গকান্তিকে) প্রাপ্লুবন্তি (প্রাপ্ত হন) ॥৩-৪॥

অনগুভক্তিদ্বারা আমার উপাসনা করেন, তাঁহারাই সর্ব্বশ্রেষ্ঠ যোগবিৎ, ইহাই আমার অভিমত ॥২॥

কিন্তু যাঁহারা ইন্দ্রিয়গণকে সংযত করিয়া সকলের প্রতি সমদৃষ্টি অবলম্বনপূর্ব্বক সমস্ত ভূতের হিতসাধনে চেষ্টাযুক্ত হইয়া আমার অনির্দ্দেশ্য প্রাকৃত রূপাদি-রহিত, সর্ব্বব্যাপী, হ্রাসবৃদ্ধি-শূন্ম, নিত্য ও নির্বিশেষ-স্বরূপ ব্রহ্মকে উপাসনা করেন, তাঁহারাও আমাকেই অর্থাৎ আমার তেজঃস্বরূপ ব্রহ্মকে লাভ করেন॥৩-৪॥

ক্লেশাহিধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতির্চ্নঃখং দেহবদ্ভিরবাপ্যতে ॥৫॥
যে তু সর্ব্বাণি কর্মাণি ময়ি সংগ্রস্থ মৎপরাঃ।
অনগ্রেনৈব যোগেন মাং থ্যায়ম্ভ উপাসতে ॥৬॥
তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাং।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্॥৭॥

অব্যক্তাসক্তচেতসাম্ (নির্কিশেষ ব্রহ্মস্বরূপে আকৃষ্টচিত্ত) তেষাম্ (সেই সকল ব্যক্তির) অধিকতরঃ (অত্যন্ত অধিক) ক্লেশঃ (কষ্টকর) [ভবতি] (হয়)। হি (যেহেতু) দেহবদ্ভিঃ (দেহবান্ জীব কর্ত্ত্বক) অব্যক্তা (নির্কিশেষ ব্রহ্মবিষয়ক) গতিঃ (সাধ্যসাধন) ছঃখং (ছঃখময় রূপে) অবাপ্যতে (লব্ধ হয়)॥৫॥

যে তু (কিন্তু যাহারা) সর্বাণি (সমস্ত) কর্মাণি (কর্ম) ময়ি (আমাতে) সংস্থাস্থ্য (সমর্পণ পূর্ব্বক) মৎপরাঃ [সস্তঃ] (একমাত্র আমাতে আদ্রিত হইয়া) অনন্থেন এব (জ্ঞানকর্মাদির সম্পর্কশূহ্য) যোগেন (ভক্তিযোগ দ্বারা) মাং (আমাকে) ধ্যায়ন্তঃ (চিন্তা পূর্ব্বক) উপাসতে (উপাসনা করেন), [হে] পার্থ (হে অর্জ্জুন!) ময়ি (আমাতে) আবেশিতচেতসাম্ (আবিষ্টচিন্ত) তেবাম্ (তাহাদিগকে) অহং (আমি) মৃত্যুসংসারসাগরাৎ (মৃত্যুযুক্ত সংসারসাগর হইতে) ন চিরাৎ (অচিরে) সমুদ্ধর্ত্তা ভবামি (উদ্ধার করিয়া থাকি) ॥৬-৭॥

নির্ক্সিশেষ ব্রহ্মে আসক্তচিত্ত ব্যক্তিদের অত্যধিক ক্লেশ হইয়া থাকে। যেহেতু দেহবান্ জীবের পক্ষে নির্ক্সিশেষ ব্রহ্মবিষয়ক সাধ্য-সাধন তুঃখময় রূপেই লাভ হইয়া থাকে॥৫॥

কিন্তু যাঁহারা সকল কর্ম আমাতে সমর্পণ পূর্বক একমাত্র আমাকে আশ্রয় করিয়া, জ্ঞানকর্মাদি সম্বন্ধ শৃশু শুদ্ধ ভক্তিযোগ দ্বারা আমার অনুধ্যান পূর্বকে আরাধনা করেন, হে ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়। নিবসিশ্বসি ময্যেব অত উদ্ধিং ন সংশয়ঃ॥৮॥ অথ চিত্তং সমাধাতুং ন শক্ষোষি ময়ি স্থিরম্। অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয়॥৯॥

মিয় এব (খ্যামস্থন্দরাকার আমাতেই) মনঃ (মনকে) আধৎস্ব (স্থির কর), মিয় [এব] (আমাতেই) বুদ্ধিং (বিবেকবতী বুদ্ধিকে) নিবেশয় (নিযুক্ত কর); অতঃ ঊর্দ্ধং (এই জীবনের পর) ময় এব (আমার সমীপেই) নিবসিয়্বসি (অবস্থান করিবে), [অত্র] (ইহাতে) ন সংশয়ঃ (সংশয় নাই)॥৮॥

[হে] ধনঞ্জয় (হে অর্জ্জুন!) অথ (তবে যদি) ময়ি (আমাতে) চিত্তং (চিত্ত) স্থিরম্ (দৃঢ়ভাবে) সমাধাতুং (সম্যক্ স্থাপন করিতে) ন শক্লোষি নো পার), ততঃ (তাহা হইলে) অভ্যাস-যোগেন (অভ্যাস যোগের দ্বারা) মাম্ (আমাকে) আপ্তুং (প্রাপ্ত হইতে) ইচ্ছ (চেষ্টা কর) ॥৯॥

পার্থ! আমাতে আবিষ্টচিত্ত তাহাদিগকে আমি অচিরাৎ মৃত্যুময় সংসার-সমুদ্র হইতে উদ্ধার করি ॥৬-৭॥

অতএব শ্যামস্থন্দরাকার আমাতেই তোমার মনকে স্থির করিয়া নিত্য আমার স্মরণ কর, এবং তোমার বিচার বুদ্ধিকেও আমাতেই নিবিষ্ট কর, তাহার ফলে এই দেহান্তের পরই আমার নিকটে বাস করিবে, এ বিষয়ে কোনও সন্দেহ নাই ॥৮॥

হে ধনঞ্জয়! আর যদি চিত্তকে দৃঢ় শ্রদ্ধার সহিত আমাতে স্থাপন করিতে না পার, তাহা হইলে অভ্যাস রূপ যোগের দ্বারা আমাকে প্রাপ্ত হইতে চেষ্টা কর ॥৯॥ অভ্যাসেহপ্যসমর্থোহসি মৎকর্মপরমো ভব।
মদর্থমপি কর্মানি কুর্বন্ সিদ্ধিমবাষ্প্যসি॥১০॥
অথৈতদপ্যশক্তোহসি কর্জুং মদ্যোগমাশ্রিতঃ।
সর্ব্বকর্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্॥১১॥
শ্রেয়ো হি জ্ঞানমভ্যাসাজ্জ্ঞানাদ্ধ্যানং বিশিষ্যতে।
ধ্যানাৎ কর্মফলত্যাগস্ত্যাগাচ্ছান্তিরনম্ভরম্॥১২॥

অভ্যাসে অপি (অভ্যাস যোগেও) [যদি] অসমর্থঃ (অক্ষম) অসি (হও), [তর্হি] (তাহা হইলে) মৎ কর্ম্মপরমঃ (আমার কর্ম্মপরায়ণ) ভব (হও)। মদর্থম (আমার প্রীত্যর্থে) কর্ম্মাণি (শ্রবণ কীর্ত্তনাদি কর্ম্ম) কুর্ব্বন্ অপি (করিয়াও) সিদ্ধিম (সিদ্ধি) অবাপ্স্যাসি (লাভ করিবে) ॥১০॥

অথ (আর যদি) এতং অপি (ইহাও) কর্তুং (করিতে) অশক্তঃ (অসমর্থ) অসি (হও), ততঃ (তাহা হইলে) মদ্যোগম্ (আমাতে সর্ব্বকর্মার্পণরূপ যোগ) আশ্রিতঃ [সন্] (আশ্রয় করিয়া) যতাত্মবান্ [ভূত্বা] (সংযতচিত্ত হইয়া) সর্ব্বকর্মফলত্যাগং (সমস্ত কর্ম্মের ফলত্যাগ) কুরু (কর) ॥১১॥

হি (যেহেতু) অভ্যাসাৎ (আত্মনিয়োগ চেষ্টা অপেক্ষা) জ্ঞানম্ (সাক্ষাৎ অনুভূতি) শ্রেয়ঃ (শ্রেষ্ঠ), জ্ঞানাৎ (উক্ত জ্ঞান অপেক্ষা) ধ্যানং (আমাতে অভিনিবেশ) বিশিষ্যতে (শ্রেষ্ঠ) ধ্যানাৎ (ধ্যান হইতে) কর্ম-

অভ্যাস-যোগেও যদি তুমি অসমর্থ হও, তবে মৎসম্বন্ধীয় কর্মপরায়ণ হও। আমার প্রীতির উদ্দেশ্যে শ্রবণ কীর্ত্তনাদি যে কোন কর্ম্মের আচরণ করিলেও সিদ্ধি লাভ করিবে ॥১০॥

আর যদি ঐরূপও করিতে না পার, তাহা হইলে তুমি আমাতে সমস্ত কর্মার্পণরূপ যোগ আশ্রয় পূর্ব্বক সংযত চিত্ত হইয়া সকল কর্ম্মফলের চিস্তা পরিত্যাগ কর ॥১১॥

যেহেতু আত্মনিয়োগ চেষ্টা অপেক্ষা আমার চিদনুভূতি শ্রেষ্ঠ, আবার তাহা হইতে আমার অভিনিবেশরূপ ধ্যান শ্রেষ্ঠ; অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্মমো নিরহঙ্কারঃ সমত্রঃখন্তখঃ ক্ষমী ॥১৩॥
সম্ভেষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবৃদ্ধির্যো মন্তক্তঃ স মে প্রিয়ঃ ॥১৪॥

ফলত্যাগঃ [স্থাৎ] (স্বর্গাদি স্থুখ বা মোক্ষের স্পৃহা থাকে না) ত্যাগাৎ অনম্ভরম্ (কর্মফলেবিতৃষ্ণার পরেই) শাস্তিঃ (আমাভিন্ন সমস্ত বিষয়ে ইন্দ্রিয়ের উপরতি)[ভবতি](হইয়া থাকে)॥১২॥

যঃ মদ্ভক্তঃ (আমার যে ভক্ত) সর্ব্বভূতানাং (সকল প্রাণীর প্রতি) অদ্বেষ্টা (দ্বেষশূন্য), মৈত্রঃ (বরং মিত্রভাবাপন্ন), করুণঃ (দীনের প্রতি কুপালু), নির্মান্নঃ (পুত্র কলত্রাদির প্রতি মমতা শূন্য), নিরহঙ্কারঃ (দেহে অহঙ্কার রহিত), সমত্রঃখম্থখঃ (মুখে ও ত্বঃখে নিজের প্রারন্ধ কর্মফল ভাবনা দ্বারা সমদর্শী), ক্ষমী (সহিষ্ণু) সততং (সর্ব্বদা) সদ্ভষ্টঃ (যথা লাভে সস্তোষযুক্ত), যোগী (ভক্তিযোগযুক্ত), যতাত্মা (অলাভেও সংযত চিত্ত), দৃঢ়নিশ্চয়ঃ (অনন্যভক্তিতে স্থির সংকল্প), ময়ি (আমাতে) অর্পিত মনোবুদ্ধিঃ (মন ও বুদ্ধি সমর্পণকারী), সঃ (তিনিই) মে (আমার) প্রিয়ঃ (প্রীতির পাত্র) ॥১৩-১৪॥

ধ্যান হইতে স্বর্গস্থখ বা মোক্ষের কামনা দূর হয়, এবং নিষ্কাম হইলেই বিষয়বিতৃষ্ণারূপ শাস্তি আসিয়া উপস্থিত হয় ॥১২॥

আমার যে ভক্ত, সমস্ত জীবের প্রতি হিংসা বর্জ্জিত, বরং মিত্রতা সম্পন্ন, হীনজনের প্রতিও কুপালু, পুত্রকলত্রাদিতে মমতা শূন্ম, দেহাদিতে অহঙ্কার রহিত, স্থথে তুঃখে সমভাবা-পন্ন, ক্ষমাশীল, সর্বাদা যদৃচ্ছালাভে সম্ভন্ট, ভক্তিযোগযুক্ত, সংযতচিত্ত, অনন্যভক্তিতে দৃঢ়নিশ্চয়, আমাতে যাহার মন ও বুদ্ধি সমর্পিত তিনিই আমার প্রিয় ॥১৩-১৪॥ যশ্মামোদ্বিজতে লোকো লোকামোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্বভয়োদ্বেগৈর্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥১৫॥
অনপেক্ষঃ শুচির্দক্ষ উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী যো মন্তক্তঃ স মে প্রিয়ঃ ॥১৬॥
যো ন হাম্বতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাক্ষতি।
শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ ॥১৭॥

যন্মাৎ (যাহা হইতে) লোকঃ (কোন লোক) ন উদ্বিজতে (উদ্বেগপ্রাপ্ত হন না), যঃ চ (ও যিনি) লোকাৎ (কোন লোক হইতে) ন উদ্বিজতে (উদ্বেগপ্রাপ্ত হন না), যঃ চ (ও যিনি) হর্বামর্যভয়োদ্বেগৈঃ (প্রাকৃত হর্ব, ক্রোধ, ভয় ও উদ্বেগ হইতে) মুক্তঃ (মুক্ত) সঃ (তিনি) মে (আমার) প্রিয়ঃ (প্রিয়) ॥১৫॥ যঃ মম্ভক্তঃ (আমার যে ভক্ত) অনপেক্ষঃ (ব্যবহারিক কার্য্যে অপেক্ষা শৃশ্য) শুচিঃ (বাহাভ্যন্তর শৌচসম্পন্ন) দক্ষঃ (নিপুণ) উদাসীনঃ

্পক্ষপাতশূন্য) গতব্যথঃ (উদ্বেগশূন্য) সর্কারম্ভপরিত্যাগী (ভক্তিপ্রতিকূল নিখিলোন্তমরহিত) সঃ (তিনি) মে (আমার) প্রিয়ঃ (প্রিয়) ॥১৬॥

যঃ (যিনি) ন হায়তি (লোকিক প্রিয়বস্তু লাভে হাষ্ট হন না) ন দ্বেষ্টি (অপ্রিয় বস্তু প্রাপ্তিতেও দ্বেষ করেন না), ন শোচতি (লোকিক প্রিয়বস্তু নাশে শোক করেন না) ন কাজ্ফতি (অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি আকাজ্ফাও

যাহা হইতে লোক সকল উদ্বেগ প্রাপ্ত হয় না, ও যিনি কোন লোক হইতে উদ্বেগ প্রাপ্ত হন না, এবং যিনি প্রাকৃত হর্ষ, ক্রোধ, ভয় ও উদ্বেগ হইতে মুক্ত, তিনিই আমার প্রিয় ॥১৫॥

আমার যে ভক্ত ব্যবহারিক কার্য্যে অপেক্ষাশূন্য ও অনাসক্ত, বাহাভ্যন্তর শৌচসম্পন্ন, নিপুণ, উদ্বেগশূন্য এবং সর্ব্বপ্রকার সকাম উদ্যম রহিত, তিনিই আমার প্রিয় ॥১৬॥

যিনি জাগতিক লাভে হাষ্ট হন না, অপ্রিয় সংযোগে দ্বেষ করেন না, যিনি জাগতিক প্রিয় বস্তু নাশে শোক করেন না,

<u>ত্রয়োদশোঽখ্যায়ঃ</u>

প্রকৃতিপুরুষ-বিবেক-যোগ

অৰ্জ্জুন উবাচ— প্ৰকৃতিং পুৰুষঞ্চৈব ক্ষেত্ৰং ক্ষেত্ৰজ্ঞমেব চ। এতদ্বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ঞ্চ কেশব ॥১॥

শ্রীভগবানুবাচ— ইদং শরীরং কোন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে। এতদ যো বেন্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন কহিলেন) [হে] কেশব (হে কেশব!) [অহং] (আমি) প্রকৃতিং (প্রকৃতি) পুরুষং চ এব (ও পুরুষ) ক্ষেত্রং (ক্ষেত্র) ক্ষেত্রজ্ঞম্ এব চ (এবং ক্ষেত্রজ্ঞ) জ্ঞানং (জ্ঞান) জ্ঞেয়ং চ (ও জ্ঞেয়) এতৎ (এই সমস্ত) বেদিতুম্ (জানিতে) ইচ্ছামি (ইচ্ছা করি) ॥১॥

শ্রীভগবান্ উবাচ শ্রীভগবান্ বলিলেন) [হে] কোন্তেয় (হে কুন্তীনন্দন!) ইদং (এই) শরীরং (শরীর) ক্ষেত্রম্ (ক্ষেত্র) ইতি (এই নাম) অভিধীয়তে (কথিত হয়়), যঃ (যিনি) এতং (এই দেহকে ক্ষেত্র বলিয়া) বেত্তি (জানেন), তং (তাঁহাকে) তদ্বিদঃ (ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের স্বরূপজ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ) ক্ষেত্রজ্ঞঃ ইতি ('ক্ষেত্রজ্ঞ' এই নামে) প্রাহ্থঃ (অভিহিত করেন) ॥২॥

অর্জ্জুন বলিলেন—হে কেশব! আমি প্রকৃতি, পুরুষ, ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ, জ্ঞান ও জ্ঞেয় এই সমস্তের তত্ত্ব জানিতে ইচ্ছা করিতেছি ॥১॥

শ্রীভগবান্ কহিলেন—হে অর্জ্জুন! এই (স্থূল-সূক্ষ্ম) শরীর 'ক্ষেত্র' বলিয়া অভিহিত হয়। আর যিনি এই দেহ সত্তার

ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্বক্ষেত্রেষু ভারত। ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্জ্ঞানং মতং মম ॥৩॥ তৎক্ষেত্রং যচ্চ যাদৃক্ চ যদ্বিকারি যত্রুচ যৎ। স চ যো যৎপ্রভাবশ্চ তৎ সমাসেন মে শৃণু ॥৪॥

[হ] ভারত (হে ভরতবংশোদ্ভব!) অপি (আর) সর্ব্বক্ষেত্রেষু (সমস্ত দেহে) মাং চ (নিয়ন্তারূপে অবস্থিত আমাকেও) ক্ষেত্রজ্ঞং (ক্ষেত্রজ্ঞ বলিয়া) বিদ্ধি (জানিবে), ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞয়োঃ (ক্ষেত্রের সহিত জীবাত্মা ও পরমাত্মার) যৎ (যে) জ্ঞানং (এবস্বিধ স্বরূপ-জ্ঞান) তৎ (তাহাই) জ্ঞানং (জ্ঞান বলিয়া) মম (আমার) মতং (অভিমত) ॥৩॥

তৎ (সেই) ক্ষেত্রং (ক্ষেত্র) যৎ চ (যাহা) যাদৃক্ চ (যেরূপ ধর্মবিশিষ্ট) যৎ বিকারি (যাদৃশ বিকারযুক্ত) যতঃ চ (যাহা হইতে) যৎ (যেরূপ উৎপন্ন) সঃ চ (এবং সেই ক্ষেত্রজ্ঞ) যঃ (যৎস্বরূপ) যৎ প্রভাবঃ চ (ও যেরূপ প্রভাববিশিষ্ট) তৎ (তাহা) মে (আমার নিকট হইতে) সমাসেন (সংক্ষেপে) শৃণু (শ্রবণ কর) ॥৪॥

অনুভবকারী চেতন তাঁহাকেই (জীবাত্মাকেই) তত্ত্বজ্ঞগণ 'ক্ষেত্রজ্ঞ' বলিয়া থাকেন ॥২॥

হে ভারত! আর আমাকেও (অন্তর্যামী পরমাত্মা রূপে) সমস্ত ক্ষেত্রের ক্ষেত্রজ্ঞ বলিয়া জানিবে। ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের (জড় ও জীবাত্মা-পরমাত্মার) যে এই প্রকার যথাযথ তত্ত্বজ্ঞান, তাহাকেই আমি জ্ঞান বলিয়া মনে করি॥৩॥

সেই ক্ষেত্র—যে বস্তু, যাদৃশ ধর্মবিশিষ্ট, যেরূপ বিকারযুক্ত, যাহা হইতে যেরূপে উৎপন্ন, এবং সেই ক্ষেত্রজ্ঞ যে স্বরূপ-বিশিষ্ট ও যেরূপ প্রভাবযুক্ত, সেই সমস্ত সংক্ষেপে আমার নিকট শ্রবণ কর ॥৪॥ শ্বমিভির্বহুথা গীতং ছন্দোভির্বিবিধৈঃ পৃথক্।
ব্রহ্মস্ত্রপদৈশ্চৈব হেতুমন্তির্বিনিশ্চিতৈঃ ॥৫॥
মহাভূতান্মহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ।
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ ॥৬॥
ইচ্ছাদ্বেষঃ স্থখং দুঃখং সংঘাতশ্চেতনা ধৃতিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহতম্॥৭॥

[তৎ] (সেই ক্ষেত্রক্ষেত্রজ্ঞতত্ত্ব) ঋষিভিঃ (ঋষিগণ কর্ত্বক), বিবিধৈঃ (ভিন্ন ভিন্ন) ছন্দোভিঃ (বেদের দ্বারা) হেতুমন্তিঃ চ (যুক্তিযুক্ত) বিনিশ্চিতৈঃ (সিদ্ধান্তপূর্ণ) ব্রহ্মস্ত্রপদৈঃ (বেদান্ত বাক্যসকল দ্বারা) পৃথক্ (পৃথক্ পৃথক্ ভাবে) বহুধা এব (বহু প্রকারেই) গীতং (কীর্ত্তিত ইইয়াছে) ॥৫॥

মহাভূতানি (আকাশাদি পঞ্চমহাভূত) অহঙ্কারঃ (অহঙ্কার) বুদ্ধিঃ (মহত্তত্ত্ব) অব্যক্তম্ এব চ (ও প্রকৃতি) দশ ইন্দ্রিয়াণি (দশ ইন্দ্রিয়) একং চ (ও এক মন) পঞ্চ (পাঁচটি) ইন্দ্রিয়গোচরাঃ (শব্দ স্পর্শাদি ইন্দ্রিয়ের বিষয়); ইচ্ছা (ইচ্ছা), দ্বেষঃ (দ্বেষ) স্থখং (স্থখ) তুঃখং (তুঃখ) সংঘাতঃ (দেহ) চেতনা (জ্ঞানাত্মিকা মনোবৃত্তি) ধৃতিঃ (ধৈর্য্য) সবিকারম্ (জন্মাদি বড়বিকার সহিত) এতং (এই সমস্ত) ক্ষেত্রং (ক্ষেত্র বলিয়া) সমাসেন (সংক্ষেপে) উদাহাতম (কথিত হয়) ॥৬-৭॥

সেই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ তত্ত্ব — ঋষিগণ, বিভিন্ন বেদবাক্য সমূহ এবং যুক্তিপূর্ণ সিদ্ধান্তবিশিষ্ট ব্রহ্মস্থ্রনামক বেদান্ত-বাক্য সমূহ পৃথক্ পৃথক্ ভাবে বহু প্রকারেই বর্ণন করিয়াছেন ॥৫॥

আকাশাদি পঞ্চমহাভূত, অহঙ্কার, মহত্তত্ত্ব, প্রকৃতি, চক্ষু কর্ণাদি পঞ্চজ্ঞানেন্দ্রিয়, মুখ হস্তাদি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, অস্তরিন্দ্রিয় মন, শব্দস্পর্শাদি পাঁচটী ইন্দ্রিয়ের গ্রাহ্য বিষয়; ইচ্ছা, দ্বেষ, স্থখ, তুঃখ,

অমানিত্বমদন্তিত্বমহিংসা ক্ষান্তিরার্জ্জবম্। আচার্য্যোপাসনং শৌচং স্থৈয়াত্মবিনিগ্রহঃ ॥৮॥ ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যমনহঙ্কার এব চ। জন্মমৃত্যুজরাব্যাধি-জঃখদোষামুদর্শনম্॥৯॥

অমানিত্বম্ (মানশূ্লতা), অদম্ভিত্বম্ (গর্বহীনতা), অহিংসা (অহিংসা), ক্ষান্ডিঃ (অপমানাদি সহিষ্ণুতা), আর্জ্জবম্ (সরলতা), আচার্য্যোপাসনং (অকৈতবে সদ্গুরুর সেবা), শৌচং (বাস্থ ও অভ্যন্তরের পবিত্রতা), স্থৈর্য্যম্ (সন্মার্গে অবিচলিত নিষ্ঠা), আত্মবিনিগ্রহঃ (শরীর সংযম), ইন্দ্রিয়ার্থেরু (শব্দাদি ইন্দ্রিয় গ্রান্থ বিষয়ে) বৈরাগ্যম্ (রুচির অভাব), অনহক্ষারঃ এব চ (ও অহঙ্কার শূল্লতা), জন্মমৃত্যুজরাব্যাধি-ত্রঃখানামুদর্শনম্ (জন্ম, মৃত্যু, জরা ও ব্যাধিতে ত্রঃখরূপ দোষের চিন্তুন), পুক্রদারগৃহাদিরু (পুক্র, স্ত্রী ও গৃহাদিতে) অসক্তিঃ (প্রীতিত্যাগ), অনভিষঙ্গঃ (অপরের স্থাথে ব ত্রঃথে অভিনিবেশ রাহিত্য), ইষ্টানিষ্টোপপত্তিরু (অনুকূল বা প্রতিকূল বিষয়ের উপস্থিতিতে) নিত্যং (সর্ব্বদা) সমচিত্তত্বম্ চ (হর্ষবিষাদশূল্লতা), ময়ি চ (এবং আমাতে) অনল্যযোগেন (জ্ঞান, কর্ম্ম, তপল্লা ও যোগ প্রভৃতির অমিশ্রণে) অব্যভিচারিণী (ঐকান্তিকী) ভক্তিঃ (ভক্তি), বিবিক্তদেশসেবিত্বম্ (নির্জ্জন স্থানপ্রিয়তা), জনসংসদি

শরীর, জ্ঞানাত্মিকা মনোবৃত্তি ও ধৈর্য্য,—জন্মাদি ছয়টি বিকারের সহিত—এ সকলই ক্ষেত্র বলিয়া সংক্ষেপে কথিত হয় ॥৬-৭॥

অমানিত্ব, গর্কাহীনত্ব, অহিংসা, সহিষ্ণুতা, সরলতা, গুরু-সেবা, পবিত্রতা, স্থিরতা, আত্মসংযম, ইন্দ্রিয়গ্রাহ্ম বিষয়ে বৈরাগ্য, অহঙ্কার শূ্লতা, জন্মমৃত্যু-জরাব্যাধি প্রভৃতির ছঃখরূপ দোষদর্শন, স্ত্রী-পুত্র ও গৃহাদিতে আসক্তিশূ্লতা, অল্যের স্থথে ও ছঃখে ওদাসীল্য, ইষ্ট ও অনিষ্ট বস্তু সংযোগে সর্কাদা সমচিত্তত্ব, আমাতে অচঞ্চলা ও অবিমিশ্রা ভক্তি, নির্জ্জন প্রিয়তা, লোক- অসক্তিরনভিষদঃ পুজদারগৃহাদিয় ।
নিত্যঞ্চ সমচিত্তত্বমিষ্টানিষ্টোপপত্তিয় ॥১০॥
ময়ি চানন্যযোগেন ভক্তিরব্যভিচারিণী ।
বিবিক্তদেশসেবিত্বমরতির্জনসংসদি ॥১১॥
অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনম্ ।
এতজ্জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোহন্তথা ॥১২॥
জ্ঞোং যত্তৎ প্রবক্ষ্যামি যজ্জ্ঞাত্বামৃতমশ্লুতে ।
অনাদি মৎপরং ব্রহ্ম ন সত্তর্নাসগ্রচ্যতে ॥১৩॥

(প্রাকৃত লোকসঞ্চ্যে) অরতিঃ (অরুচি), অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং (আত্মাদিবিষয়ক জ্ঞানের নিত্য অনুশীলন), তত্বজ্ঞানার্থদর্শনম্ (তত্বজ্ঞানের প্রয়োজন যে মোক্ষ তৎসম্বন্ধে আলোচনা), এতং (এই বিংশতি সংখ্যক) জ্ঞানম্ (জ্ঞানের সাধন) ইতি (ইহা) [ঋষিভিঃ] (ঋষিগণ কর্ত্ত্বক) প্রোক্তম্ (কথিত হইয়াছে), অতঃ (ইহা হইতে) যং (যাহা) অশুথা (বিপরীত) [তং] (তাহাই) অজ্ঞানম্ (অজ্ঞান) ॥৮-১২॥

যৎ (যাহা) জ্ঞেয়ং (জ্ঞানের বিষয়), যৎ (যাহা) জ্ঞাত্বা (জানিয়া) অমৃতং (আমার ভক্তি রূপ অমৃত) অমুতে (লাভ হয়) তৎ (তাহা) প্রবক্ষ্যামি (প্রকৃষ্টরূপে বলিব) তৎ (তাহা) অনাদি (নিত্য) মৎপরং (আমার আশ্রিত তত্ত্ব) ব্রহ্ম ('ব্রহ্ম' শব্দ বাচ্য) ন সৎ (কার্য্যাতীত) ন অসৎ (ও কারণাতীত) উচ্যতে (বলিয়া কথিত হন) ॥১৩॥

সংঘট্টে অরুচি, অধ্যাত্ম-জ্ঞানের নিত্যত্ম-বোধ ও তত্ত্বজ্ঞানের প্রয়োজন উপলব্ধি—ইহাই জ্ঞান বলিয়া উক্ত হইয়াছে। এতদতিরিক্ত সমস্তই অজ্ঞান জানিবে ॥৮-১২॥

যাহা 'জ্ঞেয়' অর্থাৎ জ্ঞাতব্য, যাহা অবগত হইলে আত্মা-রামত্বরূপ অমৃতাস্বাদন অনুভূত হয়—তাহা বলিতেছি। সেই সর্বক পাণিপাদন্তৎ সর্বতোহক্ষিশিরোমুখন । সর্বক শুভিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি ॥১৪॥ সর্বেন্দ্রিয়গুণাভাসং সর্বেন্দ্রিয়বিবর্চ্ছিতন । অসক্তং সর্ববভূচেব নির্গুণং গুণভোক্ত চ ॥১৫॥ বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ । স্ক্র্ম্বান্তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ ॥১৬॥

সর্ব্বতঃ (সর্ব্বত্র) পাণিপাদং (হস্তপদবিশিষ্ট) সর্ব্বতঃ (সর্ব্বত্র) অক্ষিশিরোমুখম্ (চক্ষু, মস্তব্ব ও মুখবিশিষ্ট) সর্ব্বতঃ শ্রুতিমৎ (সর্ব্বত্র কর্ণ বিশিষ্ট) তৎ (তিনি) লোকে (জগতে) সর্ব্বম্ (সমস্ত বস্তুকে) আর্ত্য (ব্যাপিয়া) তিষ্ঠতি (অবস্থিত রহিয়াছেন) ॥১৪॥

সর্ব্বেন্দ্রিয়-গুণাভাসং (সমস্ত ইন্দ্রিয় ও তাহাদের গুণ শব্দাদির সহিত বিরাজমান) [তদপি] (তাহা হইলেও) সর্ব্বেন্দ্রিয়-বিবর্জ্জিতম্ (প্রাকৃত ইন্দ্রিয়রহিত), অসক্তং (আসক্তিশূন্ম) সর্ব্বভৃৎ চ (শ্রীবিষ্ণুস্বরূপে সকলের পালক), নির্গুণং (সত্বাদি প্রাকৃত গুণাতীত) গুণভোক্ত চ এব (এবং ব্রিগুণাতীত 'ভগ' শব্দবাচ্য ঐশ্বর্য্যাদি বডগুণেরই আস্বাদক) ॥১৫॥

তৎ (সেই তত্ত্ব) ভূতানাং (সর্ব্বভূতের) বহিঃ (বাহিরে) অন্তঃ চ (ও অন্তরে অবস্থিত), অচরং (স্থাবর) চরম্ এব চ (এবং জঙ্গম), তৎ (তিনি) জ্ঞেয় বস্তু অনাদি অর্থাৎ সনাতন, মৎপর অর্থাৎ আমার আশ্রিত ও সদসদনির্ব্বচনীয় 'ব্রহ্ম' — এই নামে অভিহিত হন ॥১৩॥

সর্ব্বত্র হস্তপদবিশিষ্ট, সর্ব্বত্র চক্ষু, মস্তক ও মুখসংযুক্ত এবং সর্ব্বত্র কর্ণাদি বিশিষ্ট হইয়া ব্রহ্মাণ্ডস্থ সমস্ত বস্তুকে সম্যক্ ব্যাপিয়া (প্রমাত্মারূপে) তিনি বিরাজমান ॥১৪॥

সেই বৃহত্তত্ত্ব সমস্ত ইন্দ্রিয় ও তংবিষয় প্রকাশক হইলেও জড়েন্দ্রিয় রহিত, অনাসক্ত হইয়াও (শ্রীবিষ্ণুরূপে) সকলের পালক এবং ত্রিগুণাতীত হইয়াও গুণাত্মিকা প্রকৃতির সেব্য ॥১৫॥

অবিভক্তঞ্চ ভূতেরু বিভক্তমিব চ স্থিতম্। ভূতভর্ত্ত্ চ তজ্জেরং প্রসিষ্ণু প্রভবিষ্ণু চ ॥১৭॥ জ্যোতিবামপি তজ্জোতিস্তমসঃ পরমুচ্যতে। জ্ঞানং জ্ঞেরং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্থা ধিষ্ঠিতম্ ॥১৮॥

স্ক্ষ্মত্বাৎ (প্রাকৃত রূপাদি শূগ্রত্ব হেতু) অবিজ্ঞেয়ং (ইহাই সেই বস্তু এইরূপ স্পষ্ট জ্ঞানের অযোগ্য) দূরস্থং (অজ্ঞজনের পক্ষে দূরস্থিত) অস্তিকে চ (বিদ্বান্গণের সম্বন্ধে নিকটে অবস্থিত) ॥১৬॥

তৎ (তিনি) ভূতেষু (পরস্পর ভিন্ন জীব সমূহে) অবিভক্তং চ (এক হইয়াও) বিভক্তম্ ইব চ (ভিন্ন ভিন্ন বলিয়া) স্থিতম্ (প্রতীত হন), [তৎ এব] (তিনিই) ভূতভর্ত্ব্ (শ্রীনারায়ণ স্বরূপে প্রাণি সমূহের পালক) গ্রসিষ্ণু চ (প্রলয়কালে সংহারক) প্রভবিষ্ণু চ (এবং স্থিতিকালে স্ষষ্টিকর্ত্তা বলিয়া) জ্ঞেয়ম (জ্ঞাতব্য) ॥১৭॥

তৎ (তিনি) জ্যোতিষাম্ অপি (জ্যোতিষ্কগণের) জ্যোতিঃ (প্রকাশক) তমসঃ (অজ্ঞানের) পরম্ (অতীত বলিয়া) উচ্চাতে (কথিত হন)। [তৎ এব]

সেই তত্ত্ব সমস্ত ভূতের অস্তরে ও বাহিরে বর্ত্তমান, উহাই (শক্তি পরিণামে) চরাচর জগৎ, উহা অতি স্কন্ম বলিয়া প্রাকৃত বিজ্ঞানের অগোচর এবং বহু দূরবর্ত্তী অথচ অতি নিকটেই অবস্থিত ॥১৬॥

তিনি এক অখণ্ডতত্ত্ব হইয়াও সর্ব্বভূতে খণ্ডের ন্থায় অবস্থিত অর্থাৎ তিনি প্রত্যেক জীবাত্মার সহিত ব্যষ্টিপুরুষরূপে অবস্থিত হইয়াও সর্ব্বভূতের অন্তর্যামী এক অখণ্ড বিরাট্ সমষ্টিস্বরূপ পরমেশ্বর । তিনিই (শ্রীনারায়ণ স্বরূপে) জীবগণের পালক ও প্রলয়োৎপত্তিকারক বলিয়া কথিত হন ॥১৭॥

তিনি জ্যোতিষ্কগণেরও প্রকাশক এবং অন্ধকারেরও অতীত অব্যক্ত বলিয়া কথিত হন। তিনিই জ্ঞান ও জ্ঞেয়তত্ত্ব, এবং

ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ। মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপত্যতে ॥১৯॥ প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধানাদী উভাবপি। বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্॥২০॥

(তিনিই) জ্ঞানং (বুদ্ধিবৃত্তিতে অভিব্যক্ত জ্ঞান), জ্ঞেয়ং (রূপাদির আকারে পরিণত জ্ঞয়), জ্ঞানগম্যং (অমানিত্বাদি জ্ঞানের সাধন দ্বারা প্রাপ্য), সর্ব্বস্থ (সকলের) হৃদি (হৃদয়ে) ধিষ্ঠিতম (পরমাত্মাস্বরূপে অবস্থিত) ॥১৮॥

ইতি (এই) ক্ষেত্রং (মহাভূতাদি ধৃতি পর্য্যন্ত ক্ষেত্র) তথা জ্ঞানং (এবং অমানিত্বাদি তত্বজ্ঞানার্থ দর্শন পর্যান্ত জ্ঞান) জ্ঞেয়ং চ (ও অনাদি হইতে ধিষ্ঠিত পর্য্যন্ত ব্রহ্ম, ভগবান্ ও পরমাত্মা শব্দবাচ্য জ্ঞেয় ও জ্ঞানগম্য তত্ত্ব) সমাসতঃ (সংক্ষেপে) উক্তং (কথিত হইল)। মন্তক্তঃ (আমার ভক্ত) এতং (ইহা) বিজ্ঞায় (বিদিত হইয়া) মন্তাবায় (আমার প্রতি প্রেম ভক্তি লাভের) উপপদ্যতে (যোগ্য হন) ॥১৯॥

প্রকৃতিং (প্রকৃতি অর্থাৎ মায়া) পুরুষং চ (ও ক্ষেত্রজ্ঞ শব্দবাচ্য জীবাত্মা) উতে অপি (উভয়কেই) অনাদী এব (অনাদি বলিয়াই) বিদ্ধি (জানিবে), বিকারান্ চ (এবং দেহ ও ইন্দ্রিয়াদি-বিকার সকল) গুণান্ চ (ও গুণ পরিণাম স্থুখ, ছঃখ, শোক, মোহাদিকে) প্রকৃতি সম্ভবান্ এব (প্রকৃতি হইতে উদ্ভূত বলিয়াই) বিদ্ধি (জানিবে) ॥২০॥

অমানিত্বাদি জ্ঞানসাধ্য, তিনিই সকলের হৃদয়ে পরমাত্মাস্বরূপে অবস্থিত রহিয়াছেন ॥১৮॥

এইরূপে 'ক্ষেত্র', 'জ্ঞান' ও (ব্রহ্ম, প্রমাত্মা ও ভগবান্ শব্দবাচ্য) 'জ্ঞেয়' তত্ত্ব সংক্ষেপে বলা হইল। আমার ভক্তগণ এই সমস্ত বিশেষভাবে অবগত হইয়া আমার (প্রতি নিরুপাধিক) ভাবময় ভজনের যোগ্য হন ॥১৯॥

প্রকৃতি (মায়া) ও পুরুষ (জীবাত্মা) উভয়কেই অনাদি বলিয়া জানিও, এবং দেহ ও ইন্দ্রিয়াদি বিকার সকল ও গুণ পরিণাম কার্য্যকারণকর্ত্ত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ স্থপত্বঃখানাং ভোকৃত্বে হেতুরুচ্যতে ॥২১॥
পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙ্ক্তে প্রকৃতিজ্ঞান্ গুণান্।
কারণং গুণসঙ্গোহস্য সদসদ্যোনিজন্মস্থ ॥২২॥

কার্য্য-কারণ-কর্ত্ত্বে (কার্য্য শরীর, কারণ ইন্দ্রিয়গণ এবং কর্ত্ত। ইন্দ্রিয়াধিষ্ঠাত দেবতা সমূহের তদাকারে পরিণতি বিষয়ে) প্রকৃতিঃ (পুরুষাধিষ্ঠিতা প্রকৃতিই) হেতুঃ (কর্ত্তা বলিয়া) উচ্যতে (কথিত হয়)। পুরুষঃ (জীব) স্থখতুঃখানাং (স্থখ ও তুঃখের) ভোকৃত্বে (ভোগবিষয়ে) হেতুঃ (কর্ত্তা বলিয়া) উচ্যতে (কথিত হয়)॥২১॥

পুরুষঃ (জীব) প্রকৃতিস্থঃ হি (প্রকৃতির কার্য্যরূপ দেহে অধিষ্ঠিত বলিয়াই) প্রকৃতিজান (প্রকৃতিজাত) গুণান (মুখ তুঃখাদি বিষয় সমূহ) ভূঙ্ক্তে (ভোগ করে) । গুণসঙ্গঃ (গুণময় দেহ ও ইন্দ্রিয়াদিতে আসক্তিই) অস্থ্য (এই পুরুষের) সদসদ্যোনিজন্মস্থ (দেবাদি ও পশ্বাদি যোনিতে জন্মের) কারণং (কারণ) [ভবতি] (ইইয়া থাকে) ॥২২॥

স্থুখত্বঃখ শোকমোহাদিকে প্রকৃতি হইতে উৎপন্ন বলিয়াই জানিবে ॥২০॥

কার্য্য — শরীর; কারণ — ইন্দ্রিয়গণ; ইহাদের কর্তৃত্বে প্রকৃতিই হেতু বলিয়া উক্ত হইয়াছে এবং স্থখ ও তুঃখের ভোগ বিষয়ে (বদ্ধ) জীবকেই হেতু বলা হইয়াছে ॥২১॥

পুরুষ প্রকৃতির বশীভূত হইয়াই প্রকৃতিজাত স্থখচুঃখাদি ভোগ করে । প্রাকৃত গুণে আসক্তিই তাহার উত্তমাধম যোনিতে পুনঃ পুনঃ জন্মলাভের কারণ ॥২২॥ উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেহস্মিন্ পুরুষঃ পরঃ ॥২৩॥
য এবং বেত্তি পুরুষং প্রকৃতিঞ্চ শুণৈঃ সহ।
সর্ব্বথা বর্ত্তমানোহপি ন স ভূয়োহভিজায়তে ॥২৪॥
ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাংখ্যেন যোগেন কর্মযোগেন চাপরে ॥২৫॥

অস্মিন্ (এই) দেহে (শরীরে) পরঃ (জীব ভিন্ন) পুরুষঃ (পরম পুরুষ) উপদ্রষ্টা (জীবের সমীপে পৃথক্ অবস্থান পূর্ব্বক সাক্ষী) অনুমন্তা (অনুমোদনকারী) ভর্তা (ধারক) ভোক্তা (পালক) মহেশ্বরঃ (অধিপতি) পরমাত্মা (অস্তর্যামী পরমাত্মা) ইতি চ অপি (এইরূপও) উক্তঃ (কথিত হন) ॥২৩॥

যঃ (যিনি) এবং (এই প্রকারে) পুরুষং (পুরুষ ও পুরুষোত্তম) গুণৈঃ সহ (এবং স্থুখ চুঃখাদি পরিণামের সহিত) প্রকৃতিং চ (মায়াশক্তি ও জীবশক্তিকে) বেন্ডি (জানেন), সঃ (তিনি) সর্ব্বথা (যে কোন অবস্থায়) বর্ত্তমানঃ অপি (বর্ত্তমান থাকিয়াও) ভূয়ঃ (পুনরায়) ন অভিজায়তে (জন্মগ্রহণ করেন না) ॥২৪॥

কেচিৎ (কেহ কেহ) ধ্যানেন (চিদমুভূতিতে) আত্মনি [স্থিতং] (স্বহাদয়ে অবস্থিত) আত্মানম্ (পরমাত্মাকে) আত্মনা (স্বয়ংই) পশ্যস্তি

এই দেহে (জীব হইতে পৃথক্তত্ত্ব) পরম পুরুষ—জীবের সমীপে সাক্ষী, অনুমোদনকারী, ধারক, পালক ও মহেশ্বর স্বরূপে অবস্থিত হইয়া পরমাত্মা প্রভৃতি নামেও কথিত হইয়া থাকেন ॥২৩॥

যিনি এই প্রকারে গুণময়ী প্রকৃতি ও পুরুষ-পুরুষোত্তম (জীবাত্মা-পরমাত্মা) তত্ত্ব অবগত হন, তিনি যে কোন অবস্থায় থাকিয়াও পুনর্জন্ম প্রাপ্ত হন না ॥২৪॥

অন্মে ত্বেমজানম্ভঃ শ্রুত্বান্মেভ্য উপাসতে। তেহপি চাতিতরম্ভ্যেব মৃত্যুং শ্রুতিপরায়ণাঃ ॥২৬॥ যাবৎ সংজায়তে কিঞ্চিৎ সন্ত্বং স্থাবরজঙ্গমম্। ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাতদ্বিদ্ধি ভরতর্বভ ॥২৭॥

(দর্শন করেন), অন্তে (অপর কেহ কেহ) সাংখ্যেন (আত্মানাত্মবিবেক দ্বারা), অপরে (অন্ত কেহ কেহ) যোগেন (অস্টাঙ্গ যোগ দ্বারা), কর্মযোগেন চ (অথবা নিষ্কাম কর্মযোগ দ্বারা), অন্তে তু (আবার অপর কেহ কেহ) এবম্ (এই সকল উপায়) অজানন্তঃ (না জানিয়া) অন্তেভ্যঃ (অন্তে নিকট) শ্রুত্বা (শুনিয়া) উপাসতে (অনুরূপ উপাসনা করেন), তে অপি (তাহারাও) শ্রুতিপরায়ণাঃ [সন্তঃ] (তাদৃশ উপদেশ শ্রবণে নিষ্ঠাযুক্ত হইয়া) মৃত্যুং (মৃত্যুময় সংসারকে) অতিতরন্তি এব (নিশ্চয়ই অতিক্রম করিয়া থাকেন) ॥২৫-২৬॥

[হে] ভরতর্যভ (হে ভরতশ্রেষ্ঠ!) যাবৎ কিঞ্চিৎ (যাহা কিছু) স্থাবরজঙ্গমম (স্থাবর ও জঙ্গম) সত্ত্বং (প্রাণী) সংজায়তে (উৎপন্ন হয়), তৎ (সেই সমস্তই) ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাৎ (ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের সংযোগ হইতে জাত বলিয়া) বিদ্ধি (জানিও)॥২৭॥

েকেহ কেহ স্বহাদয়ে অবস্থিত পরমাত্মাকে স্বয়ংই শুদ্ধচিদমু-ভূতিতে দর্শন করেন, কেহ কেহ আত্মানাত্মবিবেক দ্বারা এবং কেহ অষ্টাঙ্গযোগ দ্বারা অথবা নিষ্কাম কর্মযোগ দ্বারা, আবার অপর কেহ এই সমস্ত উপায় না জানিয়া অন্যের নিকট প্রবণ পূর্ব্বক তদমূরূপ উপাসনা করেন; তাহারা সকলেই শ্রদ্ধালু হইয়া শ্রোত উপদেশ শ্রবণে মৃত্যুময় এই সংসারকে স্থনিশ্চিত অতিক্রম করিয়া থাকেন ॥২৫-২৬॥

সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্। বিনশ্যৎস্ববিনশান্তং যঃ পশাতি স পশাতি ॥২৮॥ সমং পশান্ হি সর্ব্বত্র সমবস্থিতমীশ্বরম্। ন হিনস্তাত্মনাত্মানং ততো যাতি পরাং গতিম্॥২৯॥

সর্কেষু ভূতেষু (ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত সকল প্রাণীতে) সমং (সমান ভাবে) তিষ্ঠন্তং (অবস্থিত), বিনশ্যৎস্থ (এবং বিনাশশীল বস্তুর মধ্যে) অবিনশ্যন্তং (অবিনাশী) পরমেশ্বরম্ (পরমাত্মা রূপ পরমেশ্বরকে) যঃ (যিনি) পশ্যতি (দেখেন), সঃ (তিনিই) পশ্যতি (যথার্থ দর্শন করেন) ॥২৮॥

হি (যেহেতু) [সঃ] (তিনি) সর্ব্বত্র (সর্ব্বভূতে) সমং (সমভাবে) সমবস্থিতম্ (ও পূর্ণভাবে বিরাজমান) ঈশ্বরম্ (পরমেশ্বরকে) পশ্যন্ (দেখিয়া) আত্মনা (ছ্রষ্ট স্বভাব দ্বারা) আত্মানং (জীবাত্মাকে) ন হিনস্তি (অধঃপাতিত করেন না), ততঃ (অতএব) পরাং গতিম্ (উত্তমাগতি) যাতি (প্রাপ্ত হন) ॥২৯॥

হে ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন! জগতে স্থাবর ও জঙ্গম যত কিছু পদার্থ উৎপন্ন হয়, তৎসমুদয়ই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের সংযোগ হইতে জাত জানিও ॥২৭॥

ব্রহ্মাদি স্থাবর পর্য্যস্ত সমস্ত প্রাণীতে সমভাবে অবস্থিত— বিনশ্বর বস্তুর মধ্যে থাকিয়াও অবিনশ্বর-স্বরূপ (পরমাত্মারূপ) পরমেশ্বরকে যিনি দর্শন করেন তিনিই (যথার্থ) দর্শন করেন॥২৮॥

এইরাপে সর্ব্বত্র (পক্ষপাত শূস্ম) সমভাব ও পূর্ণাধিকারে ঐশ্বরিক অধিষ্ঠান দর্শনকারী—ছুষ্ট স্বভাব দ্বারা নিজ অধঃপাত না ঘটাইয়া পরমগতি প্রাপ্ত হন ॥২৯॥ প্রকৃত্যৈব চ কর্মাণি ক্রিয়মাণানি সর্ব্বশঃ। যঃ পশ্যতি তথাত্মানমকর্ত্তারং স পশ্যতি ॥৩০॥ যদা ভূতপৃথগ্ভাবমেকস্থমন্ত্রপশ্যতি। তত এব চ বিস্তারং ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥৩১॥

যঃ (যিনি) সর্বাশঃ (সমুদয়) কর্মাণি (কর্ম) প্রকৃত্যা এব (দেহেন্দ্রিয়াদি আকারে পরিণতা প্রকৃতি কর্ত্কই) ক্রিয়মাণানি (অনুষ্ঠিত হইতেছে), তথা (এইরূপ) পশ্যতি (দেখেন), সঃ (তিনি) আত্মানম্ (শুদ্ধাত্মাস্বরূপ নিজেকে—জীবাত্মাকে) অকর্ত্তারং (অকর্ত্তা) পশ্যতি (দর্শন করেন) ॥৩০॥

যদা (যখন) [সঃ] (তাদৃশ দ্রষ্টা) ভূতপৃথগ্ভাবম্ (স্থাবরজঙ্গমাত্মক ভূত সমূহের সেই সেই পার্থক্য) একস্থম্ (একমাত্র প্রকৃতিতেই অবস্থিত) ততঃ এব চ (এবং সেই প্রকৃতি হইতেই) [ভূতানাং] বিস্তারং (ভূতগণের বিস্তৃতি) অনুপশ্যতি (জানিতে পারেন), তদা (তখন) ব্রহ্ম সম্পদ্যতে (ব্রহ্মস্বরূপ অনুভব করেন) ॥৩১॥

যিনি (দেহ ও ইন্দ্রিয়াদিরূপে পরিণত) প্রকৃতি কর্ত্বকই সর্ব্ব-প্রকারে সমস্ত কর্ম অনুষ্ঠিত হইতেছে এইরূপ দর্শন করেন, তিনিই শুদ্ধাত্ম-স্বরূপ নিজেকে অকর্ত্তা দর্শন করেন অর্থাৎ শুদ্ধাত্মা জড়ধর্মী নহেন—ইহা অনুভব করেন॥৩০॥

যখন বিবেকী পুরুষ, প্রাণিমাত্রের তত্তৎ জড়ীয় পার্থক্য মূলতঃ একমাত্র প্রকৃতিতেই (ক্ষেত্রত্বে) অবস্থিত ও (স্বষ্টি সময়ে) সেই প্রকৃতি হইতেই আবার তাহাদের বিস্তৃতি—ইহা বুঝিতে পারেন, তখন তিনি (প্রকৃতির আপেক্ষিকতায়) ক্ষেত্রজ্ঞসাম্য দর্শনে ব্রহ্ম-স্বরূপতা অন্থভব করেন॥৩১॥

অনাদিত্বান্নির্গুণত্বাৎ পরমাত্মায়মব্যয়ঃ।
শরীরস্থোহপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে ॥৩২॥
যথা সর্ব্বগতং সৌক্ষ্মাদাকাশং নোপলিপ্যতে।
সর্ব্বত্রাবস্থিতো দেহে তথাত্মা নোপলিপ্যতে॥৩৩॥
যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্কং লোকমিমং রবিঃ।
ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্কং প্রকাশয়তি ভারত॥৩৪॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীপুত্র!) অনাদিত্বাৎ (অনাদিত্ব) নির্গুণত্বাৎ (ও গুণ সম্বন্ধ রাহিত্য হেতু) অয়ম্ (এই) অব্যয়ঃ (নিত্যপূর্ণ) পরমাত্মা (পরমাত্মা) শরীরস্থঃ অপি (দেহ মধ্যে থাকিয়াও) [জীববৎ] ন করোতি (কোন কর্ম্ম করেন না) ন লিপ্যতে (এবং ক্ষেত্রধর্ম্মে লিপ্ত হন না) ॥৩২॥

যথা (যেমন) সর্ব্ধগতং (সর্ব্ধত্র অবস্থিত) আকাশং (আকাশ) সৌক্ষ্মাৎ (স্কন্ধতাহেতু) ন উপলিপ্যতে (উপলিপ্ত হয় না) তথা (সেই-রূপ) সর্ব্বত্র (সর্ব্বস্থান ব্যাপিয়া) দেহে (দেহ মধ্যে) অবস্থিতঃ (অবস্থিত) আত্মা (জীবাত্মাও) ন উপলিপ্যতে (দেহ ধর্ম্মে লিপ্ত হন না) ॥৩৩॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) যথা (যেমন) একঃ (এক) রবিঃ (স্র্য্য) ইমং (এই) কৃৎস্নং (সমগ্র) লোকম্ (জগৎকে) প্রকাশয়তি (প্রকাশ

হে অর্জ্জুন! অনাদি, গুণাতীত ও নিত্যপূর্ণ স্বভাবহেতু এই পরমাত্মা দেহমধ্যে (জীবাত্মার সহিত) অবস্থিত থাকিয়াও (বদ্ধজীবের মত) কোন কর্ম্ম করেন না বা ক্ষেত্রধর্ম্মে লিপ্তও হন না ॥৩২॥

যেমন সর্বব্যাপী আকাশ (পঙ্কাদি) সর্ববিধ বস্তুতে থাকিয়াও স্কুষ্মত্বতেতু কাহারও সহিত লিপ্ত হয় না, তদ্রূপ দেহের সর্ব্বস্থান ব্যাপিয়া অবস্থিত বিবেকী জীবাত্মাও দেহধর্ম্মে লিপ্ত হন না ॥৩৩॥

ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরেবমম্ভরং জ্ঞানচক্ষুষা। ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিচুর্যান্তি তে পরম্॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাণি
শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ ব্রহ্মবিত্যায়াং যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে প্রকৃতিপুক্রষ-বিবেক-যোগো
নাম ত্রয়োদশোহধ্যায়ঃ ॥১৩॥

করেন), তথা (সেইরূপ) ক্ষেত্রী (পরমাত্মা ও জীবাত্মা) কুৎস্নং (সমস্ত) ক্ষেত্রং (ক্ষেত্রকে) প্রকাশয়তি (প্রকাশিত করেন) ॥৩৪॥

যে (যাঁহারা) এবং (উক্ত প্রকারে) ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ (ক্ষেত্রসহ ক্ষেত্রজ্ঞ-দ্বয়ের) অন্তবং (ভেদ) ভূতপ্রকৃতিমোক্ষং চ (এবং ভূতগণের প্রকৃতি হইতে মোক্ষের উপায়) জ্ঞানচক্ষুষা (জ্ঞান-চক্ষু দ্বারা) বিত্নঃ (জ্ঞানিতে পারেন), তে (তাঁহারা) পরম (পরমপদ) যান্তি (প্রাপ্ত হন) ॥৩৫॥

ইতি ত্রয়োদশ অধ্যায়ের অন্বয় সমাপ্ত॥

হে ভারত! এক স্থ্য্য যেমন সমগ্র জগৎকে প্রকাশ করেন, তদ্রূপ ক্ষেত্রজ্ঞ পরমাত্মা সমগ্র জগৎকে (জীবাত্মাদিকেও) এবং ক্ষেত্রজ্ঞ জীবাত্মা সমস্ত দেহাদিকে প্রকাশিত করেন ॥৩৪॥

যাঁহারা এইরূপে ক্ষেত্রের সহিত ক্ষেত্রজ্ঞদ্বয়ের পার্থক্য এবং জীবগণের প্রকৃতি হইতে মোক্ষের উপায় — জ্ঞানদৃষ্টি দ্বারা অবগত হন, তাঁহারাই প্রমপদ লাভ করেন॥৩৫॥

ইতি ত্রয়োদশ অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত॥



চতুর্দ্দশো২খ্যায়ঃ

গুণত্রয়-বিভাগ-যোগ

শ্রীভগবানুবাচ—

পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি জ্ঞানানাং জ্ঞানমুত্তমম্ । যজ্জাত্বা মুনয়ঃ সর্ব্বে পরাং সিদ্ধিমিতো গতাঃ ॥১॥ ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্যমাগতাঃ । সর্গেহপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথস্তি চ ॥২॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) জ্ঞানানাং (জ্ঞান সাধন সমূহের মধ্যে) পরং (অতি) উত্তমম্ (উত্তম) জ্ঞানম্ (উপদেশ) ভূয়ঃ (পুনর্কার) প্রবক্ষ্যামি (বলিব), যৎ (যাহা) জ্ঞাত্বা (অবগত হইয়া) সর্কে (সকল) মুনয়ঃ (মুনিগণ) ইতঃ (এই দেহবন্ধন হইতে) পরাং (পরম) সিদ্ধিং (সিদ্ধি) গতাঃ (লাভ করিয়াছেন) ॥১॥

ইদং (এই) জ্ঞানম্ (জ্ঞান) উপাশ্রিত্য (আশ্রয় করিয়া) [জীবঃ] (জীব) মম (আমার) সাধর্ম্ম্যম্ (সারূপ্য ধর্ম্ম) আগতাঃ [সন্তঃ] (প্রাপ্ত হইয়া) সর্গে অপি (বিশ্ব স্ষষ্ট্রিকালেও) ন উপজায়ন্তে (উৎপন্ন হয় না) প্রলয়ে চ (এবং প্রলয়কালেও) ন ব্যথন্তি (বিনাশ ব্যথা অনুভব করে না) ॥২॥

শ্রীভগবান্ কহিলেন—অতঃপর জ্ঞানসাধন সমূহের মধ্যে অতি উত্তম জ্ঞান পুনরায় তোমাকে বলিব, যাহা জানিয়া মুনি-সমূহ এই জগৎ হইতে প্রমসিদ্ধি লাভ করিয়াছেন ॥১॥

এই জ্ঞানকে আশ্রয় করিয়া (বহুলাংশে) আমার সহিত সমধর্মী জীব বিশ্বস্ষ্টিকালেও উৎপন্ন হয় না এবং প্রলয়েও বিনাশ ব্যথা অনুভব করে না ॥২॥ মম যোনির্মহন্ত্রন্ধ তিমিন্ গর্ভং দখাম্যহম্।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত ॥৩॥
সর্ব্বযোনির কৌন্তেয় মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্যোনিরহং বীজপ্রদঃ পিতা ॥৪॥
সন্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
নিবপ্পত্তি মহাবাহো দেহে দেহিন্মব্যয়ম্॥৫॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) মহৎ ব্রহ্ম (দেশ বা কালের দ্বারা অবিভক্ত ব্রিগুণাত্মিকা প্রকৃতি) মম (আমার) যোনিঃ (গর্ভাধানের স্থান), তস্মিন্ (তাহাতেই) গর্ভং [তটস্থাশক্তি জাত] (জীবরূপ বীজ) অহং (আমি) দধামি (অর্পণ করি), ততঃ (তাহা হইতে) সর্ব্বভূতানাং (সকল জীবের) সম্ভবঃ (উৎপত্তি) ভবতি (হয়) ॥৩॥

[হে] কোন্তেয় (হে কুন্তীপুত্র!) সর্ব্বযোনিষু (দেব মন্তুয়াদি সকল যোনিতে) যাঃ (যে সকল) মূর্ত্তয়ঃ (শরীর) সন্তবন্তি (উৎপন্ন হয়), তাসাং (তাহাদিগের) মহৎ ব্রহ্ম (ব্রহ্মরূপা প্রকৃতিই) যোনিঃ (প্রস্থৃতি) অহং (আমি) বীজপ্রদঃ (গর্ভাধান কর্ত্তা) পিতা (পিতা) ॥৪॥

[হে] মহাবাহো (হে মহাবীর!) প্রকৃতি সম্ভবাঃ (প্রকৃতি হইতে অভিব্যক্ত) সম্বং রজঃ তমঃ ইতি (সম্ব, রজঃ ও তমঃ এই তিনটী) গুণাঃ

হে ভারত! প্রধান সংজ্ঞক প্রকৃতি আমার গর্ভাধানের স্থান, তাহাতেই আমি (তটস্থাশক্তিজাত জীবরূপ) বীজ নিক্ষেপ করি। তাহা হইতে ব্রহ্মাদি সমস্ত জীবের জন্ম হয় ॥৩॥

হে কৌন্তেয়! দেব মন্থাাদি সমস্ত যোনিতে যে সকল দেহ উৎপন্ন হয়, ব্রহ্মরূপা প্রকৃতিই তাহাদের প্রস্থৃতি এবং আমিই (কারণ-চৈতন্ম) গর্ভাধানকারী পিতা ॥৪॥

তত্র সন্ত্বং নির্মালতাৎ প্রকাশকমনাময়ম্। স্থপক্ষেন বগ্গাতি জ্ঞানসঙ্গেন চানঘ ॥৬॥ রজ্যে রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্। তন্নিবগ্গাতি কোন্তেয় কর্মসঙ্গেন দেহিনম্॥৭॥

(গুণ) দেহে (জড়দেহ মধ্যে) অব্যয়ম্ (নির্ব্বিকার) দেহিনম্ (জীবাত্মাকে) নিবধ্বস্তি (স্থখ তুঃখ মোহাদি দ্বারা সংযুক্ত করে)॥৫॥

[হে] অনঘ (হে নিষ্পাপ!) তত্র (সেই গুণত্রয়ের মধ্যে) নির্ম্মলত্বাৎ (স্বচ্ছতা হেতু) প্রকাশকম্ (বস্তুর স্বরূপ প্রকাশকারী) অনাময়ম্ (ও শাস্ত সভাব) সত্ত্বং (সত্বগুণই) স্থখসঙ্গেন (স্থখাসক্তি) জ্ঞানসঙ্গেন চ (ও জ্ঞানাসক্তি দ্বারা) [জীবং] (জীবাত্মাকে) বগ্গাতি (আবদ্ধ করে) ॥৬॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীপুত্র!) রজঃ (রজোগুণকে) রাগাত্মকং (ভোগানুরাগস্বরূপ) তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্ (অপ্রাপ্ত বিষয়ে অভিলাষ ও প্রাপ্ত বিষয়ে আসক্তির উৎপাদক) বিদ্ধি (জানিবে), তৎ (সেই রজোগুণ) দেহিনম্ (জীবকে) কর্ম্মসঙ্গেন (কর্ম্মাসক্তি দ্বারা) নিবগ্গাতি (নিবদ্ধ করে) ॥৭॥

হে মহাবীর অর্জ্জুন! প্রকৃতি হইতে প্রকৃতিত সত্ত্ব, রজঃ ও তমঃ এই গ্রণত্রয় জড়দেহমধ্যে অবস্থিত অব্যয় চিৎস্বরূপ জীবাত্মাকে স্থখ-তুঃখ মোহাদি দ্বারা বন্ধন করে॥৫॥

হে নিষ্পাপ! সেই গুণত্রয়ের মধ্যে অপেক্ষাকৃত নির্ম্মলতা প্রযুক্ত বস্তুর স্বরূপ প্রকাশক ও শাস্ত স্বভাব সত্বগুণই স্থখাসক্তি ও জ্ঞানাসক্তি দ্বারা দেহমধ্যে জীবাত্মাকে আবদ্ধ করে॥৬॥

হে কুন্তীপুত্র! রজোগুণকে ভোগান্থরাগস্বরূপ জানিবে। অপ্রাপ্ত বিষয়ে অভিলাষ ও প্রাপ্তবিষয়ে আসক্তির উৎপাদক সেই রজোগুণ কর্ম্মাসক্তি দারা জীবাত্মাকে আবদ্ধ করে॥৭॥ তমস্ত্রজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্। প্রমাদালস্থানিদ্রাভিস্তন্ত্রিবশ্বাতি ভারত ॥৮॥ সত্ত্বং স্থাখে সঞ্জয়তি রজঃ কর্মাণি ভারত। জ্ঞানমাবৃত্য তু তমঃ প্রমাদে সঞ্জয়ত্যুত ॥৯॥ রজ্ঞসম্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত। রজঃ সত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজ্ঞপ্রথা॥১০॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) তমঃ তু (আর তমোগুণ) অঞ্জানজং (অজ্ঞান হইতে জাত) সর্ব্বদেহিনাম্ (সকল জীবের) মোহনং (ভ্রান্তির জনক) বিদ্ধি (জানিবে), তৎ (সেই তমোগুণ)[জীবং] (জীবাত্মাকে) প্রমাদালস্থ-নিদ্রাভিঃ (অনবধান, আলস্থ্র ও নিদ্রা দ্বারা) নিবধ্নাতি (আবদ্ধ করে)॥৮॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) সত্ত্বং (সত্বগুণ) স্থুখে (স্থুখে) রজঃ (রজোগুণ) কর্মণি (কর্মে) [জীবং] (জীবাত্মাকে) সঞ্জয়তি (আবদ্ধ করে), তমঃ তু (তমোগুণ কিন্তু) জ্ঞানম্ (জ্ঞানকে) আবৃত্য (আচ্ছাদন করিয়া) প্রমাদে (প্রমাদ) উত (এবং আলস্থাদিতে) সঞ্জয়তি (আবদ্ধ করে) ॥৯॥

[হে] ভারত (হে অর্জ্জুন!) সন্ত্বং (সন্বগুণ) রজঃ তমঃ চ (রজঃ ও তমোগুণকে) অভিভূয় (অভিভূত করিয়া) ভবতি (উদ্ভূত হয়), রজঃ (রজোগুণ) সন্ত্বং তমঃ চ এব (সন্ত্ব ও তমোগুণকেও) তথা (তদ্রূপ) তমঃ

হে ভারত! তমোগুণ অজ্ঞান হইতে জাত ও সমস্ত জীবের মুগ্ধকারী বলিয়া জানিবে। এই তমোগুণ দেহীকে অনবধান, আলস্য ও নিদ্রাদ্বারা আবদ্ধ করে॥৮॥

হে অর্জ্জুন! সত্বগুণ স্থথে ও রজোগুণ কর্মে জীবাত্মাকে আবদ্ধ করে। তমোগুণ কিন্তু জীবের জ্ঞানকে আচ্ছাদন করিয়া প্রমাদ এবং আলস্থাদিতে আবদ্ধ করে॥৯॥

হে ভারত! সত্বগুণ—রজোগুণ ও তমোগুণকে অভিভূত করিয়া. রজোগুণ—সত্ব ও তমোগুণকে এবং তমোগুণ—

সর্ব্বধারেষু দেহেহশ্মিন্ প্রকাশ উপজায়তে। জ্ঞানং যদা তদা বিচ্চাদ্বিবৃদ্ধং সম্বমিত্যুত ॥১১॥ লোভঃ প্রবৃত্তিরারদ্বঃ কর্ম্মণামশমঃ স্পৃহা। রক্তস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভরতর্যভ ॥১২॥

(তমোগুণ) সত্ত্বং রজঃ (সত্ত্ব ও রজোগুণকে) [অভিভূয় ভবতি] (পরাজিত করিয়া প্রাধান্ত লাভ করে) ॥১০॥

যদা (যে কালে) অস্মিন্ দেহে (এই দেহে) সর্ব্বদারেষু (সকল জ্ঞানেন্দ্রিয়ে) প্রকাশঃ (শব্দাদির স্বরূপ প্রকাশরপ) জ্ঞানং (জ্ঞান) উপজায়তে (সম্যক্ উৎপন্ন হয়), তদা (তখনই) সত্ত্বম্ (সত্বগুণ) বিবৃদ্ধং (বর্দ্ধিত হইয়াছে) ইতি (ইহা) বিভাগং (জানিবে), উত (এবং স্থখলক্ষণ দ্বারাও বুঝিবে) ॥১১॥

[হে] ভরতর্বভ (হে ভরতশ্রেষ্ঠ!) লোভঃ (লোভ) প্রবৃত্তিঃ (নানা কর্মা করিবার ইচ্ছা) কর্মণাম (বিবিধ কর্মোর) আরম্ভঃ (উন্তম) অশমঃ (বিষয়ভোগে অনিবৃত্তি) স্পৃহা (বিষয়ভিলাষ) এতানি (এই সকল) রজসি (রজোগুণ) বিবৃদ্ধে [সতি] (বর্দ্ধিত হইলে) জায়ন্তে (উৎপন্ন হইয়া থাকে) ॥১২॥

সত্ত্ব ও রজোগুণকে পরাজিত করিয়া নিজের প্রাধান্ত বিস্তার করে ॥১০॥

যখন এই দেহে সমস্ত জ্ঞানেন্দ্রিয়ে বিষয়ের যাথার্থ্য প্রকাশরূপ জ্ঞান সমধিক উৎপন্ন হয়, তখনই সত্ত্বগুণ বিশেষ বৃদ্ধি পাইয়াছে বলিয়া জানিবে, এবং পূর্ব্বোক্ত স্থখলক্ষণ দ্বারাও বুঝিবে ॥১১॥

হে ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন! রজোগুণ বিশেষ বৃদ্ধিপ্রাপ্ত হইলে লোভ, কর্মপ্রবৃত্তি, নানা কর্মারম্ভ, ভোগে অনিবৃত্তি ও স্পৃহা এই সমস্ত উৎপত্তি লাভ করে ॥১২॥ অপ্রকাশোহপ্রবৃত্তিশ্চ প্রমাদো মোহ এব চ।
তমস্থেতানি জায়ন্তে বিবৃদ্ধে কুরুনন্দন ॥১৩॥
যদা সত্ত্বে প্রবৃদ্ধে তু প্রলয়ং যাতি দেহভূৎ।
তদোত্তমবিদাং লোকানমলান্ প্রতিপত্ততে ॥১৪॥
রজসি প্রলয়ং গত্বা কর্ম্মসঙ্গিযু জায়তে।
তথা প্রলীনস্তমসি মূঢ়যোনিষু জায়তে ॥১৫॥

[হে] কুরুনন্দন (হে কুরুবংশীয়!) অপ্রকাশঃ (বিবেক রাহিত্য) অপ্রবৃত্তিঃ চ (প্রযত্মহীনতা) প্রমাদঃ (অনবধানতা) মোহঃ এব চ (ও মিথ্যা অভিনিবেশ) এতানি (এই সকল চিহ্ন) তমসি (তমোগুণ) বিবৃদ্ধে [সতি] (প্রবল হইলে) জায়ন্তে (উৎপন্ন হয়) ॥১৩॥

যদা (যখন) সম্বে (সম্বগুণ) প্রবৃদ্ধে [সতি] (বৃদ্ধি পাইলে) দেহভূৎ (দেহী-জীব) প্রলয়ং (মৃত্যু) যাতি (প্রাপ্ত হয়), তদা (তখন) উত্তমবিদাং (হিরণ্যগর্ভাদির উপাসকগণের) অমলান্ (পবিত্র) লোকান্ (লোকসমূহ) প্রতিপত্যতে (প্রাপ্ত হয়) ॥১৪॥

[জীবঃ] (জীব) রজসি [প্রবৃদ্ধে] (রজোগুণের বৃদ্ধিকালে) প্রলয়ং গত্বা (মৃত্যু হইলে) কর্মসঙ্গিষু (কর্মাসক্ত মনুষ্য মধ্যে) জায়তে (জন্মলাভ করে); তথা (তদ্রুপ) তমসি [বিবৃদ্ধে] (তমোগুণের বৃদ্ধিকালে) প্রলীনঃ

হে কুরুনন্দন! তমোগুণ প্রবল হইলে বিবেকাভাব, উত্তমাভাব, অনবধানতা ও মিথ্যাভিনিবেশ এই সকল চিহ্ন প্রকাশ পাইয়া থাকে ॥১৩॥

সম্বগুণের বৃদ্ধি সময়ে যদি জীব মৃত্যুমুখে পতিত হয়, তবে হিরণ্যগর্ভাদির উপাসকগণের পবিত্র লোকসমূহে সে গমন করে ॥১৪॥

কর্মণঃ স্থকৃতস্থান্থঃ সাত্ত্বিকং নির্ম্মলং ফলম্।
রজসস্তু ফলং ছঃখমজ্ঞানং তমসঃ ফলম্ ॥১৬॥
সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানং রজসো লোভ এব চ।
প্রমাদমোহৌ তমসো ভবতোহজ্ঞানমেব চ ॥১৭॥
উদ্ধিং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ।
জঘন্যগুণবৃত্তিস্থা অধো গচ্ছন্তি তামসাঃ॥১৮॥

[সন্] (মৃত্যুপ্রাপ্ত হইয়া) মূঢ়যোনিষু (পশু প্রভৃতির মধ্যে) জায়তে (জন্মগ্রহণ করে)॥১৫॥

[পণ্ডিতাঃ] (পণ্ডিতগণ) স্থকৃতস্থ কর্ম্মণঃ (সাত্মিক কর্ম্মের) নির্ম্মলং (নিরুপদ্রব) সাত্মিকং (স্থখকর) ফলং (ফল), রজসঃ তু (ও রাজসিক কর্ম্মের) তুঃখম্ (তুঃখময়) ফলম্ (ফল) [এবং] তমসঃ (তামসিক কর্মের) অজ্ঞানং (অচেতনত্ম) ফলম্ (ফল) আহুঃ (বলিয়া থাকেন) ॥১৬॥

সত্থাৎ (সত্বগুণ হইতে) জ্ঞানং (জ্ঞান), রজসঃ চ (ও রজোগুণ হইতে) লোভঃ এব (লোভই) সংজায়তে (উৎপন্ন হয়)। [এবং] তমসঃ (তমোগুণ হইতে) প্রমাদমোহো (প্রমাদ ও মোহ) ভবতঃ (উৎপন্ন হয়), অজ্ঞানং এব চ (এবং অজ্ঞানও) [ভবতি] (উৎপন্ন হইয়া থাকে) ॥১৭॥

রজোগুণের বৃদ্ধিকালে মৃত্যু হইলে জীব কর্মাসক্ত লোক-মধ্যে এবং তমোগুণের বৃদ্ধিকালে মৃত্যু ঘটিলে পশ্বাদির মধ্যে জন্মগ্রহণ করে ॥১৫॥

সাত্ত্বিক কর্ম্মের নির্মাল স্থখকর ফল ও রাজসিক কর্ম্মের তুঃখময় ফল, এবং তামসিক কর্ম্মের অজ্ঞানময় বা অচেতনত্ব ফল—পণ্ডিতগণ বলিয়া থাকেন ॥১৬॥

সত্বগুণ হইতে জ্ঞান ও রজোগুণ হইতে লোভ এবং তমো-গুণ হইতে প্রমাদ, মোহ ও অজ্ঞানই উৎপন্ন হইয়া থাকে ॥১৭॥ নাত্যং গুণেভ্যঃ কর্ত্তারং যদা দ্রষ্টানুপশ্যতি। গুণেভ্যশ্চ পরং বেন্তি মদ্ভাবং সোহধিগচ্ছতি ॥১৯॥ গুণানেতানতীত্য ত্রীন্ দেহী দেহসমুদ্ভবান্। জন্মমৃত্যুজরাত্বঃখৈর্বিমুক্তোহমৃতমশ্বুতে ॥২০॥

সম্বস্থাঃ (সম্বগুণযুক্ত ব্যক্তিগণ) উদ্ধিং (সত্যলোক পর্য্যস্ত) গচ্ছন্তি (গমন করেন) রাজসাঃ (রজোগুণী লোক সকল) মধ্যে (মনুস্থালোকে) তিষ্ঠন্তি (অবস্থান করেন), জঘন্তা-গুণবৃত্তিস্থাঃ (প্রমাদ ও আলস্থাদি পরায়ণ) তামসাঃ (তমোগুণযুক্ত ব্যক্তিগণ) অধঃ (নরকাদি নিম্নতর লোক) গচ্ছন্তি (গমন করে) ॥১৮॥

যদা (যখন) দ্রষ্টা (জীব) গুণেভ্যঃ (গুণত্রয় হইতে) অন্তং (পৃথক্ কাহাকে) কর্ত্তারং (কর্ত্তা বলিয়া) ন অমুপশাতি (দর্শন করেন না), গুণেভ্যঃ চ (এবং গুণত্রয়ের) পরং (অতীত ও অধিশ্বরকে) বেত্তি (জানিতে পারেন) [তদা] (তখন) সঃ (সেই জীব) মদ্ভাবং (আমাতে ভাবভক্তি) অধিগচ্ছতি (লাভ করেন) ॥১৯॥

দেহী (জীব) দেহসমুদ্ভবান (দেহের উৎপাদক) এতান (এই) ব্রীন্গুণান (তিনটী গুণকে) অতীত্য (অতিক্রম করিয়া) জন্ম-মৃত্যু-জরা-তুঃখৈঃ (জন্ম, মৃত্যু, জরা ও তুঃখ হইতে) বিমুক্তঃ [সন্] (সম্যক্ মুক্ত হইয়া) অমৃতম্ (নির্গুণ প্রেমরূপ অমৃত) অশ্বুতে (ভোগ করেন) ॥২০॥

সত্বগুণযুক্ত জনগণ উর্দ্ধে (সত্যলোক পর্য্যস্ত) গমন করে, রজোগুণযুক্ত ব্যক্তিগণ মধ্যে (মনুস্থালোকে) অবস্থান করে, এবং ঘৃণ্য তামস প্রকৃতি ব্যক্তিগণ (নরকাদি) নিম্নতর লোকে গমন করে ॥১৮॥

যখন জীব গুণময় জগতে গুণত্রয় হইতে পৃথক্ কর্ত্তা দেখিতে পান না, এবং গুণত্রয়ের অতীত অধীশ্বরকে জানিতে পারেন, তখন তিনি আমার প্রতি ভাবভক্তি লাভ করেন॥১৯॥

অৰ্জ্জুন উবাচ—

কৈর্লিন্ধৈস্ত্রীন্ গুণানেতানতীতো ভবতি প্রভো। কিমাচারঃ কথং চৈতাংস্ত্রীন্ গুণানতিবর্ত্ততে ॥২১॥

শ্রীভগবানুবাচ---

প্রকাশক্ষ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব। ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাক্ষতি॥২২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] প্রভো (হে প্রভো!) কৈঃ লিঙ্গৈঃ (কি কি চিহ্ন দ্বারা) এতান (এই) ত্রীন (তিন) গুণান (গুণ) অতীতঃ (অতিক্রমকারী ব্যক্তি) [জ্ঞেয়ঃ] (জ্ঞাত) ভবতি (হন?) কিমাচারঃ (কিরূপ আচরণ করেন?) কথং চ (ও কি প্রকারে) এতান (এই) ত্রীনগুণান (তিন গুণকে) অতিবর্ত্ততে (অতিক্রম করেন?) ॥২১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ কহিলেন) [হে] পাণ্ডব (হে পাণ্ডুপুত্র!) যঃ (যিনি) প্রকাশং চ (প্রকাশ) প্রবৃত্তিং চ (প্রবৃত্তি) মোহম্ এব চ (এবং মোহ) সংপ্রবৃত্তানি (স্বতঃপ্রাপ্ত হইলে) ন দ্বেষ্টি (দ্বেষ করেন না) নিবৃত্তানি (উহাদের নিবৃত্তিও) ন কাক্ষতি (আকাক্ষা করেন না)। যঃ

জীব দেহের সংঘটক এই তিনটি গুণকে অতিক্রম করিলে জন্ম, মৃত্যু, জরা ও তুঃখ হইতে বিমুক্ত হইয়া নির্গুণ প্রেমরূপ অমৃত আস্বাদন করিতে থাকেন ॥২০॥

অর্জ্জুন বলিলেন — হে প্রভা! কি কি লক্ষণ দারা ত্রিগুণাতীত ব্যক্তি পরিজ্ঞাত হন? তাঁহার আচরণ কিরূপ এবং কি উপায় অবলম্বনে তিনি এই তিন গুণকে অতিক্রম করেন?॥২১॥

শ্রীভগবান্ কহিলেন — হে পাণ্ডব! যিনি (সত্ত্বকার্য্য) প্রকাশ, (রজঃ কার্য্য) প্রবৃত্তি ও (তমঃ কার্য্য) মোহ স্বতঃ

উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে।
গুণা বর্ত্তন্ত ইত্যেবং যোহবতিষ্ঠতি নেঙ্গতে ॥২৩॥
সমত্বঃখসুখঃ স্বস্থঃ সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।
তুল্যপ্রিয়াপ্রিয়ো ধীরস্তুল্যনিন্দাত্মসংস্তৃতিঃ ॥২৪॥
মানাপমানয়োস্তুল্যস্তুল্যো মিত্রারিপক্ষয়োঃ।
সর্বারম্বপরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে ॥২৫॥

(যিনি) উদাসীনবং (উদাসীনের খ্যায়) আসীনঃ (অবস্থিত) [সন্] (হইয়া) গুণৈঃ (গুণকার্য্য স্থখতুঃখাদি কর্ত্ত্বক) ন বিচাল্যতে (বিচালিত হন না); গুণাঃ (গুণ সকল) বর্ত্তম্ভ (স্ব স্ব কার্য্যে প্রবৃত্ত হইতেছে) ইতি এবং [জ্ঞাত্বা] (এই রূপ জানিয়া) অবতিষ্ঠতি (স্বস্থির থাকেন) ন ইঙ্গতে (চঞ্চল হন না) ॥ [যঃ] (যিনি) সমতুঃখস্থখঃ (স্থথে ও তুঃখে সমবুদ্ধি বিশিষ্ট) স্বস্থঃ (স্বরূপনিষ্ঠ) সমলোষ্ট্রাশ্বকাঞ্চনঃ (মৃৎপিণ্ড প্রস্তর ও কাঞ্চনে সমভাবাপন্ন) তুল্যপ্রিয়াপ্রিয়ঃ (প্রিয় ও অপ্রিয় বস্তুতে তুল্যবুদ্ধি) ধীরঃ (বুদ্ধিমান্) তুল্যনিন্দাত্মসংস্তুতিঃ (নিজের নিন্দা ও স্তুতিতে সমান জ্ঞান বিশিষ্ট) মানাপমানয়োঃ (মান ও অপমানে) তুল্যঃ (সমান) মিত্রারি-

আসিয়া উপস্থিত হইলে দ্বেষ করেন না, এবং উহাদের নিবৃত্তিও আকাজ্ঞা করেন না; যিনি উদাসীনের খ্যায় অবস্থিত হইয়া গুণকার্য্য (স্থেখ তুঃখাদি) দ্বারা বিচলিত হন না, 'গুণ সমূহ (নিজ নিজ বিষয়ে) প্রবৃত্ত হইতেছে' এইরূপ মনে করিয়া স্থন্থির থাকেন,—চঞ্চল হন না; যিনি স্থথে ও তুঃখে সমভাবাপন্ন; আত্মনিষ্ঠ; মৃত্তিকাখণ্ড, পাথর ও স্থবর্ণে সমবুদ্ধিযুক্ত, প্রিয় ও অপ্রিয় বস্তুলাভে সমজ্ঞানবিশিষ্ট, ধীর, নিজের নিন্দা ও স্তুতিতে তুল্যবুদ্ধি সম্পন্ন; মান ও অপমানে,

মাঞ্চ যোহব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥২৬॥
ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমমৃতস্থাব্যয়স্থ চ।
শাশ্বতম্য চ ধর্মস্থা স্থাব্যস্থাকান্তিকম্ম চ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাণি শ্রীমন্তগবদগীতামূপনিষৎস্ক বন্ধবিদ্যায়াং যোগশান্তে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে গুণত্রয়-বিভাগ-যোগো নাম চতুর্দ্দিশোহধ্যায়ঃ ॥১৪॥

পক্ষয়োঃ (মিত্রপক্ষে ও শত্রুপক্ষে) তুল্যঃ (তুল্য) সর্ব্বারম্ভ-পরিত্যাগী (আসক্তি ও বৈরাগ্যের সর্ব্বপ্রকারারম্ভ পরিত্যাগী) সঃ (সেই ব্যক্তি) গুণাতীতঃ (গুণাতীত বলিয়া) উচ্যতে (কথিত হন) ॥২২-২৫॥

যঃ (যিনি) অব্যভিচারেণ (জ্ঞান-কর্মাদি-দোষ বর্জ্জিত) ভক্তিযোগেন (শুদ্ধভক্তি যোগ দ্বারা) মাং চ (শ্যামস্থন্দরাকার পরমেশ্বর আমাকেই) সেবতে (সেবা করেন), সঃ (তিনি) এতান্ (এই) গুণান্ (গুণত্রয়কে) সমতীত্য (সম্যক্ অতিক্রম করিয়া) ব্রহ্মভূয়ায় (চিৎস্বরূপ-সিদ্ধির) কল্পতে (যোগ্য হন) ॥২৬॥

হি (যেহেতু) অহম্ (আমি) ব্রহ্মণঃ (অখণ্ড চৈতন্মের) অব্যয়স্থ (অফুরস্ত) অমৃতস্থ (অমৃতের), শাশ্বতস্থ (নিত্য) ধর্মস্থ (লীলার),

মিত্রপক্ষ ও শত্রুপক্ষে তুল্যভাব এবং আসক্তি ও বৈরাগ্যের উৎপাদকসমূহ পরিত্যাগী—সেই ব্যক্তিই গুণাতীত বলিয়া কথিত হন ॥২২-২৫॥

যিনি (জ্ঞানকর্মাদি দোষ বর্জ্জিত) শুদ্ধ ভক্তিযোগ দ্বারা (শ্যামস্থলরাকার) আমাকেই সেবা করেন, তিনি এই গুণত্রয়কে সম্যক্ অতিক্রম করিয়া চিৎস্বরূপসিদ্ধির যোগ্য হন ॥২৬॥ ঐকান্তিকস্য চ (ও ঐকান্তিক) স্থখস্থ (প্রেমস্থধাস্বাদনের) প্রতিষ্ঠা (মূল অবলম্বন) ॥২৭॥

ইতি চতুর্দ্দশ অধ্যায়ের অন্বয় সমাপ্ত॥

আমিই অখণ্ড চৈতন্তের, অফুরস্ত অমৃতের, নিত্যলীলার ও ঐকান্তিক প্রেমস্থধাস্বাদনের মূল অবলম্বন ॥২৭॥

ইতি চতুর্দ্দশ অধ্যায়ের বঙ্গান্তবাদ সমাপ্ত॥



পঞ্চদশোহখ্যায়ঃ

পুরুষোত্তমযোগ

শ্রীভগবানুবাচ— উৰ্দ্ধমূলমধঃশাখমশ্বত্যং প্রাহুরব্যয়ম্। ছন্দাংসি যস্ত পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ ॥১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) [ঈশ বিমুখ শ্বীবের কর্মনির্মিত এই সংসারটী] উর্জমূলম (উর্জমূল অর্থাৎ সর্ব্বোর্জতত্ত্বরূপ ঈশ্বরে বৈমুখ্য যার মূল) অধঃশাখম (অধঃশাখাযুক্ত অর্থাৎ ব্রহ্মাদি যার শাখা) অব্যয়ম (জৈব স্বাতস্ত্র্য-কর্মাশ্রিত জনের পক্ষে যার শেষ নাই বলিয়া অবিনশ্বর) অশ্বত্থং (অথচ ভক্তিমান্ জনের পক্ষে 'কাল' পর্য্যন্ত থাকিবে না বলিয়া— নশ্বর) প্রান্থঃ (শাস্ত্রে— এইরূপ বলিয়া থাকেন)। ছন্দাংসি (সকাম কর্মোপদেশক বেদবাক্য সকল) যস্থা (যে সংসাররূপ অশ্বথবক্ষের) পর্ণানি (রক্ষণার্থ পত্রস্থানীয়), তং (সেই সংসার কৃক্ষকে) যঃ (যিনি) বেদ (এইরূপ জানেন) সঃ (তিনি) বেদবিৎ (বেদতাৎপর্য্যবেত্তা)॥১॥

শ্রীভগবান্ কহিলেন—শাস্ত্রে এইরূপ বলিয়া থাকেন যে এই সংসার একটী উদ্ধিমূল ও অধঃশাখ অশ্বত্থ ('কাল' থাকে না—এইরূপ) বৃক্ষবিশেষ এবং ইহা অব্যয়। ইহার পোষক বেদবাক্য সমূহ এই বৃক্ষের পত্র স্থানীয়—যিনি ইহাকে এইরূপ জানেন তিনিই যথার্থ বেদজ্ঞ।

তাৎপর্য্য এই যে,—এই সংসার উদ্ধিমূল অর্থাৎ ইহার মূলকারণ সর্ব্বোচ্চ ধামে সংস্কষ্ট—ঈশবৈমুখ্য, এবং অধঃশাখ অর্থাৎ ক্রমশঃ কর্মফলে পশ্বাদি অধম যোনি পর্য্যন্ত পল্লবিত,

অধশ্চোদ্ধাং প্রস্থতান্তস্ত শাখা গুণপ্রবৃদ্ধা বিষয়প্রবালাঃ। অধশ্চমূলান্তনুসম্ভতানি কর্মানুবন্ধীনি মনুষ্যলোকে ॥২॥

তশ্য (সেই অশ্বত্ম বৃক্ষের) গুণপ্রবৃদ্ধাঃ (গুণব্রয়ের দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত)
বিষয়প্রবালাঃ (শব্দাদিবিষয়রূপ পল্লবযুক্ত) শাখাঃ (শাখা স্থানীয় জীবসমূহ) অধঃ (মনুষ্য পশ্বাদি যোনিতে) উদ্ধিং চ (ও দেবাদি যোনিতে)
প্রস্তাঃ (বিস্তৃত হইয়াছে); মনুষ্যলোকে (মানুষ জন্মে) কর্মানুবন্ধীনি
(ধর্মাধর্মপ্রবৃত্তি অনুসারে) মূলানি (জটা স্থানীয় কতকগুলি মূল) অধঃ চ
(নিম্নদিকেও) অনুসন্ততানি (কর্মফলানুসন্ধানহেতু কারণরূপে
বিস্তৃত হইয়াছে)॥২॥

ইহা একটা অশ্বত্থ অর্থাৎ কাল পর্য্যন্ত একভাবে থাকে না—
এইরূপ বিনশ্বর, অথচ অব্যয় অর্থাৎ কার্য্যকারণ প্রবাহরূপে
নিত্যদৃশ্যমান । সংসার পোষক কর্ম্মকাণ্ডীয় শ্রুতিসমূহ এই
বক্ষের পত্রস্থানীয় অর্থাৎ পত্র যেমন বৃক্ষকে পোষণ ও শোভিত
করে তদ্রপ বৈদিক কর্মকাণ্ডীয় শ্রুতিসমূহ এই সংসারকে
পোষণ ও উজ্জ্বল করিতেছে। যিনি এই সংসারকে নিত্যাশক্তি
মায়াপ্রস্থত হইলেও বিনশ্বর, কর্মকাণ্ডীয় শ্রুতিপুষ্ট হইলেও
সেই শ্রুতি পরোক্ষবাদ অবলম্বনে প্রকাশিত—এইরূপ বেদার্থ
জানেন—তিনিই যথার্থ বেদতত্ত্বজ্ঞ ॥১॥

ইহার (এই সংসার বৃক্ষের) কতকগুলি শাখা উর্দ্ধে (দেবাদি লোকে) বিস্তৃত, কতকগুলি অধোদেশে (মনুষ্য, পশু ও স্থাবরাদি লোকে) বিস্তৃত এবং ইহারা (প্রকৃতির সত্ত্বাদি) গুণ-পুষ্ট ও (শব্দাদি) বিষয় সমূহ ইহাদের পল্লব স্বরূপ। আবার ন রূপমস্থেহ তথোপলভাতে
নাস্তো ন চাদির্ন চ সংপ্রতিষ্ঠা।
অশ্বখমেনং স্থবিরূত্মূলমসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্বা ॥৩॥
ততঃ পদং তৎপরিমার্গিতব্যং
যক্ষিন্ গতা ন নিবর্ত্তন্তি ভূয়ঃ।
তমেব চাত্যং পুরুষং প্রপত্যে
যতঃ প্রবৃত্তিঃ প্রস্তা পুরাণী ॥৪॥

ইহ (এই মন্ত্র্য্যলোকে) অস্ত (এই সংসার অশ্বথের) রূপং (শ্বরূপ) তথা (সেই উর্দ্ধমূলত্বাদি প্রকারে) ন উপলভ্যতে (শ্রোতজ্ঞান ব্যতীত অবগত হওয়া যায় না) [অস্ত্র] (ইহার) অন্তঃ ন (শেষ দেখা যায় না) আদিঃ চ ন (আদিও দৃষ্ট হয় না) সংপ্রতিষ্ঠা চ ন (এবং আশ্রয়ও লক্ষিত হয় না)। স্থবিরূঢ়মূলম (মায়াবাদের অতীত ঈশ বৈমুখ্যরূপ স্থদ্ঢ়মূল) এনং (এই) অশ্বখম (বাস্তব বিনশ্বর সংসার বৃক্ষকে) দৃঢ়েন (সাধুসঙ্গ জাত তীত্র) অসঙ্গশস্ত্রেণ (বৈরাগ্যরূপ কুঠার দ্বারা) ছিত্বা ([ব্যক্তিগত সংসার] ছেদন করিয়া) ততঃ (তদনস্তর) যশ্মিন (যে পদ) গতাঃ [সন্তঃ] অধোদেশেও কতকগুলি মূল প্রসারিত হইয়া কর্ম্মভূমি মনুষ্যু-লোকে অনুপ্রবিষ্ট হইয়াছে।

তাৎপর্য্য এই যে—এই নশ্বর অথচ নিত্য সংসারের সমষ্টি প্রকাশে কতকগুলি জীব সত্বগুণ পুষ্ট হইয়া দেবাদি উদ্ধলোকে এবং কতকগুলি রজস্তমোগুণ প্রভাবে মনুষ্য পশু স্থাবরাদি লোকে অস্মিতাভিনিবেশে ব্যাপ্ত হইয়া বিচরণ করিতেছে। শব্দাদি বিষয় সমূহও এই সংসার-বৃক্ষশাখার পল্লব স্থানীয়— যেহেতু ইহারা জীবের অহঙ্কার-সঞ্জাত পঞ্চ তন্মাত্রেরই বিকারস্বরূপ। আবার প্রধান মূল ঈশবৈমুখ্য বিপরীত ভাবে

নির্মানমোহা জিতসঙ্গদোষা অধ্যাত্মনিত্যা বিনির্ত্তকামাঃ। দ্বন্দ্বর্বিমুক্তাঃ স্থখতুঃখসংজ্ঞৈ র্গচ্ছস্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ॥৫॥

প্রোপ্ত হইয়া) [কেচিদপি] (কেহই) ভূয়ঃ (পুনর্ব্বার) ন নিবর্ত্তপ্তি প্রত্যাবর্ত্তন করেন না), যতঃ (যাঁর মায়া হইতে) [এষা] (এই) পুরাণী (চিরন্তন) প্রবৃত্তিঃ (সংসারপ্রবাহ) প্রস্তা (প্রবাহিত হইয়াছে) তম্ এব চ (সেই) আছাং (আদি) পুরুষং (পুরুষের) প্রপদ্যে (শরণ লইতেছি), [ইতি এবং] (এইরূপে) [একাস্তভক্ত্যা] (অনশ্য ভক্তি দ্বারা) তৎপদং (সেই বিষ্ণুর পরমপদ) পরিমার্গিতব্যং (অভিগমন করা কর্ত্তব্য)॥৩-৪॥

উদ্ধি স্থাপিত হইলেও কতকগুলি পরবর্ত্তী অধোগামী বট-বৃক্ষের জটা বা নামাল স্থানীয় মূল, কর্ম্মভূমি মনুষ্যলোকে সংযোজিত রহিয়াছে অর্থাৎ মনুষ্য জন্মের কর্ম্মফল ভোগচেষ্টা—পৃথক্ কারণরূপে এই সংসারবৃক্ষের পুষ্টিরস সরবরাহ করিতেছে ॥২॥

এই মনুষ্যলোকে সংসাররূপ অশ্বত্থ বৃক্ষের সেই স্বরূপ অর্থাৎ উদ্ধিমূলত্বাদি (শ্রোতজ্ঞান ব্যতীত) জানা যায় না, বা ইহার আদি, অস্ত ও আশ্রয় দেখিতে পাওয়া যায় না। ঈশবৈমুখ্যরূপ স্বদৃঢ়মূল এই অবাস্তব সংসাররূপ অশ্বত্থবৃক্ষকে সাধুসঙ্গজাত তীব্রবৈরাগ্যরূপ কুঠার দ্বারা (ব্যক্তিগত সংসার বৃক্ষ) ছেদন করিয়া তদনন্তর যে পদ লাভ করিলে কেহই পুনরায় প্রত্যাবর্ত্তন করেন না, যাঁহার মায়া হইতে এই চিরস্তনী সংসার বৃক্ষের প্রবর্ত্তন ও প্রসারণ হইয়াছে,—সেই আদি পুরুষ পরমেশ্বরের আমি শরণাপন্ন হইলাম—এই প্রকারে ঐকান্তিক ভক্তি দ্বারা সেই বিষ্ণুর পরমপদের অভিগমন করা কর্ত্তব্য ॥৩-৪॥

ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ। যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ॥৬॥ মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ। মনঃ ষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি ॥৭॥

নির্মানমোহাঃ (অভিমান ও মিথ্যাভিনিবেশশূর্য) জিতসঙ্গদোষাঃ (তুঃসঙ্গরূপ দোষরহিত) অধ্যাত্মনিত্যাঃ (নিত্যানিত্য বস্তুর বিচারপরায়ণ) বিনিবৃত্তকামাঃ (সম্পূর্ণভাবে ভোগবাসনা রহিত) স্থখতুঃখসংজ্ঞৈঃ (স্থখ ও তুঃখাদি নামক) দ্বদ্বৈঃ (দ্বন্ধসমূহ হইতে) বিমুক্তাঃ (বিমুক্ত) [অতএব] অমূঢ়াঃ [সস্তঃ] (অজ্ঞানমুক্ত হইয়া) [তে] (সেই শরণাগতগণ) তৎ (সেই) অব্যয়ং (নিত্য) পদম্ (পরমপদ্) গচ্ছন্তি (প্রাপ্ত হন) ॥৫॥

যৎ (যে ধাম) গত্বা (লাভ করিয়া) [প্রপন্নাঃ] (শরণাগত ব্যক্তিগণ) [ততঃ] (তাহা হইতে) ন নিবর্ত্তম্ভে (প্রত্যাবৃত হন না) তৎ (তাহা) মম (আমার) পরমং (সর্ব্বপ্রকাশক) ধাম (চিন্ময় নিবাস)। তৎ (তাহাকে) স্থর্য্যঃ (স্থর্য্য) ন ভাসয়তে (প্রকাশ করিত পারে না) ন শশাঙ্কঃ (না চন্দ্র) ন পাবকঃ (না অগ্নি অর্থাৎ কেইই প্রকাশ করিতে পারে না) ॥৬॥

জীবভূতঃ (জীবরূপ) মম এব (আমারই) অংশঃ (বিভিন্নাংশ বা শক্তিবিশেষ) [অতএব] সনাতনঃ (নিত্য) জীবলোকে (এই জগতে)

সেই শরণাগত জনগণ অভিমান ও মোহশূন্য, সঙ্গদোষ রহিত, নিত্যাত্মার অনুশীলন তৎপর, ভোগাভিলাষ শূন্য এবং স্থা-তুঃখাদি দ্বন্দ্ব ও অজ্ঞান মুক্ত হইয়া সেই পরমপদ লাভ করেন ॥৫॥

যে স্থান প্রাপ্ত হইয়া (প্রপন্ন জনগণ) তাহা হইতে আর প্রত্যাবর্ত্তন করেন না—তাহাই আমার পরম (সর্ব্বপ্রকাশক) ধাম। তাহাকে স্থ্য্য, চন্দ্র ও অগ্নি ইহাদের কেহই প্রকাশ করিতে পারে না ॥৬॥ শরীরং যদবাপ্লোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ। গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ ॥৮॥ শ্রোত্রঞ্চক্ষুঃ স্পর্শনঞ্চ রসনং ঘ্রাণমেব চ। অধিষ্ঠায় মনশ্চায়ং বিষয়ানুপসেবতে ॥৯॥

প্রকৃতিস্থানি (প্রকৃতির কার্য্য) মনঃষষ্ঠানি (মন সহ ছয়টী) ইন্দ্রিয়াণি (জ্ঞানেন্দ্রিয়কে) কর্ষতি (আকর্ষণ বা বহন করিতেছে) ॥৭॥

ঈশ্বরঃ (দেহাদির স্বামী জীবাত্মা) যৎ (যে) শরীরম্ (দেহ) অবাপ্লোতি (প্রাপ্ত হন) যৎ চ অপি (ও যে শরীর হইতে) উৎক্রামতি (নিজ্রান্ত হন), [তদা] (তখন) বায়ুঃ (বায়ুর) আশয়াৎ (পূষ্পাদি আধার হইতে) গন্ধান্ ইব (গন্ধ গ্রহণের ত্যায়) এতানি (এই ছয়টী ইন্দ্রিয়কে) গৃহীত্বা (গ্রহণ পূর্ব্বক) [শরীরান্তরং] (শরীরান্তরে) সংযাতি (গমন করেন) ॥৮॥

অয়ং (এই জীব) শ্রোত্রং (কর্ণ) চক্ষুঃ (চক্ষু) স্পর্শনং (ত্বক্) রসনং চ (জিহ্বা) ঘ্রাণম্ এব চ (ও নাসিকা) মনঃ চ (এবং মনকে) অধিষ্ঠায় (আশ্রয় করিয়া) বিষয়ান্ (শব্দাদি বিষয় সমূহ) উপসেবতে (উপভোগ করেন) ॥৯॥

আমারই অংশ (অর্থাৎ বিভিন্নাংশ বা শক্তিবিশেষ) জীবতত্ত্ব সনাতন হইয়াও প্রকৃতির অন্তর্গত (মায়া কল্পিত) মন ও পঞ্চেন্দ্রিয় বহন করিয়া থাকে॥৭॥

দেহাদির অধীশ্বর জীব যখন শরীর হইতে নির্গত হন তখন তিনি—বায়ুর পুষ্পাদি আধার হইতে গন্ধ গ্রহণের খ্যায়—এই সকল ইন্দ্রিয়কে সঙ্গে লইয়াই দেহাস্তরে গমন করেন ॥৮॥

এই জীব কর্ণ, চক্ষু, ত্বক্, জিহ্বা ও নাসিকা এবং মনকে আশ্রয় করিয়া শব্দ ও স্পর্শাদি বিষয় সকল উপভোগ করিতে থাকে ॥৯॥ উৎক্রামন্তং স্থিতং বাপি ভুঞ্জানং বা গুণান্বিতম্।
বিমূঢ়া নানুপশান্তি পশান্তি জ্ঞানচক্ষুষঃ ॥১০॥
যতন্তো যোগিনশ্চৈনং পশান্ত্যাত্মখ্যবস্থিতম্।
যতন্তোহপ্যকৃতাত্মানো নৈনং পশান্ত্যচেতসঃ ॥১১॥
যদাদিত্যগতং তেজো জগদ্ভাসয়তেহখিলম্।
যচন্দ্রমসি যচ্চাগ্নো তত্তেজো বিদ্ধি মামকম্ ॥১২॥

বিমূঢ়াঃ (অবিবেকিগণ) উৎক্রামন্তং (দেহ হইতে গমনকালে) বা স্থিতং (বা দেহে অবস্থান কালে) ভূঞ্জানং বা অপি (কি বিষয় ভোগ কালেও) গুণাম্বিতম্ (ইন্দ্রিয়াদি সমন্বিত) [জীবং] (জীবাত্মাকে) ন অনুপশ্যন্তি (দেখিতে পায় না), [কিন্তু] জ্ঞানচক্ষুষঃ (বিবেকিগণ) পশ্যন্তি (দর্শন করেন) ॥১০॥

যতন্তঃ (যত্নশীল) যোগিনঃ চ (যোগিগণও) আত্মনি (দেহে) অবস্থিতম্ (অবস্থিত) এনং (এই জীবাত্মাকে) পশুন্তি (দর্শন করেন); যতন্তঃ অপি (যত্ন করিয়াও) অকৃতাত্মানঃ (অশুদ্ধ চিত্ত) অচেতসঃ (অবিবেকিগণ) এনং (এই জীবাত্মাকে) ন পশুন্তি (দেখিতে পায় না) ॥১১॥

আদিত্যগতং (স্থ্যস্থিত) যৎ (যে) তেজঃ (তেজ), চন্দ্রমসি (চন্দ্রে) যৎ (যে তেজ) অথাে চ (ও অগ্নিতে) যৎ (যে তেজ) অখিলম্ (সমগ্র) জগৎ (ব্রহ্মাণ্ডকে) ভাসয়তে (প্রকাশিত করে) তৎ (সেই সমস্ত তেজ) মামকম্ (আমারই) তেজঃ (তেজ বলিয়া) বিদ্ধি (জানিও) ॥১২॥

মূঢ় মানবগণ জীবাত্মার উক্তরূপ দেহ পরিত্যাগ, দেহে অবস্থান ও বিষয়ভোগ কিছুই দেখিতে পায় না, কিন্তু জ্ঞান-চক্ষুযুক্ত ব্যক্তিসকল এ সমুদয়ই দেখিতে পান ॥১০॥

যত্নশীল কোন কোন যোগীও শরীরে অবস্থিত এই জীবাত্মাকে দর্শন করেন; কিন্তু অশুদ্ধচিত্ত অবিবেকিগণ যত্ন করিয়াও এই জীবাত্মাকে দেখিতে পায় না ॥১১॥ গামাবিশ্য চ ভূতানি ধারয়াম্যহমোজসা।
পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ ॥১৩॥
অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ।
প্রাণাপানসমাযুক্তঃ পচাম্যন্তং চতুর্ব্বিধম্ ॥১৪॥
সর্ব্বস্থ চাহং হৃদি সন্নিবিষ্টো
মন্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনঞ্চ।
বেদেশ্চ সর্ব্বেরহমেব বেছো।
বেদাস্তকৃদ্বেদবিদেব চাহম্ ॥১৫॥

অহম্ (আমি) গাম্ (পৃথিবীতে) আবিশ্য চ (অধিষ্ঠিত হইয়া) ওজসা
(নিজ শক্তি দ্বারা) ভূতানি (চরাচর প্রাণিগণকে) ধারয়ামি (ধারণ করিতেছি) রসাত্মকঃ চ (ও অমৃতময়) সোমঃ ভূত্বা (চন্দ্র হইয়া) সর্বাঃ (সমস্ত)
ওষধীঃ (ব্রীহি ও যবাদি ওষধিগণকে) পুষ্ণামি (পোষণ করিতেছি) ॥১৩॥
অহং (আমি) বৈশ্বানরঃ (জঠরাগ্নি) ভূত্বা (হইয়া) প্রাণিনাং
(প্রাণিগণের) দেহম্ (শরীরকে) আশ্রিতঃ (আশ্রয় করিয়া) প্রাণাপানসমাযুক্তঃ প্রাণ ও অপান বায়ুর সহযোগে) চতুর্ব্বিধম্ (চারি প্রকার)
অন্নং (অন্ন) পচামি (পরিপাক করিয়া থাকি)॥১৪॥

স্থ্যস্থিত যে তেজ অখিল জগৎকে প্রকাশ করে, চন্দ্রে ও অগ্নিতে যে তেজ বিরাজমান, সেই সমুদ্য় আমারই তেজ বলিয়া জানিবে ॥১২॥

আমি পৃথিবীতে অধিষ্ঠিত হইয়া নিজ শক্তি দ্বারা জীবগণকে ধারণ করিতেছি; আবার অমৃতময় চন্দ্র স্বরূপে সমুদয় (ব্রীহি ও যবাদি) ওযধিগণকে পোষণ করিতেছি ॥১৩॥

আমি জঠরানল রূপে জীবদেহ আশ্রয় পূর্ব্বক প্রাণ ও অপান বায়ুর সহযোগে চর্ব্ব্য-চুষ্মাদি চতুর্ব্বিধ আহার্য্য পরি-পাক করিয়া থাকি ॥১৪॥

দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ। ক্ষরঃ সর্বাণি ভূতানি কূটস্থোহক্ষর উচ্যতে ॥১৬॥ উত্তমঃ পুরুষস্ত্বন্তঃ পরমাদ্মেত্যুদাহতঃ। যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্তাব্যয় ঈশ্বরঃ ॥১৭॥

অহং (আমি) সর্ববস্থ চ (সকল প্রাণীরই) হুদি (হ্বদয়ে) সন্নিবিষ্টঃ (অন্তর্যামিরূপে অবস্থিত) মত্তঃ (আমা হইতে) [জীবস্থ] (জীবের) স্মৃতিঃ (পূর্ব্বান্থভূত বিষয়ের স্মরণ) জ্ঞানম্ (জ্ঞান) অপোহনং চ (ও তত্তভয়ের বিলোপ হয়); সর্বৈরঃ চ (এবং সকল) বেদৈঃ (বেদের দ্বারা) অহম্ এব (একমাত্র আমিই) বেদাস্তকৃৎ (বেদব্যাসরূপে বেদান্ত কর্তা) বেদবিং চ (ও বেদার্থবেত্তা) ॥১৫॥

লোকে (চতুর্দশ ভুবনে) ক্ষরঃ চ (ক্ষর) অক্ষরঃ চ (ও অক্ষর) ইমৌ (এই) দ্বৌ এব (তুইটি মাত্র) পুরুষৌ (চেতন তত্ত্ব) [স্তঃ] (রহিয়াছেন), [তয়োঃ] (তাহার মধ্যে) সর্বাণি (ব্রহ্মাদিস্থাবরাস্ত) ভূতানি (প্রাণিসকল) ক্ষরঃ (স্বরূপ হইতে বিচ্যুত হয় বলিয়া ক্ষর), কূটস্থঃ (এবং অবিচ্যুত স্বরূপে নিত্য অবস্থিত ভগবৎ-পার্বদতত্ত্ব) অক্ষরঃ (অক্ষর শব্দে) [বিদ্বদ্ভিঃ] (জ্ঞানিগণ কর্ত্ত্বক) উচ্যতে (কথিত হন) ॥১৬॥

আমি সমস্ত জীবেরই হৃদয়ে (অন্তর্যামিস্বরূপে) অবস্থিত, আমা হইতে জীবের (কর্মানুসারে) স্মৃতি ও জ্ঞান এবং তত্মভয়ের বিলোপ হয়; আমিই সমস্ত বেদের একমাত্র জ্ঞাতব্য (রসময়) তত্ত্ব, আমিই বেদাস্ত রচনাকারী অর্থাৎ বেদব্যাসরূপ জ্ঞেয় বেদার্থ নির্ণয়কারী ও আমিই বেদ-তাৎপর্য্য-বেত্তা ॥১৫॥

জগতে ক্ষর ও অক্ষর এই তুইটী মাত্র পুরুষ বর্ত্তমান; তাহার মধ্যে ব্রহ্মাদি স্থাবর পর্য্যন্ত প্রাণিসমূহ (স্ব-স্বরূপ হইতে বিচ্যুত হয় বলিয়া) ক্ষর, ও অবিচ্যুত স্বরূপে নিত্য অবস্থিত [ভগবং-পার্যদ] তত্ত্বই অক্ষর শব্দবাচ্য ॥১৬॥

যশ্মাৎ ক্ষরমতীতোহহমক্ষরাদপি চোত্তমঃ। অতোহশ্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ ॥১৮॥ যো মামেবমসংমূঢ়ো জানাতি পুরুষোত্তমম্। স সর্ববিদ্বজ্বতি মাং সর্বভাবেন ভারত ॥১৯॥

তু (কিন্তু) অন্তঃ (অক্ষর পুরুষরূপ পার্ষদতত্ত্ব হইতে ভিন্ন) উত্তমঃ (উৎকৃষ্ট) পুরুষঃ (পুরুষ) পরমাত্মা (সেই পরমাত্মারূপ অক্ষর পুরুষ) ইতি (এই শব্দে) উদাহাতঃ (কথিত হন)। যঃ (যিনি) ঈশ্বরঃ (সকলের প্রভূ) অব্যয়ঃ [সন্] (সনাতনরূপে) লোকত্রয়ম্ (ত্রিজগন্মধ্যে) আবিশ্য (প্রবেশ পূর্ব্বক) বিভর্ত্তি (জীবগণকে পালন করিতেছেন) ॥১৭॥

যম্মাৎ (যেহেতু) অহম্ (আমি) ক্ষরম্ (ক্ষর পুরুষ জীবের) অতীতঃ (অতীত) অক্ষরাৎ অপি চ (এবং অক্ষর পুরুষ মুক্তাত্মা হইতেও) উত্তম (উৎকৃষ্ট তত্ত্ব) অতঃ (অতএব) লোকে (জগতে) বেদে চ (ও বেদাদি শাস্ত্রে) পুরুষোত্তমঃ (পুরুষোত্তম নামে) প্রথিতঃ অম্মি (প্রসিদ্ধ হইয়াছি) ॥১৮॥

[হে] ভারত (হে ভারত বংশীয়!) যঃ (যিনি) অসংমূঢ়ঃ (মোহশূ্স্ত) [সন্] (হইয়া) মাম্ (আমাকে) এবং (পূর্ব্বোক্তপ্রকারে) পুরুষোত্তমম্ (পুরুষোত্তম বলিয়া) জানাতি (জানিতে পারেন), সঃ (তিনিই) সর্ব্ববিৎ

কিন্তু এতত্বভয় হইতে সম্পূর্ণ ভিন্ন, কোন উৎকৃষ্ট পুরুষকে পরমাত্মা বলা হয়। তিনিই ঈশ্বর এবং সনাতন স্বরূপে লোক-ত্রয়ে প্রবিষ্ট হইয়া জগজ্জনকে পালন করিতেছেন ॥১৭॥

যেহেতু আমি ক্ষর পুরুষের অতীত, এবং অক্ষর পুরুষ নিত্যপার্ষদ হইতেও উত্তম, অতএব জগতে ও বেদাদি শাস্ত্রে আমাকেই 'পুরুষোত্তম' বলিয়া কীর্ত্তন করে ॥১৮॥

হে ভারত! যিনি কোনরূপে মোহিত না হইয়া পূর্ব্বোক্ত প্রকারে আমার এই সচ্চিদানন্দ-স্বরূপকে পুরুষোত্তম বলিয়া

ইতি গুহুতমং শাস্ত্রমিদমুক্তং ময়ানঘ। এতদুদ্ধা বৃদ্ধিমান্ স্থাৎ কৃতকৃত্যশ্চ ভারত ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্বাণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ বন্ধবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জ্বনসংবাদে পুরুষোত্তমযোগো নাম পঞ্চদশোহধ্যায়ঃ ॥১৫॥

(পূর্ণতত্বজ্ঞ) মাং (আমাকে) সর্ব্বভাবেন (সর্ব্বপ্রকারে অর্থাৎ মধুরাদি সর্ব্বরসে) ভঙ্গতি (ভঙ্গনা করেন) ॥১৯॥

[হে] অনঘ (হে নির্মাৎসর!) ময়া (আমা কর্তৃক) ইতি (এই প্রকারে) গুহৃতমং (অতি গোপনীয়) ইদম্ (এই) শাস্ত্রম্ (সর্ব্বশাস্ত্র তাৎপর্য্য) উক্তং (কথিত হইল)। [হে] ভারত (হে ভারত!) এতৎ (ইহা) বুদ্ধা (হদয়ঙ্গম করিয়া) বুদ্ধিমান্ (স্থমেধজন) কৃতকৃত্যঃ চ (পরম কৃত কৃতার্থ) স্থাৎ (হইয়া থাকেন)॥২০॥

ইতি পঞ্চদশোহধ্যায়ের অম্বয় সমাপ্ত॥

জানেন তিনিই পূর্ণতত্ত্বজ্ঞ এবং সর্ব্বপ্রকারে (শাস্ত, দাস্থা, বাৎসল্য ও মধুর রসে) আমাকেই ভজন করেন ॥১৯॥

হে নির্মাৎসর! আমি এই প্রকারে অতি গুহুতম এই সর্বাশাস্ত্র তাৎপর্য্য তোমাকে বলিলাম। হে ভারত! ইহা হৃদয়ঙ্গম করিয়া স্থমেধজন পরম কৃতকৃতার্থ হইয়া থাকেন॥২০॥

ইতি পঞ্চদশ অধ্যায়ের বঙ্গান্তুবাদ সমাপ্ত॥

CONTRACTO

ষোড়শোহধ্যায়ঃ

দৈবাস্থরসম্পদ্-বিভাগ যোগ

শ্রীভগবানুবাচ—
অভয়ং সত্ত্বসংশুদ্ধির্জ্ঞানযোগব্যবস্থিতিঃ।
দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়ন্তপ আর্চ্জবম্॥১॥
অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্।
দয়াভূতেম্বলোলুপ্ত্বং মার্দ্দবং ব্রীরচাপলম্॥২॥
তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা।
ভবস্তি সম্পদং দৈবীমভিজাতশ্য ভারত॥৩॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) অভয়ং (ভয়শূয়্য়তা) সম্বসংশুদ্ধিঃ (চিত্তের প্রসন্নতা) জ্ঞানযোগবাবস্থিতিঃ (জ্ঞানোপায় অমানিত্বাদিতে
নিষ্ঠা) দানং (দান) দমঃ (বাহেন্দ্রিয় সংয়ম) যজ্ঞঃ চ (যজ্ঞ) স্বাধ্যায়ঃ
(বেদপাঠ) তপঃ (তপস্থা) আর্জ্জবম্ (সরলতা) অহিংসা (হিংসা
রাহিত্য) সত্যম্ (সত্য) অক্রোধঃ (ক্রোধাভাব) ত্যাগঃ (পুত্রকলত্রাদিতে
মমতা ত্যাগ) শাস্তিঃ (মনঃ সংয়ম) অপৈশুনম্ (পরের দোষামুসদ্ধান
বর্জ্জন) ভূতেমু (প্রাণিগণের প্রতি) দয়া (করুণা) অলোলুপ্ত্বঃ (লোভের
অভাব) মার্দ্দবং (মৃত্রুতা) ব্রীঃ (অসৎ কর্মে লজ্জা) অচাপলম্
(অচঞ্চলভাব) তেজঃ (তেজ) ক্ষমা (সহিষ্ণুতা) ধৃতিঃ (ধৈর্য্য) শৌচম্
(বাহ্ম ও অভ্যম্বরশুদ্ধি) অদ্রোহঃ (জিঘাংসারাহিত্য) ন অতিমানিতা
(অভিমান শূম্মতা) [হে] ভারত (হে অর্জ্জুন!) [এতেগুণাঃ] (এই সকল

শ্রীভগবান্ কহিলেন—অভয়, চিত্তের প্রসন্নতা, আত্মজ্ঞানে দৃঢ়নিষ্ঠা, দান, বাহেন্দ্রিয় সংযম, যজ্ঞ, বেদপাঠ, তপস্থা, সরলতা, অহিংসা, সত্য, অক্রোধ, ত্যাগ, শাস্তি, পরের দোষ না দেখা, জীবে দয়া, নির্লোভ, মৃত্রতা, লজ্জাশীলতা, অচপলতা,

দন্তো দর্পোহভিমানশ্চ ক্রোখঃ পারুক্তমেব চ। অজ্ঞানং চাভিজাতস্থ পার্থ সম্পদমাস্থরীম্ ॥৪॥ দৈবী সম্পদ্বিমোক্ষায় নিবন্ধায়াস্থরী মতা। মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোহসি পাণ্ডব ॥৫॥

গুণ) দৈবীম্ (সাম্বিক) সম্পদং (সম্পদের) অভিজাতস্থ (অভিমুখে জাত ব্যক্তির) ভবস্তি (উদিত হইয়া থাকে) ॥১-৩॥

[হ] পার্থ (হে কুম্ভীপুত্র!) দম্ভঃ (ধর্মধ্বজিতা) দর্পঃ (বিদ্যাধন সংকুলত্বাদি নিমিত্ত গর্কা) অভিমানঃ চ (নিজের পূজ্যত্ব বুদ্ধি) ক্রোধঃ (ক্রোধ) পারুষ্তম্ এব চ (নিষ্ঠুরতা) অজ্ঞানং চ (অবিবেকিতা) [এতেগুণাঃ] (এই সকল অসংগুণ) আমুরীম (আমুরী) সম্পদম (সম্পদের) অভিজাতস্ত্য (অভিমুখ জাত ব্যক্তির) [ভবস্তি] (ইইয়া থাকে) ॥৪॥

দৈবী সম্পদ্ (দৈবী সম্পদ্) বিমোক্ষায় (বন্ধন মুক্তির) আস্থরী [চ] (ও আস্থরী সম্পদ্) নিবন্ধায় (বন্ধনের কারণ বলিরা) মতা (কথিত হয়), হে পাণ্ডব (হে পাণ্ডুপুত্র!) [ড্বং] (তুমি) মা শুচঃ (শোক করিও না) দৈবীম্ (দৈবী) সম্পদং (সম্পদ্) অভি (আশ্রয় করিয়া) জাতঃ অসি (জন্ম-গ্রহণ করিয়াছ) ॥৫॥

তেজ, ক্ষমা, ধৈর্য্য, শৌচ, অদ্রোহ ও অভিমানশূগুতা—হে ভারত! এই সকল গুণ সাত্ত্বিক সম্পদের অভিমুখে জাত ব্যক্তির উদিত হয় ॥১-৩॥

হে পার্থ! দম্ভ, দর্প, অভিমান, ক্রোধ, নিষ্ঠুরতা, ও অবিবেকিতা—এই সকল অসংগুণ আস্করী সম্পদের অভি-মুখে জাত ব্যক্তির হইয়া থাকে॥৪॥

ি দৈবসম্পদ্ বন্ধনমুক্তির এবং আস্থরসম্পদ্ দৃঢ় বন্ধনের কারণ বলিয়া কথিত হয়। হে পাণ্ডব! শোক করিও না, তুমি দৈবী সম্পদ্ আশ্রয় করিয়াই জন্মগ্রহণ করিয়াছ ॥৫॥ দ্বৌ ভূতসর্গৌ লোকেহস্মিন্ দৈব আম্বর এব চ।
দৈবো বিস্তরশঃ প্রোক্ত আম্বরং পার্থ মে শৃণু ॥৬॥
প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ জনা ন বিদ্বরাম্বরাঃ।
ন শৌচং নাপি চাচারো ন সত্যং তেয়ু বিদ্যতে ॥৭॥
অসত্যমপ্রতিষ্ঠন্তে জগদাহুরনীশ্বরম্।
অপরস্পরসম্ভূতং কিমন্যৎ কামহেতুকম্ ॥৮॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) অস্মিন্ (এই) লোকে (সংসারে) দৈবঃ (দেবপ্রকৃতি) আম্বরঃ চ (ও অম্বরপ্রকৃতি) দ্বৌ এব (এই তুই প্রকার) ভূতসর্গো প্রাণিস্ম্বি) [দৃশ্যতে] (দেখা যায়)। দৈবঃ (দেবপ্রকৃতির বিষয়) বিস্তরশঃ (বিস্তৃত ভাবে) প্রোক্তঃ (কথিত হইয়াছে), মে (আমার নিকট) আম্বরং (অম্বরপ্রকৃতির বিষয়) শৃণু (শ্রবণ কর)॥৬॥

আস্থরাঃ (অস্থর প্রকৃতি) জনাঃ (লোকসমূহ) প্রবৃত্তিং চ (ধর্ম্মে প্রবৃত্তি) নিবৃত্তিং চ (ও অধর্মা হইতে নিবৃত্তি) ন বিদ্ধঃ (জানে না); তেষু (তাহাদের মধ্যে) শৌচং (শুচিতা) ন বিদ্যুতে (নাই), আচারঃ অপি (সদাচারও) ন (নাই), সত্যং চ (এবং সত্যও) ন (নাই) ॥৭॥

তে (তাহারা অর্থাৎ অস্কর প্রকৃতি লোক সমূহ) জগৎ (জগৎকে) অসত্যম্ (মিথ্যা) অপ্রতিষ্ঠং (নিরাশ্রয়) অনীশ্বরম্ (নিরীশ্বর) অপরস্পর-

হে পার্থ! এই জগতে দেব-প্রকৃতি ও অস্তর প্রকৃতি—এই ছুই প্রকার জীব-স্থপ্তি দেখা যায়। জীবের দৈবী সম্পদ্ সম্বন্ধে তোমাকে সবিস্তারে বলিয়াছি, এক্ষণে আমার নিকট আস্তরী সম্পদের বিষয় শ্রবণ কর॥৬॥

অস্থর প্রকৃতি লোকসমূহ ধর্ম্মে প্রবৃত্তি ও অধর্ম্ম হইতে নিবৃত্তির বিষয় জানে না; তাহাদের মধ্যে শুচিতা সদাচার ও সত্যপরায়ণতার কিছুই নাই ॥৭॥

এতাং দৃষ্টিমবষ্টভ্য নষ্টাদ্মানোহল্পবুদ্ধয়ঃ। প্রভবস্ক্যগ্রকর্মাণঃ ক্ষয়ায় জগতোহহিতাঃ॥৯॥ কামমাশ্রিত্য তুষ্পূরং দম্ভমানমদান্বিতাঃ। মোহাদৃগৃহীত্বাহসদ্গ্রাহান্ প্রবর্ত্তন্তেইশুচিত্রতাঃ॥১০॥

সম্ভূতং (পরস্পর সংসর্গজাত) কিম্ অস্তৎ (অস্ত কি কথা?) কাম-হেতুকম্ (কেবল কামই জগৎ স্বস্টির হেতু) আহুঃ (বলিয়া থাকে)॥৮॥

এতাং (এই প্রকার) দৃষ্টিম্ (দর্শন) অবষ্টভ্য (আশ্রয় করিয়া)
নষ্টাত্মানঃ (আত্মতত্ত্ব জ্ঞানহীণ) অল্প-বৃদ্ধায়ঃ (ক্ষুদ্রবৃদ্ধি) উগ্রকর্মাণঃ
(ভীষণকর্মা) অহিতাঃ (অমঙ্গল স্বরূপ) [অস্থরাঃ] (অস্থরগণ) জগতঃ
(জগতের) ক্ষয়ায় (ধ্বংসের জন্মই) প্রভবন্তি (প্রভাব লাভ করে) ॥৯॥

[তে] (তাদৃশ অন্তর্গণ) তুপ্পুরং (তুপ্পুরণীয়) কামম্ (বিষয়তৃষ্ণা) আশ্রিত্য (আশ্রয় করিয়া) দম্ভমানমদাম্বিতাঃ [সম্ভঃ] (দম্ভ, মান ও মদে মন্ত হইয়া) মোহাৎ (মোহ বশতঃ) অসদ্গ্রাহান্ (অসৎ বিষয়ে আগ্রহ) গৃহীত্বা (অবলম্বন পূর্ব্বক) অশুচিত্রতাঃ [সম্ভঃ] (ঘোর অনাচারে) প্রবর্ত্তম্ভে (প্রবৃত্ত হয়) ॥১০॥

অস্থর-প্রকৃতি লোকগণ জগৎকে মিথ্যা, আশ্রয়হীন, নিরীশ্বর ও পরস্পর সংসর্গ-জাত বলে; অন্য কি কথা? একমাত্র কামই বিশ্ব স্বষ্টির হেতু—ইহাই তাহাদের সিদ্ধান্ত ॥৮॥

এইরূপ দর্শন আশ্রয় করিয়া আত্মজ্ঞানহীন অল্পবুদ্ধি, ভীষণকর্মা ও অমঙ্গল স্বরূপ অন্তর্গণ জগধ্বংসের জন্মই প্রভাব লাভ করে॥৯॥

তাদৃশ অস্ত্ররগণ তুষ্পূর্ণীয় কামনা আশ্রয় করিয়া মোহবশতঃ অসৎ বিষয়ে আগ্রহ অবলম্বন পূর্ব্বক দম্ভ, মান, ও মদে মত্ত হইয়া ঘোর অনাচারে প্রবৃত্ত হয় ॥১০॥ চিন্তামপরিমেয়াঞ্চ প্রলয়ান্তামুপাশ্রিতাঃ।
কামোপভোগপরমা এতাবদিতি নিশ্চিতাঃ॥১১॥
আশাপাশশতৈর্বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ।
ঈহন্তে কামভোগার্থমন্তায়েনার্থসঞ্চয়ান্॥১২॥
ইদমন্ত ময়া লক্ষমিদং প্রাপ্ল্যে মনোর্থম্।
ইদমন্তীদমপি মে ভবিশ্বতি পুনর্দ্ধনম্॥১৩॥

[তে] (তাহারা) প্রলয়াস্তাম্ (মৃত্যুকাল পর্য্যস্ত) অপরিমেয়াং চ (অপরিসীম) চিন্তাং (চিন্তাকে) উপাশ্রিতাঃ (আশ্রয় পূর্ব্বক) কামোপ-ভোগপরমাঃ (কামোপভোগই চরম কার্য্য) এতাবং ইতি নিশ্চিতাঃ (এইরূপ নিশ্চয় করিয়া) আশাপাশশতৈঃ (শতশত আশাপাশে) বদ্ধাঃ (আবদ্ধ) কামক্রোধপরায়ণাঃ [সন্তঃ] (কাম ও ক্রোধ বশীভূত হইয়া) কামভোগার্থম্ (কাম ভোগের জন্য) অন্যায়েন (অন্যায়ভাবে) অর্থ-সঞ্চয়ান (অর্থ সংগ্রহের) ঈহন্তে (চেষ্টা করিয়া থাকে) ॥১১-১২॥

অন্ত (আজ) ময়া (আমি) ইদম্ (ইহা) লব্ধম্ (পাইলাম) [পুনঃ] (আবার) ইদং (এই) মনোরথম্ (অভীষ্ট বস্তু) প্রাপ্স্যে (পাইব), ইদম্ (এই ধন) অস্তি (আছে) পুনঃ (আবার) ইদম্ অপি ধনম্ (এই ধনও) মে (আমার) ভবিশ্বতি (হইবে) ॥১৩॥

তাহারা আমৃত্যু অপরিসীম চিম্ভাগ্রস্ত থাকিয়া কামোপ-ভোগই চরম কার্য্য নিশ্চয় পূর্ব্বক শতশত আশাপাশে আবদ্ধ এবং কাম ও ক্রোধ বশীভূত হইয়া কামভোগের জন্ম অন্যায়-ভাবে অর্থ সংগ্রহের চেষ্টা করিয়া থাকে ॥১১-১২॥

আজ আমি ইহা পাইলাম, আবার এই অভীষ্ট প্রাপ্ত হইব, আমার এই সম্পত্তি আছে, আবার এই ধনও আমারই হইবে ॥১৩॥ অসৌ ময়া হতঃ শত্রুহনিয়ে চাপরানপি।
ঈশ্বরোহহমহং ভোগী সিদ্ধোহহং বলবান্ স্থখী ॥১৪॥
আঢ্যোহভিজনবানস্মি কোহন্যোহস্তি সদৃশো ময়া।
যক্ষ্যে দাস্থামি মোদিয়া ইত্যজ্ঞানবিমোহিতাঃ ॥১৫॥
অনেকচিত্তবিভ্রাম্ভা মোহজালসমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতস্তি নরকেহস্তচৌ ॥১৬॥

অসৌ (এই) শক্রঃ (শক্রকে) ময়া (আমাকর্ত্বক) হতঃ (বিনষ্ট হইয়াছে) অপি চ (আরও) অপরান (অপর শক্রদিগকে) হনিয়ে (বিনাশ করিব), অহম (আমি) ঈশ্বরঃ (প্রভু), অহং (আমি) ভোগী (ভোজা), অহং (আমি) সিদ্ধঃ (কৃতকৃত্য) বলবান (বলবান) স্থখী (স্থখী) ॥১৪॥

[অহং] (আমি) আঢ়ঃ (ধনী) অভিজনবান্ (কুলীন) অশ্মি (হই) ময়া (আমার) সদৃশঃ (সমকক্ষ) অন্তঃ (অপর) কঃ (কে) অস্তি (আছে?) [অহং] (আমি) যক্ষ্ণে (যজ্ঞ করিব) দাশ্যামি (দান করিব) মোদিশ্বে (ও আনন্দ করিব) ইতি (এইরূপ) অজ্ঞানবিমোহিতাঃ (অজ্ঞান-বিমোহিত) অনেকচিত্তবিভ্রান্তাঃ (নানা চিস্তাতে বিভ্রান্ত চিত্ত) মোহজালসমাবৃতাঃ (মোহজালে আচ্ছন্ন) কামভোগেষু (ও বিষয়ভোগে) প্রসক্তাঃ [সন্তঃ] (অত্যন্ত আসক্ত হইয়া হঁহারা) অশুচৌ (ঘৃণিত) নরকে (বৈতরণী প্রভৃতি নরকে) পতন্তি (পতিত হয়) ॥১৫-১৬॥

এই শক্রকে আমি বধ করিলাম, অপর শক্রগণকেও বিনাশ করিব, আমিই ঈশ্বর, আমিই ভোক্তা, আমিই কৃতকৃত্য ও বলবান, এবং আমিই স্থুখী ॥১৪॥

আমিই ধনী ও কুলীন, আমার সমকক্ষ কে আছে? আমি যজ্ঞ করিব, প্রার্থীকে দান করিব এবং আনন্দ করিব—এইরূপ অজ্ঞান বিমোহিত, নানা চিস্তায় বিভ্রাস্তচিত্ত, মোহজালে

আত্মসম্ভাবিতাঃ স্তব্ধা ধনমানমদান্বিতাঃ।
যজন্তে নামযক্তৈস্তে দম্ভেনাবিধিপূর্ব্বকম্ ॥১৭॥
অহক্কারং বলং দর্পং কামং ক্রোথঞ্চ সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেরু প্রত্বিযন্তোহভ্যস্থ্যকাঃ॥১৮॥

আত্মসম্ভাবিতাঃ (নিজে নিজেই সম্মানিত) স্তনাঃ (অবিনীত) ধনমানমদান্বিতাঃ (ধন ও মান হেতু মদমত্ত) তে (সেই সমস্ত অস্তরগণ) দন্তেন (দন্তের সহিত) নামযক্তৈঃ (নাম মাত্র যজ্ঞ দ্বারা) অবিধিপূর্ব্বকম্ (অশান্ত্রীয়) যজন্তে (যজ্ঞ করিয়া থাকে) ॥১৭॥

[তে] (তাহারা) অহস্কারং (অহস্কার) বলং (বল) দর্পং (দর্প) কামং কাম) ক্রোধং চ (ও ক্রোধকে) সংশ্রিতাঃ (আশ্রম করিয়া) আত্মপর-দেহেযু (নিজের ও পরের দেহে) [স্থিতং] (অবস্থিত) মাম্ (আমাকে) প্রদ্বিষত্তঃ (অতিশয় দ্বেষ করিয়া) অভ্যস্থয়কাঃ (সা্ধুদিগের গুণে দোষারোপকারী) [ভবস্তি] (হইয়া থাকে) ॥১৮॥

আচ্ছন্ন ও বিষয়ভোগে অতীব আসক্ত হইয়া ইহারা ঘৃণিত (বৈতরণী প্রভৃতি) নরকে পতিত হয় ॥১৫-১৬॥

নিজে নিজেই সম্মানিত, অবিনীত এবং ধন ও মানমদে মত্ত, সেই সকল অস্থুরগণ দন্তের সহিত অবিধি পূর্ব্বক নামমাত্র (লোক দেখান) যজ্ঞ করিয়া থাকে ॥১৭॥

তাহারা অহঙ্কার, বল, দর্প, কাম ও ক্রোধকে আশ্রয় করিয়া, নিজের ও অপরের দেহে অবস্থিত পরমেশ্বর স্বরূপ আমাকে অত্যন্ত দ্বেষ পূর্ব্বক সাধুগণের গুণে দোষারোপ করিয়া থাকে ॥১৮॥ তানহং দ্বিষতঃ ক্রুরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাস্থরীষেব যোনিষু ॥১৯॥
আস্থরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কোন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্॥২০॥
ত্রিবিধং নরকস্থেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতক্রয়ং ত্যজেৎ॥২১॥

অহং (আমি) দ্বিষতঃ (দ্বেষকারী) ক্রুরান্ (নিষ্ঠুর) অশুভান্ (অমঙ্গলস্বরূপ) নরাধমান্ (নরাধম) তান্ (সেই অস্তরগণকে) সংসারেষু (কর্ম্মচক্রে) আস্তরীষু (অস্তর) যোনিষু এব (যোনি সমূহেই) অজস্রম্ (অনবরত) ক্ষিপামি (নিক্ষেপ করি) ॥১৯॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীনন্দন!) জন্মনি জন্মনি (জন্মে জন্মে) আস্থরীং (আস্থরী) যোনিম্ (যোনি) আপন্নাঃ (প্রাপ্ত হইয়া) মূঢ়াঃ (সেই মূঢ়গণ) মাম্ (আমাকে) অপ্রাপ্য এব (না পাওয়ার হেতুই) ততঃ (তাহা হইতেও) অধমাং (নিকৃষ্ট) গতিম্ (গতি) যান্তি (লাভ করিয়া থাকে) ॥২০॥

কামঃ (কাম) ক্রোধঃ (ক্রোধ) তথা লোভঃ (ও লোভ) ইদং (এই) ব্রিবিধং (তিন প্রকার) নরকস্থ (নরক প্রাপ্তির) আত্মনঃ [চ] (ও আত্মার) নাশনম্ (সর্ব্বনাশকর) দ্বারং (দ্বার) তম্মাৎ (অতএব) এতৎ (এই) ব্রয়ং (তিনটীকে) ত্যজেৎ (ত্যাগ করিবে) ॥২১॥

আমি সেই বিদ্বেষী, ক্রুর, অশুভ-গ্রহ ও নরাধম অস্তরগণকে কর্মচক্রে অবিরত আস্তরী যোনি সমূহেই নিক্ষেপ করিয়া থাকি ॥১৯॥

হে কোন্তেয়! জন্মে জন্মে অস্ত্র যোনি প্রাপ্ত হইয়া মূঢ়গণ পরমস্বরূপ আমাকে না পাওয়া হেতু তাহা হইতেও অধমগতি লাভ করিয়া থাকে॥২০॥ এতৈর্বিমুক্তঃ কৌন্তের তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেরস্ততো যাতি পরাং গতিম্ ॥২২॥
যঃ শাস্ত্রবিধিমুৎস্জ্য বর্ত্ততে কামচারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন স্থুখং ন পরাং গতিম ॥২৩॥

[হে] কৌন্তেয় (হে কৌন্তেয়!) এতৈঃ (এই) ব্রিভিঃ (তিন প্রকার)
তমোদ্বারৈঃ (নরকদ্বার হইতে) বিমুক্তঃ (বিশেষভাবে মুক্ত) নরঃ
(লোক) আত্মনঃ (নিজের আত্মার) শ্রেয়ঃ (মঙ্গল) আচরতি (সাধন
করে) ততঃ (তাহাদ্বারা) পরাং (পরম) গতিম্ (গতি) যাতি
(লাভ করে) ॥২২॥

যঃ (যে ব্যক্তি) শাস্ত্রবিধিম্ (শাস্ত্রবিধিকে) উৎস্ক্য (উল্লঙ্ঘন করিয়া) কামচারতঃ (স্বেচ্ছাচারে) বর্ত্ততে (বর্ত্তমান) সঃ (সে) সিদ্ধিম্ (চিত্তশুদ্ধি) স্বখং (স্থখ) পরাং গতিম্ (বা পরাগতি) ন অবাপ্লোতি (কোনটীই লাভ করিতে পারে না) ॥২৩॥

কাম, ক্রোধ ও লোভ এই তিন প্রকার আত্মনাশকর নরক প্রাপ্তির দ্বারস্বরূপ, অতএব এই তিনটীকে পরিত্যাগ করিবে ॥২১॥

হে কৌন্তেয়! এই তিন প্রকার নরকদ্বার হইতে বিমুক্ত মানব নিজের শ্রেয়ঃসাধন করেন এবং পরম গতি লাভ করিয়া থাকেন ॥২২॥

যে ব্যক্তি শাস্ত্রবিধি উল্লঙ্ঘন করিয়া স্বেচ্ছাচারে বর্ত্তমান, সে ব্যক্তি কখনও সিদ্ধি বা স্থখ বা পরমগতি—কোনটীই লাভ করিতে পারে না ॥২৩॥

তস্মাচ্ছাস্ত্রং প্রমাণম্ভে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ। জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম কর্ত্তুমিহার্হসি॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্কণি শ্রীমন্তগবদ্গীতাস্থপনিষৎস্থ বন্ধবিত্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে দৈবাস্থরসম্পদ্-বিভাগ যোগো নাম ষোড়শোহধ্যায়ঃ ॥১৬॥

তস্মাৎ (অতএব) কার্য্যাকার্য্যব্যবস্থিতে। (করণীয় ও অকরণীয়ের নির্ণয়-বিষয়ে) শাস্ত্রং (শাস্ত্র বাক্যই) তে (তোমার পক্ষে) প্রমাণং (প্রমাণ) ইহ (এই কর্ম্মভূমিতে) শাস্ত্রবিধানোক্তং (শাস্ত্রবিহিত) কর্ম্ম (কর্ম্ম) জ্ঞাত্বা (জানিয়া) [তৎ] কর্ত্তুং (তাহা করিতে) অর্হসি (যোগ্য হও) ॥২৪॥

ইতি ষোড়শ অধ্যায়ের অম্বয় সমাপ্ত॥

অতএব কর্ত্তব্য ও অকর্ত্তব্য কর্ম্মের নির্ণয় বিষয়ে শাস্ত্র-বাক্যই তোমার পক্ষে একমাত্র প্রমাণ। এই কর্ম্মভূমিতে শাস্ত্র বিহিত অর্থাৎ ভগবৎ-স্থুখ তাৎপর্য্যপর কর্ম—বুঝিয়া তাহা করিতে যোগ্য হও ॥২৪॥

ইতি ষোড়শ অধ্যায়ের বঙ্গান্সবাদ সমাপ্ত॥



সপ্তদশোহধ্যায়ঃ

শ্রদ্ধাত্রয়-বিভাগ-যোগ

অৰ্জ্জুন উবাচ— যে শাস্ত্ৰবিধিমুংস্জ্য যজন্তে শ্ৰদ্ধয়ান্বিতাঃ। তেবাং নিষ্ঠা তু কা কৃষ্ণ সন্ত্ৰমাহো রজ্স্তমঃ॥১॥ শ্ৰীভগবান্থবাচ—

ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা। সাম্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু ॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হ] কৃষ্ণ (হে কৃষ্ণ!) যে (যাহারা) শাস্ত্রবিধিম (শাস্ত্রবিধি) উৎস্ক্তা (পরিত্যাগ পূর্বক) তু (কিন্তু) শ্রদ্ধায়িতাঃ [সন্তঃ] (শ্রদ্ধাযুক্ত হইয়া) যজন্তে (পূজা করে), তেষাং (তাহাদের) নিষ্ঠা (নিষ্ঠা) কা (কি বলা যায়?) [স কিম্] (তাহা কি) সন্তম (সান্থিক) আহো (কথিত হয়) রজঃ (বা রাজসিক) [উত] তমঃ (অথবা তামসিক?) ॥১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) দেহিনাং (জীবগণের) শ্রদ্ধা এব (শ্রদ্ধাই) সাম্বিকী (সাম্বিক) রাজসী (রাজসিক) তামসী চ (ও তামসিক) ইতি (এই) ত্রিবিধা (তিনপ্রকার) ভবতি (হইয়া থাকে)। সা (সেই শ্রদ্ধা) স্বভাবজা (পূর্ব্ব সংস্কার হইতে জাত) তাং (তাহা) শৃণু (শ্রবণ কর)॥২॥

অর্জ্জুন বলিলেন—হে কৃষ্ণ! যাহারা শাস্ত্রবিধিকে পরিত্যাগ পূর্ব্বক, শ্রদ্ধা সহকারে পূজা করে, তাহাদের নিষ্ঠাকে কি বলা যায়? উহা কি সাত্ত্বিক বা রাজসিক, অথবা তামসিক? ॥১॥

শ্রীভগবান কহিলেন—সেই শ্রদ্ধাই তিন প্রকার; উহা জীবের পূর্ব্ব সংস্কার সঞ্জাত । উহা সাত্ত্বিক, রাজসিক বা তামসিক ভেদে তিন প্রকার—তাহা শ্রবণ কর ॥২॥ সন্ধানুরূপা সর্বাস্থ্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োহয়ং পুরুষো যো যচ্ছদ্ধঃ স এব সঃ ॥৩॥
যজন্তে সান্ধিকা দেবান্ যক্ষরক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্তে যজন্তে তামসা জনাঃ॥৪॥
অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহক্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ॥৫॥

[হে] ভারত (হে ভরতবংশীয়!) সর্ব্বস্থ (সকল মানবেরই) শ্রদ্ধা (শ্রদ্ধা) সম্বান্তরূপা (চিত্তবৃত্তির অনুরূপ) ভবতি (হইয়া থাকে)। অয়ং (এই) পুরুষঃ (জীব) শ্রদ্ধাময়ঃ (ত্রিবিধ শ্রদ্ধা বিশিষ্ট) যঃ (যিনি) যচ্ছুদ্ধঃ (যে প্রকার সাম্বিকাদি শ্রদ্ধা বিশিষ্ট) সঃ (তিনি) সঃ এব (তৎস্বরূপেই পরিচিত হন)॥৩॥

সাদ্বিকাঃ (সাদ্বিক শ্রদ্ধা বিশিষ্টগণ) দেবান্ (সন্থ-প্রকৃতি দেবতাগণের) যজন্তে (পূজা করেন), রাজসাঃ (রাজসিক শ্রদ্ধাবস্তগণ) যক্ষরক্ষাংসি (রজঃপ্রকৃতি যক্ষ ও রাক্ষসগণের) যজন্তে (পূজা করেন), অন্থে (অপর) তামসাঃ জনাঃ (তামসিক শ্রদ্ধাযুক্তগণ) প্রেতান্ ভূতগণান্ চ (তমঃপ্রকৃতি প্রেত ও ভূতগণের) [যজন্তে] (পূজা করে) ॥৪॥

যে (যে সকল) অচেতসঃ (অবিবেকী) জনাঃ (ব্যক্তি) দম্ভাহঙ্কার

হে ভারত! সকল মানবেরই শ্রদ্ধা নিজ নিজ চিত্তবৃত্তির অনুরূপ হইয়া থাকে। জীব মাত্রেই শ্রদ্ধাময় অর্থাৎ শ্রদ্ধানুরূপ তাহার বাহাভিত্তর গঠিত, স্থতরাং যাহার যেরূপ পূজ্যে শ্রদ্ধা হয়, তিনিও তৎস্বরূপই হইয়া থাকেন ॥৩॥

সাত্ত্বিক শ্রদ্ধাবন্তগণ সত্ত্বপ্রকৃতি দেবতাগণের পূজা করেন, রাজসিক শ্রদ্ধাবিশিষ্টগণ রজঃপ্রকৃতি যক্ষ ও রাক্ষসগণের এবং তামসিক শ্রদ্ধাযুক্তগণ তমঃপ্রকৃতি প্রেত ও ভূতগণের পূজা করে ॥৪॥ কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাস্ফৈবান্তঃশরীরস্থং তান্ বিদ্যান্মরনিশ্চয়ান্॥৬॥
আহারস্থপি সর্বাস্থ্য ত্রিবিধাে ভবতি প্রিয়ঃ।
যজ্ঞন্তপন্তথা দানং তেষাং ভেদমিমং শুণু॥৭॥

সংযুক্তাঃ (দম্ভ ও অহন্ধার অবলম্বন পূর্ব্বক) কামরাগবলাম্বিতাঃ (কামনা মূলে মানসিক ও দৈহিক বিক্রম প্রকাশে) শরীরস্থং (দেহস্থিত) ভূতগ্রামম্ (পঞ্চভূতকে) কর্শয়স্তঃ (কৃশ করিয়া) অস্তঃশরীরস্থং (শরীরাভ্যস্তরে স্থিত) মাং চ এব (আমার অংশ ভূত জীবাত্মাকেও) [তুঃখয়স্তঃ] (তুঃখ প্রদান পূর্ব্বক) অশাস্ত্রবিহিতং (শাস্ত্রবিধির বহির্ভূত) ঘোরং (উৎকট) তপঃ (তপস্থা) তপ্যস্তে (অনুষ্ঠান করে), তান্ (তাহাদিগকে) আমুরনিশ্চয়ান্ (আমুর ধর্মে নিষ্ঠিত বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥৫-৬॥

[গুণ ভেদাৎ] (গুণব্রয়ের ভেদ হেতু) সর্ব্বস্থ (সমস্ত প্রাণীর) ব্রিবিধঃ (তিন প্রকার) আহারঃ তু অপি (আহারও) প্রিয়ঃ (প্রীতিজনক) ভবতি (ইইয়া থাকে) তথা (সেইরূপ) যজ্ঞঃ (যজ্ঞ) তপঃ (তপস্থা) দানং (ও দান) [ব্রিবিধং] (তিন প্রকার), তেষাং (তাহাদের) ইমং (এই) ভেদম্ (ভেদ) শৃণু (শ্রবণ কর) ॥৭॥

যে সকল অবিবেকী ব্যক্তি দম্ভ ও অহঙ্কার অবলম্বন পূর্ব্বক কামনামূলে মানসিক ও দৈহিক বিক্রমপ্রকাশে দেহস্থিত ভূতগণ ও তদভ্যম্ভরে আমার অংশভূত জীবাত্মাকেও তুঃখ প্রদান পূর্ব্বক শাস্ত্রবিধির বহির্ভূত উৎকট তপস্থা করে, তাহাদিগকে আমুরধর্মে নিষ্ঠিত বলিয়া জানিবে ॥৫-৬॥

গুণত্রয়ের ভেদ হেতু সমস্ত প্রাণীর আহারও তিন প্রকার প্রিয় হইয়া থাকে এবং সেইরূপ যজ্ঞ, তপস্তা ও দান সমস্তই ত্রিবিধ হয়; তাহাদের এই ভেদ শ্রবণ কর ॥৭॥ আয়ুঃসম্বৰলারোগ্যন্থখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্তাঃ স্নিশ্ধাঃ স্থিরা হাতা আহারাঃ সাম্বিকপ্রিয়াঃ॥৮॥
কট্ট্বশ্লবণাত্যুক্ষতীক্ষরুক্ষবিদাহিনঃ।
আহারা রাজসম্ভেষ্টা তুঃখশোকাময়প্রদাঃ॥৯॥
যাত্যামং গতরসং পৃতি পর্য্যুবিতঞ্চ যং।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম ॥১০॥

আয়ুঃসম্ববলারোগ্যস্থখপ্রীতিবিবর্দ্ধনাঃ (আয়ুঃ, উৎসাহ, বল, আরোগ্য, স্থখ ও প্রীতির বৃদ্ধিকারক) রস্থাঃ (রসযুক্ত) স্পিন্ধাঃ (স্লেহযুক্ত) স্থিরাঃ (স্থির-গুণযুক্ত) হুড়াঃ (চিত্তাকর্ষক) আহারাঃ (ভক্ষ্য ভোজ্যাদি) সাত্ত্বিক-প্রিয়াঃ (সাত্ত্বিকগণের প্রিয়) [ভবস্থি] (হইয়া থাকে) ॥৮॥

কট্বাম্মলবণাত্যুঞ্চতীক্ষণ্ণক্ষবিদাহিনঃ (অতিকটু, অত্যম, অতি লবণ, অত্যুঞ্চ, অতিতীক্ষ্ণ, অতিকক্ষ, অতি বিদাহী) তুঃখশোকাময়প্রদাঃ (তুঃখ, শোক ও রোগজনক) আহারাঃ (ভক্ষ্যদ্রব্য সমূহ) রাজসস্থ্য (রাজসগণের) ইষ্টাঃ (প্রিয়) [ভবস্থি] (হইয়া থাকে) ॥১॥

যাতযামং (ঠাণ্ডা) গতরসং (নীরস) পূতি (তুর্গন্ধযুক্ত) পর্য্যুষিতং চ (বাসী দ্রব্য) উচ্ছিষ্টম্ অপি (গুরুজন ভিন্ন অপরের ভুক্তাবশিষ্ট) অমেধ্যং চ (ও অভক্ষ্য—পেয়াজ, মন্ত, মাংস প্রভৃতি) যৎ (যে সকল) ভোজনং

আয়ু, উৎসাহ, বল, আরোগ্য, স্থখ ও প্রীতির বর্দ্ধনকারী, রসযুক্ত, স্নেহযুক্ত, স্থিরগুণবিশিষ্ট ও হৃদয়গ্রাহী ভক্ষ্য ভোজ্যাদি— সাত্ত্বিক প্রকৃতির প্রিয় হইয়া থাকে ॥৮॥

অতিকটু (নিম্বাদি), অত্যম্ল, অতিলবণ, অত্যুষ্ণ, অতিতীক্ষ্ণ (লঙ্কামরিচাদি), অতিরুক্ষ (ভৃষ্ট চনকাদি), অতিবিদাহী (সর্বপাদি) — তুঃখ, শোক ও রোগপ্রদ ভক্ষ্যদ্রব্যসকল — রাজস প্রকৃতির ব্যক্তিদের প্রিয় হইয়া থাকে ॥৯॥ অফলাকাজ্জিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে। যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সান্ত্রিকঃ ॥১১॥ অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যং। ইজ্যতে ভরতশ্রেষ্ঠ তং যজ্ঞং বিদ্ধি রাজসম্॥১২॥

(আহার্য্য বস্তু) [তং] (তাহা) তামসপ্রিয়ম্ (তামসগণের প্রিয়) [ভবতি] (হইয়া থাকে) ॥১০॥

অফলাকাজ্জিভিঃ (ফলাকাজ্জা রহিত ব্যক্তি) যষ্ট্রব্যম্ এব (যজ্ঞ অবশ্যই কর্ত্তব্য) ইতি (এই বিচারে) মনঃ (মনকে) সমাধায় (স্থুস্থির করিয়া) বিধিদিষ্টঃ (শাস্ত্রবিধি সম্মত) যঃ (যে) যজ্ঞঃ (যজ্ঞের) ইজ্যতে (অনুষ্ঠান করেন) সঃ (তাহাই) সাম্বিকঃ (সাম্বিক) ॥১১॥

[হে] ভরতশ্রেষ্ঠ (হে ভারত!) তু (কিন্তু) ফলং (ফলের) অভিসন্ধায় (অভিসন্ধান পূর্ব্বক) দম্ভার্থং অপি চ এব (ও দম্ভ প্রকাশের জন্মই) যং (যে) ইজ্যতে (যজ্ঞ করা হয়) তং (সেই) যজ্ঞং (যজ্ঞ) রাজসং (রাজসিক বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥১২॥

প্রহরাধিক কাল পূর্ব্বে পক হেতু ঠাণ্ডা, নীরস, তুর্গন্ধ যুক্ত, পূর্ব্বদিনের পক, (গুরুজন ভিন্ন) অন্মের ভোজনাবশেষ ও অপবিত্র (পেয়াজ, মন্য-মাংসাদি) ভজ্যাদি তামস জনের প্রিয় হইয়া থাকে ॥১০॥

ফলাকাজ্ফারহিত ব্যক্তি অবশ্যকর্ত্তব্য বোধে মনকে স্থস্থির করিয়া, শাস্ত্রবিধি সম্মত যে যজ্ঞের অনুষ্ঠান করেন — তাহাই সাত্ত্বিক ॥১১॥

হে ভারত! কিন্তু ফলের অভিসন্ধি পূর্ব্বক ও দন্ত প্রকাশ নিমিত্তই যে যজ্ঞ করা হয় — তাহাকে রাজসিক বলিয়া জানিবে ॥১২॥ বিধিহীনমস্ষ্ঠান্নং মন্ত্রহীনমদক্ষিণম্।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে ॥১৩॥
দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচমার্জ্ববম্।
ব্হহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে ॥১৪॥
অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতঞ্চ যৎ।
স্বাধ্যায়াভ্যসনং চৈব বাদ্বয়ং তপ উচ্যতে ॥১৫॥

বিধিহীনম্ (অশান্ত্রীয়) অস্ষ্টান্নং (অন্নাদিদান রহিত) মন্ত্রহীনম্ (মন্ত্র বর্জ্জিত) অদক্ষিণম্ (দক্ষিণা শূশু) শ্রদ্ধাবিরহিতং (অশ্রদ্ধাকৃত) যজ্ঞং (যজ্ঞকে) তামসং (তামসিক) পরিচক্ষতে (বলা হয়) ॥১৩॥

দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং (দেবতা, ব্রাহ্মণ, গুরু ও প্রাজ্ঞজনের পূজা) শৌচম্ (বাহ্যাভ্যন্তর শুদ্ধি) আর্জ্জবম্ (সরলতা) ব্রহ্মচর্য্যম্ (ব্রহ্মচর্য্য) অহিংসা চ (ও অহিংসাকে) শারীরং (শারীরিক) তপঃ (তপস্থা) উচ্যতে (বলা হয়) ॥১৪॥

অনুদ্বেগকরং (অবেদনাদায়ক) সত্যং (সত্য) প্রিয়হিতং চ (ও প্রিয় অথচ হিতকর) যৎ (যে) বাক্যং (বাক্য) স্বাধ্যায়াভ্যসনং চ এব (এবং বেদ-পাঠাভ্যাসকে) বাদ্ময়ং (বাচিক) তপঃ (তপস্থা) উচ্যতে (বলা হয়) ॥১৫॥

শাস্ত্রবিধিহীন, অন্নাদি-দানরহিত, মন্ত্রবর্জ্জিত, দক্ষিণাশূল্য ও অশ্রদ্ধাকৃত যজ্ঞকে তামসিক বলা হয় ॥১৩॥

দেবতা, ব্রাহ্মণ, গুরু ও প্রাজ্ঞজনের পূজা এবং শৌচ, সরলতা, ব্রহ্মচর্য্য ও অহিংসা—এই সকলকে শারিরীক তপস্যা বলা হয় ॥১৪॥

অন্সের অনুদেগকর, সত্য, প্রিয় অথচ হিতকর যে বাক্য এবং বেদাভ্যাস—এই সকলকে বাচিক তপস্থা বলা হয় ॥১৫॥ মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমূচ্যতে ॥১৬॥
শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তক্রিবিধং নরৈঃ।
অফলাকাক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে ॥১৭॥
সংকারমানপূজার্থং তপো দন্তেন চৈব যং।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমঞ্চবম্ ॥১৮॥

মনঃপ্রসাদঃ (চিত্তের প্রসন্নতা) সৌম্যত্বং (স্লিগ্ধতা) মৌনম্ (হৈর্য্য) আত্মবিনিগ্রহঃ (সংযম) ভাবসংশুদ্ধিঃ (পবিত্রতা) ইতি এতং (এই সকলকে) মানসং (মানসিক) তপঃ (তপস্থা) উচ্যতে (বলা হয়) ॥১৬॥

তৎ (সেই) ত্রিবিধং (কায়িক, বাচিক ও মানসিক রূপ তিন প্রকার)
তপঃ (তপস্থা) অফলাকাজ্জিভিঃ (নিষ্কাম) যুক্তৈঃ (একনিষ্ঠ) নরৈঃ
(পুরুষগণ কর্তৃক) পরয়া (পরম) শ্রদ্ধায়া (শ্রদ্ধা সহকারে) তপ্তং
(অনুষ্ঠিত হইলে) [তাহাকে] সাত্বিকং (সাত্বিক) পরিচক্ষতে (বলিয়া
অভিহিত হয়) ॥১৭॥

সংকারমানপূজার্থং (লাভ, পূজা, প্রতিষ্ঠার জন্ম) দল্ভেন চ এব (ও দন্তের সহিত) যং (যে) তপঃ (তপস্থা) ক্রিয়তে (কৃত হয়) তৎ (তাহা) ইহ (এই জগতে) চলম্ (অনিত্য) অধ্রুবম্ (অনিশ্চিত) রাজসং (রাজসিক তপস্থা) প্রোক্তং (বলিয়া অভিহিত হয়) ॥১৮॥

চিত্তের প্রসন্নতা, স্নিগ্ধগান্তীর্য্য, স্থৈর্য্য, সংযম ও ভাবশুদ্ধি
—এই সকলই মানসিক তপস্থা বলিয়া কথিত হয় ॥১৬॥
নিষ্কাম, একনিষ্ঠ জনের ভগবৎপর শ্রদ্ধা সহকারে অনুষ্ঠিত
সেই ত্রিবিধ তপস্থাকে সাত্ত্বিক বলা হয় ॥১৭॥

লাভ, পূজা ও প্রতিষ্ঠার জন্ম দন্তের সহিত যে তপস্থা কৃত হয়, সেই অনিত্য ও অনিশ্চিত তপস্থা রাজসিক বলিয়া অভিহিত হয় ॥১৮॥ মূঢ়গ্রাহেণাদ্মনো যৎ পীড়য়া ক্রিয়তে তপঃ।
পরস্যোৎসাদনার্থং বা তস্তামসমুদাহ্বতম্ ॥১৯॥
দাতব্যমিতি যদ্দানং দীয়তেহনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সান্ত্রিকং স্মৃতম্ ॥২০॥
যন্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্রিষ্টং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥২১॥

মূঢ়গ্রাহেণ (বিচারহীন আগ্রহের সহিত) আত্মনঃ (নিজেকে) পীড়য়া (পীড়া দিয়া) বা (অথবা) পরস্থ (পরের) উৎসাদনার্থং (বিনাশের জন্ম) যৎ (যে) তপঃ (তপস্থা) ক্রিয়তে (কৃত হয়) তৎ (তাহা) তামসম্ (তামসিক তপস্থা) উদাহতম্ (বলিয়া কথিত হয়) ॥১৯॥

অনুপকারিণে (প্রত্যুপকার লাভের বাসনা রহিত হইয়া) দেশে (তীর্থাদি পুণ্যক্ষেত্রে) কালে চ (শুভযোগাদি সময়ে) পাত্রে চ (এবং যোগ্যপাত্রে) দাতব্যম্ (দান করা অবশ্য কর্ত্তব্য) ইতি (এইরূপ বুদ্ধিতে) যৎ (যাহা) দানং (দান) দীয়তে (করা যায়) তৎ (সেই) দানং (দানকেই) সাত্ত্বিকং (সাত্ত্বিক দান) শ্বৃতম্ (বলা হয়) ॥২০॥

যৎ তু (আর যাহা) প্রত্যুপকারার্থং (প্রত্যুপকারের নিমিন্ত) বা (অথবা) ফলং (ফলের) উদ্দিশ্য (উদ্দেশ্য করিয়া) পুনঃ চ (আবার)

মূঢ়ের খ্যায় বিচারহীন আগ্রহের সহিত নিজেকে পীড়া দিয়া অথবা পরের বিনাশের জন্ম, যে তপস্থা কৃত হয়—তাহাকেই তামসিক তপস্থা বলা হয় ॥১৯॥

প্রত্যুপকার লাভের বাসনা রহিত হইয়া, কর্ত্তব্য বোধে, উপযুক্ত দেশ, কাল ও পাত্র বিচারপূর্ব্বক, যে দান করা যায়, তাহাই সাত্ত্বিক দান বলিয়া কথিত হয় ॥২০॥ অদেশকালে যদ্দানমপাত্রেভ্যক্ষ দীয়তে।
অসৎকৃতমবজ্ঞাতং তত্তামসমুদাহতম্ ॥২২॥
ওঁ তৎ সদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
বাহ্মণাস্তেন বেদাক্ষ যজ্ঞাক্ষ বিহিতাঃ পুরা ॥২৩॥
তস্মাদোমিত্যুদাহত্য যজ্ঞদানতপঃক্রিয়াঃ।
প্রবর্ত্তস্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্ ॥২৪॥

পরিক্লিষ্টং (অতি কষ্টে) দীয়তে (দেওয়া হয়) তৎ দানং (সেই দান) রাজসং (রাজসিক দান বলিয়া) স্মৃতম্ (কথিত হয়) ॥২১॥

অদেশকালে (অস্থানে ও অকালে) অপাত্রেভ্যঃ (অযোগ্য ব্যক্তিকে) অসংকৃতং (অনাদর) অবজ্ঞাতং চ (ও অবজ্ঞার সহিত) যৎ (যে) দানং (দান) দীয়তে (দেওয়া হয়) তৎ (সেই দান) তামসং (তামসিক দান বলিয়া) উদাহত্ম (কথিত হয়) ॥২২॥

ওঁ তৎ সৎ (ওঁ তৎ সৎ) ইতি (এই) ত্রিবিধঃ (তিন প্রকার) ব্রহ্মণঃ (পরব্রহ্মের) নির্দ্দেশঃ (উদ্দেশক) স্মৃতঃ (বলিয়া উক্ত হইয়াছে) তেন (সেই শব্দত্রয়ের দ্বারা) পুরা (পূর্ব্বকালে) ব্রাহ্মণাঃ (ব্রাহ্মণ) বেদাঃ চ (বেদ) যজ্ঞাঃ চ (ও যজ্ঞসমূহ) বিহিতাঃ (বিহিত হইয়াছে) ॥২৩॥

আর, প্রত্যুপকার লাভের জন্ম বা স্বর্গাদি কামনা করিয়া ও অতিশয় মনঃকষ্টের সহিত যে দান করা যায়, সেই দানকে রাজসিক দান বলা হয় ॥২১॥

অস্থানে, অকালে ও অযোগ্য পাত্রে অনাদর ও অবজ্ঞার সহিত যে দান দেওয়া হয়, সেই দানকে তামসিক দান বলা যায় ॥২২॥ ওঁ তৎ সৎ এই তিনটীই পরব্রন্ধের উদ্দেশক বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। সেই শব্দত্রয়ের সহিত স্বষ্টির আদিকালে ব্রাহ্মণ, বেদ ও যজ্ঞ সমূহও বিহিত হইয়াছে ॥২৩॥

তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ। দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়স্তে মোক্ষকাঙ্গ্লিভিঃ ॥২৫॥ সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে। প্রশক্তে কর্মণি তথা সচ্ছকঃ পার্থ যুজ্যতে॥২৬॥

তস্মাৎ (অতএব) ওঁ ইতি (ওঁ এই ব্রহ্মোদ্দেশক শব্দ) উদাহাত্য (উচ্চারণ করিয়া) ব্রহ্মবাদিনাম্ (বেদবাদিগণের) বিধানোক্তাঃ (শাস্ত্রোক্ত) যজ্ঞ-দানতপঃক্রিয়াঃ (যজ্ঞ ও তপস্থা প্রভৃতি কর্মা) সততং (সর্ব্বদা) প্রবর্ত্তম্ভে (অনুষ্ঠিত হয়) ॥২৪॥

তৎ ইতি (তৎ এই ব্রহ্মোদ্দেশক শব্দ) [উদাহাত্য] (উচ্চারণ পূর্ব্বক)
ফলং (কর্ম্মের ফল) অনভিসন্ধায় (কামনা না করিয়া) মোক্ষকাজ্জিভিঃ (মোক্ষকামিগণ) বিবিধাঃ (বিভিন্ন প্রকার) যজ্ঞ-তপঃক্রিয়াঃ
(যজ্ঞ ও তপস্থার অনুষ্ঠান) দানক্রিয়াঃ চ (ও দান কার্য্য) ক্রিয়ম্ভে (সম্পন্ন
করিয়া থাকেন) ॥২৫॥

[হে] পার্থ (হে কুন্তীনন্দন!) সদ্ভাবে (ব্রহ্মত্বে) সাধুভাবে চ (ও ব্রহ্মজ্ঞতে) সং ইতি (সং এই শব্দ) প্রযুজ্যতে (প্রযুক্ত হয়)। তথা (তদ্রূপ) প্রশক্তে (মাঙ্গলিক) কর্মাণি (অনুষ্ঠানে) এতং সং শব্দঃ (এই ব্রহ্মবাচক সং শব্দ) যুজ্যতে (ব্যবহৃত হয়)॥২৬॥

সেই হেতু বেদবাদিগণের শাস্ত্রোক্ত যজ্ঞ, দান ও তপস্থা প্রভৃতি কর্ম্ম, সর্ব্বদা ওঁ এই ব্রন্ধোদ্দেশক শব্দ উচ্চারণ করিয়া অনুষ্ঠিত হইয়া থাকে ॥২৪॥

মোক্ষ-কামিগণ কর্ম্মের ফল কামনা না করিয়া তৎ এই ব্রন্ধোদ্দেশক শব্দ উচ্চারণ পূর্ব্বক বিভিন্ন প্রকার যজ্ঞ ও তপস্থার অনুষ্ঠান ও দান কার্য্য সম্পন্ন করিয়া থাকেন ॥২৫॥

হে পার্থ! সং শব্দের লক্ষ্য—সত্য ও সত্যনিষ্ঠ জন এবং মাঙ্গলিক অনুষ্ঠানেও এই সং শব্দ প্রযুক্ত হয় ॥২৬॥ যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে ॥২৭॥
অশ্রদ্ধয়া হুতং দন্তং তপস্তপ্তংকৃতঞ্চ যং।
অসদিত্যাচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীম্মপর্বিণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্থ ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে শ্রদ্ধাত্রয়বিভাগ-যোগো নাম সপ্তদশোহধ্যায়ঃ ॥১৭॥

যজে (যজ্ঞে) তপসি (তপস্থায়) দানে চ (এবং দানেও) স্থিতিঃ চ (তাৎপর্য্যের নিত্যত্ব) সৎ ইতি (এই সৎ শব্দে) উচ্যতে (কথিত হয়)। তদর্থীয়ং (ভগবৎ প্রীতির উদ্দেশ্যে অনুষ্ঠিত) কর্ম্ম চ এব (কর্ম্মও) সৎ ইতি এব (সৎ এই শব্দেই) অভিধীয়তে (কথিত হয়)॥২৭॥

[হে] পার্থ (হে অর্জ্জুন!) অশ্রদ্ধায়া (অশ্রদ্ধার সহিত) হুতং (হোম) দত্তং (দান) তপ্তং (অনুষ্ঠিত হয়) তপঃ (তপস্থা) যৎ চ (ও অস্থান্থ যাহা) কৃতং (অনুষ্ঠিত হয়), তৎ (সেই সমস্তই) অসৎ ইতি (অসৎ বলিয়া) উচ্যতে (কথিত হয়)। [যতঃ তৎ] (যেহেতু সেই সমস্ত কর্মাই) নো ইহ (না ইহলোকে) ন চ প্রেত্য (না পরলোকে) [ফলতি] (ফলদান করে) ॥২৮॥

ইতি সপ্তদশ অধ্যায়ের অন্বয় সমাপ্ত॥

যজ্ঞে, তপস্থায় এবং দানেও তাৎপর্য্যের নিত্যত্ব লক্ষ্য করিয়া সৎ শব্দ প্রযুক্ত হয়। ভগবৎ প্রীতির উদ্দেশ্যে অনুষ্ঠিত কর্মাও সৎ শব্দেই অভিহিত হইয়া থাকে ॥২৭।

হে পার্থ! অশ্রদ্ধার সহিত যে হোম, দান ও তপস্থা এবং কর্ম্ম অনুষ্ঠিত হয়, সেই সমস্তই অসং বলিয়া কথিত হয়। উহা কি ইহলোকে কি পরলোকে কোথাও স্থফল দান করে না ॥২৮॥

ইতি সপ্তদশ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত।

অষ্টাদশোহধ্যায়ঃ

মোক্ষযোগ

অৰ্জ্জুন উবাচ— সন্ন্যাসম্খ মহাবাহো তত্ত্বমিচ্ছামি বেদিতুম্। ত্যাগস্খ চ হৃষীকেশ পৃথক্ কেশিনিস্থদন ॥১॥

শ্রীভগবানুবাচ— কাম্যানাং কর্ম্মণাং স্থাসং সন্ম্যাসং কবয়ো বিছঃ। সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহস্ত্যাগং বিচক্ষণাঃ ॥২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] মহাবাহো (হে মহাবীর!)
[হে] হ্ববীকেশ (হে ইন্দ্রিয়াধীশ!) [হে] কেশিনিস্থদন (হে কেশিদৈত্যঘাতন!) সন্ন্যাসস্থ (সন্ন্যাসের) ত্যাগস্থ চ (এবং ত্যাগের) তত্ত্বম্ (স্বরূপ)
পৃথক্ (পৃথক্রূপে) বেদিতুম্ (জানিতে) ইচ্ছামি (ইচ্ছা করি) ॥১॥

শ্রীভগবান্ উবাচ (শ্রীভগবান্ বলিলেন) বিচক্ষণাঃ (নিপুণ) কবয়ঃ (পণ্ডিতগণ) কাম্যানাং (সকাম) কর্মণাং (কর্মসমূহের) ক্যাসং (পরি-ত্যাগকে) সন্ম্যাসং (সন্মাস বলিয়া) বিছঃ (জানেন) সর্ব্বকর্মফলত্যাগং (নিত্য, নৈমিত্তিক ও কাম্য সমুদ্য় কর্ম্মের ফল-ত্যাগকেই) ত্যাগং (ত্যাগ) প্রাহুঃ (বলিয়া থাকেন) ॥২॥

অর্জ্জুন বলিলেন—হে মহাবাহো! হে হাষীকেশ! হে কেশি-নিস্থদন! আমি সন্ন্যাস ও ত্যাগের প্রকৃত তত্ত্ব পৃথক্ রূপে জানিতে ইচ্ছা করি ॥১॥

শ্রীভগবান্ কহিলেন—বিচক্ষণ পণ্ডিতগণ কাম্যকর্ম্মসমূহের পরিত্যাগকে—সন্ন্যাস, আর (নিত্য-নৈমিত্তিক ও কাম্য) সকল প্রকার কর্ম্মের ফল-ত্যাগকে—ত্যাগ বলিয়া থাকেন ॥২॥ ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্মনীষিণঃ।
যজ্ঞদানতপঃকর্ম ন ত্যাজ্যমিতি চাপরে ॥৩॥
নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সংপ্রকীর্ত্তিতঃ ॥৪॥
যজ্ঞদানতপঃকর্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম ॥৫॥

একে মনীষিণঃ (সাংখ্যবাদী কোন কোন পণ্ডিতগণ) কর্ম (কর্মমাত্রই) দোষবং (হিংসাদি দোষযুক্ত) ইতি (বলিয়া) ত্যাজ্যং (পরিত্যাজ্য) প্রাহুঃ (বলেন); অপরে চ (এবং অপর মীমাংসকগণ) যজ্ঞদানতপঃকর্ম (যজ্ঞ, দান ও তপস্থা প্রভৃতি শাস্ত্রোক্ত কর্ম) ন ত্যাজ্যং (ত্যাজ্য নহে) ইতি [প্রাহুঃ] (এইরূপ বলিয়া থাকেন) ॥৩॥

[হে] ভরতসন্তম (হে ভরতশ্রেষ্ঠ!) তত্র (সেই) ত্যাগে (ত্যাগ বিষয়ে) মে (আমার) নিশ্চয়ং (সিদ্ধান্ত) শৃণু (শ্রবণ কর)।[হে] পুরুষব্যাঘ্র (হে পুরুষপ্রবর!) হি (যেহেতু) ত্যাগঃ (ত্যাগ) ত্রিবিধঃ (তিনপ্রকার) সংপ্র-কীর্ত্তিতঃ (কথিত হইয়াছে) ॥৪॥

কোন কোন পণ্ডিত (সাংখ্যমতানুসারী) কর্মমাত্রই (হিংসাদি দোষযুক্ত বলিয়া) পরিত্যাজ্য বলেন; আবার কেহ কেহ (মীমাংসকগণ) বলেন যজ্ঞ, দান ও তপস্থাদি (শাস্ত্রোক্ত) কর্ম ত্যাজ্য নহে॥৩॥

হে ভরতশ্রেষ্ঠ! সেই ত্যাগ-বিষয়ে আমার সিদ্ধান্ত শ্রবণ কর। হে পুরুষপ্রবর! এই ত্যাগ তিন প্রকার—ইহা স্ক্রম্পষ্ট কথিত হইয়াছে ॥৪॥

যজ্ঞ, দান ও তপস্থা প্রভৃতি কর্ম—ত্যাজ্য নহে, তাহা অবশ্যই কর্ত্তব্য। কারণ যজ্ঞ, দান ও তপস্থাদি বিবেকী ব্যক্তিগণের চিত্ত-শুদ্ধি করে ॥৫॥ এতান্যপি তু কর্মাণি সঙ্গং ত্যক্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুন্তমম্ ॥৬॥
নিয়তস্থ তু সন্ম্যাসঃ কর্মণো নোপপদ্মতে।
মোহান্তস্থ পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥৭॥
তঃখমিত্যেব যৎ কর্ম কায়ক্রেশভয়ান্ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ॥৮॥

যজ্ঞদানতপঃকর্ম (যজ্ঞ, দান ও তপস্থা প্রভৃতি কর্ম) ন ত্যাজ্যং (ত্যাজ্য নহে), তং (তাহা) কার্য্যম্ এব (অবশ্য কর্ত্তব্য) [যতঃ] (যেহেতু) যজ্ঞঃ (যজ্ঞ) দানং (দান) তপঃ চ (ও তপস্থা) মনীষিণাম্ (বিবেকিগণের) পাবনানি এব (চিত্ত-শুদ্ধিকরই) [ভবস্তি] (হইয়া থাকে) ॥৫॥

[হে] পার্থ (হে কুন্তীনন্দন!) এতানি (এই) কর্ম্মাণি অপি তু (কর্ম-গুলিও কিন্তু) সঙ্গং (আসক্তি) ফলানি চ (ও ফল কামনা) ত্যক্ষা (পরি-ত্যাগ করিয়া) কর্ত্তব্যানি (শুধু কর্ত্তব্য বোধে করা আবশ্যক), ইতি (ইহাই) মে (আমার) নিশ্চিতং (স্থির) উত্তমম্ (উত্তম) মতম্ (সিদ্ধান্ত) ॥৬॥

তু (কিন্তু) নিয়তস্থ (নিত্য) কর্ম্মণঃ (কর্মের) সন্ম্যাসঃ (পরিত্যাগ) ন উপপদ্যতে (যুক্তিসঙ্গত নহে); মোহাৎ (মোহবশতঃ) তস্থ (সেই নিত্য-কর্মের) পরিত্যাগঃ (পরিত্যাগকে) তামসঃ (তামসিক) পরিকীর্ত্তিতঃ (বলা হয়) ॥৭॥

হে পার্থ! এই সমুদয় কর্মাও আসক্তি ও ফল কামনা পরিত্যাগপূর্বাক কর্ত্তব্য—ইহাই আমার নিশ্চিত উত্তম সিদ্ধান্ত জানিবে ॥৬॥

নিত্যকর্ম্মের পরিত্যাগ কখনও যুক্তিযুক্ত নহে; মোহ-বশতঃ সেই নিত্যকর্ম পরিত্যাগ করিলে উহাকে তামসিক বলা হয়॥৭॥ কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেহর্চ্ছ্রন।
সঙ্গং ত্যক্বা ফলক্ষৈব স ত্যাগঃ সান্ধিকো মতঃ ॥৯॥
ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সম্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ ॥১০॥

[যঃ] (যে ব্যক্তি) যৎ কর্ম (সেই নিত্যকর্মও) ছুঃখম্ এব (কেবল ছুঃখই) ইতি [মন্থা] (ইহা মনে করিয়া) কায়ক্লেশভয়াৎ (শারীরিক কষ্টের ভয়ে) ত্যজেৎ (ত্যাগ করে), সঃ (সেই) রাজসং (রাজসিক) ত্যাগং (ত্যাগ) কৃত্বা (করিয়া) ত্যাগফলং (ত্যাগের ফল—জ্ঞান) নলভেৎ এব (কখনও লাভ করিতে পারে না) ॥৮॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) সঙ্গং (আসক্তি) ফলং এব চ (ও ফলকামনাই) ত্যক্ষা (ত্যাগ করিয়া) কার্য্যম্ ইতি এব (অবশ্য কর্ত্তব্য বোধেই) যং (যে) নিয়তং (নিত্য) কর্ম্ম (কর্মের) ক্রিয়তে (অনুষ্ঠান হয়) সঃ (উহাই) ত্যাগঃ সাম্বিকঃ (সাম্বিক ত্যাগ বলিয়া) [মে] (আমার) মতঃ (অভিমত) ॥৯॥

সত্ত্বসমাবিষ্টঃ (সত্তপ্তণ সম্পন্ন) মেধাবী (তীক্ষবুদ্ধি) ছিন্নসংশয়ঃ (সন্দেহ রহিত) ত্যাগী (সাত্ত্বিক ত্যাগী ব্যক্তি) অকুশলং (তুঃখপ্রদ) কর্ম (কর্ম্মের প্রতি) ন দ্বেষ্টি (বিদ্বেষ করেন না), কুশলে (স্থখদায়ক কর্ম্মেও) ন অনুষজ্জতে (আসক্ত হন না) ॥১০॥

যে ব্যক্তি 'ছঃখজনক' মনে করিয়া শারীরিক কষ্টের ভয়ে নিত্যকর্ম পরিত্যাগ করে, সে এই রাজসিক ত্যাগ করিয়া ত্যাগের ফল (জ্ঞান) প্রাপ্ত হয় না ॥৮॥

হে অর্জ্জুন! কর্ত্তব্য বোধে নিত্যকর্মের অনুষ্ঠান করিয়াও যিনি আসক্তি ও ফলকামনা পরিত্যাগ করেন, তাঁহার ত্যাগই সাত্ত্বিক বলিয়া আমার অভিমত ॥৯॥ ন হি দেহভূতা শক্যং ত্যকুং কর্মাণ্যশেষতঃ।
যস্ত কর্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে ॥১১॥
অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং কচিং ॥১২॥
পঞ্চৈতানি মহাবাহো কারণানি নিবোধ মে।
সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাম্॥১৩॥

দেহভূতা (দেহধারী জীব) অশেষতঃ (নিঃশেষরূপে) কর্মাণি (কর্মসমূহ) ত্যকুং (ত্যাগ করিতে) ন শব্যং হি (পারেই না)। তু (কিন্তু) যঃ (যিনি) কর্মফলত্যাগী (কর্মফল ত্যাগকারী) সঃ (তিনিই) ত্যাগী (প্রকৃত ত্যাগী) ইতি (এইরূপ) অভিধীয়তে (কথিত হন) ॥১১॥

অত্যাগিনাং (সকাম ব্যক্তিগণের) প্রেত্য (দেহত্যাগের পর) অনিষ্টম্ (নারকিত্ব) ইষ্টং (দেবত্ব) মিশ্রং চ (ও মনুষ্মত্ব) কর্ম্মণঃ (কর্মের) ইতি (এই) ত্রিবিধং (তিন প্রকার) ফলম্ (ফল) ভবতি (হইয়া থাকে), তু (কিন্তু) সন্ম্যাসিনাং (সন্ম্যাসিগণের) কচিৎ (কথনও) ন [ভবতি] (হয় না) ॥১২॥

স্থতীক্ষবুদ্ধি, নিঃসংশয়, সত্বগুণ-সম্পন্ন, ত্যাগী পুরুষ তুঃখদায়ক কর্মে বিদ্বেষ বা স্থখজনক কর্মে আসক্তি করেন না ॥১০॥

দেহধারী জীবের পক্ষে নিঃশেষে সমস্ত কর্ম্ম পরিত্যাগ সম্ভবই হয় না। স্থতরাং যিনি কর্মসমূহের ফলমাত্র ত্যাগী —তিনিই বাস্তবিক ত্যাগী বলিয়া অভিহিত হন ॥১১॥

সকাম ব্যক্তিদের মৃত্যুর পর ভাল, মন্দ ও মিশ্র—এই তিন প্রকার কর্ম্মফল লাভ হয়, কিন্তু সন্ম্যাসিগণকে কখনও (এই কর্ম্ম ফল) স্পর্শ করে না ॥১২॥

অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথশ্বিথম্। বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবক্ষৈবাত্র পঞ্চমম্ ॥১৪॥ শরীরবাল্পনোভির্যৎ কর্ম প্রারভতে নরঃ। ন্যায্যং বা বিপরীতং বা পক্ষৈতে তম্ম হেতবঃ ॥১৫॥

[হে] মহাবোহো (হে মহাবীর!) সাংখ্যে (বেদান্ত শাস্ত্রে) কৃতান্তে (কর্ম্মবিষয়ক সিদ্ধান্ত) প্রোক্তানি (কথিত) সর্ব্বকর্ম্মণাম্ (সমস্ত কর্ম্মের) সিদ্ধয়ে (নিষ্পত্তির প্রতি) এতানি (এই) পঞ্চ (পাঁচটি) কারণানি (কারণ) মে (আমার নিকট) নিবোধ (অবগত হও) ॥১৩॥

অধিষ্ঠানং (দেহ) তথা (এবং) কর্ত্তা (চিৎ ও জড়ের গ্রন্থিরপ অহঙ্কার) পৃথিশ্বিধম (পৃথক্ পৃথক্) করণং চ (চক্ষুঃকর্ণাদি ইন্দ্রিয়গণ) বিবিধাঃ (নানাবিধ) পৃথক্ চ (অথচ বিভিন্ন) চেষ্টা (প্রাণ ও অপানাদির ব্যাপার) অত্র চ (এবং ইহাদের মধ্যে) পঞ্চমং (পঞ্চমস্থানীয়) দৈবং এব (অন্তর্যামীই) ॥১৪॥

নরঃ (মনুষ্ম) শরীরবাদ্মনোভিঃ (কায়, বাক্য ও মনের দ্বারা) যৎ (যে) স্থায্যং (স্থায়) বিপরীতং বা (অথবা অস্থায়) কর্ম্ম (কর্মের) প্রারভতে (অনুষ্ঠান করে) এতে (এই) পঞ্চ (পাঁচটি) তম্ম (তাহার) হেতবঃ (কারণ) ॥১৫॥

হে মহাবাহো! সাংখ্য বা বেদান্তশাস্ত্রে কথিত কর্ম-সমূহের সিদ্ধির এই কারণপঞ্চক আমার নিকট অবগত হও ॥১৩॥

শরীর, (চিজ্জড়ের গ্রন্থিরূপ) অহঙ্কার, পৃথক্ পৃথক্ ইন্দ্রিয়, বিভিন্ন চেষ্টা ও দৈব অর্থাৎ জগদ্যাপার নিয়ামকের সহায়তা —এই পাঁচটী (কর্ম্ম সমূহের কারণ) ॥১৪॥

কায়, মন ও বাক্যের দ্বারা মন্ত্রয় যে কার্য্য করে তাহা স্থায্য বা অস্থায্য যাহাই হউক—এই পাঁচটীই তাহার কারণ॥১৫॥ তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলম্ভ যঃ। পশাত্যকৃতবুদ্ধিত্মান স পশাতি দুর্মাতিঃ ॥১৬॥ যশ্য নাহস্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে। হত্মাপি স ইমাঙ্কোনান্ন হস্তি ন নিবধ্যতে ॥১৭॥ জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্মাচোদনা। করণং কর্মা কর্ত্তেতি ত্রিবিধঃ কর্মসংগ্রহঃ ॥১৮॥

এবং (এইরূপ) সতি (অবস্থায়) তত্র (সেই কর্ম্ম সম্পাদন বিষয়ে) যঃ (যে ব্যক্তি) তু (কিন্তু) কেবলং (কেবল মাত্র) আত্মানং (জীবাত্মাকেই) কর্ত্তারম্ (কর্ত্তা বলিয়া) পশাতি (দর্শন করে), সঃ (সেই ব্যক্তি) অকৃতবুদ্ধিত্বাৎ (অমার্জ্জিত বুদ্ধিবশতঃ) দুর্ম্মতিঃ (দুষ্টবুদ্ধি) [সঃ] ন পশাতি (সে যথার্থ দেখিতেই পায় না) ॥১৬॥

যশ্য (যাঁহার) অহং কৃতঃ (অহং বুদ্ধি প্রস্থত) ভাবঃ (মনোভাব) ন (নাই), যশ্য (যাঁহার) বুদ্ধিঃ (বুদ্ধি) ন লিপ্যতে (কর্মফলে আসক্ত হয় না), সঃ (তিনি) ইমান্ (এই সমস্ত) লোকান্ (লোককে) হত্বা অপি (বধ করিয়াও) ন হস্তি (যথার্থতঃ কাহাকেও হনন করেন না) ন নিবধ্যতে (এবং কর্মফলেও আবদ্ধ হন না) ॥১৭॥

জ্ঞানং (জ্ঞান) জ্ঞেয়ং (জ্ঞাতব্য বস্তু) পরিজ্ঞাতা (ও যিনি জানেন) [ইতি] (এই) ত্রিবিধা (তিন প্রকার) কর্ম-চোদনা (কর্মপ্রবৃত্তির হেতু),

এইরূপ অবস্থায় যে কেবল আপনাকেই কর্ত্তা বলিয়া দেখে, অযুক্ত বিচার হেতু সেই চুষ্টবুদ্ধি যথার্থ দেখিতেই পায় না ॥১৬॥

যিনি (দ্বিতীয়াভিনিবেশজ) অহঙ্কারের বশীভূত নহেন, এবং যাঁহার বুদ্ধি (জগদ্ব্যাপারে) লিপ্ত নহে — তিনি এই সমুদায় লোককে হত্যা করিয়াও — হত্যা করেন না বা হত্যাকারীর দোষভাক্ হন না ॥১৭॥ জ্ঞানং কর্ম্ম চ কর্ম্বা চ ত্রিথৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসংখ্যানে যথাবচ্ছুণু তান্যপি ॥১৯॥
সর্ব্বভূতেরু যেনৈকং ভাবমব্যয়মীক্ষৃতে।
অবিভক্তং বিভক্তেরু তজ্জ্ঞানং বিদ্ধি সাত্বিকম্ ॥২০॥
পৃথক্বেন তু যজ্জ্ঞানং নানাভাবান্ পৃথিশ্বিধান্।
বেত্তি সর্ব্বেযু ভূতেরু তজ্জ্ঞানং বিদ্ধি রাজসম্ ॥২১॥

করণং (সাধন) কর্ম্ম (অভিলমিত বিষয়) কর্ত্তা (ও অনুষ্ঠাতা) ইতি (এই) ত্রিবিধঃ (তিন প্রকার) কর্মসংগ্রহঃ (কার্য্যের আশ্রয়) ॥১৮॥

গুণসংখ্যানে (সাংখ্যশাস্ত্রে) জ্ঞানং (জ্ঞান) কর্ম চ (কর্ম্ম) কর্ত্তা চ (ও কর্ত্তা) [এতে] (ইহারা প্রত্যেকে) গুণভেদতঃ (সান্বিকাদি গুণ-ভেদামু-সারে) ত্রিধা এব (তিন প্রকারই) প্রোচ্যতে (কথিত হইয়াছে); তানি অপি (সেই সমুদয়ও) যথাবং (যথাযথভাবে) শৃণু (শ্রবণ কর) ॥১৯॥

যেন (যে জ্ঞান দ্বারা) বিভক্তেষু (পরস্পর ভিন্ন) সর্ব্বভূতেষু (সকল জীবের মধ্যে) একং (এক) অবিভক্তং (অখণ্ড) অব্যয়ম্ (অবিনশ্বর) ভাবম্ (জীবাত্মাকে) ঈক্ষতে (দর্শন করা যায়), তং (সেই) জ্ঞানং (জ্ঞানকে) সাত্মিকম্ (সাত্মিকজ্ঞান বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥২০॥

জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতা — এই তিনটি কর্ম্মপ্রবৃত্তির হেতু; করণ, কর্ম্ম ও কর্ত্তা — এই তিনটী কর্ম্মের আশ্রয় ॥১৮॥

সাংখ্যশাস্ত্রে জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তা — ইহারা প্রত্যেকে (সাত্ত্বিকাদি) গুণ-ভেদে তিন প্রকারই নির্ণীত হইয়াছে, সেই সকলও যথাযথরূপে শ্রবণ কর ॥১৯॥

যে জ্ঞান দ্বারা পরস্পর পৃথক্ সমস্ত প্রাণিতে বর্ত্তমান এক অবিনশ্বর ও অখণ্ড চিন্ময় তত্ত্বকে (জীবরূপ আমার পরা-শক্তি তত্ত্বকে) দর্শন করা যায়, সেই জ্ঞানকেই সাত্ত্বিক জ্ঞান বলা হয় ॥২০॥

যত্ত্ব কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্। অতত্ত্বার্থবদক্ষঞ্চ তত্তামসমুদাহত্তম্ ॥২২॥ নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্। অফলপ্রেম্পুনা কর্ম্ম যত্তৎ সান্ত্বিকমুচ্যতে ॥২৩॥

যৎ (যে) জ্ঞানং (জ্ঞান) সর্ব্বেষু (সকল) ভূতেষু (প্রাণীমধ্যে) পৃথক্বেন (পৃথক্ পৃথক্) পৃথিদ্বিধান (নানাচেষ্টাযুক্ত) নানাভাবান (বহু পৃথক্ তত্ত্ব) বেত্তি (অনুভব করে) তৎ (সেই) জ্ঞানং তু (জ্ঞানকে) রাজসম্ (রাজসিক বলিয়া) বিদ্ধি (জানিবে) ॥২১॥

যৎ তু (আর যে জ্ঞান) একস্মিন্ কার্য্যে (কোন খণ্ড বিষয়ে) কৃৎস্নবৎ (পূর্ণবৎ) সক্তম্ (আকৃষ্ট) অহৈতুকম্ (হেতু রহিত) অতত্ত্বার্থবৎ (শাস্ত্রবিচার হীন) অল্পং চ (সঙ্কীর্ণ) তৎ (তাহা) তামসম্ (তামসিক জ্ঞান বলিয়া) উদাহত্তম্ (কথিত হয়) ॥২২॥

অফলপ্রেপ্পুনা (অফলাকাজ্জী ব্যক্তি) সঙ্গরহিতম্ (অনাসক্তভাবে) অরাগদ্বেষতঃ (রাগদ্বেষরহিত হইয়া) যৎ (যে) কর্ম্ম (কর্ম্ম) নিয়তং (নিত্য) কৃতম্ (সম্পাদন করেন) তৎ (তাহাকে) সাম্বিকম্ (সাম্বিক কর্ম্ম) উচাতে (বলা হয়) ॥২৩॥

যে জ্ঞান—প্রাণী জগতে (পরস্পর স্বার্থ সংঘাতময়) পৃথক্ পৃথক্ নানা চেষ্টাযুক্ত, (স্বতন্ত্র) বহু পৃথক্ তত্ত্ব অনুভব করে—তাহাকে রাজস জ্ঞান বলে ॥২১॥

আর যে জ্ঞান কোন খণ্ড (তুচ্ছ) বিষয়ে পূর্ণবং (উত্তমের ন্যায়) আরুষ্ট, হেতু-রহিত, শাস্ত্রবিচারহীন, ও (পশুবং) সঙ্কীর্ণ—তাহা তামস বলিয়া কথিত ॥২২॥

ফলাকাজ্ফাশূন্য ব্যক্তি অনাসক্তভাবে রাগ-দ্বেষ বর্জ্জিত হইয়া, যে নিত্য-কর্ম্ম সম্পাদন করেন তাহাই সাত্ত্বিক কর্ম্ম॥২৩॥ যতু কামেপ্সুনা কর্ম সাহক্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহত্য ॥২৪॥
অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্।
মোহাদারভ্যতে কর্ম যত্তত্তামসমুচ্যতে ॥২৫॥
মুক্তসঙ্গোহনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোনির্বিকারঃ কর্ত্তা সাত্তিক উচ্যতে ॥২৬॥

পুনঃ (আর) কামেপ্সুনা (ফলকামী) বা সাহঙ্কারেণ (অথবা অহঙ্কারী ব্যক্তি) বহুলায়াসং (অতিক্লেশসাধ্য) যৎ তু (যে) কর্ম (কর্ম) ক্রিয়তে (করে) তৎ (তাহাই) রাজসম্ (রাজসিক কর্ম) উদাহৃতম্ (বলিয়া কথিত) ॥২৪॥

অনুবন্ধং (পরিণাম) ক্ষয়ং (ক্ষতি) হিংসাম্ (হিংসা) পৌরুষম্ চ (ও নিজ সামর্থ্য) অনপেক্ষ্য (পর্য্যালোচনা না করিয়া) মোহাৎ (মোহবশতঃ) যৎ কর্ম্ম (যে কর্ম্ম) আরভ্যতে (আরম্ভ করা হয়), তৎ (তাহাকেই) তামসম্ (তামসিক কর্ম্ম) উচ্যতে (বলা হয়) ॥২৫॥

মুক্তসঙ্গঃ (আসক্তি শূন্ম) অনহংবাদী (অহঙ্কার বর্জ্জিত) ধৃত্যুৎসাহ-সমন্বিতঃ (থৈর্য্য ও উৎসাহশালী) সিদ্ধ্যসিদ্ধ্যোঃ (কার্য্যফলের সিদ্ধি ও অসিদ্ধি বিষয়ে) নির্ব্বিকারঃ (অবিকৃতচিত্ত) কর্ত্তা (কর্ত্তাকে) সাত্ত্বিকঃ (সাত্ত্বিক কর্ত্তা) উচ্যতে (বলে) ॥২৬॥

আর ফলকামী বা অহঙ্কারী ব্যক্তি বহু ক্লেশসাধ্য যে কর্ম করে, তাহাই রাজসিক বলিয়া কথিত ॥২৪॥

আর পরিণাম, ক্ষতি, হিংসা ও নিজের সামর্থ্য—এই সকল পর্য্যালোচনা না করিয়া মোহবশতঃ যে কর্ম্ম আরম্ভ করা হয়, তাহাকেই তামসিক কর্ম্ম বলে ॥২৫॥ রাগী কর্মফলপ্রেম্পুর্লুকো হিংসাত্মকোহশুচিঃ। হর্মশোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥২৭॥ অযুক্তঃ প্রাকৃতঃ স্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোহলসঃ। বিষাদী দীর্ঘস্ত্রী চ কর্ত্তা তামস উচ্যতে ॥২৮॥ বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু। প্রোচ্যমানমশেষেণ পৃথক্বেন ধনঞ্জয় ॥২৯॥

রাগী (আসক্তিযুক্ত) কর্মফলপ্রেপ্পুঃ (কর্মফলাকাজ্জী) লুব্ধঃ (লোভী) হিংসাত্মকঃ (হিংস্রস্বভাব) অশুচিঃ (অনাচারী) হর্ষশোকাম্বিতঃ (হর্ষ শোকাদির বশীভূত) কর্ত্তা (কর্তাকে) রাজসঃ (রাজসিক কর্ত্তা) পরি-কীর্ত্তিতঃ (বলা হয়) ॥২৭॥

অযুক্তঃ (অস্থিরমতি) প্রাকৃতঃ (নির্ব্বোধ) স্তব্ধঃ (অনম্র) শঠঃ (ধূর্ত্ত) নৈষ্কৃতিকঃ (পরের অপমানকারী) অলসঃ (অলস) বিষাদী (খিন্ন) দীর্ঘস্থত্রী চ (ও দীর্ঘস্থত্রী) কর্ত্তা (কর্ত্তাকে) তামসঃ (তামসিক কর্ত্তা) উচ্যতে (বলে) ॥২৮॥

[হে] ধনঞ্জয় (হে ধনঞ্জয়!) বুদ্ধেঃ (বুদ্ধির) ধৃতেঃ চ এব (ও ধৃতির) গুণতঃ (গুণত্রয়ামুসারে) ত্রিবিধং (তিন প্রকার) ভেদং (ভেদ) অশেষেণ (সম্পূর্ণরূপে) পৃথক্ত্বেন (ও পৃথক্ভাবে) প্রোচ্যমানং (বলিতেছি), শৃণু (শ্রবণ কর)॥২৯॥

আসক্তিশূন্য, নিরহঙ্কার অথচ ধৈর্য্য ও উৎসাহশালী এবং ফলের সিদ্ধি ও অসিদ্ধিতে নির্বিকার কর্ত্তা — সাম্বিক বলিয়া কথিত হন ॥২৬॥

আসক্তিযুক্ত, ফলকামী, লোভী, হিংস্রস্বভাব, অনাচারী ও হর্ষ-শোকাদির বশীভূত কর্ত্তা—রাজসিক বলিয়া কথিত হয় ॥২৭॥ অস্থিরমতি, জড়বুদ্ধি, অনম্র, ধূর্ত্ত, পরাপমানকারী, অলস, খিন্ন ও দীর্ঘস্ত্রী কর্ত্তা—তামসিক বলিয়া কথিত হয় ॥২৮॥

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষণ্ণ যা বেত্তি বৃদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥৩০॥
যয়া ধর্মমধর্মঞ্চ কার্য্যঞ্চাকার্য্যমেব চ।
অযথাবং প্রজানাতি বৃদ্ধিঃ সা পার্থ রাজসী ॥৩১॥
অধর্ম্মং ধর্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্ব্বার্থান্ বিপরীতাংশ্চ বৃদ্ধিঃ সা পার্থ তামসী॥৩২॥

[হে] পার্থ (হে কুন্তীপুত্র!) যা বুদ্ধিঃ (যে বুদ্ধি) প্রবৃত্তিং চ (ধর্ম্মে প্রবৃত্তি) নিবৃত্তিং চ (ও অধর্ম্ম হইতে নিবৃত্তি) কার্য্যাকার্য্যে (কর্ত্তব্য ও অকর্ত্তব্য), ভয়াভয়ে (ভয় ও অভয়) বন্ধং মোক্ষং চ (বন্ধন ও মোক্ষ), বেত্তি (যথার্থভাবে জানিতে পারে) সা (সেই বুদ্ধিই) সাত্ত্বিকী (সাত্ত্বিকী বুদ্ধি) ॥৩০॥

[হে] পার্থ (হে পার্থ!) যয়া (যে বুদ্ধি দ্বারা) ধর্ম্মম্ (ধর্ম্ম) অধর্ম্মং চ (ও অধর্ম্ম), কার্য্যং চ (কার্য্য) অকার্য্যম্ এব চ (ও অকার্য্য) অযথাবং (অসম্যক্রপে) প্রজানাতি (জানিতে পারা যায়), সা বুদ্ধিঃ (সেই বুদ্ধিই) রাজসী (রাজসিক বুদ্ধি) ॥৩১॥

হে ধনঞ্জয়! গুণানুসারে বুদ্ধি ও ধৃতির তিন প্রকার ভেদ সম্পূর্ণরূপে ও পৃথক্ভাবে বলিতেছি—শ্রবণ কর ॥২৯॥

হে পার্থ! যে বুদ্ধি-দ্বারা (ধর্ম্মে) প্রবৃত্তি ও (অধর্ম্মে) নিবৃত্তি, কর্ত্তব্য ও অকর্ত্তব্য, ভয় ও অভয় এবং বন্ধন ও মুক্তি (প্রভৃতির স্বরূপ) জানিতে পারা যায় তাহাই—সাত্ত্বিক বুদ্ধি ॥৩০॥

হে পার্থ! যে বুদ্ধি-দারা ধর্ম ও অধর্ম, কার্য্য ও অকার্য্য প্রভৃতির স্বরূপ অসম্যক্ভাবে নির্ণীত হয় তাহাই — রাজসিক বুদ্ধি ॥৩১॥

থ্ত্যা যয়া ধারয়তে মনঃপ্রাণেন্দ্রিয়ক্তিয়াঃ। যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাম্বিকী ॥৩৩॥ যয়া তু ধর্মকামার্থান্ ধৃত্যা ধারয়তেহর্চ্জুন। প্রসঙ্গেন ফলাকাক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী ॥৩৪॥

[হে] পার্থ (হে পার্থ!) যা বুদ্ধিঃ (যে বুদ্ধি) অধর্ম্মং (অধর্মকে) ধর্মম্ (ধর্মা) সর্ববার্থান্ চ (এবং সমস্ত জ্ঞেয় পদার্থকে) বিপরীতান্ ইতি (বিপরীত বলিয়া) মন্থতে (মনে করে), সা (সেই বুদ্ধি) তমসা (তমো-গুণে) আরতা (আচ্ছন্ন) তামসী (তামসিকী বৃদ্ধি) ॥৩২॥

[হে] পার্থ (হে পার্থ!) যোগেন (চিত্তের একাগ্রতা বশতঃ) অব্যভিচারিণ্যা (অব্যভিচারিণী) যয়া (যে) ধৃত্যা (ধৃতি দ্বারা) মনঃ-প্রাণেন্দ্রিয়-ক্রিয়াঃ (মন, প্রাণ ও ইন্দ্রিয় সকলের চেষ্টাকে) ধারয়তে (নিয়মিত করে) সা ধৃতিঃ (সেই ধৃতিই) সাম্বিকী (সাম্বিকী ধৃতি)॥৩৩॥

[হে] পার্থ (হে পার্থ!) [হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) যয়া (যে) ধৃত্যা (ধৃতি দ্বারা) ধর্মকামার্থান্ (ধর্মা, কাম ও অর্থকে) [প্রাধান্তোন] প্রেধান বিলয়া) ধারয়তে (ধারণ করে) [এবং] প্রসঙ্গেন (ইহাদের সঙ্গ বশতঃ) ফলাকাঙ্ক্ষী (ফলকামী) [ভবতি] (হয়); সা ধৃতিঃ (সেই ধৃতিই) রাজসী (রাজসিকী ধৃতি) ॥৩৪॥

হে পার্থ! যে বুদ্ধি-দারা অধর্মকে ধর্ম তথা সমুদয় বিষয়কেই তাহার বিপরীতরূপে ধারণা হয়, সেই মোহাবৃত বুদ্ধিই—তামসিক বুদ্ধি ॥৩২॥

হে পার্থ! যে ঐকাস্তিকী ধৃতি নিষ্ঠার সহিত মন, প্রাণ, ইন্দ্রিয় ও তাহাদের ক্রিয়াসমূহ নিয়মিত করে, সেই ধৃতিই—সাত্ত্বিক ॥৩৩॥

হে পার্থ! হে অর্জ্জুন! যে ধৃতি ফলাকাঙ্ক্ষার সহিত ধর্ম্ম, অর্থ ও কামকে ধরিয়া থাকে তাহাকেই—রাজসিক ধৃতি বলা হয়॥৩৪॥ যয়। স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি তুর্মেধা ধৃতিঃ সা তামসী মতা ॥৩৫॥
স্থখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্বভ।
অভ্যাসাদ্রমতে যত্র তুঃখাস্তঞ্চ নিগচ্ছতি ॥৩৬॥
যত্তদগ্রে বিষমিব পরিণামেহমৃতোপমম্।
তৎ স্থখং সাত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্ ॥৩৭॥

তুর্ম্মেধাঃ (তুর্ব্বুদ্ধি ব্যক্তি) যয়া (যে ধৃতি দ্বারা) স্বপ্নং (নিদ্রা) ভয়ং (ভয়) শোকং (শোক) বিষাদং (তুঃখ) মদম্ এব চ (ও বিষয়ের গর্ব্বকে) ন বিমুঞ্চতি (পরিত্যাগ করে না) সা ধৃতিঃ (সেই ধৃতিই) তামসী (তামসিকী ধৃতি বলিয়া) মতা (কথিত হয়) ॥৩৫॥

[হে] ভরতর্ষভ (হে ভরতশ্রেষ্ঠ!) ইদানীং তু (এখন) মে (আমার নিকট) ত্রিবিধং (তিন প্রকার) স্থুখং (স্থেখর বিষয়) শৃণু (শ্রবণ কর) যত্র (যাহাতে) অভ্যাসাৎ (পুনঃ পুনঃ অনুশীলন দ্বারাক্রমে) রমতে (রতি জন্মে) তুঃখান্তং চ (এবং তুঃখের অবসান) নিগচ্ছতি (লাভ করে) ; যৎ তৎ (যে কোন স্থুখ) অগ্রে (প্রথমে) বিষম্ ইব (বিষের মত) পরিণামে (অবশেষে) অমৃতোপমম্ (অমৃততুল্য), আত্মবুদ্ধিপ্রসাদজম্ (আত্মসদন্ধিনী বুদ্ধির নির্মালতা হইতে জাত) তৎ স্থুখং (সেই স্থুখকে) সাত্মিকং (সাত্মিক স্থুখ) প্রোক্তম্ (বলা হয়) ॥৩৬-৩৭॥

তুর্ম্মতি ব্যক্তি যে ধৃতি দ্বারা নিদ্রা, ভয়, শোক, বিষাদ ও গর্ব্ব প্রভৃতিকে পরিত্যাগ করে না, সেই ধৃতিই— তামসিক ধৃতি ॥৩৫॥

হে ভরতর্ষভ! সম্প্রতি আমার নিকট তিন প্রকার স্থুখের বিষয় শ্রবণ কর। যাহাতে পুনঃ পুনঃ (অনুশীলনরূপ) অভ্যাস দ্বারা রতি জন্মে এবং তুঃখের অবসানও ঘটে, যাহা প্রথমে বিষয়ে শ্রায় কষ্টকর কিন্তু পরিণামে যাহা অমৃততুল্য স্থুখকর বিষয়েন্দ্রিয়সংযোগাদ্যত্তদগ্রেহমৃতোপমম্। পরিণামে বিষমিব তৎ স্থখং রাজসং স্মৃতম্ ॥৩৮॥ যদগ্রে চানুবন্ধে চ স্থখং মোহনমাত্মনঃ। নিদ্রালস্থ্রপ্রমাদোখং তত্তামসমুদাহতম্ ॥৩৯॥ ন তদন্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ। সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্থাল্রিভিগ্তনৈঃ॥৪০॥

যৎ (যে স্থখ) বিষয়েন্দ্রিয়সংযোগাৎ (বিষয় ও ইন্দ্রিয়ের সংযোগ হইতে) [জায়তে] (উৎপন্ন হয়), তৎ (সেই স্থখ) অগ্রে (প্রথমে) অমৃতোপমম্ (অমৃত তুল্য) পরিণামে (অবশেষে) বিষম্ ইব (বিষের স্থায়) তৎ স্থখং (সেই স্থখই) রাজসং (রাজসিক স্থখ) স্মৃতম্ (বলে) ॥৩৮॥

যৎ স্বখং (যে স্থখ) অগ্রে (আরম্ভে) অনুবন্ধে চ (ও পরিণামে) আত্মনঃ (আত্মার সম্বন্ধে) মোহনম (মোহ জনক) নিদ্রালম্মপ্রমাদোখং (নিদ্রা, আলম্ম ও অবিবেক হইতে উৎপন্ন) তৎ (সেই স্বখকে) তামসম্ (তামসিক স্থখ) উদাহতম্ (বলা হয়) ॥৩৯॥

পুনঃ (আবার) পৃথিব্যাং (পৃথিবীতে) [মন্থয়াদিষু] (মন্থয়াদি জীব-গণের মধ্যে) দিবি বা (অথবা স্বর্গে) দেবেষু বা (দেবগণের মধ্যেও) তৎ সত্ত্বং (সেইরূপ কোন প্রাণী বা অন্ত বস্তু) ন অস্তি (নাই), যৎ (যাহার)

এবং যাহা শুদ্ধ আত্মজ্ঞান হইতে উৎপন্ন, সেই স্থখকেই
— সাত্ত্বিক স্থখ বলে ॥৩৬-৩৭॥

যে স্থ্য, বিষয় ও ইন্দ্রিয়ের সংযোগ হইতে সঞ্জাত, যাহা প্রথমে অমৃতের মত এবং পরিণামে বিষতুল্য অনুভূত হয়, সেই সুখকেই ∸রাজসিক স্থুখ বলে ॥৩৮॥

যে স্থখ আগে ও পরে আত্মার মোহজনক, নিদ্রা, আলস্থ ও অনবধানতা হইতে উত্থিত, সেই স্থখকেই—তামসিক স্থখ বলা হয়॥৩৯॥ ব্রাহ্মণক্ষপ্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরস্তপ।
কর্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ ॥৪১॥
শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জ্জ্বমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমান্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্ ॥৪২॥
শৌর্যাং তেজাে ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাশ্রং কর্ম্ম স্বভাবজম্ ॥৪৩॥

প্রকৃতিজৈঃ (প্রকৃতি সম্ভূত) এভিঃ (এই) ব্রিভিঃ (তিন) গুণৈঃ (গুণ হইতে) মুক্তং স্থাৎ (স্বরূপতঃ মুক্ত থাকিবার সম্ভাবনা আছে) ॥৪০॥

[হে] পরস্তরপ (হে শত্রবিমর্দন!) ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং (ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের) শূদ্রানাং চ (এবং শূদ্রগণের) কর্মাণি (কর্মসমূহ) স্বভাবপ্রভবৈঃ (প্রকৃতিজাত) গুণৈঃ (সত্ত্বাদি গুণ দ্বারা) প্রবিভক্তানি (প্রকৃতরূপে বিভাগ করা হইয়াছে) ॥৪১॥

শমঃ (অন্তরিন্দ্রিয় সংযম) দমঃ (বাহেন্দ্রিয় নিগ্রহ) তপঃ (তপস্থা) শৌচং (বাহ ও অভ্যন্তরে শুদ্ধি) ক্ষান্তিঃ (ক্ষমা) আর্জ্জবম্ এব চ (ও সরলতা) জ্ঞানং (শাস্ত্রজ্ঞান) বিজ্ঞানম্ (তত্ত্বামূভব) আন্তিক্যং (ও শাস্ত্র বাক্যে স্কুদৃঢ় বিশ্বাস) [এতানি] (এই সকলই) স্বভাবজম্ (স্বভাবজনিত) ব্রহ্মকর্মা (ব্রাহ্মণের কর্মা) [ভবতি] (হয়) ॥৪২॥

এই পৃথিবীতে (মনুষ্য প্রভৃতি জীবগণের মধ্যে) অথবা স্বর্গে দেবগণের মধ্যে এমন কোন জীব বা বস্তু নাই, যাহা প্রকৃতিজাত এই তিনগুণ হইতে মুক্ত ॥৪০॥

হে পরস্তপ! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণের স্বভাবজাত সত্ত্বাদি গুণের দ্বারাই কর্ম্মসকল প্রকৃষ্টভাবে বিভক্ত (শ্রেণীবদ্ধ) করা হইয়াছে ॥৪১॥

শম, দম, তপস্থা, শোচ, ক্ষমা, সরলতা, জ্ঞান, বিজ্ঞান ও আস্তিক্য—এই সকলই ব্রাহ্মণের স্বভাবজাত কর্ম ॥৪২॥

কৃষিগোরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম স্বভাবজম্। পরিচর্য্যাত্মকং কর্ম শূদ্রস্থাপি স্বভাবজম্॥৪৪॥ স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ। স্বকর্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছুণু॥৪৫॥

শোর্য্যং (পরাক্রম) তেজঃ (তেজস্বিভাব) ধৃতিঃ (ধৈর্য্য) দাক্ষ্যং (কর্ম কুশলতা) যুদ্ধে চ অপি (ও যুদ্ধে) অপলায়নম্ (অপরাশ্বুখতা) দানম্ (দান) ঈশ্বর-ভাবঃ চ (ও লোকনিয়স্তৃত্ব)[এতানি](এই সকলই) স্বভাব-জম্ (স্বভাবজাত) ক্ষাত্রং কর্ম্ম (ক্ষত্রিয়ের কর্ম্ম)[ভবতি](হয়) ॥৪৩॥

কৃষিগোরক্ষ্য-বাণিজ্যং (কৃষিকার্য্য, গোপালন ও বাণিজ্য) [এতানি] (এই সকল) স্বভাবজম্ (স্বাভাবিক) বৈশ্বকর্ম (বৈশ্যের কর্ম্ম)। পরি-চর্য্যাত্মকং (ব্রাহ্মণাদিবর্ণত্রয়ের সেবারূপ) কর্ম অপি (কর্মই) শূদ্রস্থ (শূদ্রের পক্ষে) স্বভাবজম্ (স্বাভাবিক) ॥৪৪॥

স্বৈ স্বে (নিজ নিজ অধিকার-বিহিত) কর্মণি (কর্মে) অভিরতঃ (পরি-নিষ্ঠিত) নরঃ (মানব) সংসিদ্ধিং (স্বরূপজ্ঞান) লভতে (লাভ করে)। স্বকর্মনিরতঃ (নিজ নিজ অধিকার-বিহিত কর্মানুষ্ঠানকারী) যথা (যে প্রকারে) সিদ্ধিং (সিদ্ধি) বিন্দতি (লাভ করে) তং (তাহা) শৃণু (শ্রবণ কর)॥৪৫॥

শোর্য্য, তেজ, ধৈর্য্য, দক্ষতা, যুদ্ধে অপলায়ন, দানশীলতা ও প্রভুত্ব—এই সকলই ক্ষত্রিয়ের স্বাভাবিক কর্ম ॥৪৩॥

কৃষিকার্য্য, গো-পালন ও বাণিজ্য এই সকলই বৈশ্যের স্বাভাবিক কর্ম্ম এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের পরিচর্য্যারূপ কর্ম্মই (বা বিবিধ কর্ম্মের সহায়তাই) শূদ্রের স্বাভাবিক কর্ম্ম ॥৪৪॥

স্ব-স্ব অধিকার-বিহিত কর্ম্মে তৎপর ব্যক্তি স্বরূপজ্ঞান লাভ করে; নিজ নিজ অধিকার-বিহিত কর্মানুষ্ঠানকারী যেরূপে সিদ্ধিলাভ করে—তাহা শ্রবণ কর ॥৪৫॥ যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততম্। স্বকর্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ ॥৪৬॥ শ্রেয়ান্ স্বথর্মো বিশুণঃ পরধর্মাৎ স্বন্তুষ্ঠিতাৎ। স্বভাবনিয়তং কর্ম কুর্ব্বন্নাপ্নোতি কিম্বিষম্ ॥৪৭॥ সহজং কর্ম কোন্তেয় সদোষমপি ন ত্যজেৎ। সর্ব্বারম্ভা হি দোষেণ ধূমেনাগ্নিরিবার্তাঃ ॥৪৮॥

যতঃ (যাহা হইতে) ভূতানাং (জীবগণের) প্রবৃত্তিঃ (জন্মাদি) যেন (যিনি ব্যষ্টি ও সমষ্টিরূপে) ইদং (এই) সর্ব্ধম্ (সমস্ত বিশ্বে) ততম্ (ব্যাপ্ত রহিয়াছেন), তম্ (সেই পরমেশ্বরকে) মানবঃ (মনুষ্য) স্বকর্মণা (নিজ নিজ অধিকার-বিহিত কর্মের দ্বারা) অভ্যর্চ্চ্য (আরাধনা করিয়া) সিদ্ধিং (সিদ্ধি) বিন্দতি (লাভ করে) ॥৪৬॥

স্বন্ধিতাং (সম্যক্রপে অনুষ্ঠিত) পরধর্মাৎ (পরের ধর্ম অপেক্ষা) বিশুণঃ (অসম্যক্রপে অনুষ্ঠিত) স্বধর্মঃ (নিজ নিজ ধর্ম) শ্রেয়ান্ (শ্রেষ্ঠ), স্বভাবনিয়তং (প্রকৃতি-প্রেরিত) কর্ম (কর্ম) কুর্বন্ (করিয়া) [মানবঃ] (মানব) কিশ্বিষম্ ন আপ্লোতি (পাপভাগী হয় না) ॥৪৭॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীপুত্র!) সদোষম্ অপি (দোষ যুক্ত হইলেও) সহজং (স্বভাব-বিহিত) কর্ম (কর্ম) ন ত্যজেং (ত্যাগ করিতে নাই) হি

যে পরমেশ্বর হইতে নিখিল প্রাণিগণের উৎপত্তি বা চেষ্টা এবং যিনি (ব্যষ্টি ও সমষ্টিপ্রকাশ অধিকার করিয়া) এই সমগ্র বিশ্বে পরিব্যাপ্ত আছেন, সেই পরমেশ্বরকে মানব, নিজ নিজ অধিকার-বিহিত কর্ম্মের দ্বারা আরাধনা করিয়া সিদ্ধি-লাভ করে ॥৪৬॥

স্বধর্ম দোষযুক্ত হইলেও, স্কুষ্ঠ অনুষ্ঠিত অপরের ধর্ম হইতে শ্রেষ্ঠ; প্রকৃতি-প্রেরিত ধর্ম করিয়া মনুষ্য পাপভাগী হয় না ॥৪৭॥

অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র জিতাত্মা বিগতস্পৃহঃ। নৈষ্কর্ম্যাসিদ্ধিং পরমাং সন্ম্যাসেনাধিগচ্ছতি ॥৪৯॥ সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম তথাপ্লোতি নিবোধ মে। সমাসেনেব কৌন্তেয় নিষ্ঠা জ্ঞানস্থ যা পরা॥৫০॥

(কারণ) ধূমেন (ধূমের দ্বারা) অগ্নিঃ ইব (আবৃত অগ্নির শ্রায়) সর্ব্বারম্ভাঃ (সমস্ত কর্মাই) দোষেণ (দোষের দ্বারা) আবৃতাঃ (আবৃত) ॥৪৮॥

সর্ব্বত্র প্রাকৃত সমস্ত বস্তুতে) অসক্ত-বুদ্ধিঃ (অনাসক্ত বুদ্ধি) জিতাত্মা (বশীকৃত-চিত্ত) বিগতস্পৃহঃ (ও নিষ্কাম ব্যক্তি) সন্ন্যাসেন (কর্মফলের পরিত্যাগ দ্বারা) পরমাং নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং (নৈষ্কর্ম্ম্যরূপ পরমসিদ্ধি) অধিগচ্ছতি (লাভ করেন) ॥৪৯॥

[হে] কৌন্তেয় (হে কুন্তীনন্দন!) সিদ্ধিং প্রাপ্তঃ (নৈম্বর্ম্যরূপ সিদ্ধিপ্রাপ্ত ব্যক্তি) যথা (যেরূপে) ব্রহ্ম (ব্রহ্মকে) আপ্লোতি (প্রাপ্ত হন), যা (যে ব্রহ্মপ্রাপ্তি) জ্ঞানস্থ (জ্ঞানের) পরা নিষ্ঠা (পরমগতি), তথা (তাহা) সমাসেন এব (সংক্ষেপে) মে (আমার নিকট) নিবোধ (প্রবণ কর)॥৫০॥

হে কৌন্তেয়! দোষযুক্ত হইলেও স্বভাব-বিহিত কর্ম ত্যাগ করিতে নাই, কারণ ধূমের দারা আর্ত বহ্নির ন্যায়—সমস্ত কর্মাই দোষের দ্বারা (ন্যুনাধিক) আর্ত ॥৪৮॥

প্রাকৃত সমুদয় বস্তুতে অনাসক্ত-বুদ্ধি, বশীকৃত-চিত্ত ও নিষ্কাম ব্যক্তি কর্ম্মফলের পরিত্যাগ দ্বারা নৈষ্কর্ম্যারূপ পরম-সিদ্ধি লাভ করেন ॥৪৯॥

হে কৌন্তেয়! নৈষ্কর্ম্যরূপ সিদ্ধি প্রাপ্ত ব্যক্তি যেরূপে ব্রহ্মকে প্রাপ্ত হন, যে ব্রহ্মপ্রাপ্তি (চিদাত্মবোধ) জ্ঞানের পরম গতি— তাহা তুমি আমার নিকট সংক্ষেপে শ্রবণ কর॥৫০॥ বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তো ধৃত্যাষ্মানং নিয়ম্য চ।
শব্দদীন বিষয়াংস্তাক্ষা রাগদ্বেষো ব্যুদস্য চ ॥৫১॥
বিবিক্তসেবী লঘ্বাশী যতবাক্কায়মানসঃ।
ধ্যানযোগপরো নিত্যং বৈরাগ্যং সমুপাশ্রিতঃ ॥৫২॥
অহক্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্।
বিমুচ্য নির্মানঃ শান্তো ব্হহ্মভূয়ায় কল্পতে ॥৫৩॥

বিশুদ্ধয়া (সাত্বিকী) বুদ্ধা (বুদ্ধি) যুক্তঃ [সন্] (যুক্ত হইয়া) ধৃত্যা (তাদৃশ ধৃতির দ্বারা) আত্মানং (মনকে) নিয়ম্য চ (সংযত করিয়া), শব্দাদীন্ (শব্দ, স্পর্শ প্রভৃতি) বিষয়ান্ (বিষয় সমূহকে) ত্যক্তা (পরিত্যাগ পূর্ব্বক) রাগদ্বেষো (রাগ ও দ্বেষ) ব্যুদস্য চ (বিদূরিত করতঃ), বিবিক্তসেবী (বিষয়সঙ্গ-রহিত) লঘ্মশী (মিতভোজী) যতবাক্কায়মানসঃ (কায়-মন-বাক্য-সংযমী) নিত্যং (সর্ব্বদা) ধ্যানযোগপরঃ (ভগবচ্চিস্তাপরায়ণ) বৈরাগ্যং সমুপাশ্রিতঃ (ও বৈরাগ্য-সমাশ্রিত হইয়া) অহক্কারং (অহক্কার) বলং (সামর্থ্য) দর্পং (দর্প) কামং (কাম) ক্রোধং (ক্রোধ) পরিগ্রহম্ (ও দানাদিগ্রহণ) বিমুচ্য (পরিত্যাগ পূর্ব্বক) নির্মমঃ (মমতাশূন্য) শাস্তঃ (শান্তিপরায়ণ পুরুষ) ব্রক্ষভূয়ায় (চিদাত্মবোধের) কল্পতে (যোগ্য হন) ॥৫১-৫৩॥

সাত্ত্বিক বুদ্ধিযুক্ত হইয়া, তাদৃশ ধৃতির দ্বারা মনকে সংযত করিয়া, শব্দাদি বিষয় সকলকে পরিত্যাগ পূর্ব্বক, রাগ ও দ্বেষ বিদূরিত করতঃ, বিষয়িসঙ্গ-রহিত, মিতভোজী, কায়-মনবাক্য-সংযমী, সর্ব্বদা ভগবচ্চিন্তা-পরায়ণ ও বৈরাগ্য-সমাশ্রিত হইয়া—অহঙ্কার, বল, দর্প, কাম, ক্রোধ ও দানাদি-গ্রহণ পরিত্যাগ পূর্ব্বক, মমতাশূশ্য ও শান্তিপরায়ণ ব্যক্তি চিদাত্ম-বোধের যোগ্য হন ॥৫১-৫৩॥

ব্ৰহ্মভূতঃ প্ৰসন্নাত্মা ন শোচতি ন কাচ্চ্ছতি।
সমঃ সৰ্ব্বেষু ভূতেষু মন্তক্তিং লভতে পরাম্ ॥৫৪॥
ভক্ত্যা মামভিজানাতি যাবান্ য*চান্মি তত্ত্বতঃ।
ততাে মাং তত্বতাে জ্ঞাত্মা বিশতে তদনস্তরম্॥৫৫॥

বন্ধভূতঃ (চিৎ স্বরূপ প্রাপ্ত) প্রসন্নাত্মা (প্রসন্ন চিত্ত ব্যক্তি) ন শোচতি (শোক করেন না) ন কাজ্ফতি (আকাজ্ফাও করেন না) । সর্ব্বেষু (সকল) ভূতেষু (প্রাণীর প্রতি) সমঃ (আমার পরাশক্তি বিচারে সমদর্শী হইয়া) পরাম্ (নির্ন্তণা) মন্তক্তিং (আমার ভক্তি) লভতে (লাভ করেন) ॥৫৪॥

[অহং] (আমি) যাবান্ (যেরূপ বিভৃতি সম্পন্ন) যঃ চ অশ্মি (ও স্বরূপতঃ যাহা হই) মাম্ (আমাকে) [সঃ] (সেই জ্ঞানী ব্যক্তি) ভক্তাা (নির্গুণা ভক্তি দ্বারা) তত্বতঃ (যথার্থরূপে) অভিজানাতি (সম্যক্ জানিতে পারেন); তত্বতঃ (স্বরূপতঃ) জ্ঞাত্বা (আমাকে অবগত হইয়া) তদনম্বরম্ (তাহার পর) ততঃ (সেই ভক্তি প্রভাবে) মাং (আমার নিত্যলীলায়) বিশতে (প্রবেশ লাভ করেন) ॥৫৫॥

চিং-স্বরূপ প্রাপ্ত ও প্রসন্ধ-চিত্ত ব্যক্তি শোকও করেন না, আকাজ্ফাও করেন না; তিনি সর্বভূতে (আমার পরাশক্তি বিচারে) সমদর্শী হইয়া ক্রমশঃ আমার পরাভক্তি (প্রেমভক্তি) লাভ করেন ॥৫৪॥

সেই পরাভক্তি প্রভাবে আমার ঐশ্বর্য্যময় ও মাধুর্য্যময় স্বরূপদ্বয় সম্যক্ জানিতে পারেন এবং তৎপর স্বরূপগত সম্বন্ধজ্ঞান উপলব্ধি করিয়া আমার অভিন্ন-স্বরূপ অন্তরঙ্গ পরিকরগণ মধ্যে প্রবেশ লাভ করেন ॥৫৫॥

সর্ব্বকর্মাণ্যপি সদা কুর্বাণো মদ্যপাশ্রয়ঃ।
মংপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্ ॥৫৬॥
চেতসা সর্ব্বকর্মাণি ময়ি সংগ্রস্থ মংপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব ॥৫৭॥
মচ্চিত্তঃ সর্ব্বত্নগাণি মংপ্রসাদান্তরিয়সি।
অথ চেত্বমহঙ্কারান্ন শ্রোয়সি বিনক্ষ্যসি॥৫৮॥

মদ্যপাশ্রয়ঃ (আমার একান্ত আশ্রিত জন) সদা (সর্ব্বদা) সর্ব্বকর্মাণি (সর্ব্বপ্রকার কর্ম) কুর্ব্বাণঃ অপি (করিয়াও) মৎপ্রসাদাৎ (আমার প্রসাদে) শাশ্বতং (নিত্য) অব্যয়ম্ (সমৃদ্ধ) পদম্ (সেবাপদ) অবাগ্নোতি (লাভ করেন) ॥৫৬॥

চেতসা (সর্বান্তঃকরণে) সর্বাকর্মাণি (সমস্ত কর্ম) ময়ি (আমাতে) সংগ্রস্থা (সমর্পণ পূর্বাক) মৎপরঃ (মৎপরায়ণ হইয়া) বুদ্ধিযোগম্ (নিশ্চয়াত্মিকা বুদ্ধিকে) উপাশ্রিত্য (আশ্রয় করিয়া) সততং (সর্বাদা) মচ্চিত্তঃ (আমাতে অমুরক্ত) ভব (হও)॥৫৭॥

ত্বং (তুমি) মচ্চিত্তঃ (মদ্গতচিত্ত হইয়া) মৎপ্রসাদাৎ (আমার অনু-গ্রহে) সর্ব্বাহুর্গাণি (সমস্ত বাধা-বিপত্তি) তরিয়াসি (অতিক্রম করিবে)।

আমার একাস্ত আশ্রিত জন সর্বাদা সর্ব্বপ্রকার কর্ম্ম করিয়াও — আমার অনুগ্রহে নিত্য সমৃদ্ধ সেবাপদ লাভ করেন ॥৫৬॥

সম্বন্ধ কৌশলে সমুদয় কর্ম্ম আমাতে সমর্পণ পূর্ব্বক, আমিই পরমগতি—নিশ্চয় করতঃ, বুদ্ধিযোগ (ব্যবহারিক কার্য্যে অনাসক্তি) আশ্রয় করিয়া—সর্ব্বদা আমাতে অনুরক্ত হও ॥৫৭॥
তমি মদগতে চিত্র হুইলে আমার অনুগ্রেহ সর্ব্বপ্রকার তম্বর

তুমি মদগত চিত্ত হইলে আমার অনুগ্রহে সর্ব্বপ্রকার চুস্তর বাধা-বিপদ উত্তীর্ণ হইতে পারিবে। আর যদি অহঙ্কার বশে আমার কথা না শুন তাহা হইলে বিনাশ প্রাপ্ত হইবে॥৫৮॥ যদহক্ষারমাশ্রিত্য ন যোৎস্থ ইতি মন্থসে।
মিথ্যৈব ব্যবসায়ন্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি ॥৫৯॥
স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যম্মোহাৎ করিম্বস্থাবশোহপি তৎ ॥৬০॥
ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হাদ্দেশেহর্চ্ছুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রাক্রঢ়ানি মায়য়া॥৬১॥

অথ চেৎ (আর যদি) অহঙ্কারাৎ (অহঙ্কার বশে) ন শ্রোয়ুসি (না শুন), [তর্হি] (তাহা হইলে) বিনজ্ঞাসি (বিনাশ প্রাপ্ত হইবে) ॥৫৮॥

অহঙ্কারম্ (অহঙ্কারকে) আশ্রিত্য (আশ্রয় করিয়া) ন যোৎস্তে (যুদ্ধ করিব না) ইতি (এইরূপ) যৎ মন্তুসে (যে মনে করিতেছ), তে (তোমার) [এষঃ] (এই) ব্যবসায়ঃ (সঙ্কল্প) মিথ্যা এব (মিথ্যাই) [ভবিশ্বতি] (হইবে)। প্রকৃতিঃ (ক্ষ্ত্রিয়োচিত স্বভাব) ত্বাং (তোমাকে) নিযোক্ষ্যতি (নিযুক্ত করিবে) ॥৫৯॥

[হে] কোন্তেয় (হে কুন্তীপুত্র!) [ত্বং] (তুমি) মোহাৎ (মোহবশে) যৎ (যাহা) কর্ত্তুং (করিতে) ন ইচ্ছসি (ইচ্ছা করিতেছ না), স্বভাবজেন (স্বভাবজাত) স্বেন (নিজের) কর্মণা (বৃত্তির দ্বারা) নিবদ্ধঃ [সন্] (বাধ্য হইয়া) তৎ অপি (সেই কর্মাই) অবশঃ [সন্] (অবশভাবেই) করিয়্বসি (করিবে) ॥৬০॥

অহঙ্কারকে আশ্রয় করিয়া 'যুদ্ধ করিব না' এইরূপ যে মনে করিতেছ—তোমার এই সংকল্প মিথ্যাই হইবে। কারণ তোমার (ক্ষন্সিয়োচিত) স্বভাব তোমাকে অবশ্যই যুদ্ধে নিযুক্ত করিবে॥৫৯॥ হে কৌন্তেয়! তুমি মোহবশে যাহা এখন করিতে ইচ্ছা করিতেছ না, স্বভাবজাত নিজের বৃত্তি দ্বারা বাধ্য হইয়াই (একটু পরে) সেই কর্ম অবশভাবেই করিবে॥৬০॥

তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত। তৎপ্রসাদাৎ পরাং শাস্তিং স্থানং প্রাক্ষ্যসি শাশ্বতম্॥৬২॥ ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্মাদ্গুহ্মতরং ময়া। বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু॥৬৩॥

[হে] অর্জ্জুন (হে অর্জ্জুন!) ঈশ্বরঃ (অন্তর্যামী শ্রীভগবান্) সর্ব্বভূতানি (জীবসমূহকে) যন্ত্রারূঢ়াণি [ইব] (যন্ত্রারূঢ় পুত্তলের ন্থায়) মায়য়া (নিজ মায়াশক্তি দ্বারা) ভ্রাময়ন (নানাভাবে ভ্রমণ করাইতে করাইতে) সর্ব্বভূতানাং (নিখিল জীবের) হুদ্দেশে (হৃদয় দেশেই) তিষ্ঠতি (অবস্থান করিতেছেন) ॥৬১॥

[হে] ভারত (হে ভারত!) [অতঃ] (অতএব) সর্বভাবেন (সর্বতোভাবে) তম্ এব (তাঁহারই) শরণং গচ্ছ (শরণ গ্রহণ কর)। তৎপ্রসাদাৎ (তাঁহার কুপায়) পরাং (পরম) শান্তিং (শান্তি) শাশ্বতম্ (ও নিত্য) স্থানং (ধাম) প্রাপ্স্যিসি (প্রাপ্ত হইবে)॥৬২॥

ইতি (এই পর্য্যস্ত) গুহাৎ (গৃঢ় হইতেও) গুহুতরং (গৃঢ়তর) জ্ঞানম্ (জ্ঞানের কথা) ময়া (আমা কর্ত্বক) তে (তোমার নিকট) আখ্যাতং (কথিত হইল); এতৎ (ইহা) অশেষণ (সম্পূর্ণরূপে) বিমৃশ্য (পর্য্যালোচনা করিয়া) যথা (যেরূপ) ইচ্ছসি (ইচ্ছা কর) তথা (সেইরূপই) কুরু (কর) ॥৬৩॥

হে অর্জ্জুন! অন্তর্যামী শ্রীভগবান্ স্বীয় মায়াশক্তি প্রভাবে জীবগণকে যম্বারূঢ় পুত্তলের স্থায় (নানাভাবে) ভ্রমণ করাইতে করাইতে নিখিল জীবের হৃদয়দেশেই অবস্থান করিতেছেন॥৬১॥

হে ভারত! সর্ব্বতোভাবে তাঁহারই শরণ গ্রহণ কর। তাঁহার কুপায় পরম শাস্তি ও নিত্যধাম লাভ করিবে ॥৬২॥

তোমাকে এই গূঢ় হইতেও গূঢ়তর জ্ঞানের কথা আমি বলিলাম । ইহা অশেষভাবে পর্য্যালোচনা করিয়া তোমার যেরূপ ইচ্ছা তাহাই কর॥৬৩॥ সর্বশুগুগুগুগং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোহসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥৬৪॥
মশ্মনা ভব মন্তক্তো মদ্যাজী মাং নমস্কুরু।
মামেবৈশ্বসি সত্যং তে প্রতিজানে প্রিয়োহসি মে ॥৬৫॥
সর্ব্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িশ্বামি মা শুচঃ ॥৬৬॥

মে (আমার) সর্বাপ্তস্থতমং (সর্বাপ্তস্থতম) পরমং (সর্বাশ্রেষ্ঠ) বচঃ (উপদেশ) ভূয়ঃ (আবার) শৃণু (শুন) [ত্বং] (তুমি) মে (আমার) দৃঢ়ম্ (অতিশয়) ইষ্টঃ (প্রিয়) অসি (হও), ইতি ততঃ (সেইহেতু) তে (তোমাকে) হিতম্ (মঙ্গলের কথা) বক্ষ্যামি (বলিতেছি) ॥৬৪॥

্থিং] (তুমি) মন্মনাঃ (আমাতেই সমর্পিত চিত্ত) মন্তক্তঃ (আমারই প্রবণ কীর্ত্তনাদি ভক্তি পরায়ণ) মদ্যাজী (ও আমারই পূজক) ভব (হও), মাং (আমাকে) নমস্কুরু (নমস্কার কর)। [তর্হি] (তাহা হইলে) মাম্ এব (আমাকেই) এক্সসি (প্রাপ্ত হইবে), তে (তোমার নিকট) সত্যং (সত্য) প্রতিজ্ঞানে (প্রতিজ্ঞা করিতেছি), [যতঃ ত্বং] (যেহেতু তুমি) মে (আমার) প্রিয়ঃ অসি (প্রিয় হও)॥৬৫॥

সর্ব্বধর্মান্ (সর্ব্বপ্রকার ধর্ম) পরিত্যজ্য (সম্পূর্ণ বিসর্জ্জন দিয়া) একং (একমাত্র) মাম্ (আমারই) শরণং ব্রজ (শরণ লও); অহং (আমি) ত্বাং

আমার সর্ব্বগুহতম সর্ব্বশ্রেষ্ঠ উপদেশ আবার শুন। তুমি আমার অত্যন্ত প্রিয়, এই জন্মই তোমার হিত বলিতেছি ॥৬৪॥ তুমি আমারই চিন্তা কর, আমারই সেবা কর, আমারই পূজা কর, ও আমাকেই আত্মনিবেদন কর; তাহা হইলে আমাকেই প্রাপ্ত হইবে—তোমার নিকট প্রতিজ্ঞা করিয়া সত্য বলিতেছি, কারণ তুমি আমার প্রিয় সখা ॥৬৫॥ ইদম্ভে নাতপক্ষায় নাভক্তায় কদাচন। ন চাণ্ডশ্রাষবে বাচ্যং ন চ মাং যোহভ্যস্থয়তি ॥৬৭॥ য ইমং পরমং গুহুং মদ্ভক্তেম্বভিধাস্থতি। ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈশ্বতাসংশয়ঃ॥৬৮॥

(তোমাকে) সর্ব্বপাপেভ্যঃ (সর্ব্ব প্রকার পাপ হইতে) মোক্ষয়িস্থামি (মুক্ত করিব), মা শুচঃ (শোক করিও না) ॥৬৬॥

ইদং (এই কথা) তে (তুমি) অতপস্কায় (আরাম প্রিয়) অভক্তায় ন (অভক্ত), অশুশ্রাষবে ন চ (সেবা-বিমুখ), যঃ চ (ও যে) মাং (আমাতে) অভ্যস্থয়তি (অস্থ্য়াকারী অর্থাৎ মৎসর—তাহাদিগকে) কদাচন (কখনও) ন বাচ্যং (বলিবে না) ॥৬৭॥

যঃ (যিনি) পরমং (সর্ব্বোৎকৃষ্ট) গুহুং (গোপনীয়) ইমং (এই সংবাদ)
সদ্ভক্তেষু (আমার ভক্তগণের নিকট) অভিধাস্থতি (কীর্ত্তন করি-বেন), [সঃ] (তিনি) ময়ি (আমার) পরাং (পরা) ভক্তিং (ভক্তি) কৃত্বা লোভ করিয়া) অসংশয়ঃ (নিঃসন্দেহে) মাম্ এব (আমাকেই) এম্বৃতি (প্রাপ্ত হইবেন) ॥৬৮॥

সর্ব্বপ্রকার ধর্ম্ম সম্পূর্ণ বিসর্জ্জন দিয়া একমাত্র আমারই শরণ লও । আমি তোমাকে সর্ব্বপ্রকার পাপ হইতে মুক্ত করিব, তুমি শোক করিও না ॥৬৬॥

এই কথা তুমি কখনও আরামপ্রিয়, শ্রদ্ধাহীন, সেবা-বিমুখ ও আমাতে অস্থয়াকারী অর্থাৎ মৎসর ব্যক্তিগণকে বলিবে না ॥৬৭॥

যিনি এই গোপনীয় পরম তত্ত্ব আমার ভক্তগণের নিকট কীর্ত্তন করিবেন, তিনি আমার পরাভক্তি লাভ করিয়া আমাকেই প্রাপ্ত হইবেন, ইহাতে কোন সংশয় নাই ॥৬৮॥ ন চ তত্মাম্মনুষ্যেষু কশ্চিম্মে প্রিয়ক্তমঃ।
ভবিতা ন চ মে তত্মাদন্তঃ প্রিয়তরো ভুবি ॥৬৯॥
অধ্যেয়তে চ য ইমং ধর্ম্মাং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্থামিতি মে মতিঃ ॥৭০॥
শ্রদ্ধাবাননস্থয়ন্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোহপি মুক্তঃ শুভাঙ্গোকান্ প্রাপ্নুয়াৎ পুণ্যকর্মণাম্॥৭১॥

মনুষ্মেষু (মনুষ্ম সমাজে) তম্মাৎ (তাঁহার অর্থাৎ গীতা প্রচারকের অপেক্ষা) কশ্চিৎ (কেহ) মে (আমার) প্রিয়কত্তমঃ (অধিক প্রিয়কারী) ন চ (নাই), ভুবি চ (এবং পৃথিবীতে) তম্মাৎ (তাঁহার অপেক্ষা) অন্যঃ (অপর কেহ) মে (আমার) প্রিয়তরঃ (প্রিয়তরও) ন ভবিতা (হইবে না) ॥৬৯॥

যঃ চ (আর যিনি) আবয়োঃ (আমাদের উভয়ের) ইমং (এই) ধর্ম্মাং (ধর্ম্ম) সংবাদম্ (সংলাপ) অধ্যেষ্মতে (পাঠ করিবেন), অহং (আমি) জ্ঞানযজ্ঞেন (জ্ঞানযজ্ঞদ্বারা) তেন (তৎকর্ত্ত্বক) ইষ্টঃ (আরাধিত) স্থাম্ (হইব), ইতি (ইহাই) মে (আমার) মতিঃ (অভিমত) ॥৭০॥

শ্রদ্ধাবান্ (শ্রদ্ধাযুক্ত) অনস্থয়ঃ চ (ও দোষদৃষ্টি রহিত) যঃ (যে) নরঃ (মানব) শৃণুয়াৎ অপি (কেবল শ্রবণ করেন), সঃ অপি (তিনিও) [পাপাৎ] (পাপ হইতে) মুক্তঃ [সন্] (মুক্ত হইয়া) পুণ্যকর্ম্মণাম্ (পুণ্য-

মানব সমাজে তাঁহার (গীতা প্রচারকের) অপেক্ষা কেহই আমার অধিক প্রিয়কারী নাই, এবং (ভবিশ্বতে) পৃথিবীতে তাঁহার অপেক্ষা আমার প্রিয়তরও কেহ হইবে না ॥৬৯॥

আর যিনি আমাদের উভয়ের এই ধর্ম্ম-সংলাপ পাঠ করিবেন, আমি জ্ঞান-যজ্ঞের দ্বারা তৎকর্তৃক আরাধিত হইব, ইহাই আমার অভিমত ॥৭০॥

কচ্চিদেতচ্ছ্তুতং পার্থ ত্বয়ৈকাগ্রেণ চেতসা। কচ্চিদজ্ঞানসম্মোহঃ প্রণষ্টস্তে খনঞ্জয় ॥৭২॥ অর্জ্জুন উবাচ—

নষ্টো মোহঃ স্মৃতিৰ্লব্ধা ত্বৎপ্ৰসাদাশ্ময়াচ্যুত। স্থিতোহস্মি গতসন্দেহঃ করিয়ে বচনং তব ॥৭৩॥

কারিগণের) [প্রাপ্য] (লভ্য) শুভান্ (উত্তম) লোকান্ (ধাম সকল) প্রাপ্নুয়াৎ (প্রাপ্ত ইইবেন) ॥৭১॥

[হে] পার্থ (হে কুন্তীপুত্র!) ত্বয়া কচ্চিৎ (তুমি কি) একাগ্রেণ (একাগ্র) চেতসা (চিন্তে) এতৎ (এই গীতা শাস্ত্র) শ্রুতং শ্রেবণ করিয়াছ?)[হে] ধনঞ্জয় (হে অর্জ্জুন!) তে (তোমার) অজ্ঞান সম্মোহঃ (অজ্ঞান জনিত বিপরীত বৃদ্ধি) প্রণষ্টঃ কচ্চিৎ (বিনম্ব লইল কি?)॥৭২॥

অর্জ্জুনঃ উবাচ (অর্জ্জুন বলিলেন) [হে] অচ্যুত (হে শ্রীকৃষ্ণ!) ত্বৎ প্রসাদাৎ (তোমার অনুগ্রহে) [মে] (আমার) মোহঃ (মোহ) নষ্টঃ (দূর হইয়াছে), ময়া (আমি) স্মৃতিঃ (আত্মস্মৃতি) লব্ধা (লাভ করিয়াছি), স্থিতঃ অস্মি (স্থিরতা প্রাপ্ত হইলাম), গত-সন্দেহঃ (সংশয় দূর হইয়াছে) তব (তোমার) বচনং (আদেশ) করিয়ো (পালন করিব) ॥৭৩॥

যে শ্রদ্ধাবান্ জন নির্মৎসর ভাবে কেবল শ্রবণ করিবেন, তিনিও মুক্ত হইয়া স্থকৃতিশালী জনের যোগ্য মঙ্গলময় লোক সকল লাভ করিবেন ॥৭১॥

হে পার্থ! তুমি কি একাগ্রচিত্তে ইহা শ্রবণ করিলে? হে ধনঞ্জয়! তোমার অজ্ঞানোখ মোহ কি বিদূরিত হইল? ॥৭২॥

অর্জ্জুন কহিলেন—হে অচ্যুত! তোমার রূপায় আমার মোহ বিনষ্ট হইয়াছে, আমি স্বরূপস্মৃতি লাভ করিয়াছি, আমি নিঃসংশয়ে শরণাপত্তিতে অবস্থিত হইলাম,—তোমার আদেশ পালন করিব ॥৭৩॥

সঞ্জয় উবাচ—

ইত্যহং বাস্থদেবস্থ পার্থস্থ চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রোষমজুতং রোমহর্ষণম্ ॥৭৪॥
ব্যাসপ্রসাদাৎ শ্রুতবানিমং গুহুমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫॥
রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমজুতম্।
কেশবার্জ্জ্বনয়োঃ পুণ্যং হান্থামি চ মুহুর্মুহুঃ ॥৭৬॥

সঞ্জয়ঃ উবাচ (সঞ্জয় বলিলেন) অহং (আমি) ইতি (এই প্রকারে) মহাত্মনঃ (মহাত্মা) বাস্কদেবস্থা (বাস্কদেবের) পার্থস্থা চ (ও অর্জ্জুনের) ইমম্ (এই) অদ্ভুতং (আশ্চর্য্য) রোমহর্ষণম্ (রোমাঞ্চকর) সংবাদম্ (কথোপকথন) অশ্রোষম্ (শ্রবণ করিলাম) ॥৭৪॥

অহং (আমি) ব্যাসপ্রসাদাৎ (ব্যাসদেবের কৃপায়) ইমং (এই) পরম্ (পরম) গুহুম্ (গোপনীয়) যোগং (কর্ম্ম, জ্ঞান ও ভক্তিযোগ) সাক্ষাৎ কথয়তঃ (স্বমুখে উপদেশ করিতে প্রবৃত্ত) যোগেশ্বরাৎ (যোগেশ্বর) স্বয়ম্ (স্বয়ংরূপ) কৃষ্ণাৎ (কৃষ্ণ হইতে) শ্রুতবান্ (শ্রবণ করিলাম) ॥৭৫॥

[হ] রাজন্ (হে মহারাজ ধৃতরাষ্ট্র!) কেশবার্জ্জ্বনয়োঃ (শ্রীকৃষ্ণ ও অর্জ্জ্বনের) ইমম্ (এই) পুণাং (পবিত্র) অদ্ভুতম্ (বিস্ময়কর) সংবাদম্ (কথোপকথন) সংস্মৃত্য সংস্মৃত্য (পুনঃ পুনঃ স্মরণ করিয়া) মুহুর্মুহুঃ চ (বারংবারই) হায়ামি (রোমাঞ্চিত হইতেছি) ॥৭৬॥

সঞ্জয় কহিলেন — এইরূপে আমি মহাত্মা বাস্তদেব ও অর্জ্জুনের — এই অদ্ভূত রোমাঞ্চকর সংলাপ শ্রবণ করিলাম ॥৭৪॥ আমি শ্রীব্যাসদেবের অনুগ্রহে যোগেশ্বর স্বয়ং শ্রীকৃষ্ণের সাক্ষাৎ শ্রীমুখগাথা হইতে এই গুহু সর্ব্বশ্রেষ্ঠ যোগ — শ্রবণ করিয়াছি ॥৭৫॥ তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ। বিস্ময়ো মে মহান্ রাজন্ হান্তামি চ পুনঃ পুনঃ ॥৭৭॥ যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধন্তর্দ্ধরঃ। তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্বা নীতির্মতির্মম ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমন্তগবদগীতাস্থপনিষৎস্ক ব্রহ্মবিচ্চায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণাৰ্জ্জুনসংবাদে মোক্ষযোগো নামাষ্টাদশোহধ্যায়ঃ ॥১৮॥

[হে] রাজন্ (হে মহারাজ!) হরেঃ চ (আর শ্রীহরির) অত্যদ্ভূতং (অতি আশ্চর্য্য) তৎ রূপম্ (সেই বিশ্বরূপ) সংস্মৃত্য সংস্মৃত্য (পুনঃ পুনঃ স্মরণ করিয়া) মে (আমার) মহান্ (পরম) বিস্ময়ঃ (বিস্ময়) [ভবতি] (হইতেছে) পুনঃ পুনঃ চ (এবং আমি বারংবার) হায়ামি (রোমাঞ্চিত হইতেছি) ॥৭৭॥

যত্র (যেখানে) যোগেশ্বরঃ কৃষ্ণঃ (যোগেশ্বর শ্রীকৃষ্ণ) যত্র (ও যেখানে) ধর্মুদ্ধরঃ পার্থঃ (ধর্মুদ্ধর ধনঞ্জয়) তত্র (সেইখানেই) শ্রীঃ

হে মহারাজ! শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের এই পুণ্যময়, অতি বিস্ময়কর সংলাপ পুনঃ পুনঃ স্মরণ করিতে করিতে আমি মুহুর্মহুঃ হর্ষে পুলকিত হইতেছি ॥৭৬॥

হে রাজন্! আবার ভগবান্ শ্রীহরির সেই মহান্ অত্যাশ্চর্য্যময় বিশ্বরূপ বারংবার স্মরণ করিতে করিতে আমার অত্যস্ত বিস্ময় ও পুনঃ পুনঃ পুলকোদগম হইতেছে ॥৭৭॥

যেখানে ভগবান্ যোগেশ্বর স্বয়ং শ্রীকৃষ্ণ ও যেখানে স্বয়ং ধনঞ্জয় ধন্তুর্দ্ধর — সেইখানেই রাজলক্ষ্মী, সেইখানেই জয়শ্রী, (রাজলক্ষ্মী) বিজয়ঃ (জয়শ্রী) ভূতিঃ (সম্পদ্রক্ষি) নীতিঃ (ও গ্রায়) ধ্রুবা (প্রতিষ্ঠিত), [ইতি] (ইহাই) মম (আমার) মতিঃ (অভিমত) ॥৭৮॥ ইতি অষ্টাদশ অধ্যায়ের অম্বয় সমাপ্ত ॥

সেইখানেই সমৃদ্ধি ও সেইখানেই স্থনীতি স্কপ্রতিষ্ঠিত—ইহাই আমার অভিমত ॥৭৮॥

ইতি অষ্টাদশ অধ্যায়ের বঙ্গান্তুবাদ সমাপ্ত॥



গীতামাহাষ্ম্যম্

(অবশ্য পাঠ্য)

গীতাশাস্ত্রমিদং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ পুমান্। বিষ্ণোঃ পদমবাপ্নোতি ভয়শোকাদিবর্জ্জিতঃ ॥১॥ গীতাধ্যয়নশীলস্থ প্রাণায়ামপরস্থ চ। নৈব সন্তি হি পাপানি পূর্বজন্মকৃতানি চ॥২॥ মলনির্মোচনং পুংসাং জলম্নানং দিনে দিনে। সকৃদ্গীতান্ত্রসি স্নানং সংসারমলনাশনম্॥৩॥ গীতা স্থগীতা কর্ত্তব্যা কিমস্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বয়ং পদ্মনাভস্থ মুখপদ্মাদ্বিনিঃস্বতা॥৪॥

যে পুরুষ সংযত চিত্ত হইয়া পুণ্যপ্রদ এই গীতাশাস্ত্র পাঠ করিবেন, তিনি ভয় এবং শোকাদিরহিত বিষ্ণুর ধাম বৈকুণ্ঠাদি প্রাপ্ত হইবেন ॥১॥

গীতাশাস্ত্র অধ্যয়নশীল ও প্রাণায়াম পরায়ণ ব্যক্তির পূর্ব্বজন্ম কৃত বা এই বর্ত্তমান জন্মকৃত কোন পাপই থাকে না, সমস্তই ভস্ম হইয়া যায় ॥২॥

মনুষ্যের প্রতিদিন জলে স্নানদ্বারা যেমন শরীরের মল দূর হয়, সেইরূপ একবার মাত্র গীতারূপ জলে স্নান করিলে অর্থাৎ গীতা পাঠ করিলে সংসাররূপ মল নাশ হয় ॥৩॥

যে গীতা স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে বিনির্গত হইয়াছে, তাহারই নিত্য স্থন্দররূপে অধ্যয়নাদি করা কর্ত্তব্য। অগ্যান্য বহু শাস্ত্রাধ্যয়ন দ্বারা কি ফল হইবে ॥৪॥

ভারতামৃতসর্ব্বস্বং বিষ্ণোর্বক্রাদ্বিনিঃস্বতম। গীতা-গঙ্গোদকং পীত্বা পুনর্জন্ম ন বিদ্যতে ॥৫॥ সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ। পার্থো বৎসঃ স্থধীর্ভোক্তা তুগ্ধং গীতামৃতং মহৎ ॥৬॥ একং শাস্ত্রং দেবকীপুত্রগীতমেকো দেবো দেবকীপুত্র এব। একো মন্ত্রস্তস্থ নামানি যানি কর্মাপ্যেকং তস্থ

দেবস্থা সেবা ॥৭॥

বিষ্ণুর মুখ হইতে বিনির্গত; মহাভারতরূপ অমৃতের সার; গীতা নামক গঙ্গাজল পান অর্থাৎ গীতা পাঠ করিলে আর পুনরায় জন্ম হয় না ॥৫॥

সমুদয় উপনিষদ্গণ গো সদৃশ; তাহাদের দোহনকারী নন্দ-নন্দন শ্রীকৃষ্ণ; বৎস অর্জ্জুন; তুগ্ধ গীতারূপ শ্রেষ্ঠ অমৃত এবং পণ্ডিতগণই ইহার ভোক্তা অর্থাৎ পানকারী ॥৬॥

শ্রীকৃষ্ণ-মুখোচ্চারিত গীতাই একমাত্র শাস্ত্র, কৃষ্ণই একমাত্র দেবতা, তাঁহার যে সকল নাম আছে তাহাই একমাত্র মন্ত্র এবং সেই দেবতা শ্রীকুম্ণের সেবাই একমাত্র কর্ম ॥৭॥



শ্রীবৈষ্ণবীয় তম্ত্রসারোক্ত

শ্রীমন্তগবদ্গীতামাহাষ্ম্যম্

ঋষিরুবাচ গীতায়াশৈচব মাহাত্ম্যং যথাবৎ স্থত! মে বদ। পুরা নারায়ণ-ক্ষেত্রে ব্যাসেন মুনিনোদিতম্॥১॥

স্থূত উবাচ

ভদ্রং ভগবতা পৃষ্টং যদ্ধি গুপ্ততমং পরম্।
শক্যতে কেন তদ্বজুং গীতামাহাত্ম্যমুত্তমম্ ॥২॥
কৃষ্ণো জানাতি বৈ সম্যক্ কিঞ্চিৎ কুন্তীস্তুতঃ ফলম্।
ব্যাসো বা ব্যাসপুল্রো বা যাজ্ঞবক্ষ্যোহথ মৈথিলঃ ॥৩॥
অন্যে শ্রবণতঃ শ্রুত্বা লেশং সঙ্কীর্ত্তয়ন্তি চ।
তত্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র ব্যাসস্থ স্থান্ময়া শ্রুতম্ ॥৪॥

ঋষি কহিলেন—হে স্থত! পুরাকালে নারায়ণক্ষেত্রে মহামুনি ব্যাস-কথিত গীতা-মাহাত্ম্য আমাকে বলুন ॥১॥

স্থত বলিলেন—হে ভগবন্! আপনি উত্তম জিজ্ঞাসা করিয়া-ছেন । যাহা পরম গোপনীয়তম সেই উত্তম গীতামাহাত্ম্য কে বলিতে সমর্থ? ॥২॥

শ্রীকৃষ্ণই ইহা সম্যক্ অবগত; কুম্ভীপুত্র অর্জ্জুন ইহার কিঞ্চিৎ ফল জানেন, আর ব্যাসদেব, শুকদেব, যাজ্ঞবঙ্ক্য ও রাজর্ষি জনক ইঁহারাও কিছু কিছু জ্ঞাত আছেন ॥৩॥

এতদ্ব্যতীত অন্তে পরম্পরায় শ্রবণ করিয়া ইহার লেশমাত্র কীর্ত্তন করিয়া থাকেন। আমি ব্যাসদেবের নিকট যে প্রকার শ্রবণ করিয়াছি তাহারই কিঞ্চিৎ এখানে বলিতেছি ॥৪॥ সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ স্থধীর্ভোক্তা তুগ্ধং গীতামৃতং মহৎ ॥৫॥
সারথ্যমর্জ্জুনস্থাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তদ্মৈ কৃষ্ণাত্মনে নমঃ॥৬॥
সংসারসাগরং ঘোরং তর্তুমিচ্ছতি যো নরঃ।
গীতানাবং সমাসান্ত পারং যাতি স্থখেন সঃ॥৭॥
গীতাজ্ঞানং শ্রুতং নৈব সদৈবাভ্যাসযোগতঃ।
মোক্ষমিচ্ছতি মূঢ়াত্মা যাতি বালকহাস্থতাম্॥৮॥
যে শৃপ্পন্তি পঠন্ত্যেব গীতাশাস্ত্রমহর্নিশম্।
ন তে বৈ মানুষা জ্ঞেয়া দেবরূপা ন সংশয়ঃ॥৯॥

উপনিষদ্ সমূহ গাভী-স্বরূপ । গোপালনন্দন শ্রীকৃষ্ণ তাহাদের দোহনকর্ত্তা । পৃথানন্দন বৎস স্বরূপ । এই গীতামৃতই পরমোৎকৃষ্ট তুগ্ধ এবং স্কুধীগণই ইহার আস্বাদনকারী ॥৫॥

যে কৃষ্ণ অর্জ্জুনের সারথ্য অঙ্গীকার পূর্ব্বক ত্রিলোকের উপকারার্থ এই গীতামৃত প্রদান করিয়াছেন, আমি প্রথমেই সেই কৃষ্ণ-স্বরূপকে নমস্কার করি ॥৬॥

যে ব্যক্তি ঘোর সংসার-সাগর উত্তীর্ণ হইতে চাহেন, তিনি গীতারূপ নৌকার আশ্রয়ে তাহা স্থুখেই পার হইতে পারেন ॥৭॥

গীতাজ্ঞান শ্রবণ না করিয়াই যে মূঢ়াত্মা সর্ব্বদা অভ্যাসযোগে মোক্ষলাভ করিতে চায়, তাহাকে বালকেও উপহাস করে ॥৮॥

যাঁহারা অহর্নিশ গীতাশাস্ত্র শ্রবণ বা পাঠ করেন, তাঁহারা কখনই মনুস্থ নহেন—নিশ্চিত দেবতুল্য, ইহাতে সংশয় নাই ॥৯॥ গীতাজ্ঞানেন সম্বোধং কৃষ্ণঃ প্রাহার্জ্বনায় বৈ।
ভক্তিতত্ত্বং পরং তত্র সগুণং বাথ নির্গুণন্ম ॥১০॥
সোপানাষ্টাদশৈরেবং ভুক্তিমুক্তিসমুষ্ট্রিতৈঃ।
ক্রমশশ্চিতশুদ্ধিঃ স্থাৎ প্রেমভক্ত্যাদিকর্মস্ক ॥১১॥
সাধোর্গীতান্তসি স্নানং সংসারমলনাশনম্।
শ্রদ্ধাহীনস্থ তৎ কার্য্যং হস্তিস্নানং বৃথৈব তৎ ॥১২॥
গীতায়াশ্চ ন জানাতি পঠনং নৈব পাঠনম্।
স এব মানুষে লোকে মোঘকর্মকরো ভবেৎ ॥১৩॥
তত্মাদ্গীতাং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ তস্থ মানুষং দেহং বিজ্ঞানং কুলশীলতাম্ ॥১৪॥
গীতার্থং ন বিজানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ শরীরং শুভং শীলং বিভবস্তদ্গৃহাশ্রমম্ ॥১৫॥

ভগবান্ কৃষ্ণচন্দ্র গীতাজ্ঞান দ্বারা অৰ্জ্জুনের সম্বোধনার্থ সপ্তণ এবং নির্গুণ পরমাভক্তিতত্ত্ব কীর্ত্তন করিয়াছিলেন ॥১০॥

এই প্রকারে ভোগ ও মোক্ষ-নিরাকৃত অষ্টাদশাধ্যায়-সোপান-বিশিষ্ট গীতাজ্ঞান-দ্বারা চিত্তশুদ্ধি হয় এবং ক্রমশঃ প্রেমভক্ত্যাদি কার্য্যে অধিকার জন্মে ॥১১॥

এই গীতারূপ সলিলে স্নান করিয়া সাধুগণ সংসার-মল মুক্ত হন কিন্তু শ্রদ্ধাহীন জনের উহাই হস্তিম্নানের ন্যায় বৃথা হইয়া থাকে ॥১২॥

যে ব্যক্তি গীতার পঠন পাঠন কিছুই জানে না, সে ব্যক্তি মন্ত্রম্যলোকে নিক্ষল কর্মকারী ॥১৩॥

অতএব গীতাতত্ত্ব যে জানে না তদপেক্ষা অধম আর কেহ নাই। তাহার কুল, শীল, বিজ্ঞান ও মনুষ্যদেহে ধিক্॥১৪॥ গীতাশাস্ত্রং ন জানাতি নাধমস্তৎপরো জনঃ।
ধিক্ প্রারন্ধং প্রতিষ্ঠাঞ্চ পূজাং দানং মহন্তমম্ ॥১৬॥
গীতাশাস্ত্রে মতির্নান্তি সর্বাং তন্ধিফলং জগুঃ।
ধিক্ তস্ত জ্ঞানদাতারং ব্রতং নিষ্ঠাং তপো যশঃ ॥১৭॥
গীতার্থপঠনং নাস্তি নাধমস্তৎপরো জনঃ।
গীতাগীতং ন যজ্জ্ঞানং তদ্বিদ্ধ্যাস্থরসন্মতম্।
তন্মোঘং ধর্মরহিতং বেদবেদান্তগর্হিতম্ ॥১৮॥
তন্মাদ্ধর্মময়ী গীতা সর্বজ্ঞানপ্রযোজিকা।
সর্বাশাস্ত্রসারভূতা বিশুদ্ধা সা বিশিষ্যতে ॥১৯॥

যে গীতার্থ অবগত নহে, তদপেক্ষা অধম আর নাই। তাহার স্থন্দর দেহ, চরিত্র, বৈভব, গৃহাশ্রম সকলই ধিক্ ॥১৫॥

যে ব্যক্তি গীতাশাস্ত্র জানে না, তদপেক্ষা অধম জন আর নাই। তাহার প্রারব্ধে ধিক্, প্রতিষ্ঠায় ধিক্, পূজা, দান, মহত্ত্ব সমস্তই ধিক্॥১৬॥

গীতাশাস্ত্রে মতিহীন ব্যক্তির সমস্তই নিম্ফল বলিয়া কথিত হয়। তাহার জ্ঞানদাতাকে ধিক্, তাহার ব্রতে ধিক্, তাহার নিষ্ঠায় ও তপস্থায়, যশেও ধিক্ ॥১৭॥

যে ব্যক্তি গীতার্থ আলোচনা করে না, তার চেয়ে অধম আর নাই; যে জ্ঞান গীতায় গীত হয় নাই, সেই জ্ঞান নিক্ষল,ধর্মারহিত, বেদ-বেদাস্ত-গর্হিত এবং অস্থর-সন্মত জ্ঞান বলিয়া জানিবে ॥১৮॥

অতএব গীতাই ধর্মময়ী সর্ব্বজ্ঞান-প্রযোজিকা এবং সর্ব্বশাস্ত্রসার-ভূতা বিশুদ্ধা বলিয়া সর্ব্বত্র সর্ব্বকালে সমাদৃতা ॥১৯॥ যোহধীতে বিষ্ণুপর্ব্বাহে গীতাং শ্রীহরিবাসরে।
স্বপন্ জাগ্রৎ চলন্ তিষ্ঠন্ শক্রভির্ন স হীয়তে ॥২০॥
শালগ্রাম-শিলায়াং বা দেবাগারে শিবালয়ে।
তীর্থে নচ্চাং পঠেদ্গীতাং সোভাগ্যং লভতে ধ্রুবম্ ॥২১॥
দেবকীনন্দনঃ কৃষ্ণো গীতাপাঠেন তুম্বাতি।
যথা ন বেদৈর্দানেন যজ্ঞতীর্থব্রতাদিভিঃ ॥২২॥
গীতাধীতা চ যেনাপি ভক্তিভাবেন চেতসা।
বেদশাস্ত্রপুরাণানি তেনাধীতানি সর্ব্বশঃ ॥২৩॥
যোগস্থানে সিদ্ধপীঠে শিলাগ্রে সৎসভাস্থ চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্তাগ্রে পঠন্ সিদ্ধিং পরাং লভেৎ ॥২৪॥

যে ব্যক্তি বিষ্ণুপর্ম্বদিনে বিশেষতঃ শ্রীহরিবাসরতিথি একাদশীতে গীতা অধ্যয়ন করেন, তিনি নিদ্রিত বা জাগ্রতাবস্থায়, গমন বা অবস্থানকালে কখনই শক্রদ্বারা পরাভূত হন না ॥২০॥

যিনি শালগ্রামশিলার সামনে, দেবাগারে বা শিবালয়ে, তীর্থে ও নদীতটে গীতা পাঠ করেন, তিনি নিশ্চিত সৌভাগ্য লাভের অধিকারী হন ॥২১॥

দেবকীনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ গীতা পাঠে যে প্রকার তুষ্ট হন, বেদাধ্যয়ন, দান, যজ্ঞ, তীর্থভ্রমণ বা ব্রতাদি দ্বারাও সে প্রকার সস্তুষ্ট হন না ॥২২॥

যিনি ভক্তিভাবিতচিত্তে গীতাধ্যয়ন করেন, বেদপুরাণাদি সমস্ত শাস্ত্রই সর্ব্বতোভাবে তাঁহার অধ্যয়ন করা হইয়া যায় ॥২৩॥

যোগস্থানে, সিদ্ধপীঠে, শালগ্রামশিলাগ্রে, সজ্জনসভায়, যজ্ঞে বিশেষতঃ বিষ্ণু-ভক্তের নিকট গীতাপাঠ করিলে পরমা সিদ্ধি লাভ হয় ॥২৪॥ গীতাপাঠঞ্চ শ্রবণং যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাতাঃ কৃতান্তেন সদক্ষিণাঃ ॥২৫॥
যঃ শৃণোতি চ গীতার্থং কীর্ত্তয়রত্যব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ স প্রয়াতি পরং পদম্॥২৬॥
গীতায়াঃ পুস্তকং শুদ্ধং যোহর্পয়ত্যব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন তস্ম ভার্য্যা প্রিয়া ভবেৎ ॥২৭॥
যশঃ সৌভাগ্যমারোগ্যং লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা পরমং স্থখমশুতে ॥২৮॥
অভিচারোদ্ভবং ত্রঃখং বরশাপাগতঞ্চ য়ৎ।
নোপসর্পতি তব্রৈব যত্র গীতার্চনং গৃহে ॥২৯॥
তাপত্রয়োদ্ভবা পীড়া নৈব ব্যাধির্ভবেৎ কচিৎ।
ন শাপো নৈব পাপঞ্চ ত্রগতির্নরকং ন চ ॥৩০॥

যিনি প্রতিদিন গীতা পাঠ এবং শ্রবণ করেন তাঁহার সদক্ষিণা অশ্বমেধাদি যজ্ঞ স্বাভাবিক ভাবেই করা হইয়া যায় ॥২৫॥

যিনি যত্নপূর্ব্বক গীতার্থ শ্রবণ-কীর্ত্তন করেন বা অন্তকে শ্রবণ করান, তিনি পরমপদ লাভ করেন ॥২৬॥

যে ব্যক্তি সাদরে ভক্তিভাবে বিধিপূর্ব্বক শুদ্ধ গীতাপুস্তক কাহাকেও অর্পণ করেন, তাঁহার ভার্য্যা প্রিয়া হয় ॥২৭॥

এবং তিনি যশ, সৌভাগ্য, আরোগ্যলাভ করেন, ইহা নিঃসন্দেহ। অধিকস্তু প্রিয়জনের অতিপ্রিয় হইয়া পরম স্থখ ভোগ করেন॥২৮॥

যে গৃহে গীতার্চ্চন হইয়া থাকে সেখানে কখনও অভিশাপ বা অভিচারোদ্ভব তুঃখ প্রবেশ করে না ॥২৯॥ বিক্ষোটকাদয়ো দেহে ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণপদে দাস্থাং ভক্তিঞ্চাব্যভিচারিণীম্ ॥৩১॥
জায়তে সততং সখ্যং সর্ব্বজীবগণৈঃ সহ।
প্রারব্বং ভুঞ্জতো বাপি গীতাভ্যাসরতস্থ চ ॥৩২॥
স মুক্তঃ স স্থখী লোকে কর্ম্মণা নোপলিপ্যতে।
মহাপাপাতিপাপানি গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্থ নলিনীদলমস্ভসা ॥৩৩॥
অনাচারোদ্ভবং পাপমবাচ্যাদিকৃতঞ্চ যৎ।
অভক্ষ্যভক্ষজং দোষমস্পৃশ্যস্পর্শজং তথা ॥৩৪॥
জ্ঞানাজ্ঞানকৃতং নিত্যমিন্দ্রয়ৈর্জনিতঞ্চ যৎ।
তৎ সর্ব্বং নাশমায়াতি গীতাপাঠেন তৎক্ষণাৎ॥৩৫॥

বা কখনও সেখানে ত্রিতাপোদ্ভব পীড়া, বা অন্ত প্রকার ব্যাধি বা শাপ, পাপ, দুর্গতি বা নরকভয় থাকে না ॥৩০॥

কদাচ বিস্ফোটকাদি পীড়া দেহে জন্মে না । এবং তত্রস্থ জনগণ শ্রীকৃষ্ণপাদপদ্মে অব্যভিচারিণী দাস্ত-ভক্তি লাভ করেন ॥৩১॥

গীতাভ্যাসরত ব্যক্তি প্রারব্ধ ফল ভোগ করিলেও সমস্ত জীবগণের সহিত তাহার সখ্যভাব উৎপন্ন হয় ॥৩২॥

সে ব্যক্তি মুক্ত, স্থথী। এ জগতে কর্ম করিয়াও সে কর্মে লিপ্ত হয় না। গীতাধ্যয়নকারী মহাপাপ, অতিপাপ করিয়া ফেলিলেও সেই সমস্ত পাপ তাহাকে পদ্মপত্র জলের শ্যায় বিন্দুমাত্র স্পর্শ করিতে পারে না॥৩৩॥

অনাচার-উদ্ভূত পাপ বা অবাচ্য কথন পাপ, অভক্ষ্য-ভক্ষণ দোষ এবং জ্ঞান-অজ্ঞানকৃত দৈনন্দিন ইন্দ্রিয়জ সমস্ত প্রকার পাপই গীতাপাঠে সন্থ বিনম্ব হয় ॥৩৪-৩৫॥ সর্ব্ব প্রতিভোক্তা চ প্রতিগৃহ্ম চ সর্ব্বশঃ।
গীতাপাঠং প্রকুর্বাণো ন লিপ্যেত কদাচন ॥৩৬॥
রত্নপূর্ণাং মহীং সর্ব্বাং প্রতিগৃহ্যাবিধানতঃ।
গীতাপাঠেন চৈকেন শুদ্ধক্ষটিকবৎ সদা ॥৩৭॥
যন্তান্তঃকরণং নিত্যং গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদা জাপী ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ॥৩৮॥
দর্শনীয়ঃ স ধনবান্ স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকো যাজী সর্ব্ববেদার্থদর্শকঃ॥৩৯॥
গীতায়াঃ পুস্তকং যত্র নিত্যপাঠশ্চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি প্রয়াগাদীনি ভূতলে॥৪০॥
নিবসন্তি সদা দেহে দেহশেষেহপি সর্ব্বদা।
সর্ব্বে দেবাশ্চ শ্বয়ো যোগিনো দেহরক্ষকাঃ॥৪১॥

সর্ব্বত্র ভোজন বা সর্ব্বতোভাবে প্রতিগ্রহণ করিলেও প্রকৃষ্টরূপে গীতাপাঠকারী সর্ব্বদা তাহাতে নির্লিপ্ত থাকে ॥৩৬॥

এমন কি অবিধিপূর্বক রত্নপূর্ণা সসাগর। ধরিত্রী প্রতিগ্রহকারীও একবার গীতাপাঠেই শুদ্ধ ক্ষটিকবং নির্মল হয় ॥৩৭॥

যাহার অন্তঃকরণ সদা সর্ব্বদা গীতাতেই নিবিষ্ট, তিনিই প্রকৃষ্ট সাগ্নিক, সর্ব্বদা জাপী, ক্রিয়াবান্, এবং তিনিই প্রকৃত পণ্ডিত ॥৩৮॥

তিনিই দর্শনীয়, তিনিই ধনবান্, তিনিই যোগী বা প্রকৃত জ্ঞানবান্ এবং তিনিই যাজ্ঞিক, যাজনকারী এবং তিনিই সর্ব্ব বেদার্থ-দর্শক॥৩৯॥

যেখানে নিত্য গীতা-পুস্তক অবস্থান করে, এ জগতে সেখানে প্রয়াগাদি সকল তীর্থগণ সর্ব্বদা অবস্থান করেন ॥৪০॥ গোপালো বালকুষ্ণোহপি নারদধ্রুবপার্যদেঃ। সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥৪২॥ যত্র গীতা-বিচারশ্চ পঠনং পাঠনং তথা। মোদতে তত্র শ্রীকুঞ্চো ভগবান রাধয়া সহ ॥৪৩॥

শ্রীভগবান্তবাচ —

গীতা মে হৃদয়ং পার্থ! গীতা মে সারমুত্তমম্। গীতা মে জ্ঞানমত্যুগ্রং গীতা মে জ্ঞানমব্যয়ম্ ॥৪৪॥ গীতা মে চোত্তমং স্থানং গীতা মে পরমং পদম্। গীতা মে পরমং গুহুং গীতা মে পরমো গুরুঃ ॥৪৫॥ গীতাশ্রয়েহহং তিষ্ঠামি গীতা মে পরমং গৃহম্। গীতাজ্ঞানং সমাশ্রিত্য ত্রিলোকীং পালয়াম্যহম্॥৪৬॥

সর্বাদ। গীতাধ্যয়নকারীর দেহে, বা দেহশেষেও দেহরক্ষক রূপে দেব, ঋষি বা যোগিগণ অবস্থান করেন ॥৪১॥

যেখানে গীতা বর্ত্তমান থাকেন, সেখানে নারদঞ্চবাদি পার্ষদবৃন্দসহ স্বয়ং বালগোপাল শ্রীকৃষ্ণ সহায়-রূপে আবির্ভূত হন ॥৪২॥

যে স্থানে গীতা শাস্ত্রের বিচার এবং পঠন পাঠন হয়, ভগবান্ শ্রীকৃষ্ণ তথায় শ্রীরাধিকার সহিত পরমানন্দে বিরাজ করেন॥৪৩॥

শ্রীভগবান্ কহিলেন,—হে পার্থ! গীতা আমার হৃদয়, গীতা আমার উত্তম সার-স্বরূপ, গীতা আমার অত্যুগ্র জ্ঞান এবং গীতাই আমার অব্যয়-জ্ঞান ॥৪৪॥

গীতা আমার উত্তম স্থান, গীতা আমার পরমপদ, গীতা আমার পরম গোপনীয় বস্তু, বিশেষ কি গীতাই আমার পরম গুরু ॥৪৫॥ গীতা মে পরমা বিন্তা বন্ধরপো ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রাহরা নিত্যমনির্ব্বাচ্যপদাত্মিকা ॥৪৭॥
গীতানামানি বক্ষ্যামি গুহানি শৃণু পাণ্ডব।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি বিলয়ং যাস্তি তৎক্ষণাৎ ॥৪৮॥
গঙ্গা গীতা চ সাবিত্রী সীতা সত্যা পতিব্রতা।
ব্রহ্মাবলির্বন্ধবিন্তা ব্রিসন্ধ্যা মুক্তগেহিনী ॥৪৯॥
অর্দ্ধমাত্রা চিদানন্দা ভবদ্বী লাস্তিনাশিনী।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী ॥৫০॥
ইত্যেতানি জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং তথাস্তে পরমং পদম্॥৫১॥
পাঠেহসমর্থঃ সম্পূর্ণে তদদ্ধং পাঠমাচরেৎ।
তদা গো-দানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ॥৫২॥

গীতার আশ্রয়েই আমি বর্ত্তমান আছি, গীতাই আমার পরম গৃহ। এই গীতাজ্ঞানকে সম্যক্ আশ্রয় করিয়াই আমি ত্রিলোক পালন করিয়া থাকি ॥৪৬॥

অর্দ্ধমাত্রা-স্বরূপা নিত্য অনির্ব্বাচ্যপদাত্মিকা গীতাই আমার ব্রহ্মরূপা পরাবিদ্যা—ইহা নিঃসংশয়ে জানিবে ॥৪৭॥

হে পাণ্ডব! গীতার যে নাম সমূহ কীর্ত্তনের দ্বারা তৎক্ষণাৎ সমস্ত পাপ ধ্বংস হয়, সেই গোপনীয় নাম সকল বলিতেছি, শ্রবণ কর॥৪৮॥ গঙ্গা, গীতা, সাবিত্রী, সীতা, সত্যা, পতিব্রতা, ব্রহ্মাবলী, ব্রহ্ম-বিত্যা, ব্রিসন্ধ্যা, মুক্তগেহিনী, অর্দ্ধমাত্রা, চিদানন্দা, ভবত্নী, ল্রান্ডি-নাশিনী, বেদত্রয়ী, পরানন্দা, তত্ত্বার্থজ্ঞানমঞ্জরী—যে নর অচঞ্চল-চিত্তে এই গুপ্ত নাম সমূহ নিত্য জপ করেন, তিনি দিব্যজ্ঞান-সিদ্ধি লাভ করেন এবং অস্তে পরমপদ প্রাপ্ত হন ॥৪৯-৫১॥ ত্রিভাগং পঠমানস্ত সোমযাগফলং লভেং।

যড়ংশং জপমানস্ত গঙ্গাস্থানফলং লভেং॥৫৩॥

তথাধ্যায়দ্বয়ং নিত্যং পঠমানো নিরস্তরম্।

ইন্দ্রলোকমবাপ্নোতি কল্পমেকং বসেদ্ধ্রুবম্॥৫৪॥

একমধ্যায়কং নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ।

রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচিরম্॥৫৫॥

অধ্যায়ার্দ্ধপ্র পাদং বা নিত্যং যঃ পঠতে জনঃ।

প্রাপ্নোতি রবিলোকং স মন্বস্তরসমাঃ শতম্॥৫৬॥

গীতায়াঃ শ্লোকদশকং সপ্ত পঞ্চ চতুষ্ট্রয়ম্।

ত্রিদ্যেকমর্দ্ধমথবা শ্লোকানাং যঃ পঠেন্নরঃ।

চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং তথা॥৫৭॥

সম্পূর্ণ গীতাপাঠে অসমর্থ হইলে তাহার অদ্ধাংশ পাঠ করিবে। তদ্ধারা গো-দান জনিত পুণ্য লাভ হইবে—ইহাতে সন্দেহ নাই॥৫২॥

এক-তৃতীয়াংশ পাঠে সোম-যজ্ঞের ফল এবং এক-ষষ্ঠাংশ জপে গঙ্গাস্পান ফল লাভ করিবে ॥৫৩॥

যিনি নিষ্ঠাসহকারে নিত্য ইহার তুইটি অধ্যায় পাঠ করেন, তিনি নিঃসন্দেহে ইন্দ্রলোক লাভ করিয়া তথায় কল্পকাল বাস করেন॥৫৪॥

যিনি ভক্তি সহকারে দৈনিক একটি অধ্যায় পাঠ করেন, তিনি চিরকালের জন্ম রুদ্রগণে পরিগণিত হইয়া রুদ্রলোক লাভ করেন॥৫৫॥

যে জন অর্দ্ধ-অধ্যায় বা এক-চতুর্থাংশ নিত্য পাঠ করেন, তিনি শতমন্বস্তুর সমকাল রবিলোক প্রাপ্ত হন ॥৫৬॥ গীতার্দ্ধমেকপাদঞ্চ শ্লোকমধ্যায়মেব চ।
স্মরংস্তাক্তা জনো দেহং প্রয়াতি পরমং পদম্ ॥৫৮॥
গীতার্থমপি পাঠং বা শৃণুয়াদন্তকালতঃ।
মহাপাতকযুক্তোহপি মুক্তিভাগী ভবেজ্জনঃ॥৫৯॥
গীতাপুস্তকসংযুক্তঃ প্রাণাংস্ত্যক্তা প্রয়াতি যঃ।
স বৈকুষ্ঠমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে॥৬০॥
গীতাধ্যায়সমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেং।
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুক্তমাম্॥৬১॥
গীতেত্যুচ্চার-সংযুক্তো খ্রিয়মাণো গতিং লভেং॥৬২॥

যে ব্যক্তি এই গীতার দশটি বা সাতটি বা পাঁচটি বা তিনটি বা তুইটি বা একটি বা অদ্ধশ্লোকও শ্রদ্ধাসহকারে পাঠ করেন, তিনি চন্দ্রলোক প্রাপ্ত হইয়া তথায় অযুত্বর্ষকাল বাস করেন ॥৫৭॥

যিনি গীতার অন্ধভাগ, একপাদ, বা একটি অধ্যায় বা শ্লোকও স্মরণ করিতে করিতে দেহত্যাগ করেন, তিনি পরমপদ লাভ করেন॥৫৮॥

মৃত্যুকালে গীতার্থ পাঠ বা শ্রবণ করিয়া মহাপাতকযুক্ত জনও মুক্তিভাগী হয় ॥৫৯॥

যিনি গীতাপুস্তক-সংযুক্ত হইয়া দেহত্যাগ করেন, তিনি বৈকুণ্ঠ-লাভ করিয়া ভগবান্ বিষ্ণুর সঙ্গে আনন্দে বিরাজ করেন ॥৬০॥

গীতার একটি অধ্যায় সমাযুক্ত হইয়া মৃত্যু হইলে, পুনরায় সে মনুষ্যজন্ম লাভ করিয়া গীতাভ্যাসের দ্বারা উত্তমা-মুক্তি লাভ করেন॥৬১॥

'গীতা' এই শব্দ উচ্চারণের সঙ্গে মৃত্যু হইলেও সদগতি লাভ হয়॥৬২॥ যদ্যৎ কর্ম চ সর্ব্ব গীতাপাঠপ্রকীর্ত্তিমৎ।
তত্তৎ কর্ম চ নির্দ্দোষং ভূত্বা পূর্ণত্বমাপ্নুয়াৎ ॥৬৩॥
পিতৃত্বদ্দিশ্য যঃ প্রাদ্ধে গীতাপাঠং করোতি হি।
সম্ভপ্তাঃ পিতরস্কস্য নিরয়াদ্যান্তি স্বর্গতিম্ ॥৬৪॥
গীতাপাঠেন সম্ভপ্তাঃ পিতরঃ প্রাদ্ধতর্পিতাঃ।
পিতৃলোকং প্রয়াস্ত্যেব পুত্রাশীর্ব্বাদতৎপরাঃ ॥৬৫॥
গীতাপুস্তকদানঞ্চ ধেরুপুচ্ছসমন্বিতম্।
কৃত্বা চ তদ্দিনে সম্যক্ কৃতার্থো জায়তে জনঃ ॥৬৬॥
পুস্তকং হেমসংযুক্তং গীতায়াঃ প্রকরোতি যঃ।
দত্ত্বা বিপ্রায় বিতুষে জায়তে ন পুনর্ভবম্ ॥৬৭॥
শতপুস্তকদানঞ্চ গীতায়াঃ প্রকরোতি যঃ।
স যাতি ব্রহ্মসদনং পুনরাবৃত্তিত্বর্ভ্লভম্ ॥৬৮॥

যে সমস্ত কর্ম গীতাপাঠ সহকারে অনুষ্ঠিত হয়, তৎসমুদয়ই নির্দ্দোষ হইয়া পূর্ণত্ব লাভ করে ॥৬৩॥

পিতৃগণের উদ্দেশ্যে যে ব্যক্তি শ্রাদ্ধে গীতাপাঠ করেন, তাঁহার পিতৃগণ সম্ভুষ্ট হন ও নরক হইতে স্বর্গগমন করেন॥৬৪॥

শ্রাদ্ধকালে গীতাপাঠ দ্বারা শ্রাদ্ধতর্পিত পিতৃগণ, সেই পুত্রকে আশীর্কাদ করিতে করিতে পিতৃলোক গমন করেন ॥৬৫॥

চামর সমন্বিত গীতাগ্রন্থ দান করিলে তদ্দিনেই মানুষ সম্যক্ কৃতার্থতা লাভ করেন ॥৬৬॥

পণ্ডিত ব্রাহ্মণকে যিনি স্থবর্ণ সংযুক্ত গীতা দান করেন, তাঁহার আর জন্ম হয় না ॥৬৭॥ গীতাদানপ্রভাবেন সপ্তকল্পমিতাঃ সমাঃ।
বিষ্ণুলোকমবাপ্যন্তে বিষ্ণুনা সহ মোদতে ॥৬৯॥
সম্যক্ শ্রুত্বা চ গীতার্থং পুস্তকং যঃ প্রদাপয়েৎ।
তক্মৈ প্রীতঃ শ্রীভগবান্ দদাতি মানসেপ্সিতম্ ॥৭০॥
ন শৃণোতি ন পঠতি গীতামমৃতরূপিণীম্।
হস্তান্ত্যক্বামৃতং প্রাপ্তং স নরো বিষমশ্লুতে ॥৭১॥
জনঃ সংসারত্বঃখার্ত্তো গীতাজ্ঞানং সমালভেৎ।
পীত্বা গীতামৃতং লোকে লক্কা ভক্তিং স্থখী ভবেৎ ॥৭২॥
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ।
নির্ধূতকল্মষা লোকে গতান্তে পরমং পদম্॥৭৩॥

যিনি একশতখানি গীতা দান করেন, তিনি পুনরার্ত্তিগুর্ল্লভ বন্ধামে গমন করেন॥৬৮॥

গীতাদান-প্রভাবে সপ্ত-কল্পকাল যাবৎ বিষ্ণুলোকে স্থান লাভ করিয়া জীব পরমানন্দে বিষ্ণুর সহিত বাস করেন ॥৬৯॥

যিনি গীতার্থসম্যক্ শ্রবণ করিয়া সেই পুস্তক ব্রাহ্মণকে দান করেন, শ্রীভগবান্ প্রীত হইয়া তাঁহার মনোহভীষ্ট পূরণ করেন ॥৭০॥

যে ব্যক্তি অমৃতরূপিণী গীতা পাঠ বা শ্রবণ না করে, সে হস্তস্থিত অমৃত পরিত্যাগ করিয়া বিষ ভক্ষণ করে ॥৭১॥

মরজগতে সংসার-তুঃখার্ত্তজন গীতাজ্ঞান লাভ করিয়া ও গীতামৃত পান করিয়া ভগবস্তুক্তির আশ্রয় লাভ করে ও স্থুখী হয় ॥৭২॥

জনকাদি বহু রাজর্ষি গীতা-জ্ঞান আশ্রয়েই নিষ্পাপ থাকিয়া প্রমপদ লাভ করিয়াছেন ॥৭৩॥ গীতাস্থ ন বিশেষোহস্তি জনেষূচ্চাবচেষু চ।
জ্ঞানেম্বের সমগ্রেষু সমা ব্রহ্মস্বরূপিণী ॥৭৪॥
যোহভিমানেন গর্বেণ গীতানিন্দাং করোতি চ।
স যাতি নরকং ঘোরং যাবদাহূতসংপ্লবম্ ॥৭৫॥
অহঙ্কারেণ মূঢ়াত্মা গীতার্থং নৈব মন্ততে।
কুন্তীপাকেষু পচ্যেত যাবং কল্পক্ষয়ো ভবেং ॥৭৬॥
গীতার্থং বাচ্যমানং যো ন শৃণোতি সমাসতঃ।
স শৃকরভবাং যোনিমনেকামধিগচ্ছতি ॥৭৭॥
চৌর্য্যং কৃত্মা চ গীতায়াং পুস্তকং যঃ সমানয়েং।
ন তস্তু সফলং কিঞ্চিৎ পঠনঞ্চ বৃথা ভবেং ॥৭৮॥

গীতাপাঠে উচ্চ নীচ কুলের বিচার নাই । শ্রদ্ধালু মাত্রেই গীতাপাঠের অধিকারী । যেহেতু সমগ্র জ্ঞানের মধ্যে গীতাই ব্রহ্ম-স্বরূপিণী ॥৭৪॥

যে ব্যক্তি অভিমান বা গর্বভরে গীতার নিন্দা করে, সে মহাপ্রলয় কাল পর্য্যস্ত ঘোর নরকে বাস করে ॥৭৫॥

যে মূঢ়াত্মা অহঙ্কারে স্ফীত হইয়া গীতার্থ অবমাননা করে, সে কল্পক্ষয় কালপর্য্যন্ত কুন্তীপাক নরকে পচিতে থাকে ॥৭৬॥

সম্যক্রপে গীতার অর্থ কীর্ত্তন করিলেও যে ব্যক্তি তাহা শ্রবণ করে না, সে পুনঃ পুনঃ শূকরযোনি প্রাপ্ত হয় ॥৭৭॥

গীতা-পুস্তক যে ব্যক্তি চুরি করিয়া আনে, তাহার কিছুই সফল হয় না, এবং পাঠও বৃথা হইয়া যায় ॥৭৮॥ যঃ শ্রুত্বা নৈব গীতাঞ্চ মোদতে পরমার্থতঃ।
নৈব তম্ম ফলং লোকে প্রমন্তম্ম যথা শ্রমঃ ॥৭৯॥
গীতাং শ্রুত্বা হিরণ্যঞ্চ ভোজ্যং পট্টাম্বরং তথা।
নিবেদয়েৎ প্রদানার্থং প্রীতয়়ে পরমাত্মনঃ ॥৮০॥
বাচকং পূজয়েদ্ভক্ত্যা দ্রব্য-বস্ত্রাত্মপস্করৈঃ।
অনেকৈর্বহুধা প্রীত্যা তুম্মতাং ভগবান্ হরিঃ॥৮১॥

স্থত উবাচ—

মাহাত্ম্যমেতদগীতায়াঃ কৃষ্ণপ্রোক্তং পুরাতনম্। গীতান্তে পঠতে যন্ত যথোক্তফলভাগ্ভবেৎ ॥৮২॥ গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ। রথা পাঠফলং তম্ম শ্রম এব উদাহৃতঃ ॥৮৩॥

যে জন গীতা শ্রবণ করিয়াও পরমার্থতঃ আনন্দ পায় না, পাগলের পরিশ্রমের ন্যায় সে কোন ফলই পায় না ॥৭৯॥

ভগবানের প্রীতির জন্ম গীতা শ্রবণ করিয়া স্ববর্ণ, ভোজ্য ও পট্টবস্ত্র বৈষ্ণব-ব্রাহ্মণকে নিবেদন করিবে ॥৮০॥

ভগবান্ শ্রীহরির প্রীতির জন্ম গীতা পাঠককে বহুপ্রকার দ্রব্য বস্ত্রাদি উপচার-দ্বারা ভক্তিপূর্ব্বক পূজা করিবে ॥৮১॥

স্থৃত কহিলেন,—ভগবান্ শ্রীকৃষ্ণ-কথিত এই সনাতন গীতামাহাত্ম্য, যিনি গীতাপাঠান্তে পাঠ করেন, তিনি যথোক্ত ফলভাগী হন ॥৮২॥

গীতাপাঠ করিয়া যিনি মাহাষ্ম্য পাঠ না করেন, তাঁহার পাঠফল রুথা, পগুশ্রম হয় ॥৮৩॥ এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাপাঠং করোতি যঃ।
শ্রদ্ধয়া যঃ শৃণোত্যেব পরমাং গতিমাপ্নুয়াৎ ॥৮৪॥
শ্রুত্বা গীতামর্থযুক্তাং মাহাত্ম্যং যঃ শৃণোতি চ।
তস্ম পুণ্যফলং লোকে ভবেৎ সর্ব্বস্থখাবহম্ ॥৮৫॥
ইতি শ্রীবৈষ্ণবীয়-তন্ত্রসারে শ্রীমন্ত্রগবদগীতামাহাত্ম্যং সম্পূর্ণম্।

মাহাত্ম্য-সংযুক্ত গীতা যিনি শ্রদ্ধাপূর্ব্বক পাঠ বা শ্রবণ করেন, তিনি পরমাগতি প্রাপ্ত হন ॥৮৪॥

যে জন শ্রদ্ধাপূর্ব্বক অর্থযুক্ত গীতা শ্রবণ করিয়া গীতা-মাহাত্ম্য শ্রবণ করেন, ইহলোকে তাঁহার পুণ্যফল সর্ব্বস্থুখের কারণ হইয়া থাকে ॥৮৫॥

> ইতি শ্রীগীতা-মাহাম্ম্যের বঙ্গান্তুবাদ সম্পূর্ণ। সম্পূর্ণোহয়ং গ্রন্থঃ। শ্রীকৃষ্ণার্পণমস্তু।



অধ্যায়-স্থূচী

অধ্যায়	শ্লোকসংখ্যা	পত্রাঙ্ক
প্রথম	8৬	۲
দ্বিতীয়	9২	٦b-
তৃতীয়	8 o	@o
চতুর্থ	8 ২	ره
পঞ্চম	২৯	ده
ষষ্ঠ	89	\$08
সপ্তম	೨೦	5২৫
অষ্টম	2৮	\$8o
নবম	98	\$68
দশ্ম	8 ২	
একাদশ	¢¢	
দ্বাদশ	<u></u> ২০	×১٩
ত্রয়োদশ	o∉	২২৬
চতুদ্দশ	২٩	
পঞ্চদশ	২ ০	২৫৩
ষোড়শ		২৬৪
সপ্তদশ	২৮	২৭৪
অষ্টাদশ	9৮	২৮৫
গীতামাহাত্ম্য		৩১৬

শ্রীমন্তগবদগীতার বর্ণানুক্রমে শ্লোক-স্ফী

অকীর্ত্তিঞ্চাপি ভূতানি	২/৩৪	অন্যাচেতাঃ সততম্	৮/১৪
অক্ষরং পরমং ব্রহ্ম	৮/৩	অন্যাশ্চিস্তয়স্তো মাং	৯/২২
অক্ষরাণামকারোহস্মি	১০/৩৩	অনপেক্ষঃ শুচিৰ্দক্ষঃ	১২/১৬
অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ	৮/২৪	অনাদিত্বান্নির্গুণত্বাৎ	১৩/৩২
অচ্ছেগ্যোহয়মদাহ্যোহয়ম্	২/২৪	অনাদিমধ্যান্তমনস্তবীৰ্য্যম্	>>/>>
অজোহপি সন্নব্যয়াত্মা	8/৬	অনাশ্রিতঃ কর্মফলং	৬/১
অজ্ঞ*চাশ্রদ্দধান*চ	8/80	অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ	১৮/১২
অত্র শূরা মহেয়াসাঃ	\$/8	অনুদ্বেগকরং বাক্যং	১৭/১৫
অথ কেন প্রযুক্তোহয়ম্	৩/৩৬	অনুবন্ধং ক্ষয়ং হিংসা	১৮/২৫
অথ চিত্তং সমাধাতুং	>2/>	অনেকচিত্তবিভ্রাস্তাঃ	১৬/১৬
অথ চেৎ ত্বমিমং ধর্ম্ম্যম্	২/৩৩	অনেকবজ্রনয়নম্	>>/> 0
অথ চৈনং নিত্যজাতম্	২/২৬	অনেকবাহূদরবক্ত্রনেত্রং	১১/১৬
অথবা বহুনৈতেন	১০/৪২	অস্তকালে চ মামেব স্মরন্	৮/৫
অথবা যোগিনামেব	৬/8২	অন্তবত্তু ফলং তেষাম্	৭/২৩
অথ ব্যবস্থিতান্ দৃষ্টা	১/২০	অন্তবন্ত ইমে দেহাঃ	২/১৮
অথৈতদপ্যশক্তোহসি	25/22	অল্লান্তবন্তি ভূতানি	৩/১৪
অদৃষ্টপূৰ্ব্বং হৃষিতোহস্মি	32/8 &	অন্যে চ বহবঃ শূরাঃ	১/৯
অদেশকালে যদ্দানং	১৭/২২	অন্যে ত্বেবমজানন্তঃ	১৩/২৬
অদ্বেষ্টা সর্ব্বভূতানাম্	> 2/50	অপরং ভবতো জন্ম	8/8
অধৰ্মং ধৰ্মমিতি যা	১৮/৩২	অপরেয়মিতস্ত্বস্থাং	٩/৫
অধৰ্ম্মাভিভবাৎ কৃষ্ণ	2/80	অপর্য্যাপ্তং তদস্মাকম্	5/50
অধিভূতং ক্ষরো ভাবঃ	৮/8	অপানে জুহ্বতি প্রাণম্	8/২৯
অধিযজ্ঞঃ কথং কোহত্ৰ	৮/২	অপি চেৎ স্থত্নরাচারো	৯/৩০
অধিষ্ঠানং তথা কর্ত্তা	2 F/ 2 8	অপি চেদসি পাপেভ্যঃ	8/৩৬
অধশ্চোদ্ধং প্রস্থতাঃ	১ ৫/২	অপি ত্রৈলোক্যরাজ্যস্থ	2/06
অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং	১৩/১২	অপ্রকাশোহপ্রবৃত্তিশ্চ	১ 8/১৩
অধ্যেষ্যতে চ য ইমং	১৮/ ৭০	অফলাকাজ্কিভিৰ্যজ্ঞো	<i>24/</i> 25
অনস্তবিজয়ং রাজা	2/26	অভয়ং সত্বসংশুদ্ধিঃ	১৬/১
অনস্তশ্চাস্মি নাগানাং	১০/২৯	অভিসন্ধায় তু ফলম্	১৭/১২

	বৰ্ণান্থক্ৰমে	শ্লোক-স্থচী	৩৩৭
অভ্যাসযোগ-যুঞ্জেন	৮/৮	অহং হি সর্ব্বযজ্ঞানাং	৯/২ঃ
অভ্যাসেহপ্যসমর্থোহসি	> 2/>0	অহঙ্কারংঅভ্যস্থয়কাঃ	১৬/১৮
অমানিত্বমদম্ভিত্বম্	১৩/৮	অহকারংকল্পতে	>5/EV
অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্থ	১১/২৬	অহং ক্রতুরহং যজ্ঞঃ	8/20
অমী হি ত্বাং স্থরসজ্যাঃ	>>/<>>	অহমাত্মা গুড়াকেশ	\$0/ \$0
অযতিঃ শ্রদ্ধয়োপেতো	৬/৩৭	অহিংসা সত্যমক্রোধঃ	১৬/
অয়নেষু চ সর্ব্বেষু	2/22	অহিংসা সমতা তুষ্টিঃ	30/0
অযুক্তঃ প্ৰাকৃতঃ স্তৰঃ	১৮/২৮	অহো বত মহৎ পাপং	\$/8
অবজানস্তি মাং মূঢ়াঃ	۵/১১	আখ্যাহি মে কো ভবান্	>>/৩
অবাচ্যবাদাং*চ বহুন্	২/৩৬	আঢ্যোহভিজনবানস্মি	১৬/১
অবিনাশি তু তদ্বিদ্ধি	২/১৭	আত্মসম্ভাবিতাঃ স্তব্ধাঃ	১৬/১
অবিভক্তঞ্চ ভূতেষু	১৩/১৭	আত্মোপম্যেন সর্ব্বত্র	৬/৩
অব্যক্তাদীনি ভূতানি	२/२४	আদিত্যানামহং বিষ্ণুঃ	১০/২
অব্যক্তাদ্যক্তয়ঃ সর্ব্বাঃ	۵/۱۶	আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং	২/৭
অব্যক্তোহক্ষর ইত্যুক্তঃ	৮/২১	আব্রহ্মভুবনাল্লোকাঃ	٢/٥
অব্যক্তোহয়মচিন্ট্যোহয়ং	२/२৫	আয়ুধানামহং বজ্রং	\$0/ \$
অব্যক্তং ব্যক্তিমাপন্নং	٩/২8	আয়ুঃসম্ববলারোগ্য	59/1
অশাস্ত্রবিহিতং ঘোরং	> 9/&	আরুরুক্ষোর্মুনের্যোগং	৬/
অশোচ্যানম্বশোচস্ত্বং	٤/১১	আবৃতং জ্ঞানমেতেন	৩/৩
অশ্রদ্ধানাঃ পুরুষাঃ	৯/৩	আশাপাশশতৈৰ্বদ্ধাঃ	১৬/১
অশ্রদ্ধয়া হুতং দত্তং	39/26	আশ্চর্য্যবং পশ্যতি	২/২
অশ্বখঃ সর্বাবৃক্ষাণাং	১০/২৬	আস্থরীং যোনিমাপনাঃ	১৬/২
অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র	১৮/৪৯	আহারস্ত্বপি সর্বাস্ত	59/
অসক্তিরনভিধঙ্গঃ	50/50	আহ্স্ত্বাম্যয়ঃ সর্বে	30/5
অসত্যমপ্রতিষ্ঠিতং তে	১৬/৮	ইচ্ছাদ্বেষসমুখেন	৭/২
অসৌ ময়া হতঃ শত্ৰঃ	<i>১৬/</i> ১8	ইচ্ছাদ্বেষঃ স্থুখং তুঃখং	20/
অসংযতাত্মনা যোগো	৬/৩৬	ইতি ক্ষেত্ৰং তথা জ্ঞানং	>9/>
অসংশয়ং মহাবাহো	৬/৩৫	ইতি গুহুতমং শাস্ত্রং	>@/2
অস্মাকং তু বিশিষ্টা যে	5/9	ইতি তে জ্ঞানমাখ্যাতং	১৮/৬
অহং বৈশ্বানরো ভূত্বা	\$ ¢/\$8	ইত্যৰ্জ্জুনং বাস্থদেবঃ	>>/œ
অহং সর্বস্থ প্রভবঃ	30/b	ইত্যহং বাস্থদেবস্থ	১৮/ 9

ইদং জ্ঞানমুপাশ্রিত্য	১৪/২	এতাং দৃষ্টিমবষ্টভ্য	১৬/৯
ইদং শরীরং কৌন্তেয়	১ ৩/২	এতাং বিভূতিং যোগঞ্চ	30/ 9
ইদম্ভ তে গুহুতমং	۵/۵	এতৈর্বিমুক্তঃ কৌন্তেয়	১৬/২২
ইদন্তে নাতপস্কায়	১৮/৬৭	এবং জ্ঞাত্বা কৃতং কর্ম	8/5@
ইদমন্ত ময়া লব্ধং	১৬/১৩	এবং পরম্পরাপ্রাপ্তম্	8/২
ইন্দ্রিয়স্তার্থে	৩/৩ 8	এবং প্রবর্ত্তিতং চক্রং	৩/১৬
ইন্দ্রিয়াণাং হি চরতাং	২/৬৭	এবং বহুবিধা যজ্ঞা	8/৩২
ইন্দ্রিয়াণি পরাণ্যাহুঃ	৩/৪২	এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা	৩/৪৩
ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিঃ	৩/৪০	এবং সততযুক্তা যে	১২/১
ইন্দ্রিয়ার্থেস্থ বৈরাগ্যং	১৩/৯	এবমুক্তো হৃষীকেশঃ	১/২৪
ইমং বিবস্বতে যোগং	8/5	এবমুকা ততো রাজন্	>>/>
ইষ্টান্ ভোগান্ হি	৩/১২	এবমুক্বাৰ্জ্জুনঃ সংখ্যে	১/৪৬
ইহৈকস্থং জগৎ কৃৎস্নং	>>/9	এবমুক্বা হাষীকেশম্	২/৯
ইহৈব তৈৰ্জিতঃ সৰ্গো	৫/ ১৯	এবমেতদ্ যথাখ ত্বম্	> 5/0
ঈশ্বরঃ সর্ব্বভূতানাং	১৮/৬১	এষা তেহভিহিতা সাংখ্যে	২/৩৯
উচ্চৈঃশ্রবসমশ্বানাং	১০/২৭	এষা ব্ৰাহ্মী স্থিতিঃ পাৰ্থ	२/१२
উৎক্রামন্তং স্থিতং বাপি	>৫/১০	ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম	৮/১৩
উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ	১৫/১৭	ওঁ তৎ সদিতি নির্দেশঃ	১৭/২৩
উৎসন্নকুলধর্মাণাং	১/৪৩	কচ্চিদেতদ্ভুতং পার্থ	১৮/৭২
উৎসীদেয়ুরিমে লোকাঃ	৩/২৪	কচ্চিন্নোভয়বিভ্রষ্টঃ	৬/৩৮
উদারাঃ সর্ব্ব এবৈতে	৭/১৮	কট্বন্ধলবণাত্যুষ্ণ	১৭/৯
উদাসীনবদাসীনো	১৪/২৩	কথং ন জ্ঞেয়মস্মাভিঃ	১/৩৮
উদ্ধরেদাত্মনাত্মানং	৬/৫	কথং ভীষ্মমহং সংখ্যে	২/৪
উপদ্ৰষ্টানুমন্তা	১৩/২৩	কথং বিভামহং যোগিন্	১ ০/১٩
উদ্ধং গচ্ছন্তি সত্বস্থাঃ	১৪/১৮	কৰ্ম্মজং বুদ্ধিযুক্তা হি	২/৫১
উদ্ধি মূলমধঃশাখম্	>৫/১	কর্মাণঃ স্থকৃতস্থাত্তঃ	১৪/১৬
ঋষিভিৰ্বহুধা গীতম্	১৩/৫	কৰ্মণৈব হি সংসিদ্ধিম্	৩/২০
এতচ্ছুত্বা বচনং কেশবস্থ	১১/৩৫	কৰ্মণো স্থপি বোদ্ধব্যম্	8/১٩
এতদ্যোনীনি ভূতানি	৭/৬	কৰ্ম্মণ্যকৰ্ম্ম যঃ পশ্যেৎ	8/১৮
এতন্মে সংশয়ং কৃষ্ণ	৬/৩৯	কর্ম্মণ্যেবাধিকারস্তে	২/৪৭
এতাশ্যপি তু কর্মাণি	১৮/৬	কৰ্ম ব্ৰহ্মোন্তবং বিদ্ধি	৩/১৫

বর্ণান্তক্রমে শ্লোক-স্ফুটী			৩৩৯
কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য	৩/৬	ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরেবং	১৩/৩৫
কর্শয়ন্তঃ শরীরস্থম্	১৭/৬	ক্ষেত্ৰজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি	১৩/৩
কবিং পুরাণম্	৮/৯	গতসঙ্গস্থ মুক্তস্থ	8/২৩
কস্মাচ্চ তে ন নমেরন্	১১/৩৭	গতিৰ্ভৰ্তা প্ৰভুঃ সাক্ষী	৯/১৮
কাক্ষন্তঃ কৰ্ম্মণাং সিদ্ধিম্	8/১২	গামাবিশ্য চ ভূতানি	১৫/১৩
কাম এষ ক্রোধ এষঃ	৩/৩৭	গুণানেতানতীত্য ত্রীন্	১৪/২০
কামক্রোধবিমুক্তানাম্	৫/২৬	গুরানহত্বা হি মহানুভাবান্	২/৫
কামমাশ্রিত্য তুষ্পূরং	১৬/১০	চঞ্চলং হি মনঃ কৃষ্ণ	৬/৩৪
কামাত্মানঃ স্বর্গপরাঃ	২/৪৩	চতুৰ্ব্বিধা ভজন্তে মাং	৭/১৬
কামৈস্তৈস্তৈৰ্হতজ্ঞানাঃ	৭/২০	চাতুর্বর্ণ্যং ময়া স্বষ্টং	8/১৩
কাম্যানাং কর্মণাং স্থাসং	১৮/২	চিস্তামপরিমেয়াঞ্চ	১৬/১১
কায়েন মনসা বুদ্ধ্যা	œ/\$\$	চেতসা সর্বাকর্ম্মাণি	১৮/৫৭
কার্পণ্য-দোষোপহতস্বভাবঃ	২/৭	জন্ম কর্ম্ম চ মে দিব্যং	8/৯
কার্য্যকারণকর্ত্ত্ত্বে	১৩/২১	জরামরণমোক্ষায়	৭/২৯
কাৰ্য্যমিত্যেব যৎ কৰ্ম	72/9	জাতস্থ হি ধ্ৰুবো মৃত্যুঃ	২/২৭
কালোহশ্মি লোকক্ষয়কৃৎ	১১/৩২	জিতাত্মনঃ প্রশান্তস্য	৬/৭
কাশ্যশ্চ পরমেশ্বাসঃ	٥//١٩	জ্ঞানং কৰ্ম্ম চ কৰ্ত্তা চ	১৮/১৯
কিং কৰ্ম কিমকৰ্মেতি	8/১৬	জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা	> b/>b
কিং তদ্ধন্ধ কিমধ্যাত্মং	৮/১	জ্ঞানং তেঽহং সবিজ্ঞানম্	१/২
কিং নো রাজ্যেন	১/৩২	জ্ঞানযজ্ঞেন চাপ্যস্তে	৯/১৫
কিং পুনৰ্বাহ্মণাঃ পুণ্যাঃ	৯/৩৩	জ্ঞানবিজ্ঞানতৃ প্তাত্মা	৬/৮
কিরীটিনং গদিনং চক্রহস্তম্	>>/8 &	জ্ঞানেন তু তদজ্ঞানং	৫/১৬
কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ	>>/>9	জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামি	১৩/১৩
কুতস্ত্বা কশ্মলমিদং	२/२	জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী	¢/৩
কুলক্ষয়ে প্রণশ্যন্তি	১/৩৯	জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে	৩/১
কৃষিগোরক্ষ্যবাণিজ্যং	১৮/৪৪	জ্যোতিষামপি তজ্জ্যোতিঃ	১৩/১৮
কৈৰ্লিকৈন্ত্ৰীন্ গুণান্	১৪/২১	ত ইমেহবস্থিতা যুদ্ধে	১/৩৩
ক্রোধান্তবতি সম্মোহঃ	২/৬৩	তং তথা কৃপয়াবিষ্টম্	২/১
ক্লেশোহধিকতরন্তেষাম্	> > /৫	তং বিত্যান্দুঃখসংযোগ	৬/২৩
ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ	২/৩	তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য	১৮/৭৭
ক্ষিপ্রং ভবতি ধর্মাত্মা	৯/৩১	ততঃ পদং তৎ পরিমার্গিতব্যং	\$ 4/8

৩৪	0
----	---

ততঃ শঙ্খাশ্চ ভেৰ্য্যশ্চ	2/20	তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ	১/২৭
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে	2/28	তুল্যনিন্দাস্ত্ৰতিৰ্মোণী	>>
ততঃ স বিস্ময়াবিষ্টো	22/28	তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচম্	১৬/৩
তৎ ক্ষেত্ৰং যচ্চ যাদৃক্ চ	১৩/৪	তে তং ভুক্বা স্বৰ্গলোকং	৯/২১
তত্ত্ববিত্তু মহাবাহো	৩/২৮	তেষামহং সমুদ্ধর্তা	> ২/৭
তত্ৰ তং বুদ্ধিসংযোগং	৬/৪৩	তেষামেবানুকম্পার্থম্	> 0/>>
তত্ৰ সন্তং নিৰ্ম্মলত্বাৎ	১৪/৬	তেষাং জ্ঞানী নিত্যযুক্তঃ	9/59
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ	১/২৬	তেষাং সততযুক্তানাং	> 0/>0
তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং	22\20	ত্যক্বা কৰ্ম্মফলাসঙ্গং	8/२०
তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা	৬/১২	ত্যাজ্যং দোষবদিত্যেকে	১৮/৩
তত্রৈবং সতি কর্ত্তারং	১৮/১৬	ত্রিভির্গুণময়ৈর্ভাবৈঃ	৭/১৩
তদিত্যনভিসন্ধায়	১৭/২৫	ত্রিবিধং নরকস্থেদং	১৬/২১
তদ্বিদ্ধি প্ৰণিপাতেন	8/৩8	ত্রিবিধা ভবতি শ্রদ্ধা	১৭/২
তদুদ্ধয়স্তদাত্মানঃ	e/59	ত্রৈগুণ্যবিষয়া বেদাঃ	২/৪৫
তপস্বিভ্যোহধিকো যোগী	৬/৪৬	ত্রৈবিত্যা মাং সোমপাঃ	৯/২০
তপাম্যহমহং বৰ্ষং	৯/১৯	ত্বমক্ষরং পরমং বেদিতব্যম্	>>/> F
তমস্ত্ৰজ্ঞানজং বিদ্ধি	≯ 8/৮	ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণঃ	১১/৩৮
তমুবাচ হৃষীকেশঃ	2/50	দণ্ডো দময়তামস্মি	১০/৩৮
তমেব শরণং গচ্ছ	১৮/৬২	দন্তো দৰ্পোহভিমান*চ	১৬/৪
তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে	১৬/২৪	দংষ্ট্রাকরালানি চ তে	১১/২৫
তস্মাৎ ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ	৩/৪১	দাতব্যমিতি যদ্দানং	১৭/২০
তস্মাত্বমুত্তিষ্ঠ যশো লভস্ব	১১/৩৩	দিবি স্থ্যসহস্রস্থ	> 5/52
তস্মাৎ প্রণম্য প্রণিধায়	>> \88	দিব্যমাল্যাম্বরধরং	22/22
তম্মাৎ সর্কোষু কালেষু	৮/৭	তুঃখমিত্যেব যৎ কৰ্ম	১৮/৮
তম্মাদসক্তঃ সততং	৩/১৯	তুঃখেষত্মদ্বিগ্নমনাঃ	২/৫৬
তস্মাদজ্ঞানসম্ভূতং	8/8২	দূরেণ হাবরং কর্ম	২/৪৯
তস্মাদোমিত্যুদাহৃত্য	১৭/২৪	দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং	১/২
তস্মাদ্ যস্ত মহাবাহো	২/৬৮	দৃষ্ট্ৰেদং মান্তুষং রূপং	> 5/6>
তস্য সংজনয়ন্ হৰ্ষং	১/১২	দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ	১/২৮
তানহং দ্বিষতঃ ক্রুরান্	১৬/১৯	দেব-দ্বিজ-গুরু-প্রাজ্ঞ	\$2/ P¢
তানি সর্বাণি সংয্ম্য	২/৬১	দেবান্ ভাবয়তানেন	७/ ১১

বর্ণান্থক্রমে শ্লোক-স্থচী			७ 8১
দেহিনোহস্মিন্ যথা দেহে	২/১৩	ন তু মাং শক্যসে দ্রষ্টুম্	>>/ &
দেহী নিত্যমবধ্যোহয়ং	২/৩০	ন ত্বেবাহং জাতু নাসং	২/১২
দৈবমেবাপরে যজ্ঞং	8/২৫	ন দ্বেষ্ট্যকুশলং কর্ম	১৮/১ 0
দৈবী সম্পদ্বিমোক্ষায়	১৬/৫	ন প্রহায়েৎ প্রিয়ং প্রাপ্য	<i>৫/২</i> ০
দৈবী স্থেষা গুণময়ী	٩/১8	ন বুদ্ধিভেদং জনয়েৎ	৩/২৬
দোষৈরেতৈঃ কুলদ্বানাং	১/৪২	নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং	<i>>>/</i> <8
ভাবাপৃথিব্যোরিদমন্তরং	১ ১/২০	নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতন্তে	> 5/80
দূযতং ছলয়তামশ্মি	১০/৩৬	ন মাং কর্মাণি লিম্পন্তি	8/\\$
দ্রব্যযজ্ঞান্তপোযজ্ঞাঃ	8/২৮	ন মাং ছঙ্কতিনো মূঢ়াঃ	9/50
ক্রপদো দ্রোপদেয়াশ্চ	3/36	ন মে পার্থান্তি কর্ত্তব্যম্	৩/২২
দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ	<i>১১/</i> ৩৪	ন মে বিছঃ স্থরগণাঃ	> 0/২
দ্বাবিমৌ পুরুষৌ লোকে	১৫/১৬	ন রূপমস্থেহ তথোপলভ্যতে	> e/ 9
দ্বৌ ভূতসর্গৌ লোকেহস্মিন্	১৬/৬	ন বেদযজ্ঞাধ্যয়নৈঃ	22/8A
ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে	5/5	নষ্টো মোহঃ স্মৃতিৰ্লব্ধা	১৮/৭৩
ধূমেনাবিয়তে বহিঃ	৩/৩৮	ন হি কশ্চিৎ ক্ষণমপি	৩/৫
ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ	४/२৫	ন হি জ্ঞানেন সদৃশং	8/৩৮
ধৃত্যা যয়া ধারয়তে	১৮/৩৩	ন হি দেহভৃতা শক্যং	24/22
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ	2/4	ন হি প্রপশ্যামি মম	২/৮
ধ্যানেনাত্মনি পশ্যস্তি	১৩/২৫	নাত্যশ্নতম্ভ যোগোহস্ভি	৬/১৬
ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ	২/৬২	নাদত্তে কম্মচিৎ পাপং	œ/\$œ
ন কর্তৃত্বং ন কর্মাণি	œ/\$8	নাম্ভোহস্তি মম দিব্যানাং	\$0/80
ন কর্মণামনারম্ভাৎ	৩/8	নাস্তং গুণেভ্যঃ কর্তারম্	78/79
ন চ তস্মান্মনুষ্ঠেযু	১৮/৬৯	নায়ং লোকোহস্ত্যযজ্ঞস্য	8/७১
ন চ মৎস্থানি ভূতানি	৯/৫	নাসতো বিদ্যতে ভাবঃ	২/১৬
ন চ মাং তানি কৰ্মাণি	8/8	নাস্তি বুদ্ধিরযুক্তশ্য	২/৬৬
ন চ শক্লোম্যবস্থাতুং	১/৩০	নাহং প্রকাশঃ সর্বাস্থ	9/২৫
ন চ শ্রেয়োহনুপশ্যামি	১/৩১	নাহং বেদৈৰ্ন তপসা	>>/৫৩
ন চৈতদ্বিশ্বঃ কতরশ্বো	২/৬	নিয়তং কুরু কর্ম্ম ত্বম্	৩/৮
ন জায়তে ম্রিয়তে বা	২/২০	নিয়তং সঙ্গরহিতং	১৮/২৩
ন তদস্তি পৃথিব্যাং বা	১৮/80	নিয়তস্থ তু সন্ন্যাসঃ	১৮/৭
ন তদ্ভাসয়তে স্থর্য্যো	১৫/৬	নিরাশীর্যতচিত্তাত্মা	8/২১

৩৪২

নিৰ্মানমোহা জিতসঙ্গ	> @/@	প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধি	১৩/২০
নিশ্চয়ং শৃণু মে তত্ৰ	ኔ ৮/8	প্রকৃতিং স্বামবষ্টভ্য	৯/৮
নেহাভিক্রমনাশোঽস্তি	২/৪০	প্রকৃতেঃ ক্রিয়মাণানি	৩/২৭
নৈতে স্বতী পাৰ্থ জানন্	৮/২৭	প্রকৃতের্গুণসংমূঢ়াঃ	৩/২৯
নৈনং ছিন্দন্তি শস্ত্ৰাণি	২/২৩	প্রকৃত্যৈব চ কর্মাণি	১৩/৩০
নৈব কিঞ্চিৎ করোমীতি	৫/৮	প্ৰজহাতি যদা কামান্	2/৫৫
নৈব তম্ম কৃতেনার্থো	৩/১৮	প্রযত্নাদ্যতমানস্ত	৬/৪৫
পঞ্চৈতানি মহাবাহো	১৮/১৩	প্রয়াণকালে মনসা২চলেন	ك/50
পত্রং পুষ্পং ফলং তোয়ং	৯/২৬	थन পन् विरुजन् गृद्गन्	৫/৯
পরস্তস্মাতু ভাবোহক্যো	৮/২০	প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যা	১৮/৩০
পরং ব্রহ্ম পরং ধাম	১০/১২	প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ জনাঃ	১৬/৭
পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি	28/5	প্রশান্তমনসং হেনং	৬/২৭
পরিত্রাণায় সাধূনাং	8/ ৮	প্রশাম্ভাত্মা বিগতভীঃ	৬/১৪
পবনঃ পবতামস্মি	১০/৩১	প্রসাদে সর্ব্বত্বঃখানাং	২/৬৫
পশ্য মে পার্থ রূপাণি	>>/¢	প্রহলাদশ্চাস্মি দৈত্যানাং	১০/৩০
পশ্যাদিত্যান্ বস্থন্	<i>>>/७</i>	প্রাপ্য পুণ্যকৃতাং	৬/৪১
পশ্যামি দেবাংস্তব দেব	>>/>@	বন্ধুরাত্মাত্মনস্তস্ত	৬/৬
পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণাং	১/৩	বলং বলবতাং চাহং	۹/১১
পাঞ্চজন্তং হৃষীকেশো	5/5@	বহিরন্তশ্চ ভূতানাং	১৩/১৬
পাপমেবাশ্রয়েদস্মান্	১/৩৬	বহুনাং জন্মনামন্তে	৭/১৯
পার্থ নৈবেহ নামুত্র	৬/৪০	বহুনি মে ব্যতীতানি	8/৫
পিতাসি লোকস্থ	\$\$\&@	বাহস্পর্শেষসক্তাত্মা	৫/২১
পিতাহমস্য জগতো	৯/১৭	বীজং মাং সর্বভূতানাং	9/50
পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ	৭/৯	বুদ্ধিযুক্তো জহাতীহ	२/৫०
পুরুষঃ প্রকৃতিস্থো হি	১৩/২২	বুদ্ধির্জ্ঞানমসংমোহঃ	\$0/ 8
পুরুষঃ স পরঃ পার্থ	৮/২২	বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব	১৮/২৯
পুরোধসাঞ্চ মুখ্যং মাং	১০/২৪	বুদ্ধ্যা বিশুদ্ধয়া যুক্তঃ	১৮/৫১
পূর্ব্বাভ্যাসেন তেনৈব	৬/88	রুহৎ সাম তথা সান্নাম্	১০/৩৫
পৃথক্ষেন তু যজ্জ্ঞানং	১৮/২১	ব্ৰহ্মণো হি প্ৰতিষ্ঠাহম্	১৪/২৭
প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ	১৪/২২	ব্ৰহ্মাৰ্পণং ব্ৰহ্ম হবিঃ	8/২8
প্রকৃতিং পুরুষঞ্চৈব ক্ষেত্রং	>७/ >	ব্ৰহ্মণ্যাধ্যায় কৰ্ম্মাণি	œ/50

	বৰ্ণান্মক্ৰমে শ্লোক-স্থচী		৩ 8৩
বন্ধভূতঃ প্রসন্নাত্মা	\$ \\$\\&8	ময্যাসক্তমনাঃ পার্থ	٩/১
ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং	St/85	ময্যেব মন আধংস্ব	১২/৮
ভক্ত্যা ত্বনগ্ৰয়া	22/48	মহর্ষয়ঃ সপ্ত পূর্বের	১০/৬
ভক্ত্যা মামভিজানাতি	১৮/৫৫	মহর্বীণাং ভৃগুরহং	১০/২৫
ভয়াদ্রণাতুপরতং	২/৩৫	মহাত্মানস্ত মাং পার্থ	৯/১৩
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ	5/6	মহাভূতা গুহ ক্কারো	১৩/৬
ভবাপ্যয়ৌ হি ভূতানাং	> 5/2	মাং হি পার্থ ব্যপাশ্রিত্য	৯/৩২
ভীন্মদ্রোণপ্রমুখতঃ	5/20	মাঞ্চ যোহব্যভিচারেণ	১৪/২৬
ভূতগ্রামঃ স এবায়ং	৮/১৯	মাতুলাঃ শশুরাঃ পৌত্রাঃ	১/৩৪
ভূমিরাপোঽনলো বায়ুঃ	٩/8	মা তে ব্যথা মা চ	52/8 %
ভূয় এব মহাবাহে৷	> 0/>	মাত্রাস্পর্শাস্ত কৌন্তেয়	২/১৪
ভোক্তারং যজ্ঞতপসাং	৫/২৯	মানাপমানয়োস্তল্যঃ	\$ 8/২৫
ভোগৈশ্বৰ্য্যপ্ৰসক্তানাং	২/88	মামুপেত্য পুনৰ্জশ্ম	৮/১৫
মচ্চিত্তঃ সর্বাহুর্গাণি	১৮/৫৮	মুক্তসঙ্গোহনহংবাদী	১৮/২৬
মচ্চিত্তা মদ্গতপ্রাণাঃ	20/2	মূঢ়গ্রাহেণাত্মনো যৎ	১৭/১৯
মৎকর্ম্মকৃন্মৎপরমো	22/00	মৃত্যুঃ সর্বহর*চাহম্	% \08
মত্তঃ পরতরং নাশ্যৎ	٩/٩	মোঘাশা মোঘকর্মাণো	৯/১২
মদনুগ্রহায় পরমং	>>/>	য ইমং পরমং গুহুং	১৮/৬৮
মনঃপ্রসাদঃ সৌম্যত্বং	১৭/১৬	য এনং বেন্তি হ ন্তা রং	২/১৯
মনুয়াণাং সহস্রেষু	৭/৩	য এবং বেত্তি পুরুষং	<i>১৩/২</i> ৪
মন্মনা ভবমৎপরায়ণঃ	৯/৩৪	যং যং বাপি স্মরন্ ভাবম্	৮/৬
মন্মনা ভব…প্রিয়োহসি মে	১৮/৬৫	যং লক্কা চাপরং লাভম্	৬/২২
মশ্যসে যদি তচ্ছক্যং	22/8	যং সন্ন্যাসমিতি প্রাহুঃ	৬/২
মম যোনিৰ্মহদ্বন্দ	১ 8/৩	যং হি ন ব্যথয়স্ত্যেতে	২/১৫
মমৈবাংশো জীবলোকে	১৫/१	যঃ শাস্ত্রবিধিমুৎস্জ্য	১৬/২৩
ময়া ততমিদং সর্বাং	৯/৪	যঃ সর্ব্বত্রানভিম্নেহঃ	২/৫৭
ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ	৯/১০	যচ্চাপি সর্ব্বভূতানাম্	% 0/0%
ময়া প্রসন্নেন তবার্চ্চুনেদং	22/89	যচ্চাবহাসার্থমসৎ-	> 2/85
ময়ি চানগ্যযোগেন	<i>>७</i> />>	যজন্তে সান্বিকাঃ	\9/8
ময়ি সৰ্বাণি কৰ্মাণি	৩/৩০	যজ্জ্ঞাত্বা ন পুনৰ্মোহম্	8/৩৫
ময্যাবেশ্য মনো যে	১২/ ২	যজ্ঞদানতপঃকর্ম	>b/@

যজ্ঞশিষ্টাশিনঃ সম্ভো	৩/১৩	যদা বিনিয়তং চিত্তং	৬/১৮
যজ্ঞার্থাৎ কর্মণোহন্মত্র	৩/৯	যদা সম্বে প্রবৃদ্ধে তু	\$8/\$8
যজ্ঞে তপসি দানে চ	১৭/২৭	যদা সংহরতে চায়ম্	২/৫৮
যতঃ প্রবৃত্তিভূঁতানাম্	১৮/৪৬	যদা হি নেন্দ্রিয়ার্থেষু	৬/8
যততো হৃপি কৌন্তেয়	২/৬০	যদি মামপ্রতীকারম্	5/84
যতন্তো যোগিনশ্চৈনং	26/22	যদি শ্বহং ন বর্ত্তেয়ম্	৩/২৩
যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ	৫/২৮	যদৃচ্ছয়া চোপপন্নং	২/৩২
যতো যতো নিশ্চলতি	৬/২৬	যদৃচ্ছালাভসন্তুষ্টঃ	8/২২
যৎ করোষি যদশ্লাসি	৯/২৭	যদ্যদাচরতি শ্রেষ্ঠঃ	৩/২১
যন্তদগ্রে বিষমিব	১৮/৩৭	যদ্যদ্বিভূতিমৎ সম্বম্	\$0/8\$
যত্ত্ব কামেপ্সুনা কৰ্ম্ম	১৮/২ 8	যন্তপ্যেতে ন পশ্যস্তি	১/৩৭
যত্ত্ব কংস্নবদেকস্মিন্	১৮/২২	যয়া ধর্মমধর্মঞ	১৮/৩১
যন্তু প্রত্যুপকারার্থং	১৭/২১	যয়া স্বপ্নং ভয়ং শোকং	১৮/৩৫
যত্ৰ কালে ত্বনাবৃত্তিম্	৮/২৩	যয়া তু ধৰ্মকামাৰ্থান্	১৮/৩৪
যত্র যোগেশ্বরঃ কৃষ্ণঃ	S6/96	যস্ত্বাত্মরতিরেব স্থাৎ	৩/১৭
যত্রোপরমতে চিত্তং	৬/২০	যক্ত্বিন্দ্রিয়াণি মনসা	৩/৭
যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে	æ/æ	যস্মাৎ ক্ষরমতীতোহহং	১৫/১৮
যথাকাশস্থিতো নিত্যং	৯/৬	যম্মান্নোদ্বিজতে লোকো	>2/>¢
যথা দীপো নিবাতস্থো	৬/১৯	যস্ত্য নাহক্কতো ভাবো	১৮/১৭
যথা নদীনাং বহবোহস্থ	>>/ ২ ৮	যস্ত্য সর্বের সমারন্তাঃ	8/\$&
যথা প্রকাশয়ত্যেকঃ	<i>১৩/৩</i> ৪	যাত্যামং গতরসং	১ ٩/১0
যথা সৰ্ব্বগতং সৌক্ষ্মাৎ	১৩/৩৩	যা নিশা সর্বভূতানাং	২/৬৯
যথা প্ৰদীপ্তং জ্বলনং	>>/২৯	যান্তি দেবব্ৰতা দেবান্	৯/২৫
যথৈধাংসি সমিদ্ধোহগিঃ	৪/৩৭	যামিমাং পুষ্পিতাং বাচং	২/৪২
যদক্ষরং বেদবিদঃ	۵/۶۶	যাবৎ সংজায়তে	১৩/২৭
যদগ্রে চানুবন্ধে চ	১৮/৩৯	যাবদেতান্নিরীক্ষেহহং	১/২২
যদহক্ষারমাশ্রিত্য	১৮/৫৯	যাবানর্থ উদপানে	২/৪৬
যদা তে মোহকলিলং	२/৫२	যুক্তঃ কৰ্মফলং ত্যন্থা	œ/ ১ ২
যদাদিত্যগতং তেজঃ	১৫/১২	<u>যুক্তাহারবিহারস্থ</u>	৬/১৭
যদা ভূতপৃথগ্ভাবম্	১৩/৩১	যুঞ্জন্নেবংনিয়তমানসঃ	৬/১৫
যদা যদা হি ধর্মস্য	8/9	যুঞ্জন্নেবংবিগতকঙ্গাষঃ	৬/২৮

বৰ্ণান্তুক্ৰমে শ্লোক-স্ফী			৩ 8৫
যুধামন্যুশ্চ বিক্রান্তঃ	১/৬	রাজন্ সংস্মৃত্য	১৮/৭৬
যে চৈব সাম্বিকাঃ	৭/১২	রাজবিতা রাজগুঞ্স্ম্	৯/২
যে তু ধর্মামৃতমিদম্	১২/২০	রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি	১০/২৩
যে তু সর্বাণি কর্মাণি	১২/৬	রুদ্রাদিত্যা বসবো যে চ	>>/২২
যে ত্বক্ষরমনির্দ্দেশ্যং	১২/৩	রূপং মহত্তে বহুবক্ত্রনেত্রম্	১১/২৩
যে ত্বেতদভ্যস্থয়ন্তো	৩/৩২	লভম্ভে ব্ৰহ্মনিৰ্ব্বাণং	e/ ২ e
যেহপ্যশ্যদেবতা ভক্তাঃ	৯/২৩	লেলিহ্নসে গ্রসমানঃ	<i>>>/७</i> ०
যে মে মতমিদম্	৩/৩১	লোকেহস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা	৩/৩
যে যথা মাং প্রপদ্যন্তে	8/55	লোভঃ প্রবৃত্তিরারন্তঃ	>8/>২
যে শাস্ত্রবিধিমুৎস্বজ্য	>9/>	বক্তুম র্হস্মশে ষেণ	১ ০/১৬
যেষাং ত্বস্তগতং পাপং	৭/২৮	বক্ত্রাণি তে ত্বরমাণা	১১/২৭
যে হি সংস্পর্শজাঃ	e/ ২২	বায়ুর্যমোহগ্নির্বরুণঃ	১১/৩৯
যোহন্তঃ স্থখোহন্তরারামঃ	৫/২৪	বাসাংসি জীর্ণানি যথা	২/২২
যোগযুক্তো বিশুদ্ধাত্মা	æ/9	বিত্যাবিনয়সম্পন্নে	@/S&
যোগসংগ্ৰস্তকৰ্মাণং	8/85	বিধিহীনমস্টালং	১৭/১৩
যোগস্থঃ কুরু কর্ম্মাণি	২/৪৮	বিবিক্তসেবী লঘ্বাশী	১৮/৫২
যোগিনামপি সর্বেষাং	৬/৪৭	বিষয়া বিনিবর্ত্তন্তে	২/৫৯
যোগী যুঞ্জীত সততম্	৬/১০	বিষয়েন্দ্রিয়সংযোগাৎ	১৮/৩৮
যোৎস্থমানানবেক্ষেহহং	১/২৩	বিস্তরেণাত্মনো যোগং	20/28
যো ন হায়তি ন দ্বেষ্টি	>2/59	বিহায় কামান্ যঃ	২/৭১
যো মামজমনাদিঞ্চ	১০/৩	বীতরাগভয়ক্রোধা	8/50
যো মামেবমসংমূঢ়ো	26/22	বৃষ্ণীনাং বাস্থদেবোহস্মি	১০/৩৭
যো মাং পশ্যতি সর্ব্বত্র	৬/৩০	বেদানাং সামবেদোহস্মি	১০/২২
যো যো যাং যাং তন্তুং	৭/২১	বেদাবিনাশিনং নিত্যং	२/२১
যোহয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ	৬/৩৩	বেদাহং সমতীতানি	৭/২৬
রজসি প্রলয়ং গত্বা	28/20	বেদেষু যজ্ঞেষু তপঃস্থ	4/24
রজস্তমশ্চাভিভূয়	28/20	বেপথুশ্চ শরীরে মে	১/২৯
রজো রাগাত্মকং বিদ্ধি	۶/8د	ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ	२/8১
রসোহহমপ্সু কৌন্তেয়	٩/৮	ব্যামিশ্রেণেব বাক্যেন	৩/২
রাগদ্বেষবিমুক্তৈন্ত	২/৬৪	ব্যাসপ্রসাদাচ্ছ্রতবান্	১৮/ ९৫
রাগী কর্মফলপ্রেপ্দুঃ	১৮/২৭	শক্রোতীহৈব যঃ সোঢ়ুং	৫/২৩

শনৈঃ শনৈরূপরমেৎ	৬/২৫	সন্ত্বং স্থূপে সঞ্জয়তি	১৪/৯
শমো দমস্তপঃ শৌচং	১৮/ ৪২	সত্বাৎ সংজায়তে জ্ঞানং	28/29
শরীরবাত্মনোভির্যৎ	>6/>¢	সম্বান্থরূপা সর্ব্বস্থ	১৭/৩
শরীরং যদবাপ্লোতি	20/4	সদৃশং চেষ্টতে স্বস্থাঃ	৩/৩৩
শুক্লকৃষ্ণে গতী স্থেতে	৮/২৬	সম্ভাবে সাধুভাবে চ	১৭/২৬
শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য	৬/১১	সম্ভষ্টঃ সততং যোগী	১২/১৪
শুভাশুভফলৈরেবং	৯/২৮	मन्न्रामः कर्मनाः कृष्ट	æ/5
শোর্য্যং তেজো ধৃতিদাক্ষ্যং	১৮/৪৩	সন্ন্যাসঃ কর্মযোগশ্চ	e/ ২
শ্রদ্ধয়া পরয়া তপ্তং	১৭/১৭	সন্ন্যাসস্ত মহাবাহো	e/ &
শ্রদ্ধাবাননস্থয়*চ	১৮/৭১	সন্ন্যাসস্থ মহাবাহো	24/2
শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং	8/৩৯	সমং কায়শিরোগ্রীবং	৬/১৩
শ্রুতিবিপ্রতিপন্না তে	২/৫৩	সমং পশ্যন্ হি সর্বত্ত	১৩/২৯
শ্রেয়ান্ দ্রব্যময়াদ্ যজ্ঞাৎ	8/৩৩	সমং সর্কোষু ভূতেষু	১৩/২৮
শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ		সমঃ শত্রো চ মিত্রে চ	25/24
ভয়াবহঃ	৩/৩৫	সমতুঃখন্ত্ৰখঃ স্বস্থঃ	\$8/২8
শ্রেয়ান্ স্বধর্মো বিগুণঃ		সমোহহং সর্বভূতেষু	৯/২৯
কি ন্বি ষম্	১৮/৪৭	সর্গাণামাদিরস্তশ্চ	১০/৩২
শ্ৰেয়ো হি জ্ঞানমভ্যাসাৎ	>2/>2	সর্বাকর্মাণি মনসা	e/50
শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্তে	8/২৬	সর্ব্বকর্ম্মাণ্যপি সদা	১৮/৫৬
শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনং চ	\$6/\$	সর্বাগুঞ্জতমং ভূয়ঃ	১৮/৬৪
স এবায়ং ময়া তেহন্ত	8/৩	সর্ব্বতঃ পাণিপাদং তৎ	<i>>७/</i> >8
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং	> 2/8	সর্বাদ্বারাণি সংযম্য	४/১२
সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো	৩/২৫	সর্ব্বদ্বারেষু দেহেহস্মিন্	78/77
সখেতি মত্বা প্রসভং	\$ \$\22	সর্কাধর্মান্ পরিত্যজ্য	১৮/৬৬
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং	2/29	স ৰ্কভূতস্থমাত্মা নং	৬/২৯
সঙ্করো নরকায়ৈব	5/85	সর্ব্বভূতস্থিতং যো মাং	৬/৩১
সঙ্কল্পপ্ৰভবান্ কামান্	৬/২৪	সৰ্ব্বভূতানি কৌন্তেয়	৯/৭
সততং কীর্ত্তয়ন্তো	৯/১৪	সৰ্ব্বভূতেষু যেনৈকং	28/20
স তয়া শ্ৰদ্ধয়া যুক্তঃ	१/ २२	সর্ব্বমেতদৃতং মঞ্চে	> 0/>8
সৎকারমানপূজার্থং	39/5 8	সর্ব্বযোনিষু কৌন্তেয়	28/8
সত্ত্বং রজস্তম ইতি	\$8/&	সর্ব্বস্থ চাহং হৃদি	>0/>0

বর্ণান্থক্রমে শ্লোক-স্ফটা			৩৪৭
সর্ববাণীন্দ্রিয়কর্মাণি	8/২৭	স্থতুর্দ্দর্শমিদং রূপং	>>/৫ ২
সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং	>७/১৫	<i>মুহ্ম</i> িতার্য্যুদাসীন	৬/৯
সর্ব্বেহপ্যেতে যজ্ঞবিদঃ	8/৩০	সেনয়োরুভয়োর্মধ্যে	১/২১
সহজং কৰ্ম্ম কৌন্তেয়	১৮/8৮	স্থানে হৃষীকেশ তব	১১/৩৬
সহযজ্ঞাঃ প্ৰজাঃ সন্ত্বী	७/১ ०	স্থিতপ্ৰজ্ঞস্য কা ভাষা	२/৫8
সহস্রযুগপর্য্যন্তম্	৮/১৭	স্পৰ্শান্ কৃত্বা বহিৰ্বাস্থান্	e/ ২9
সাংখ্যযোগৌ পৃথগ্বালাঃ	¢/ 8	স্বধর্মমপি চাবেক্ষ্য	২/৩১
সাধিভূতাধিদৈবং মাং	৭/৩০	স্বভাবজেন কৌন্তেয়	১৮/৬০
সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম	26/60	স্বয়মেবাত্মনাত্মানং	>0/> @
স্থখং ত্বিদানীং ত্রিবিধং	১৮/৩৬	স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ	>5/8¢
স্থুখত্বঃখে সমে কৃত্বা	২/৩৮	হতো বা প্রাপ্স্যসি স্বর্গং	২/৩৭
স্থুখমাত্যন্তিকং যত্তৎ	৬/২১	হন্ত তে কথয়িষ্যামি	20/29



শ্রীখন্তেত কা নামত সঠনর উদ্গীতনীর্ভির্যমন্ত্রীং বিত্রংসংজাতিসঙ্গাতেট-লিকট সংগ্রীপ-ফোগান্তি থাজে। যত্র প্রীনোন্যায়পত-মত-নির্তা গ্রৌর্যাথা গুলান্ত্র নিতাং রাণাখুগ-শ্রীকৃত্মতি-ওঞ্জগৌরাদ্ধ-রাবাজিলালা।।

